ফলিত জ্যোতিষ।

(গণিতজ্যোতিষসমেত)

দ্বিতীয় খণ্ড।

জিলা ঢাকার অন্তর্গত বুতুনীগ্রাম-নিবাসী

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়-কর্ত্তৃক সংগৃহীত ও

প্রণীত ও তৎকর্ত্তৃক শিমলা হইতে প্রকাশিত।

"অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং
ন তেষু কিঞ্চিদ্ভুবি দৃষ্টমস্তি।
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ
পদে পদে প্রত্যয়মাবহন্তি॥"

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

শিমলা ষ্ট্রীট, ৫ নং, জ্যোতিষপ্রকাশ-যন্ত্রে
শ্রীগোপালচন্দ্র ঘোষাল-দ্বারা মুদ্রিত।

সন ১২৯৪ সাল।

মূল্য ১৸০ মাত্র।

ফলিত-জ্যোতিষ দ্বিতীয়খণ্ডের সূচীপত্র।

শুদ্ধিপত্র।

—*—

অশুদ্ধ	শুদ্ধ	পৃষ্ঠা	পংক্তি
আকর	আকার	২	৩০
প্রথম ও দ্বিতীয় খণ্ডে গ্রহস্ফুট গণনা বিবৃত হইয়াছে	গ্রহস্ফুটগণনা প্রথম খণ্ডে বিবৃত হইয়াছে এবং তৃতীয় খণ্ডেও বিবৃত হইবে	৩	১১
কন্যালগ্নমান	মীনলগ্নমান	২২	১
ধন্নুর	ধনুঃ	২৫	২৭
সংস্কৃত	সংস্কৃত	৪৬	১৬
প্র ণাম	প্রণাম	৪৭	৪
গুণদস্তাঃ	গুণদস্তাঃ	৫০	২৪
লগ্নলান	লগ্নমান	৫৪	২৩
যোগজাঙ্ক	যোগজাঙ্ক	৫৮	৫
কুজে	কুজে	৫৮	২৯
OE	OF	১১৭	১
চয়ার্দ্ধাংশ	চরার্দ্ধাংশ	১১৮	২৭
ভৌমাদ্ধী	ভৌমাদ্ধী	১২৫	২৪
অস্তগমন	অস্তমন	১৬৩	২০
বর্গ, মূল, হারক	মূল, বর্গ, হারক	১৭৬	১
তাহা পরের শ্লোকে প্রকাশ হইবে।	তাহা পূর্ব্ব শ্লোকে প্রকাশ হইয়াছে।	১৭৭	৪
zemith	zenith	২০১	১৮
lhe	the	২০১	২০

শুদ্ধিপত্র সম্পূর্ণ।

লগ্নস্ফুট।

যখন আমরা পৃথিবীর চতুষ্পার্শ্বে দৃষ্টিপাত করি, তখন আমাদের বোধ হয় যেন, নভোমণ্ডল পৃথিবীর সহিত বৃত্তাকারে সংলগ্ন হইয়া রহিয়াছে। জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ ঐ বৃত্তের নাম চক্রবাল (Horizon) রাখিয়াছেন। ঐ চক্রবালের পূর্ব্বদিক হইতে পশ্চিমাভিমুখে রবিমার্গে রবি প্রভৃতি গ্রহ ও রাশি * এবং নক্ষত্রগণের উদয় ও অস্ত হইতেছে। জ্যোতির্ব্বিদগণ ঐ বৃত্তে ২৭ সাতাইশটী নক্ষত্র কল্পনা করিয়া তাহাদের নাম ১ অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা, ৪ রোহিণী, ৫ মৃগশিরা, ৬ আর্দ্রা, ৭ পুনর্ব্বসু, ৮ পুষ্যা, ৯ অশ্লেষা, ১০ মঘা, ১১ পূর্ব্বফল্গুনী, ১২ উত্তরফল্গুনী, ১৩ হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতী, ১৬ বিশাখা, ১৭ অনুরাধা, ১৮ জ্যেষ্ঠা, ১৯ মূলা, ২০ পূর্ব্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া, ২২ শ্রবণা, ২৩ ধনিষ্ঠা, ২৪ শতভিষা, ২৫ পূর্ব্বভাদ্রপদ, ২৬ উত্তরভাদ্রপদ এবং ২৭ রেবতী রাখিয়াছেন। এই সকল অচল নক্ষত্রের নিকট দিয়া সচল নক্ষত্র অর্থাৎ গ্রহগণ ভ্রমণ করিয়া থাকেন, এই জন্যই জ্যোতিঃশাস্ত্রে সাতাইশটী নক্ষত্রের নাম উল্লেখ আছে। আর রবির গমনীয় বৃত্তকে রবিমার্গ বা রাশিচক্র কহে। জ্যোতির্ব্বিদগণ গণনা করিয়া গ্রহনক্ষত্রাদির গতি ও স্থিতি নিরূপণার্থ রবির গমনীয় বৃত্তকে ৩৬০ তিন শত ষাইট অংশে বিভক্ত করিয়া ঐ ৩৬০ অংশকে পুনরায় ১২ দ্বাদশ ভাগে বিভক্ত করেন, সুতরাং তাহার এক এক ভাগে ৩০ অংশ নিয়োজিত হয়। ঐ সকল ভাগের বিশেষ পরিচয়ের নিমিত্ত ঐ বৃত্তের যে স্থানে রবির আগমনে দিবা ও রাত্রিমান সমান হয়, সেই স্থান হইতে প্রথম ৩০ অংশের নাম মেষ, দ্বিতীয় ৩০ অংশের নাম বৃষ, তৃতীয় ৩০ অংশের নাম মিথুন, চতুর্থ ৩০ অংশের নাম কর্কট, পঞ্চম ৩০ অংশের নাম সিংহ, ষষ্ঠ ৩০ অংশের নাম কন্যা, সপ্তম ৩০ অংশের নাম তুলা, অষ্টম ৩০ অংশের নাম বৃশ্চিক, নবম ৩০ অংশের নাম ধনুঃ, দশম ৩০ অংশের নাম মকর, একাদশ ৩০ অংশের নাম কুম্ভ এবং দ্বাদশ ৩০ অংশের নাম মীন রাখিয়াছেন। পূর্ব্বোক্ত সপ্তবিংশতি নক্ষত্রও দ্বাদশ ভাগে বিভক্ত হইয়া দ্বাদশ রাশির অন্তর্গত হইয়াছে।

---

* রাশিগণের উদয়কে লগ্ন কহে

অশ্বিনী নক্ষত্রের চারি পাদ আর ভরণী নক্ষত্রের চারি পাদ এবং কৃত্তিকা নক্ষত্রের এক পাদ এই নয় পাদে মেষ রাশির সীমা নির্দ্দিষ্ট হইয়াছে। কৃত্তিকার শেষ তিন পাদ, রোহিণীর চারি পাদ এবং মৃগশিরার প্রথম অর্দ্ধেক অর্থাৎ দুই পাদে বৃষ রাশি। মৃগশিরার শেষ অর্দ্ধেক, আর্দ্রা ও পুনর্ব্বসুর প্রথম তিন পাদে মিথুন রাশি। পুনর্ব্বসুর শেষ পাদে এবং পুষ্যা ও অশ্লেষাতে কর্কট রাশি। মঘা, পূর্ব্বফল্গুনী এবং উত্তরফল্গুনীর প্রথম পাদে সিংহ রাশির সীমা হয়। উত্তরফল্গুনীর শেষ তিন পাদে, হস্তা ও চিত্রার অর্দ্ধেকে কন্যা রাশির সীমা হয়। চিত্রার শেষ অর্দ্ধেক আর স্বাতী এবং বিশাখার তিন পাদে তুলা রাশির সীমা হয়। বিশাখার শেষ পাদ, অনুরাধা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পর্য্যন্ত বৃশ্চিক রাশির সীমা। মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার এক পাদ পর্য্যন্ত ধনু রাশির সীমা। উত্তরাষাঢ়ার শেষ তিন পাদ, শ্রবণা ও ধনিষ্ঠার অর্দ্ধেকে মকর রাশির সীমা। ধনিষ্ঠার শেষ অর্দ্ধেক, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের তিন পাদে কুম্ভ রাশির সীমা। পূর্ব্বভাদ্রপদের শেষ পাদ এবং উত্তরভাদ্রপদ ও রেবতীর শেষ পাদ পর্য্যন্ত মীনরাশির সীমা হয়।

এতদ্দেশীয় সর্ব্বসাধারণ লোকে জ্ঞাত আছেন যে, অশ্বিনী অবধি রেবতী পর্য্যন্ত কেবল গণিত ২৭টী নক্ষত্র; ফলতঃ তাহা নহে। সূর্য্যসিদ্ধান্ত প্রভৃতি বিখ্যাত খগোলবেত্তাদিগের মতে অশ্বিনী প্রভৃতি এক একটি নক্ষত্র নহে; তাহারা কেহ কেহ একটী ও কেহ বা ততোধিক নক্ষত্রে বিরচিত যথা।—

১ম অশ্বিনী—ইহা ৩টী নক্ষত্রে বিরচিত, এই নক্ষত্রপুঞ্জের নক্ষত্রগুলির অবস্থানের ভাব অশ্বের মস্তকের ন্যায়, এই নিমিত্ত ইহার নাম অশ্বিনী। ২য় ভরণী—৩টী নক্ষত্রসমষ্টি, এই নক্ষত্রের ভাব ত্রিকোণাকার। ৩য় কৃত্তিকা—৬টী নক্ষত্রে বিরচিত, ইহার আকার খড়ুরাধরের ন্যায়। ৪র্থ রোহিণী—৫টী নক্ষত্রবিশিষ্ট, ইহা শকটাকার। ৫ম মৃগশিরা—৩টী নক্ষত্রযুক্ত, ইহার আকার হরিণের মস্তকের মত। ৬ষ্ঠ আর্দ্রা—একটী নক্ষত্রমাত্র, ইহার আকার রত্নের ন্যায়। ৭ম পুনর্ব্বসু—৬টী নক্ষত্রযুক্ত, গৃহাকার। ৮ম পুষ্যা—২টী নক্ষত্রযুক্ত, ইহার আকার চক্রাকার। ৯ম অশ্লেষা—৫টী নক্ষত্রবিশিষ্ট, কুলালচক্রাকার। ১০ম মঘা—৫টী নক্ষত্রযুক্ত, বাড়ীর মত আকার। ১১শ পূর্ব্বফল্গুনী—২টী নক্ষত্রযুক্ত, ইহার আকার খট্বার ন্যায়। ১২শ উত্তরফল্গুনী—২টী নক্ষত্রযুক্ত, শয্যাকার। ১৩শ হস্তা—৭টী নক্ষত্রযুক্ত, হস্তের মত। ১৪ চিত্রা—কেবল ১টী নক্ষত্রযুক্ত, ইহার আকার মুক্তাসদৃশ। ১৫শ স্বাতী—১টী নক্ষত্র, প্রবলাকার। ১৬শ বিশাখা—৬টী নক্ষত্রযুক্ত, পুষ্পমালাকার। ১৭শ অনুরাধা—৭টী নক্ষত্রযুক্ত, ইহার আকার জলধারার ন্যায়। ১৮শ জ্যেষ্ঠা—৩টী নক্ষত্রযুক্ত, ইহার আকার কর্ণকুণ্ডলসদৃশ। ১৯শ মূলা—১১টী নক্ষত্রযুক্ত, ইহার আকার সিংহের লাঙ্গুলের মত। ২০শ পূর্ব্বাষাঢ়া—৪টী নক্ষত্রযুক্ত, হস্তিদন্তাকার। ২১শ উত্তরা-

ষাঢ়া—৪টী নক্ষত্রযুক্ত, শঙ্খাকার। ২২শ শ্রবণা—৩টী নক্ষত্রযুক্ত, ত্রিশূলাকার। ২৩শ ধনিষ্ঠা—৫টী নক্ষত্রযুক্ত, ঢক্কাকার। ২৪শ শতভিষা—১০০টী নক্ষত্রযুক্ত, মণ্ডলাকার। ২৫শ পূর্ব্বভাদ্রপদ—২টী নক্ষত্রযুক্ত, ঘণ্টাকার। ২৬শ উত্তরভাদ্রপদ—২টী নক্ষত্রযুক্ত, ইহা দুই মস্তকযুক্ত মনুষ্যের মত। ২৭শ রেবতী—৩২টী নক্ষত্রযুক্ত, মৃদঙ্গাকার।

লগ্ন কি ?

চক্রবালের (Horizon) যে স্থান পূর্ব্বদিকে নভোমণ্ডল ও পৃথিবীর সহিত মিলিত দৃষ্ট হইবে, সেই স্থানে পূর্ব্বোক্ত বৃত্তে যে রাশির উদয় হইবে, সেই রাশির নাম লগ্ন। কোন বালক ভূমিষ্ঠ হইবার সময় ঐ স্থানে যদি মেষ রাশিরউদয় দেখা যায়, তাহা হইলে ঐ লগ্নের নাম মেষলগ্ন। এইরূপ বৃষ হইলে বৃষলগ্ন, মিথুন হইলে মিথুন লগ্ন ইত্যাদি।

গ্রহস্ফুট গণনা ও লগ্ননিরূপণ না করিয়া কোষ্ঠী, ঠিকুজি, ঝড়, বৃষ্টি, রাষ্ট্রবিপ্লব, রোগ, মৃত্যু ও যাত্রাদির শুভাশুভ গণনা করা যায় না। প্রথম ও দ্বিতীয় খণ্ডে গ্রহস্ফুট গণনা বিবৃত হইয়াছে, এইক্ষণ কিরূপে লগ্ননিরূপণ করিতে হয়, এই খণ্ডে তাহাই প্রকাশিত হইল।

অস্মদ্দেশে দুইপ্রকার প্রণালীতে লগ্নগণনা হইয়া থাকে; প্রথম দণ্ডপলাদি দ্বারা সাধিত, দ্বিতীয় অংশকলাদিঘটিত। এই দ্বিবিধ প্রণালীর মধ্যে দণ্ডপলাদি দ্বারা গণনা করিয়া যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, প্রথমতঃ তাহাই কথিত হইতেছে।

কোন মতে বর্ণিত আছে যে, পূর্ব্বকালে যে সময়ে মেষ রাশির আরম্ভে দিনমান ও রাত্রিমান সমান হইয়াছিল, তৎকালে জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ ঐ সকল কল্পিত রাশির চক্রবালকে অতিক্রম করিতে যে সময় অতীত হয়, তাহা নিরূপণ করিয়া সেই সময়কে লগ্নমান বলিয়া স্থির করিয়া রাখিয়াছেন।

সূর্য্যসিদ্ধান্তপ্রভৃতি গ্রন্থের মতে বিষুবরেখাস্থিত লঙ্কার লগ্নমান যাহা গণিতদ্বারা স্থিরীকৃত হইয়াছে, সেই লগ্নমান হইতে অয়নশূন্য দিনে ঐ রেখার উত্তরে কিম্বা দক্ষিণে অভীষ্ট দেশের গণিত চরার্দ্ধপল, লঙ্কার স্থিরীকৃত মেষ, বৃষ ও মিথুন এই তিন লগ্নমান হইতে বিয়োগ এবং কর্কট, সিংহ ও কন্যা এই তিন লগ্নমানের সহিত যোগ করিলে, বিয়োগফল ও যোগফলই অভীষ্ট দেশের প্রথম ছয় রাশির লগ্নমান স্থির হইবে। তৎপরে অবশিষ্ট ছয় রাশির লগ্নমান পৃথক্‌রূপে গণনা না করিয়া প্রথমোক্ত ছয়টী লগ্নমান ব্যুৎক্রমে তুলাদি ছয়টী লগ্নের মান হইবে।

তোষিণীগ্রন্থকার রাঘবানন্দ ভট্টাচার্য্য উক্তমতে গণনা করিয়া অস্মদ্দেশের মেষপ্রভৃতির লগ্নমান পলীকৃত করিয়া রাখিয়াছেন; তাহা দণ্ড করিলে দেখা যায় যে, মেষলগ্নমান ৩।৪৬ পল, বৃষের মান ৪।১৮ পল, মিথুনের ৫।৬ পল, কর্কটের ৫।৪০ পল, সিংহের ৫।৪০পল,

কন্যার ৫।৩০ পল, বৃশ্চিকের ৫।৪০, ধনুর ৫।৪০ পল, মকরের ৫।৬ পল, কুম্ভের ৪।১৮ পল এবং মীনের ৩।৪৬ পল স্থির হইয়া থাকে। অন্যমতে ঐ লগ্নমান ন্যূনাতিরিক্ত দৃষ্ট হইয়া থাকে।

এই উভয় মতের বিভিন্নতার কারণ এই বোধ হইতেছে যে, সূর্য্যসিদ্ধান্তমতে গণিতানুসারে লঙ্কার মেষলগ্নমান ১৬৭০ প্রাণ, বৃষলগ্নমান ১৭৯৫ প্রাণ এবং মিথুনলগ্নমান ১৯৩৫ প্রাণ হয়, এইক্ষণ ৬ প্রাণে এক পল গ্রহণ করিয়া ১৬৭০ প্রাণকে পল করিলে ২৭৮ পল হইয়া ২ প্রাণ অবশিষ্ট থাকে। তোষণীগ্রন্থকার ঐ দুই প্রাণ ত্যাগ করিয়া ২৭৮ পলমাত্র গ্রহণ করিয়াছেন, এই ২৭৮ পল হইতে অস্মদ্দেশের চরার্দ্ধপল বিয়োগ করিয়া অবশিষ্ট অঙ্ক যে ২২৬ পল অর্থাৎ ৩ দণ্ড ৪৬ পল থাকিল, তাহাই মেষলগ্নমান স্থির করিয়াছেন।

অন্যমতে ঐ দুই প্রাণ গ্রহণ করিয়া ঐরূপ গণনা দ্বারা অক্ষচ্ছায়ানুসারে মেষলগ্নমান ৩।৪৭ পল স্থির করিয়াছেন, ঐরূপ বৃষের ৪।১৭, মিথুনের ৫।৬, কর্কটের ৫।৪০, সিংহের ৫।৪১, কন্যার ৫।২৯, তুলার ৫।২৯, বৃশ্চিকের ৫।৪১, ধনুর ৫।৪০, মকরের ৫।৬, কুম্ভের ৪।১৭ এবং মীনলগ্নের মান ৩।৪৭ পল স্থির করিয়াছেন। তৎপ্রমাণ যথা,—

রামোঽগবেদৈর্জ্জলধিস্তু মৈত্রৈর্ব্বাণো রসৈঃ পঞ্চ খনাগরৈশ্চ।
বাণঃ কুবেদৈর্দ্বিষয়োঽঙ্কযুগ্মৈঃ ক্রমোৎক্রমান্মেষতুলাদিমানম্॥

মেষলগ্নের মান ৩ দণ্ড ৪৭ পল, বৃষের ৪ দণ্ড ১৭ পল, মিথুনের ৫ দণ্ড ৬ পল, কর্কটের ৫ দণ্ড ৪০ পল, সিংহের ৫ দণ্ড ৪১ পল, কন্যার ৫ দণ্ড ২৯ পল, তুলার ৫ দণ্ড ২৯ পল, বৃশ্চিকের ৫ দণ্ড ৪১ পল, ধনুর ৫ দণ্ড ৪০ পল, মকরের ৫ দণ্ড ৬ পল, কুম্ভের ৪ দণ্ড ১৭ পল এবং মীনের ৩ দণ্ড ৪৭ পল মান জানিবে।

এইক্ষণ অয়নাংশানুসারে ঐ সকল লগ্নমানের ব্যতিক্রম ঘটিতেছে। অয়নাংশ কাহাকে কহে এবং কিরূপেই বা তাহা গণনা করা যায়, যদিচ তাহা প্রথম খণ্ডে বলা হইয়াছে, তথাপি এস্থলে পুনরুল্লেখের নিতান্ত প্রয়োজন বিধায় তাহা নিম্নে কথিত হইতেছে।

অয়নাংশঃ।

ত্রিংশৎকৃত্যো যুগে ভানাং চক্রং প্রাক্ পরিলম্বতে। তদ্গুণাদ্ভূদিনৈর্ভক্তাদ্দ্যুগণাদ্ যদবাপ্যতে। তদ্দোস্ত্রিঘ্না দশাপ্তাংশা বিজ্ঞেয়া অয়নাভিধাঃ। তৎসংস্কৃতাদ্ গ্রহাৎ ক্রান্তিচ্ছায়াচরদলাদিকম্॥

সূর্য্যসিদ্ধান্তঃ।

এক মহাযুগে রাশিচক্র ছয়শতবার লম্বমান হয়, অর্থাৎ ঐ রাশিচক্র বিষুবরেখার পশ্চিমে ২৭ অংশ গমন করিয়া পুনর্ব্বার ঐ বিষুবরেখায় সেই স্থানে আগমন করে এবং ঐ

বিষুবরেখার পূর্ব্বে ২৭ অংশ গমন করিয়া পুনর্ব্বার স্বস্থানে প্রত্যাবর্ত্তন করে। এইরূপে এক এক মহাযুগে রাশিচক্রের পূর্ব্বে পশ্চিমে যে ৬০০ ছয়শত বার গমনাগমন হয়, তাহার নাম অয়ন এবং ইহার অংশকে অয়নাংশ কহে।

অয়নাংশানয়নম্।

শাকমেকাব্ধিবেদোনং দ্বিঃ কৃত্বা দশভির্হরেৎ।
লব্ধং হীনঞ্চ তত্রৈব ষষ্ট্যাপ্তাশ্চায়নাংশকাঃ॥

যে শকাব্দার অয়নাংশ আনয়ন করিতে হইবে, সেই শকাব্দার অঙ্ক হইতে ৪২১ চারি শত একবিংশতি বিয়োগ করিয়া যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা দুই স্থানে স্থাপিত করিবে। পরে ঐ প্রথম স্থানস্থাপিত অঙ্ককে ১০ দশ দ্বারা হরণ করিয়া যে অঙ্ক লব্ধ হইবে, তাহা ঐ দ্বিতীয় স্থানস্থাপিত অঙ্ক হইতে বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬০ ষষ্টিদ্বারা বিভক্ত করিবে, ভাগলব্ধ অঙ্ক যাহা হইবে, তাহাই অয়নাংশ স্থির হইবে।

উদাহরণ যথা—১৮০৯ শকাব্দার অয়নাংশ আনয়ন করিতে হইলে, ১৮০৯ হইতে ৪২১ বিয়োগ করিলে ১৩৮৮ হইল। ইহাকে দুই স্থানে স্থাপিত করত প্রথমস্থান স্থাপিত ১৩৮৮ কে ১০ দ্বারা হরণ করিয়া ১৩৮ লব্ধ হইল এবং ৮ আট অবশিষ্ট রহিল, ঐ ৮ কে ৬০ দ্বারা পূরণ করিয়া ১০ দিয়া হরণ করিলে ৪৮ লব্ধ হয়। ঐ সমস্ত লব্ধাঙ্ক ১৩৮।৪৮ ঐ দ্বিতীয়-স্থান স্থাপিত ১৩৮৮ হইতে বিয়োগ করিয়া ১২৪৯।১২ অবশিষ্ট অঙ্ক হইল। ইহাকে ৬০ ষষ্টি-দ্বারা হরণ করিয়া ২০ লব্ধ হইল এবং ৪৯ অবশিষ্ট রহিল, উহাকে ৬০ দিয়া পূরণ করিয়া ১২ যোগ করিলে ২৯৫২ হইল। ইহাকে ৬০ দিয়া ভাগ করিলে ৪৯ লব্ধ হইল এবং ১২ অবশিষ্ট থাকিল। ইহাতে সমস্ত লব্ধাঙ্ক ২০ অংশ ৪৯ কলা ১২ বিকলা অয়নাংশ নির্ণীত হইল।

সহজে অয়নাংশ আনিবার সঙ্কেত একটি চক্রের সহিত নিম্নে দেওয়া গেল।

হিন্দুজ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণের মতে প্রতিবৎসর রাশিচক্র ৫৪ চুয়ান্ন বিকলা, প্রতিমাসে ০।০।৪।৩০ সাড়ে চারি বিকলা এবং প্রতিদিনে ০।০।০।৯ অনুকলা সরিয়া থাকে। ৬৬ বৎ-সর ৮ মাসে রাশিচক্র বিষুবরেখা হইতে এক অংশ করিয়া সরিতেছে। * এইরূপে

* The PRECESSION OF THE EQUINOXES (or more properly the recession of the equinoxes) is a slow motion which the equinoctial points have from east to west, contrary to the order of the signs, which is from west to east.

This motion, from the best observations, is about 50¼ seconds in a year, so that it

রাশিচক্র বিষুবরেখা হইতে সরিয়া সরিয়া কালে কালে উক্ত বিষুবরেখার স্থানে মিলিত হইয়া থাকে। ৪২২ শক হইতে রাশিচক্র বিষুবরেখা হইতে ক্রমশঃ সরিয়া যাইতেছে; অতএব কোন শকাব্দার অগ্রের কিম্বা পশ্চাতের অয়নাংশ কত, তাহা অতি সহজে আমার কৃত নিম্নলিখিত চক্র দৃষ্টে অবগত হইতে পারিবেন।

দৈনিক অয়নাংশভুক্তি।

দিনসংখ্যা	বিকলা	অনুকলা	দিনসংখ্যা	বিকলা	অনুকলা
১	০	৯	১৬	২	২৪
২	০	১৮	১৭	২	৩৩
৩	০	২৭	১৮	২	৪২
৪	০	৩৬	১৯	২	৫১
৫	০	৪৫	২০	৩	০
৬	০	৫৪	২১	৩	৯
৭	১	৩	২২	৩	১৮
৮	১	১২	২৩	৩	২৭
৯	১	২১	২৪	৩	৩৬
১০	১	৩০	২৫	৩	৪৫
১১	১	৩৯	২৬	৩	৫৪
১২	১	৪৮	২৭	৪	৩
১৩	১	৫৭	২৮	৪	১২
১৪	২	৬	২৯	৪	২১
১৫	২	১৫	৩০	৪	৩০

মাসিক অয়নাংশভুক্তি।

মাসসংখ্যা	বিকলা	অনুকলা	মাসসংখ্যা	বিকলা	অনুকলা
১	৪	৩০	৭	৩১	৩০
২	৯	০	৮	৩৬	০
৩	১৩	৩০	৯	৪০	৩০
৪	১৮	০	১০	৪৫	০
৫	২২	৩০	১১	৪৯	৩০
৬	২৭	০	১২	৫৪	০

would require, 25791 years for the equinoctial points to perform an entire revolution westward round the globe.

In the time of Hipparchus and the oldest astronomers, the equinoctial points were fixed in Aries and Libra; but the signs which were then in conjunction with the sun, when he was in the equinox, are now a whole sign, or 30 degress eastward of it; so that Aries is now in Taurus, Taurus in gemini, & as may be seen on the celestial

বাৎসরিক অয়নাংশভুক্তি।

বৎসর	অংশ	কলা	বিকলা	বৎসর	অংশ	কলা	বিকলা
১	০	০	৫৪	৮০	১	১২	০
২	০	১	৪৮	৯০	১	২১	০
৩	০	২	৪২	১০০	১	৩০	০
৪	০	৩	৩৬	২০০	৩	০	০
৫	০	৪	৩০	৩০০	৪	৩০	০
৬	০	৫	২৪	৪০০	৬	০	০
৭	০	৬	১৮	৫০০	৭	৩০	০
৮	০	৭	১২	৬০০	৯	০	০
৯	০	৮	৬	৭০০	১০	৩০	০
১০	০	৯	০	৮০০	১২	০	০
২০	০	১৮	০	৯০০	১৩	৩০	০
৩০	০	২৭	০	১০০০	১৫	০	০
৪০	০	৩৬	০	১১০০	১৬	৩০	০
৫০	০	৪৫	০	১২০০	১৮	০	০
৬০	০	৫৪	০	১৩০০	১৯	৩০	০
৭০	১	৩	০	১৪০০	২১	০	০

এই চক্র দ্বারা যেরূপে অয়নাংশ জানিতে হইবে, তাহা বলা হইতেছে। যে শকাব্দার অয়নাংশ জানিতে হইবে, ঐ শকাঙ্ক হইতে ৪২১ বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কে যত বৎসর হইবে, তত বৎসর উপরের চক্রের লিখিত বৎসরের স্থলে অংশ কলা বিকলা গ্রহণ করিলেই অয়নাংশ জানিতে পারিবেন। যথা—

১৮০৯ শকাঙ্ক হইতে ৪২১ বিয়োগ করিলে অবশিষ্ট অঙ্ক ১৩৮৮ হইল। এক্ষণে এই চক্রে দেখা যাইতেছে যে, ১৩০০ বৎসরে ১৯ অংশ, ৩০ কলা ও ৮০ বৎসরে ১ অংশ, ১২ কলা এবং ৮ বৎসরে ৭ কলা, ১২ বিকলা হয়। এই সমুদায় অঙ্ক যোগ করিয়া সমষ্টি ১৩৮৮ বৎসরে ২০ অংশ, ৪৯ কলা, ১২ বিকলা হয়। অতএব ১৮০৯ শকের অয়নাংশ ২০ অংশ, ৪৯ কলা, ১২ বিকলা নির্ণীত হইল ; অর্থাৎ জানা গেল যে, বিষুবরেখা হইতে অশ্বিনী নক্ষত্র ২০ অংশ, ৪৯ কলা, ১২ বিকলা সরিয়া গিয়াছে।

কোন স্থানের পূর্ব্বোক্ত লগ্নমানের অয়নাংশ শোধন করিতে হইলে প্রথমতঃ সেই স্থানের অক্ষাংশ অথবা অক্ষচ্ছায়া (ইহার অন্য নাম পলভা) স্থির করিতে হইবে। ঐ অক্ষচ্ছায়া শঙ্কুদ্বারা জানিতে হয়।

---

globe. Hence also the stars, which rose and set at any particular season of the year in the time of Hesiod, Eudoxus, Pliny, &c. do not answer to the description given by those writers.

শঙ্কু।

দীপসূর্য্যয়োঃ পরিমাণার্থং কাষ্ঠাদিনির্ম্মিতঃ।
ক্রমেণ সূক্ষ্মাগ্রদ্বাদশাঙ্গুলপরিমিতঃ কীলকঃ॥

দীপ এবং সূর্য্যের ছায়া পরিমাণের নিমিত্ত কাষ্ঠাদি দ্বারা নির্ম্মিত ক্রমশঃ সূক্ষ্মাগ্র দ্বাদশাঙ্গুলিপরিমিত কীলকের (কাটীর) নাম শঙ্কু।

অর্কাঙ্গুলা তু সূচ্যগ্রা কাষ্ঠী দ্ব্যঙ্গুলমূলিকা।
শঙ্কুসংজ্ঞা ভবেচ্চৈব তচ্ছায়াং পরিকল্পয়েৎ॥

দ্বাদশাঙ্গুলপরিমিত কাটীর মূলদেশ দুই অঙ্গুলী স্থূল করিয়া অগ্রভাগ ক্রমশঃ সূচীর ন্যায় সূক্ষ্ম করিতে হইবে; ইহার নাম শঙ্কু।

অক্ষচ্ছায়া বা পলভা।

মেষাদিগে সায়নভাগসূর্য্যে দিনার্দ্ধজা যা পলভা ভবেৎ সা।

বিষুবদিনে অর্থাৎ যে দিন দিবা ও রাত্রিমান সমান হইবে, সেই দিন অভীষ্ট স্থানের সমতল ভূমির উপর উপরোক্ত দ্বাদশাঙ্গুলপরিমিত শঙ্কু সরলভাবে ধারণ করিলে তাহার যে ছায়া পড়িবে, সেই ছায়ার পরিমাণ যত অঙ্গুলি, অভীষ্ট স্থানের পলভা বা অক্ষচ্ছায়ার পরিমাণও তত অঙ্গুলি হইবে।

অক্ষাংশ।

—তথাক্ষচ্ছায়েষুঘ্নাক্ষভায়াঃ কৃতিদশমলবোনা যমাশাপলাংশাঃ॥

পলভা অর্থাৎ শঙ্কুচ্ছায়ার পরিমাণ যত অঙ্গুলি হইবে, সেই অঙ্ককে পৃথক্ পৃথক্ দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে ৫ পাঁচ দিয়া গুণ করত গুণফলকে একস্থানে স্থাপিত করিবে। পরে অন্যস্থানস্থ পলভাঙ্ককে বর্গ * করিয়া যে অঙ্ক হইবে, তাহাকে দশ দ্বারা ভাগ করিয়া ভাগলব্ধ অঙ্ক পূর্ব্বোক্ত পঞ্চগুণিত পলভাঙ্ক হইতে বিয়োগ করিবে। ঐ বিয়োগাবশিষ্ট অঙ্কই অভীষ্ট স্থানের অক্ষাংশ। ছায়া অষ্টাঙ্গুলির অধিক হইলে অন্যপ্রকার প্রণালীতে অক্ষাংশ গণনা করিতে হয়।

প্রাচীন লগ্নমান।

রাশি	প্রাচীন লগ্নমান	লগ্নপল	ইংরাজী ঘণ্টা,	মিনিট,	সেকেণ্ড,
মেষ	৩। ৪৭	২২৭	১।	৩০।	৪৮
বৃষ	৪। ১৭	২৫৭	১।	৪২।	৪৮

* যে অঙ্কের বর্গ করিতে হইবে, সেই অঙ্ককে সেই অঙ্ক দ্বারা গুণ করিলে, গুণফলই তাহার বর্গ।

রাশি	প্রাচীন লগ্নমান	পল	ইংরাজী ঘণ্টা,	মিনিট,	সেকেণ্ড,
মিথুন	৫। ৬	৩০৬	২।	২।	২৪
কর্কট	৫। ৪০	৩৪০	২।	১৬।	০
সিংহ	৫। ৪১	৩৪১	২।	১৬।	২৪
কন্যা	৫। ২৯	৩২৯	২।	১১।	৩৬
তুলা	৫। ২৯	৩২৯	২।	১১।	৩৬
বৃশ্চিক	৫। ৪১	৩৪১	২।	১৬।	২৪
ধনু	৫। ৪০	৩৪০	২।	১৬।	০
মকর	৫। ৬	৩০৬	২।	২।	২৪
কুম্ভ	৪। ১৭	২৫৭	১।	৪২।	৪৮
মীন	৩। ৪৭	২২৭	১।	৩০।	৪৮
	৬০ দণ্ড	৩৬০ পল	২৪ ঘণ্টা।		

অয়নাংশশোধিত লগ্নমানগণনা।

লগ্নং লগ্নান্তরং কৃত্বা অয়নাংশৈঃ প্রপূরয়েৎ।
খানলৈর্হরতে ভাগং মিশ্রয়িত্বা দিনে দিনে॥

প্রথমতঃ যে শকের যে লগ্নের অয়নাংশশোধিত লগ্নমান নির্ণয় করিতে হইবে, সেই লগ্নের প্রাচীন লগ্নমান ও তৎপরবর্ত্তী লগ্নমান এই উভয়ের অন্তর করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহাকে বর্ত্তমান অয়নাংশ-অঙ্ক দ্বারা গুণ করিবে। পরে গুণফলকে ৩০ দ্বারা হরণ করিয়া যে অঙ্ক লব্ধ হইবে, ঐ অঙ্কের সহিত ইষ্টলগ্নের মানের পল যদি তাহার পরলগ্নের মান অপেক্ষা ন্যূন হয়, তাহা হইলে যোগ করিবে এবং অধিক হইলে বিয়োগ করিবে। যোগ বা বিয়োগফলই লগ্নমান নির্ণীত হইবে।

১৮০৯ শকের ২০।৪৯।১২ অয়নাংশের সময়ে মেষলগ্নমান আনিতে হইলে প্রথমত মেষরাশির প্রাচীন লগ্নমান ৩ দণ্ড ৪৭ পল ও তৎপররাশি বৃষের প্রাচীন লগ্নমান ৪ দণ্ড ১৭ পল এই উভয়ের অন্তর করিলে ০।৩০ অবশিষ্ট থাকিল, এই ০।৩০ কে অয়নাংশ ২০।৪৯।১২ দ্বারা গুণ করিলে ৬২৪।৩৬ হইবে। ইহাকে ৩০ দিয়া ভাগ করিলে ২০।৪৯।১২ লব্ধ হয়। * এইক্ষণ মেষরাশির প্রাচীন লগ্নমান ৩।৪৭ পল বৃষরাশির মান ৪ দণ্ড ১৭ পল

* এক এক রাশিতে ৩০ অংশ হয়, অতএব যদি ৩০ অংশে অন্তরিত পল ৩০ হয়, তাহা হইলে ২০।৪৯।১২

অপেক্ষা ন্যূন হওয়ায় এস্থলে ঐ মেষলগ্নমানের ৪৭ পলের সহিত ঐ ২০।৪৯।১২ যোগ করিতে হইবে। যোগজাঙ্ক ৪ দণ্ড, ৭ পল, ৪৯ বিপল, ১২ অনুপলই ১৮০৯ শকের অয়নাংশ-শোধিত মেষলগ্নের মান হইল। এইরূপে অন্যান্য লগ্নের অয়নাংশশোধিত লগ্নমান নিরূপণ করিতে হইবে।

অয়নাংশশোধিত লগ্নমান।

প্রতি বৎসর ৫৪ বিকলা করিয়া অয়ন বৃদ্ধি পায়, অতএব যে শকের যে মাসের যে দিনের যে সময়ে লগ্ননির্ণয় করিতে হইবে, অগ্রে সেই সময়ের অয়নাংশগণনা করিয়া লগ্ন শোধিত করিবে।

মেষ ৪।৭।৪৯।১২	সিংহ ৫।৩২।৪০।১৯।১২	ধনুঃ ৫।১৬।২৪।১৪।২৪
বৃষ ৪।৫১।০।২১।৩৬	কন্যা ৫।২৯	মকর ৪।৩১।৫৯।৩৮।২৪
মিথুন ৫।২৯।৩৫।৪৫।৩৬	তুলা ৫।৩৭।১৯।৪০।৪৮	কুম্ভ ৩।৫৬।১০।৪৮
কর্কট ৫।৪০।৪১।৩৮।২৪	বৃশ্চিক ৫।৪০।১৮।২১।৩৬	মীন ৩।৪৭

লগ্নমানের ইংরাজী ঘণ্টা।

মেষ ১।৩৯।৭।৪০।৪৮	সিংহ ২।১৩।৪।৭।৪০।৪৮	ধনুঃ ২।৬।৩৩।৪১।৪৫।৩৬
বৃষ ১।৫৬।২৪।৮।৩৮।২৪	কন্যা ২।১১।৩৬	মকর ১।৪৮।৪৭।৫১।২১।৩৬
মিথুন ২।১১।৫০।১৮।১৪।২৪	তুলা ২।১৪।৫৫।৫২।১৯।১২	কুম্ভ ১।৩৪।২৮।১৯।১২
কর্কট ২।১৬।১৬।৩৯।২১।৩৬	বৃশ্চিক ২।১৬।৭।২০।৩৮।২৪	মীন ১।৩০।৪৮

ইতিপূর্ব্বে লগ্নমান কথিত হইয়াছে, এইক্ষণ সূক্ষ্মগণনার নিমিত্ত সেই লগ্নের অংশ কথিত হইতেছে। জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ ঐ লগ্নমানকে দুই ভাগে, তিন ভাগে, নয় ভাগে, দ্বাদশ ভাগে ও ত্রিশ ভাগে বিভক্ত করিয়াছেন। ঐ সকল ভাগফলের নাম যথা-ক্রমে হোরা, দ্রেক্কাণ, নবাংশ, দ্বাদশাংশ ও ত্রিংশাংশ। আমি জ্যোতিঃশাস্ত্রশিক্ষার্থী-গণের সুবিধার নিমিত্ত মেষাদি দ্বাদশরাশিকে ভাগ করিয়া হোরাদি পঞ্চবর্গ অঙ্কিত করিয়া দিলাম।

অয়নাংশে কত পল হইবে? এজন্য ত্রৈরাশিকমতে অন্তরিত পলকে অভীষ্টকালের অয়নাংশদ্বারা গুণ করিলে গুণফল যত হইবে, তাহাকে ৩০ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে, তাহা পল, ঐ পল অভীষ্ট লগ্নে অবস্থানু-সারে যোগ বা বিয়োগ করিলে যে ফল হইবে, তাহাই অয়নাংশশোধিত লগ্নমান।

১৮০৯ শকের অয়নাংশশোধিত মেষলগ্নমান-বিভাগ।

মেষলগ্নমান— ৪। ৭। ৪৯। ১২

মেষ-হোরা।

১ম—	২।	৩।	৫৪।	৩৬
২য়—	৪।	৭।	৪৯।	১২

মেষ-দ্রেক্কাণ।

১ম—	১।	২২।	৩৬।	২৪
২য়—	২।	৪৫।	১২।	৪৮
৩য়—	৪।	৭।	৪৯।	১২

মেষ-নবাংশ।

১ম—	০।	২৭।	৩২।	৮
২য়—	০।	৫৫।	৪।	১৬
৩য়—	১।	২২।	৩৬।	২৪
৪র্থ—	১।	৫০।	৮।	৩২
৫ম—	২।	১৭।	৪০।	৪০
৬ষ্ঠ—	২।	৪৫।	১২।	৪৮
৭ম—	৩।	১২।	৪৪।	৫৬
৮ম—	৩	৪০।	১৭।	৪
৯ম—	৪।	৭।	৪৯।	১২

মেষ-দ্বাদশাংশ।

১ম—	০।	২০।	৩৯।	৬
২য়—	০।	৪১।	১৮।	১২
৩য়—	১।	১।	৫৭।	১৮
৪র্থ—	১।	২২।	৩৬।	২৪
৫ম—	১।	৪৩।	১৫।	৩০
৬ষ্ঠ—	২।	৩।	৫৪।	৩৬
৭ম—	২।	২৪।	৩৩।	৪২
৮ম—	২।	৪৫।	১২।	৪৮
৯ম—	৩।	৫।	৫১।	৫৪
১০ম—	৩।	২৬।	৩১।	০
১১শ—	৩।	৪৭।	১০।	৬
১২শ—	৪।	৭।	৪৯।	১২

মেষ-ত্রিংশাংশ।

১ম—	০।	৮।	১৫।	৩৮।	২৪
২য়—	০।	১৬।	৩১।	১৬।	৪৮
৩য়—	০।	২৪।	৪৬।	৫৫।	১২
৪র্থ—	০।	৩৩।	২।	৩৩।	৩৬
৫ম—	০।	৪১।	১৮।	১২।	০
৬ষ্ঠ—	০।	৪৯।	৩৩।	৫০।	২৪
৭ম—	০।	৫৭।	৪৯।	২৮।	৪৮
৮ম—	১।	৬।	৫।	৭।	১২
৯ম—	১।	১৪।	২০।	৪৫।	৩৬
১০ম—	১।	২২।	৩৬।	২৪।	০
১১শ—	১।	৩০।	৫২।	২।	২৪
১২শ—	১।	৩৯।	৭।	৪০।	৪৮
১৩শ—	১।	৪৭।	২৩।	১৯।	১২
১৪শ—	১।	৫৫।	৩৮।	৫৭।	৩৬
১৫শ—	২।	৩।	৫৪।	৩৬।	০
১৬শ—	২।	১২।	১০।	১৪।	২৪
১৭শ—	২।	২০।	২৫।	৫২।	৪৮
১৮শ—	২।	২৮।	৪১।	৩১।	১২
১৯শ—	২।	৩৬।	৫৭।	৯।	৩৬
২০শ—	২।	৪৫।	১২।	৪৮।	০
২১শ—	২।	৫৩।	২৮।	২৬।	২৪
২২শ—	৩।	১।	৪৪।	৪।	৪৮
২৩শ—	৩।	৯।	৫৯।	৪৩।	১২
২৪শ—	৩।	১৮।	১৫।	২১।	৩৬
২৫শ—	৩।	২৬।	৩১।	০।	০
২৬শ—	৩।	৩৪।	৪৬।	৩৮।	২৪
২৭শ—	৩।	৪৩।	২।	১৬।	৪৮
২৮শ—	৩।	৫১।	১৭।	৫৫।	১২
২৯শ—	৩।	৫৯।	৩৩।	৩৩।	৩৬
৩০শ—	৪।	৭।	৪৯।	১২।	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত বৃষলগ্নমান-বিভাগ।

বৃষলগ্নমান— ৪। ৫১। ০। ২১। ৩৬

বৃষ-হোরা।

১ম—	২।	২৫।	৩০।	১০।	৪৮
২য়—	৪।	৫১।	০।	২১।	৩৬

বৃষ-দ্রেক্কাণ।

১ম—	১।	৩৭।	০।	৭।	১২
২য়—	৩।	১৪।	০।	১৪।	২৪
৩য়—	৪।	৫১।	০।	২১।	৩৬

বৃষ-নবাংশ।

১ম—	০।	৩২।	২০।	২।	২৪
২য়—	১।	৪।	৪০।	৪।	৪৮
৩য়—	১।	৩৭।	০।	৭।	১২
৪র্থ—	২।	৯।	২০।	৯।	৩৬
৫ম—	২।	৪১।	৪০।	১২।	০
৬ষ্ঠ—	৩।	১৪।	০।	১৪।	২৪
৭ম—	৩।	৪৬।	২০।	১৬।	৪৮
৮ম—	৪।	১৮।	৪০।	১৯।	১২
৯ম—	৪।	৫১।	০।	২১।	৩৬

বৃষ-দ্বাদশাংশ।

১ম—	০।	২৪।	১৫।	১।	৪৮
২য়—	০।	৪৮।	৩০।	৩।	৩৬
৩য়—	১।	১২।	৪৫।	৫।	২৪
৪র্থ—	১।	৩৭।	০।	৭।	১২
৫ম—	২।	১।	১৫।	৯।	০
৬ষ্ঠ—	২।	২৫।	৩০।	১০।	৪৮
৭ম—	২।	৪৯।	৪৫।	১২।	৩৬
৮ম—	৩।	১৪।	০।	১৪।	২৪
৯ম—	৩।	৩৮।	১৫।	১৬।	১২
১০ম—	৪।	২।	৩০।	১৮।	০
১১শ—	৪।	২৬।	৪৫।	১৯।	৪৮
১২শ—	৪।	৫১।	০।	২১।	৩৬

বৃষ-ত্রিংশাংশ।

১ম—	০।	৯।	৪২।	০।	৪৩।	১২
২য়—	০।	১৯।	২৪।	১।	২৬।	২৪
৩য়—	০।	২৯।	৬।	২।	৯।	৩৬
৪র্থ—	০।	৩৮।	৪৮।	২।	৫২।	৪৮
৫ম—	০।	৪৮।	৩০।	৩।	৩৬।	০
৬ষ্ঠ—	০।	৫৮।	১২।	৪।	১৯।	১২
৭ম—	১।	৭।	৫৪।	৫।	২।	২৪
৮ম—	১।	১৭।	৩৬।	৫।	৪৫।	৩৬
৯ম—	১।	২৭।	১৮।	৬।	২৮।	৪৮
১০ম—	১।	৩৭।	০।	৭।	১২।	০
১১শ—	১।	৪৬।	৪২।	৭।	৫৫।	১২
১২শ—	১।	৫৬।	২৪।	৮।	৩৮।	২৪
১৩শ—	২।	৬।	৬।	৯।	২১।	৩৬
১৪শ—	২।	১৫।	৪৮।	১০।	৪।	৪৮
১৫শ—	২।	২৫।	৩০।	১০।	৪৮।	০
১৬শ—	২।	৩৫।	১২।	১১।	৩১।	১২
১৭শ—	২।	৪৪।	৫৪।	১২।	১৪।	২৪
১৮শ—	২।	৫৪।	৩৬।	১২।	৫৭।	৩৬
১৯শ—	৩।	৪।	১৮।	১৩।	৪০।	৪৮
২০শ—	৩।	১৪।	০।	১৪।	২৪।	০
২১শ—	৩।	২৩।	৪২।	১৫।	৭।	১২
২২শ—	৩।	৩৩।	২৪।	১৫।	৫০।	২৪
২৩শ—	৩।	৪৩।	৬।	১৬।	৩৩।	৩৬
২৪শ—	৩।	৫২।	৪৮।	১৭।	১৬।	৪৮
২৫শ—	৪।	২।	৩০।	১৮।	০।	০
২৬শ—	৪।	১২।	১২।	১৮।	৪৩।	১২
২৭শ—	৪।	২৯।	৫৪।	১৯।	২৬।	২৪
২৮শ—	৪।	৩১।	৩৬।	২০।	৯।	৩৬
২৯শ—	৪।	৪১।	১৮।	২০।	৫২।	৪৮
৩০শ—	৪।	৫১।	০।	২১।	৩৬।	

১৮০৯ শকের অয়নাংশশোধিত মিথুন-লগ্নমান-বিভাগ।

মিথুনলগ্নমান— ৫ । ২৯ । ৩৫ । ৪৫ । ৩৬

মিথুন-হোরা।

১ম—	২	৪৪	৪৭	৫২	৪৮
২য়—	৫	২৯	৩৫	৪৫	৩৬

মিথুন-দ্রেক্কাণ।

১ম—	১	৪৯	৫১	৫৫	১২
২য়—	৩	৩৯	৪৩	৫০	২৪
৩য়—	৫	২৯	৩৫	৪৫	৩৬

মিথুন-নবাংশ।

১ম—	০	৩৬	৩৭	১৮	২৪
২য়—	১	১৩	১৪	৩৬	৪৮
৩য়—	১	৪৯	৫১	৫৫	১২
৪র্থ—	২	২৬	২৯	১৩	৩৬
৫ম—	৩	৩	৬	৩২	০
৬ষ্ঠ—	৩	৩৯	৪৩	৫০	২৪
৭ম—	৪	১৬	২১	৮	৪৮
৮ম—	৪	৫২	৫৮	২৭	১২
৯ম—	৫	২৯	৩৫	৪৫	৩৬

মিথুন-দ্বাদশাংশ।

১ম—	০	২৭	২৭	৫৮	৪৮
২য়—	০	৫৪	৫৫	৫৭	৩৬
৩য়—	১	২২	২৩	৫৬	২৪
৪র্থ—	১	৪৯	৫১	৫৫	১২
৫ম—	২	১৭	১৯	৫৪	০
৬ষ্ঠ—	২	৪৪	৪৭	৫২	৪৮
৭ম—	৩	১২	১৫	৫১	৩৬
৮ম—	৩	৩৯	৪৩	৫০	২৪
৯ম—	৪	৭	১১	৪৯	১২
১০ম—	৪	৩৪	৩৯	৪৮	৩০
১১শ—	৫	২	৭	৪৬	৪৮
১২শ—	৫	২৯	৩৫	৪৫	৩৬

মিথুন-ত্রিংশাংশ।

১ম—	০	১০	৫৯	১১	৩১	১২
২য়—	০	২১	৫৮	২৩	২	২৪
৩য়—	০	৩২	৫৭	৩৪	৬৩	৩৬
৪র্থ—	০	৪৩	৫৬	৪৬	৪	৪৮
৫ম—	০	৫৪	৫৫	৫৭	৩৬	০
৬ষ্ঠ—	১	৫	৫৫	৯	৭	১২
৭ম—	১	১৬	৫৪	২০	৩৮	২৪
৮ম—	১	২৭	৫৩	৩২	৯	৩৬
৯ম—	১	৩৮	৫২	৪৩	৪০	৪৮
১০ম—	১	৪৯	৫১	৫৫	১২	০
১১শ—	২	০	৫১	৬	৪৩	১২
১২শ—	২	১১	৫০	১৮	১৪	২৪
১৩শ—	২	২২	৪৯	২৯	৪৫	৩৬
১৪শ—	২	৩৩	৪৮	৪১	১৬	৪৮
১৫শ—	২	৪৩	৪৭	৫২	৪৮	০
১৬শ—	২	৫৫	৪৭	৪	১৯	১২
১৭শ—	৩	৬	৪৬	১৫	৫০	২৪
১৮শ—	৩	১৭	৪৫	২৭	২১	৩৬
১৯শ—	৩	২৮	৪৪	৩৮	৫২	৪৮
২০শ—	৩	৩৯	৪৩	৫০	২৪	০
২১শ—	৩	৫০	৪৩	১	৫৫	১২
২২শ—	৪	১	৪২	১৩	২৬	২৪
২৩শ—	৪	১২	৪১	২৪	৫৭	৩৬
২৪শ—	৪	২৩	৪০	৩৬	২৮	৪৮
২৫শ—	৪	৩৪	৩৯	৪৮	০	০
২৬শ—	৪	৪৫	৩৮	৫৯	৩১	১২
২৭শ—	৪	৫৬	৩৮	১১	২	২৪
২৮শ—	৫	৭	৩৭	২২	৩৩	৩৬
২৯শ—	৫	১৮	৩৬	৩৪	৪	৪৮
৩০শ—	৫	২৯	৩৫	৪৫	৩৬	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত কর্কটলগ্নমান-বিভাগ।

কর্কটলগ্নমান— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪

কর্কট-হোরা।

১ম— ২ | ৫০ | ২০ | ৪৯ | ১২
২য়— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪

কর্কট-দ্রেক্কাণ।

১ম— ১ | ৫৩ | ৩৩ | ৫২ | ৪৮
২য়— ৩ | ৪৭ | ৭ | ৪৫ | ৩৬
৩য়— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪

কর্কট-নবাংশ।

১ম— ০ | ৩৭ | ৫১ | ১৭ | ৩৬
২য়— ১ | ১৫ | ৪২ | ৩৫ | ১২
৩য়— ১ | ৫৩ | ৩৩ | ৫২ | ৪৮
৪র্থ— ১ | ৩১ | ২৫ | ১০ | ২৪
৫ম— ৩ | ৯ | ১৬ | ২৮ | ০
৬ষ্ঠ— ৩ | ৪৭ | ৭ | ৪৫ | ৩৬
৭ম— ৪ | ২৪ | ৫৯ | ৩ | ১২
৮ম— ৫ | ২ | ৫০ | ২০ | ৪৮
৯ম— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪

কর্কট-দ্বাদশাংশ।

১ম— ০ | ২৮ | ২৩ | ২৮ | ১২
২য়— ০ | ৫৬ | ৪৬ | ৫৬ | ২৪
৩য়— ১ | ২৫ | ১০ | ২৪ | ৩৬
৪র্থ— ১ | ৫৩ | ৩৩ | ৫২ | ৪৮
৫ম— ২ | ২১ | ৫৭ | ২১ | ০
৬ষ্ঠ— ২ | ৫০ | ২০ | ৪৯ | ১২
৭ম— ৩ | ১৮ | ৪৪ | ১৭ | ২৪
৮ম— ৩ | ৪৭ | ৭ | ৪৫ | ৩৬
৯ম— ৪ | ১৫ | ৩১ | ১৩ | ৪৮
১০ম— ৪ | ৪৩ | ৫৪ | ৪২ | ০
১১শ— ৫ | ১২ | ১৮ | ১০ | ১২
১২শ— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪

কর্কট-ত্রিংশাংশ।

১ম— ০ | ১১ | ২১ | ২৩ | ১৬ | ৪৮
২য়— ০ | ২২ | ৪২ | ৪৬ | ৩৩ | ৩৬
৩য়— ০ | ৩৪ | ৪ | ৯ | ৫০ | ২৪
৪র্থ— ০ | ৪৫ | ২৫ | ৩৩ | ৭ | ১২
৫ম— ০ | ৫৬ | ৪৬ | ৫৬ | ২৪ | ০
৬ষ্ঠ— ১ | ৮ | ৮ | ১৯ | ৪০ | ৪৮
৭ম— ১ | ১৯ | ২৯ | ৪২ | ৫৭ | ৩৬
৮ম— ১ | ৩০ | ৫১ | ৬ | ১৪ | ২৪
৯ম— ১ | ৪২ | ১২ | ২৯ | ৩১ | ১২
১০ম— ১ | ৫৩ | ৩৩ | ৫২ | ৪৮ | ০
১১শ— ২ | ৪ | ৫৫ | ১৬ | ৪ | ৪৮
১২শ— ২ | ১৬ | ১৬ | ৩৯ | ২১ | ৩৬
১৩শ— ২ | ২৭ | ৩৮ | ২ | ৩৮ | ২৪
১৪শ— ২ | ৩৮ | ৫৯ | ২৫ | ৫৫ | ১২
১৫শ— ২ | ৫০ | ২০ | ৪৯ | ১২ | ০
১৬শ— ৩ | ১ | ৪২ | ১২ | ২৮ | ৪৮
১৭শ— ৩ | ১৩ | ৩ | ৩৫ | ৪৫ | ৩৬
১৮শ— ৩ | ২৪ | ২৪ | ৫৯ | ২ | ২৪
১৯শ— ৩ | ৩৫ | ৪৬ | ২২ | ১৯ | ১২
২০শ— ৩ | ৪৭ | ৭ | ৪৫ | ৩৬ | ০
২১শ— ৩ | ৫৮ | ২৯ | ৮ | ৫২ | ৪৮
২২শ— ৪ | ৯ | ৫০ | ৩২ | ৯ | ৩৬
২৩শ— ৪ | ২১ | ১১ | ৫৫ | ২৬ | ২৪
২৪শ— ৪ | ৩২ | ৩৩ | ১৮ | ৪৩ | ১২
২৫শ— ৪ | ৪৩ | ৫৪ | ৪২ | ০ | ০
২৬শ— ৪ | ৫৫ | ১৬ | ৫ | ১৬ | ৪৮
২৭শ— ৫ | ৬ | ৩৭ | ২৮ | ৩৩ | ৩৬
২৮শ— ৫ | ১৭ | ৫৮ | ৫১ | ৫০ | ২৪
২৯শ— ৫ | ২৯ | ২০ | ১৫ | ৭ | ১২
৩০শ— ৫ | ৪০ | ৪১ | ৩৮ | ২৪ | ০

১৮০৯ শকের অয়নাংশশোধিত সিংহলগ্নমান-বিভাগ।

সিংহলগ্নমান— ৫। ৩২। ৪০। ১৯। ১২

সিংহ-হোরা।

১ম—	২	৪৬	২০	৯	৩৬
২য়—	৫	৩২	৪০	১৯	১২

সিংহ-দ্রেক্কাণ।

১ম—	১	৫০	৫৩	২৬	২৪
২য়—	৩	৪১	৪৬	৫২	৪৮
৩য়—	৫	৩২	৪০	১৯	১২

সিংহ-নবাংশ।

১ম—	০	৩৬	৫৭	৪৮	৪৮
২য়—	১	১৩	৫৫	৩৭	৩৬
৩য়—	১	৫০	৫৩	২৬	২৪
৪র্থ—	২	২৭	৫১	১৫	১২
৫ম—	৩	৪	৪৯	৪	০
৬ষ্ঠ—	৩	৪১	৪৬	৫২	৪৮
৭ম—	৪	১৮	৪৪	৪১	৩৬
৮ম—	৪	৫৫	৪২	৩০	২৪
৯ম—	৫	৩২	৪০	১৯	১২

সিংহ-দ্বাদশাংশ।

১ম—	০	২৭	৪৩	২১	৩৬
২য়—	০	৫৫	২৬	৪৩	১২
৩য়—	১	২৩	১০	৪	৪৮
৪র্থ—	১	৫০	৫৩	২৬	২৪
৫ম—	২	১৮	৩৬	৪৮	০
৬ষ্ঠ—	২	৪৬	২০	৯	৩৬
৭ম—	৩	১৪	৩	৩১	১২
৮ম—	৩	৪১	৪৬	৫২	৪৮
৯ম—	৪	৯	৩০	১৪	২৪
১০ম—	৪	৩৭	১৩	৩৬	০
১১শ—	৫	৪	৫৬	৫৭	৩৬
১২শ—	৫	৩২	৪০	১৯	১২

সিংহ-ত্রিংশাংশ।

১ম—	০	১১	৫	২০	৩৮	২৪
২য়—	০	২২	১০	৪১	১৬	৪৮
৩য়—	০	৩৩	১৬	১	৫৫	১২
৪র্থ—	০	৪৪	২১	২২	৩৩	৩৬
৫ম—	০	৫৫	২৬	৪৩	১২	০
৬ষ্ঠ—	১	৬	৩২	৩	৫০	২৪
৭ম—	১	১৭	৩৭	২৪	২৮	৪৮
৮ম—	১	২৮	৪২	৪৫	৭	১২
৯ম—	১	৩৯	৪৮	৫	৪৫	৩৬
১০ম—	১	৫০	৫৩	২৬	২৪	০
১১শ—	২	১	৫৮	৪৭	২	২৪
১২শ—	২	১৩	৪	৭	৪০	৪৮
১৩শ—	২	২৪	৯	২৮	১৯	১২
১৪শ—	২	৩৫	১৪	৪৮	৫৭	৩৬
১৫শ—	২	৪৬	২০	৯	৩৬	০
১৬শ—	২	৫৭	২৫	৩০	১৪	২৪
১৭শ—	৩	৮	৩০	৫০	৫২	৪৮
১৮শ—	৩	১৯	৩৬	১১	৩১	১২
১৯শ—	৩	৩০	৪১	৩২	৯	৩৬
২০শ—	৩	৪১	৪৬	৫২	৪৮	০
২১শ—	৩	৫২	৫২	১৩	২৬	২৪
২২শ—	৪	৩	৫৭	৩৪	৪	৪৮
২৩শ—	৪	১৫	২	৫৪	৪৩	১২
২৪শ—	৪	২৬	৮	১৫	২১	৩৬
২৫শ—	৪	৩৭	১৩	৩৬	০	০
২৬শ—	৪	৪৮	১৮	৫৬	৩৮	২৪
২৭শ—	৪	৫৯	২৪	১৭	১৬	৪৮
২৮শ—	৫	১০	২৯	৩৭	৫৫	১২
২৯শ—	৫	২১	৩৪	৫৮	৩৩	৩৬
৩০শ—	৫	৩২	৪০	১৯	১২	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত কন্যালগ্নমান-বিভাগ।

কন্যালগ্নমান— ৫ । ২৯

কন্যা-হোরা।

১ম—	২।	৪৪।	৩০
২য়—	৫।	২৯	

কন্যা-দ্রেক্কাণ।

১ম—	১।	৪৯।	৪০
২য়—	৩।	৩৯।	২০
৩য়—	৫।	২৯।	

কন্যা-নবাংশ।

১ম—	০।	৩৬।	৩৩।	২০
২য়—	১।	১৩।	৬।	৪০
৩য়—	১।	৪৯।	৪০।	০
৪র্থ—	২।	২৬।	১৩।	২০
৫ম—	৩।	২।	৪৬।	৪০
৬ষ্ঠ—	৩।	৩৯।	২০।	০
৭ম—	৪।	১৫।	৫৩।	২০
৮ম—	৪।	৫২।	২৬।	৪০
৯ম—	৫।	২৯		

কন্যা-দ্বাদশাংশ।

১ম—	০।	২৫।	৪৫
২য়—	০।	৫১।	৩০
৩য়—	১।	১৭।	১৫
৪র্থ—	১।	৪৩।	০
৫ম—	২।	৮।	৪৫
৬ষ্ঠ—	২।	৩৪।	৩০
৭ম—	৩।	০।	১৫
৮ম—	৩।	২৬।	০
৯ম—	৩।	৫১।	৪৫
১০ম—	৪।	১৭।	৩০
১১শ—	৫।	৩।	১৫
১২শ—	৫।	২৯।	০

কন্যা-ত্রিংশাংশ।

১ম—	০।	১০।	৫৮
২য়—	০।	২১।	৫৬
৩য়—	০।	৩২।	৫৪
৪র্থ—	০।	৪৩।	৫২
৫ম—	০।	৫৪।	৫০
৬ষ্ঠ—	১।	৫।	৪৮
৭ম—	১।	১৬।	৪৬
৮ম—	১।	২৭।	৪৪
৯ম—	১।	৩৮।	৪২
১০ম—	১।	৪৯।	৪০
১১শ—	২।	০।	৩৮
১২শ—	২।	১১।	৩৬
১৩শ—	২।	২২।	৩৪
১৪শ—	২।	৩৩।	৩২
১৫শ—	২।	৪৪।	৩০
১৬শ—	২।	৫৫।	২৮
১৭শ—	৩।	৬।	২৬
১৮শ—	৩।	১৭।	২৪
১৯শ—	৩।	২৮।	২২
২০শ—	৩।	৩৯।	২০
২১শ—	৩।	৫০।	১৮
২২শ—	৪।	১।	১৬
২৩শ—	৪।	১২।	১৪
২৪শ—	৫।	২৩।	১২
২৫শ—	৪।	৩৪।	১০
২৬শ—	৪।	৪৫।	৮
২৭শ—	৪।	৫৬।	৬
২৮শ—	৫।	৭।	৪
২৯শ—	৫।	১৮।	২
৩০শ—	৫।	২৯।	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত তুলা-লগ্নমান-বিভাগ।

তুলালগ্নমান— ৫। ৩৭। ১৯। ৪০। ৪৮

তুলা-হোরা।

১ম—	২।	৪৮।	৩৯।	৫০।	২৪
২য়—	৫।	৩৭।	১৯।	৪০।	৪৮

তুলা-দ্রেক্কাণ।

১ম—	১।	৫২।	২৬।	৩৩।	৩৬
২য়—	৩।	৪৪।	৫৩।	৭।	১২
৩য়—	৫।	৩৭।	১৯।	৪০।	৪৮

তুলা নবাংশ।

১ম—	০।	৩৭।	২৮।	৫১।	১২
২য়—	১।	১৪।	৫৭।	৪২।	২৪
৩য়—	১।	৫২।	২৬।	৩৩।	৩৬
৪র্থ—	২।	২৯।	৫৫।	২৪।	৪৮
৫ম—	৩।	৭।	২৪।	১৬।	০
৬ষ্ঠ—	৩।	৪৪।	৫৩।	৭।	১২
৭ম—	৪।	২২।	২১।	৫৮।	২৪
৮ম—	৪।	৫৯।	৫০।	৪৯।	৩৬
৯ম—	৫।	৩৭।	১৯।	৪০।	৪৮

তুলা-দ্বাদশাংশ।

১ম—	০।	২৮।	৬।	৩৮।	২৪
২য়—	০।	৫৬।	১৩।	১৬।	৪৮
৩য়—	১।	২৪।	১৯।	৫৫।	১২
৪র্থ—	১।	৫২।	২৬।	৩৩।	৩৬
৫ম—	২।	২০।	৩৩।	১২।	০
৬ষ্ঠ—	২।	৪৮।	৩৯।	৫০।	২৪
৭ম—	৩।	১৬।	৪৬।	২৮।	৪৮
৮ম—	৩।	৪৪।	৫৩।	৭।	১২
৯ম—	৪।	১২।	৫৯।	৪৫।	৩৬
১০ম—	৪।	৪১।	৬।	২৪।	০
১১শ—	৫।	৯।	১৩।	২।	২৪
১২শ—	৫।	৩৭।	১৯।	৪০।	৪৮

তুলা-ত্রিংশাংশ।

১ম—	০।	১১।	১৪।	৩৯।	২১।	৩৬
২য়—	০।	২২।	২৯।	১৮।	৪৩।	১২
৩য়—	০।	৩৩।	৪৩।	৫৮।	৪।	৪৮
৪র্থ—	০।	৪৪।	৫৮।	৩৭।	২৬।	২৪
৫ম—	০।	৫৬।	১৩।	১৬।	৪৮।	০
৬ষ্ঠ—	১।	৭।	২৭।	৫৬।	৯।	৩৬
৭ম—	১।	১৮।	৪২।	৩৫।	৩১।	১২
৮ম—	১।	২৯।	৫৭।	১৪।	৫২।	৪৮
৯ম—	১।	৪১।	১১।	৫৪।	১৪।	২৪
১০ম—	১।	৫২।	২৬।	৩৩।	৩৬।	০
১১শ—	২।	৩।	৪১।	১২।	৫৭।	৩৬
১২শ—	২।	১৪।	৫৫।	৫২।	১৯।	১২
১৩শ—	২।	২৬।	১০।	৩১।	৪০।	৪৮
১৪শ—	২।	৩৭।	২৫।	১১।	২।	২৪
১৫শ—	২।	৪৮।	৩৯।	৫০।	২৪।	০
১৬শ—	২।	৫৯।	৫৪।	২৯।	৪৫।	৩৬
১৭শ—	৩।	১১।	৯।	৯।	৭।	১২
১৮শ—	৩।	২২।	২৩।	৪৮।	২৮।	৪৮
১৯শ—	৩।	৩৩।	৩৮।	২৭।	৫০।	২৪
২০শ—	৩।	৪৪।	৫৩।	৭।	১২।	০
২১শ—	৩।	৫৬।	৭।	৪৬।	৩৩।	৩৬
২২শ—	৪।	৭।	২২।	২৫।	৫৫।	১২
২৩শ—	৪।	১৮।	৩৭।	৫।	১৬।	৪৮
২৪শ—	৪।	২৯।	৫১।	৪৪।	৩৮।	২৪
২৫শ—	৪।	৪১।	৬।	২৪।	০।	০
২৬শ—	৪।	৫২।	২১।	৩।	২১।	৩৬
২৭শ—	৫।	৩।	৩৫।	৪২।	৪৩।	১২
২৮শ—	৫।	১৪।	৫০।	২২।	৪।	৪৮
২৯শ—	৫।	২৬।	৫।	১।	২৬।	২৪
৩০শ—	৫।	৩৭।	১৯।	৪০।	৪৮।	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত বৃশ্চিক-লগ্নমান-বিভাগ।

বৃশ্চিকলগ্নমান— ৫। ৪০। ১৮। ২১। ৩৬

বৃশ্চিক-হোরা।

১ম—	২	৫০	৯	১০	৪৮
২য়—	৫	৪০	১৮	২১	৩৬

বৃশ্চিক-দ্রেক্কাণ।

১ম—	১	৫৩	২৬	৭	১২
২য়—	৩	৪৬	৫২	১৪	২৪
৩য়—	৫	৪০	১৮	২১	৩৬

বৃশ্চিক-নবাংশ।

১ম—	০	৩৭	৪৮	৪২	২৪
২য়—	১	১৫	৩৭	২৪	৪৮
৩য়—	১	৫৩	২৬	৭	১২
৪র্থ—	২	৩১	১৪	৪৯	৩৬
৫ম—	৩	৯	৩	৩২	০
৬ষ্ঠ—	৩	৪৬	৫২	১৪	২৪
৭ম—	৪	২৪	৪০	৫৬	৪৮
৮ম—	৫	২	২৯	৩৯	১২
৯ম—	৫	৪০	১৮	২১	৩৬

বৃশ্চিক-দ্বাদশাংশ।

১ম—	০	২৮	২১	৩১	৪৮
২য়—	০	৫৬	৪৩	৩	৩৬
৩য়—	১	২৫	৪	৩৫	২৪
৪র্থ—	১	৫৩	২৬	৭	১২
৫ম—	২	২১	৪৭	৩৯	০
৬ষ্ঠ—	২	৫০	৯	১০	৪৮
৭ম—	৩	১৮	৩০	৪২	৩৬
৮ম—	৩	৪৬	৫২	১৪	২৪
৯ম—	৪	১৫	১৩	৪৬	১২
১০ম—	৪	৪৩	৩৫	১৮	০
১১শ—	৫	১১	৫৬	৪৯	৪৮
১২শ—	৫	৪০	১৮	২১	৩৬

বৃশ্চিক-ত্রিংশাংশ।

১ম—	০	১১	২০	৩৬	৪৩	১২
২য়—	০	২২	৪১	১৩	২৬	২৪
৩য়—	০	৩৪	১	৫০	৯	৩৬
৪র্থ—	০	৪৫	২২	২৬	৫২	৪৮
৫ম—	০	৫৬	৪৩	৩	৩৬	০
৬ষ্ঠ—	১	৮	৩	৪০	১৯	১২
৭ম—	১	১৯	২৪	১৭	২	২৪
৮ম—	১	৩০	৪৪	৫৩	৪৫	৩৬
৯ম—	১	৪২	৫	৩০	২৮	৪৮
১০ম—	১	৫৩	২৬	৭	১২	০
১১শ—	২	৪	৪৬	৪৩	৫৫	১২
১২শ—	২	১৬	৭	২০	৩৮	২৪
১৩শ—	২	২৭	২৭	৫৭	২১	৩৬
১৪শ—	২	৩৮	৪৮	৩৩	৪	৪৮
১৫শ—	২	৫০	৯	১০	৪৮	০
১৬শ—	৩	১	২৯	৪৭	৩১	১২
১৭শ—	৩	১২	৫০	২৪	১৪	২৪
১৮শ—	৩	২৪	১১	০	৫৭	৩৬
১৯শ—	৩	৩৫	৩১	৩৭	৪০	৪৮
২০শ—	৩	৪৬	৫২	১৪	২৪	০
২১শ—	৩	৫৮	১২	৫১	৭	১২
২২শ—	৪	৯	৩৩	২৭	৫০	২৪
২৩শ—	৪	২০	৫৪	৪	৩৩	৩৬
২৪শ—	৪	৩২	১৪	৪১	১৬	৪৮
২৫শ—	৪	৪৩	৩৫	১৮	০	০
২৬শ—	৪	৫৪	৫৫	৫৪	৪৩	১২
২৭শ—	৫	৬	১৬	৩১	২৬	২৪
২৮শ—	৫	১৭	৩৭	৮	৯	৩৬
২৯শ—	৫	২৮	৫৭	৪৪	৫২	৪৮
৩০শ—	৫	৪০	১৮	২১	৩৬	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত ধনুর্লগ্নমান-বিভাগ।

ধনুর্লগ্নমান— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ২৪

ধনুঃ-হোরা।

১ম— ২ । ৩৮ । ১২ । ৭ । ১২
২য়— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ২৪

ধনুঃ-দ্রেক্কাণ।

১ম— ১ । ৪৫ । ২৮ । ৪ । ৪৮
২য়— ৩ । ৩০ । ৫৬ । ৯ । ৩৬
৩য়— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ২৪

ধনুঃ-নবাংশ।

১ম— ০ । ৩৫ । ৯ । ২১ । ৩৬
২য়— ১ । ১০ । ১৮ । ৪৩ । ১২
৩য়— ১ । ৪৫ । ২৮ । ৪ । ৪৮
৪র্থ— ২ । ২০ । ৩৭ । ২৬ । ২৪
৫ম— ২ । ৫৫ । ৪৬ । ৪৮ । ০
৬ষ্ঠ— ৩ । ৩০ । ৫৬ । ৯ । ৩৬
৭ম— ৪ । ৬ । ৫ । ৩১ । ১২
৮ম— ৪ । ৪১ । ১৪ । ৫২ । ৪৮
৯ম— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ২৪

ধনুঃ-দ্বাদশাংশ।

১ম— ০ । ২৬ । ২২ । ১ । ১২
২য়— ০ । ৫২ । ৪৪ । ২ । ২৪
৩য়— ১ । ১৯ । ৬ । ৩ । ৩৬
৪র্থ— ১ । ৪৫ । ২৮ । ৪ । ৪৮
৫ম— ২ । ১১ । ৫০ । ৬ । ০
৬ষ্ঠ— ২ । ৩৮ । ১২ । ৭ । ১২
৭ম— ৩ । ৪ । ৩৪ । ৮ । ২৪
৮ম— ৩ । ৩০ । ৫৬ । ৯ । ৩৬
৯ম— ৩ । ৫৭ । ১৮ । ১০ । ৪৮
১০ম— ৪ । ২৩ । ৪০ । ১২ । ০
১১শ— ৪ । ৫০ । ২ । ১৩ । ১২
১২শ— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ২৪

ধনুঃ-ত্রিংশাংশ।

১ম— ০ । ১০ । ৩২ । ৪৮ । ২৮ । ৪৮
২য়— ০ । ২১ । ৫ । ৩৬ । ৫৭ । ৩৬
৩য়— ০ । ৩১ । ৩৮ । ২৫ । ২৬ । ২৪
৪র্থ— ০ । ৪২ । ১১ । ১৩ । ৫৫ । ১২
৫ম— ০ । ৫২ । ৪৩ । ২ । ২৪ । ০
৬ষ্ঠ— ১ । ৩ । ১৬ । ৫০ । ৫২ । ৪৮
৭ম— ১ । ১৩ । ৪৯ । ৩৯ । ২১ । ৩৬
৮ম— ১ । ২৪ । ২২ । ২৭ । ৫০ । ২৪
৯ম— ১ ৩৪ । ৫৫ । ১৬ । ১৯ । ১২
১০ম— ১ । ৪৫ । ২৮ । ৪ । ৪৮ । ০
১১শ— ১ । ৫৬ । ০ । ৫৩ । ১৬ ৪৮
১২শ— ২ । ৬ । ৩৩ । ৪১ । ৪৫ । ৩৬
১৩শ— ২ । ১৭ । ৬ । ৩০ । ১৪ । ২৪
১৪শ— ২ । ২৭ । ৩৯ । ১৮ । ৪৩ । ১২
১৫শ— ২ । ৩৮ । ১২ । ৭ । ১২ । ০
১৬শ— ২ । ৪৮ । ৪৪ । ৫৫ । ৪০ । ৪৮
১৭শ— ২ । ৫৯ । ১৭ । ৪৪ । ৯ । ৩৬
১৮শ— ৩ । ৯ । ৫০ । ৩২ । ৩৮ । ২৪
১৯শ— ৩ । ২০ । ২৩ । ২১ । ৭ । ১২
২০শ— ৩ । ৩০ । ৫৬ । ৯ । ৩৬ । ০
২১শ— ৩ । ৪১ । ২৮ । ৫৮ । ৪ । ৪৮
২২শ— ৩ । ৫২ । ১ । ৪৬ । ৩৩ । ৩৬
২৩শ— ৪ । ২ । ৩৪ । ৩৫ । ২ । ২৪
২৪শ— ৪ । ১৩ । ৭ । ২৩ । ৩১ । ১২
২৫শ— ৪ । ২৩ । ৪০ । ১২ । ০ । ০
২৬শ— ৪ । ৩৪ । ১৩ । ০ । ২৮ । ৪৮
২৭শ— ৪ । ৪৪ । ৪৫ । ৪৮ । ৫৭ । ৩৬
২৮শ— ৪ । ৫৫ । ১৮ । ৩৭ । ১৬ । ২৪
২৯শ— ৫ । ৫ । ৫১ । ২৫ । ৩৭ । ১২
৩০শ— ৫ । ১৬ । ২৪ । ১৪ । ১৪ । ০

১৮০৯ শকের অয়নাংশশোধিত মকরলগ্নমান-বিভাগ।

মকরলগ্নমান— ৪। ৩১। ৫৯। ৩৮। ২৪

মকর-হোরা।

১ম—	২।	১৫।	৫৯।	৪৯।	১২
২য়—	৪।	৩১।	৫৯।	৩৮।	২৪

মকর-দ্রেক্কাণ।

১ম—	১।	৩০।	৩৯।	৫২।	১৮
২য়—	৩।	১।	১৯।	৪৫।	৩৬
৩য়—	৪।	৩১।	৫৯।	৩৮।	২৪

মকর-নবাংশ।

১ম—	০।	৩০।	১৩।	১৭।	৩৬
২য়—	১।	০।	২৬।	৩৫।	১২
৩য়—	১।	৩০।	৩৯।	৫২।	৪৮
৪র্থ—	২।	০।	৫৩।	১০।	২৪
৫ম—	২।	৩১।	৬।	২৮।	০
৬ষ্ঠ—	৩।	১।	১৯।	৪৫।	৩৬
৭ম—	৩।	৩১।	৩৩।	৩।	১২
৮ম—	৪।	১।	৪৬।	২০।	৪৮
৯ম—	৪।	৩১।	৫৯।	৩৮।	২৪

মকর-দ্বাদশাংশ।

১ম—	০।	২২।	৩৯।	৫৮।	১২
২য়—	০।	৪৫।	১৯।	৫৬।	২৪
৩য়—	১।	৭।	৫৯।	৫৪।	৩৬
৪র্থ—	১।	৩০।	৩৯।	৫২।	৪৮
৫ম—	১।	৫৩।	১৯।	৫১।	০
৬ষ্ঠ—	২।	১৫।	৫৯।	৪৯।	১২
৭ম—	২।	৩৮।	৩৯।	৪৭।	২৪
৮ম—	৩।	১।	১৯।	৪৫।	৩৬
৯ম—	৩।	২৩।	৫৯।	৪৩।	৪৮
১০ম—	৩।	৪৬।	৩৯।	৪২।	০
১১শ—	৪।	৯।	১৯।	৪০।	১২
১২শ—	৪।	৩১।	৫৯।	৩৮।	২৪

মকর-ত্রিংশাংশ।

১ম—	০।	৯।	৩।	৫৯।	১৬।	৪৮
২য়—	০।	১৮।	৭।	৫৮।	৩৩।	৩৬
৩য়—	০।	২৭।	১১।	৫৭।	৫০।	২৪
৪র্থ—	০।	৩৬।	১৫।	৫৭।	৭।	১২
৫ম—	০।	৪৫।	১৯।	৫৬।	২৪।	০
৬ষ্ঠ—	০।	৫৪।	২৩।	৫৫।	৪০।	৪৮
৭ম—	১।	৩।	২৭।	৫৪।	৫৭।	৩৬
৮ম—	১।	১২।	৩১।	৫৪।	১৪।	২৪
৯ম—	১।	২১।	৩৫।	৫৩।	৩১।	১২
১০ম—	১।	৩০।	৩৯।	৫২।	৪৮।	০
১১শ—	১।	৩৯।	৪৩।	৫২।	৪।	৪৮
১২শ—	১।	৪৮।	৪৭।	৫১।	২১।	৩৬
১৩শ—	১।	৫৭।	৫১।	৫০।	৩৮।	২৪
১৪শ—	২।	৬।	৫৫।	৪৯।	৫৫।	১২
১৫শ—	২।	১৫।	৫৯।	৪৯।	১২।	০
১৬শ—	২।	২৫।	৩।	৪৮।	২৮।	৪৮
১৭শ—	২।	৩৪।	৭।	৪৭।	৪৫।	৩৬
১৮শ—	২।	৪৩।	১১।	৪৭।	২।	২৪
১৯শ—	২।	৫২।	১৫।	৪৬।	১৯।	১২
২০শ—	৩।	১।	১৯।	৪৫।	৩৬।	০
২১শ—	৩।	১০।	২৩।	৪৪।	৫২।	৪৮
২২শ—	৩।	১৯।	২৭।	৪৪।	৯।	৩৬
২৩শ—	৩।	২৮।	৩১।	৪৩।	২৬।	২৪
২৪শ—	৩।	৩৭।	৩৫।	৪২।	৪৩।	১২
২৫শ—	৩।	৪৬।	৩৯।	৪২।	০।	০
২৬শ—	৩।	৫৫।	৪৩।	৪১।	১৬।	৪৮
২৭শ—	৪।	৪।	৪৭।	৪০।	৩৩।	৩৬
২৮শ—	৪।	১৩।	৫১।	৩৯।	৫০।	২৪
২৯শ—	৪।	২২	৫৫।	৩৯।	৭।	১২
৩০শ—	৪।	৩১।	৫৯।	৩৮।	২৪।	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত কুম্ভলগ্নমান-বিভাগ।

কুম্ভলগ্নমান— ৩। ৫৬। ১০। ৪৮

কুম্ভ-হোরা।

১ম—	১।	৫৮।	৫।	২৪
২য়—	৩।	৫৬।	১০।	৪৮

কুম্ভ-দ্রেক্কাণ।

১ম—	১।	১৮।	৪৩।	৩৬
২য়—	২।	৩৭।	২৭।	১২
৩য়—	৩।	৫৬।	১০।	৪৮

কুম্ভ-নবাংশ।

১ম—	০।	২৬।	১৪।	৩২
২য়—	০।	৫২।	২৯।	৪
৩য়—	১।	১৮।	৪৩।	৩৬
৪র্থ—	১।	৪৪।	৫৮।	৮
৫ম—	২।	১১।	১২।	৪০
৬ষ্ঠ—	২।	৩৭।	২৭।	১২
৭ম—	৩।	৩।	৪১।	৪৪
৮ম—	৩।	২৯।	৫৬।	১৬
৯ম—	৩।	৫৬।	১০।	৪৮

কুম্ভ-দ্বাদশাংশ।

১ম—	০।	১৯।	৪০।	৫৪
২য়—	০।	৩৯।	২১।	৪৮
৩য়—	০।	৫৯।	২।	৪২
৪র্থ—	১।	১৮।	৪৩।	৩৬
৫ম—	১।	৩৮।	২৪।	৩০
৬ষ্ঠ—	১।	৫৮।	৫।	২৪
৭ম—	২।	১৭।	৪৬।	১৮
৮ম—	২।	৩৭।	২৭।	১২
৯ম—	২।	৫৭।	৮।	৬
১০ম—	৩।	১৬।	৪৯।	০
১১শ—	৩।	৩৬।	২৯।	৫৪
১২শ—	৩।	৫৬।	১০।	৪৮

কুম্ভ-ত্রিংশাংশ।

১ম—	০।	৭।	৫২।	২১।	৩৬
২য়—	০।	১৫।	৪৪।	৪৩।	১২
৩য়—	০।	২৩।	৩৭।	৪।	৪৮
৪র্থ—	০।	৩১।	২৯।	২৬।	২৪
৫ম—	০।	৩৯।	২১।	৪৮।	০
৬ষ্ঠ—	০।	৪৭।	১৪।	৯।	৩৬
৭ম—	০।	৫৫।	৬।	৩১।	১২
৮ম—	১।	২।	৫৮।	৫২।	৪৮
৯ম—	১।	১০।	৫১।	১৪।	২৪
১০ম—	১।	১৮।	৪৩।	৩৬।	০
১১শ—	১।	২৬।	৩৫।	৫৭।	৩৬
১২শ—	১।	৩৪।	২৮।	১৯।	১২
১৩শ—	১।	৪২।	২০।	৪০।	৪৮
১৪শ—	১।	৫০।	১৩।	২।	২৪
১৫শ—	১।	৫৮।	৫।	২৪।	০
১৬শ—	২।	৫।	৫৭।	৪৫।	৩৬
১৭শ—	২।	১৩।	৫০।	৭।	১২
১৮শ—	২।	২১।	৪২।	২৮।	৪৮
১৯শ—	২।	২৯।	৩৪।	৫০।	২৪
২০শ—	২।	৩৭।	২৭।	১২।	০
২১শ—	২।	৪৫।	১৯।	৩৩।	৩৬
২২শ—	২।	৫৩।	১১।	৫৫।	১২
২৩শ—	৩।	১।	৪।	১৬।	৪৮
২৪শ—	৩।	৮।	৫৬।	৩৮।	২৪
২৫শ—	৩।	১৬।	৪৯।	০।	০
২৬শ—	৩।	২৪।	৪১।	২১।	৩৬
২৭শ—	৩।	৩২।	৩৩।	৪৩।	১২
২৮শ—	৩।	৪০।	২৬।	৪।	৩৬
২৯শ—	৩।	৪৮।	১৮।	২৬।	২৪
৩০শ—	৩।	৫৬।	১০।	৪৮।	০

১৮০৯ শকের অয়নাংশশোধিত মীনলগ্নমান-বিভাগ।

মীনলগ্নমান—৩। ৪৭

মীন-হোরা।

১ম—	১।	৫৩।	৩০
২য়—	৩।	৪৭।	০

মীন-দ্রেক্কাণ।

১ম—	১।	১৫।	৪০
২য়—	২।	৩১।	২০
৩য়—	৩।	৪৭।	০

মীন-নবাংশ।

১ম—	০।	২৫।	১৩।	২০
২য়—	০।	৫০।	২৬।	৪০
৩য়—	১।	১৫।	৪০।	০
৪র্থ—	১।	৪০।	৫৩।	২০
৫ম—	২।	৬।	৬।	৪০
৬ষ্ঠ—	২।	৩১।	২০।	০
৭ম—	২।	৫৬।	৩৩।	২০
৮ম—	৩।	২১।	৪৬।	৪০
৯ম—	৩।	৪৭।	০।	০

মীন-দ্বাদশাংশ।

১ম—	০।	১৮।	৫৫
২য়—	০।	৩৭।	৫০
৩য়—	০।	৫৬।	৪৫
৪র্থ—	১।	১৫।	৪০
৫ম—	১।	৩৪।	৩৫
৬ষ্ঠ—	১।	৫৩।	৩০
৭ম—	২।	১২।	২৫
৮ম—	২।	৩১।	২০
৯ম—	২।	৫০।	১৫
১০ম—	৩।	৯।	১০
১১শ—	৩।	২৮।	৫
১২শ—	৩।	৪৭।	০

মীন-ত্রিংশাংশ।

১ম—	০।	৭।	৩৪
২য়—	০।	১৫।	৮
৩য়—	০।	২২।	৪২
৪র্থ—	০।	৩০।	১৬
৫ম—	০।	৩৭।	৫০
৬ষ্ঠ—	০।	৪৫।	২৪
৭ম—	০।	৫২।	৫৮
৮ম—	১।	০।	৩২
৯ম—	১।	৮।	৬
১০ম—	১।	১৫।	৪০
১১শ—	১।	২৩।	১৪
১২শ—	১।	৩০।	৪৮
১৩শ—	১।	৩৮।	২২
১৪শ—	১।	৪৫।	৫৬
১৫শ—	১।	৫৩।	৩০
১৬শ—	২।	১।	৪
১৭শ—	২।	৮।	৩৮
১৮শ—	২।	১৬।	১২
১৯শ—	২।	২৩।	৪৬
২০শ—	২।	৩১।	২০
২১শ—	২।	৩৮।	৫৪
২২শ—	২।	৪৬।	২৮
২৩শ—	২।	৫৪।	২
২৪শ—	৩।	১।	৩৬
২৫শ—	৩।	৯।	১০
২৬শ—	৩।	১৬।	৪৪
২৭শ—	৩।	২৪।	১৮
২৮শ—	৩।	৩১।	৫২
২৯শ—	৩।	৩৯।	২৬
৩০শ—	৩।	৪৭।	০

রাশীনাং নামকথনং।

মেষো বৃষোঽথ মিথুনং কর্কটঃ সিংহ এব চ।
কন্যা তুলা বৃশ্চিকশ্চ ধনুর্ম্মকর এব চ।
কুম্ভো মীনশ্চ বিজ্ঞেয়া রাশয়ো দ্বাদশৈব তে॥

দ্বাদশরাশির নাম।

মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনুঃ, মকর, কুম্ভ ও মীন।

রবির বাৎসরিক দৃশ্যমান গতি।

রাশিচক্রে মেষরাশির আরম্ভে অশ্বিনীনক্ষত্র হইতে পুনরায় ঐ স্থানে রবির প্রত্যাগমন করিতে যে সময় অতীত হয়, তাহাকে সংবৎসর বা রবির বাৎসরিক দৃশ্যমান গতি কহে।

মেষ রাশির প্রারম্ভে অশ্বিনীনক্ষত্র হইতে মেষ রাশির শেষপর্য্যন্ত রবির গমন করিতে যে সময় অতীত হয়, তাহার নাম বৈশাখ মাস। ঐরূপ বৃষরাশির প্রারম্ভ হইতে ঐ রাশির শেষপর্য্যন্ত রবির গমনে যে কাল অতীত হয়, তাহার নাম জ্যৈষ্ঠ মাস। ঐরূপই মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনুঃ, মকর, কুম্ভ ও মীন এই রাশিসকলের প্রত্যেকেরই আদিম ভাগ হইতে অন্তিম ভাগ পর্য্যন্ত গমন করিতে রবির যে সময় গত হয়, তাহাই যথাক্রমে আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন এবং চৈত্রমাস নামে অভিহিত। এই দ্বাদশমাসেই এক বৎসর হয়।

প্রাচীন লগ্নমানের রবিভুক্তি।

রাশিচক্র ৩৬০ অংশে বিভক্ত এবং প্রতি রাশিতে ৩০ অংশ আছে। রবি প্রত্যহ ঐ রাশিসকলের এক এক অংশ করিয়া গমন করেন, তাহাতেই ঐ ৩০ অংশ গমনে এক এক মাস হয়। মেষরাশির প্রাচীন লগ্নমান ৩ দণ্ড ৪৭ পল। ঐ ৩ দণ্ড ৪৭ পলকে ৩০ দিয়া ভাগ করিলে যে ভাগফল ৭ পল ৩৪ বিপল হয়, ইহাই ঐ লগ্নের রবির এক দিনের গতির কাল। ইহাকেই রবিভুক্তি কহে। কোন্ লগ্নের কত রবিভুক্তি, তাহা নিম্নে লিখিত হইল, এতদ্দৃষ্টে সহজে পরিজ্ঞাত হইতে পারিবেন।

প্রাচীন লগ্নমান।

মেষলগ্নমান ৩ দণ্ড ৪৭ পল ও দৈনিক ভুক্তি ৭ দণ্ড ৩৪ পল। এইরূপ বৃষলগ্নমান ৪।১৭; দৈনিক ভুক্তি ৮।৩৪; মিথুনলগ্নমান ৫।৬ ও দৈনিক ভুক্তি ১০।১২; কর্কট-

লগ্নমান ৫।৪০ ও দৈনিক ভুক্তি ১১।২০; সিংহলগ্নমান ৫।৪১ ও দৈনিক ভুক্তি ১১।২২; কন্যালগ্নমান ৫।২৯ ও দৈনিক ভুক্তি ১০।৫৮; তুলালগ্নমান ৫।২৯ ও দৈনিক ভুক্তি ১০।৫৮; বৃশ্চিকলগ্নমান ৫।৪১ ও দৈনিক ভুক্তি ১১।২২; ধনুর্লগ্নমান ৫।৪০ ও দৈনিক ভুক্তি ১১।২০; মকরলগ্নমান ৫।৬ ও দৈনিক ভুক্তি ১০।১২; কুম্ভলগ্নমান ৪।১৭ ও দৈনিক ভুক্তি ৮।৩৪ এবং মীনলগ্নমান ৩।৪৭ ও দৈনিক ভুক্তি ৭।৩৪।

অন্যান্যমতে রবিভুক্তিক্রম।

লগ্নদণ্ডপলং দ্বিঘ্নং তৎসংখ্যং ক্রমতঃ পলং।
বিপলঞ্চ রবের্ভোগামেবং কল্পনমস্তুভে ॥

যে লগ্নের রবিভুক্তি গণনা করিতে হইবে, সেই লগ্নকে দ্বিগুণ করিলে যত অঙ্ক হইবে, তত সংখ্যক পল ও 'বিপলই সেই লগ্নের এক দিনের রবিভুক্তি। অন্তলগ্নেরও এইরূপ নিয়ম। যথা—মেষলগ্নের মান ৩ দণ্ড ৪৭ পলকে দ্বিগুণ করিলে ৭।৩৪ হয়; এই ৭ পল ৩৪ বিপলই রবির দৈনিক ভুক্তি।

অন্যচ্চ।

লগ্নঞ্চ দ্বিগুণং কৃত্বা গণনীয়দিনৈর্গুণা।
ষষ্টিভাগেন দণ্ডশ্চ শেষশ্চ পলমুচ্যতে ॥

যে লগ্নের ভুক্তি গণনা করিতে হইবে, সেই লগ্নকে দ্বিগুণ করিয়া গুণফলকে গত দিনদ্বারা পূরণ করিবে, পূরিতাঙ্ককে ৬০ দ্বারা ভাগ করিলে ভাগলব্ধ ফলই দণ্ড এবং অবশিষ্ট ভাগই পল অর্থাৎ তাহাই রবিভুক্তি। যথা—মেষলগ্নের ১০ দিনের রবিভুক্তি জানিতে হইলে লগ্নমান ৩ দণ্ড ৪৭ পলকে দ্বিগুণ করিলে ৭।৩৪ হয়। ইহাকে ১০ দ্বারা গুণ করিলে ৭৫।৪০ হয়। পরে ঐ গুণফলকে ৬০ দ্বারা ভাগ করিলে ১ দণ্ড ভাগফল এবং অবশিষ্ট ১৫ পল ৪০ বিপল হয়, ইহাই ঐ মেষলগ্নের ১০ দিনের রবিভুক্তি।

অয়নাংশশোধিত লগ্নের দৈনিক ও মাসিক ভুক্তি।

		দৈনিক ভুক্তি	মাসিক ভুক্তি
		প, বি, অ,	দ, প, বি, অ,
১	মেষ—	৮।১৫।৩৮।২৪	৪। ৭।৪৯।১২। ০
২	বৃষ—	৯।৪২। ০।৪৩।১২	৪।৫১। ০।২১।৩৬
৩	মিথুন—	১০।৫৯।১১।৩১।১২	৫।২৯।৩৫।৪৫।৩৬
৪	কর্কট—	১১।২১।২১।১৬।৪৮	৫।৪০।৪১।৩৮।২৪

		দৈনিক ভুক্তি	মাসিক ভুক্তি
		পল, বি, অ,	দ, প, বি, অ,
৫	সিংহ—	১১। ৫। ২০। ৩৮। ২৪	৫। ৩২। ৪০। ১৯। ১২
৬	কন্যা—	১০। ৫৮	৫। ২৯
৭	তুলা—	১১। ১৪। ৩৯। ২১। ৩৬	৫। ৩৭। ১৯। ৪০। ৪৮
৮	বৃশ্চক—	১১। ২০। ৩৬। ৪৩। ১২	৫। ৪০। ১৮। ২১। ৩৬
৯	ধনুর—	১০। ৩২। ৪৮। ২৮। ৪৮	৫। ১৬। ২৪। ১৪। ২৪
১০	মকর—	৯। ৩। ১৯। ১৬। ৪৮	৪। ৩১। ৫৯। ৩৮। ২৪
১১	কুম্ভ—	৭। ৫২। ২১। ৩৬। ০	৩। ৫৬। ১০। ৪৮। ০
১২	মীন—	৭। ৩৪	৩। ৪৭

রবিভুক্তি কথিত হইল, এক্ষণে দ্বাদশ লগ্নের উদয়ের বিবরণ বিশেষরূপে প্রদর্শিত হইতেছে।

এক নাক্ষত্রিক অহোরাত্রমধ্যে দ্বাদশরাশির উদয় হয়। রাশির প্রথম অংশ উদয়াবধি তাহার অন্তিম অংশ পর্য্যন্ত উদয় হইতে যে কাল অতীত হয়, ঐ কালকেই সেই রাশির লগ্নমান কহে। ভিন্ন ভিন্ন রাশির ভিন্ন ভিন্ন লগ্নমান হইয়া থাকে, কারণ রাশিচক্রের বক্রতা জন্য ও রাশিগণের স্বীয় স্বীয় অবস্থানের বক্রতানুসারে উদয়ের কাল ভিন্ন ভিন্ন হয় এবং দেশভেদেও দর্শনের বক্রতা ও অবক্রতা হেতু লগ্নমানের ভেদ হইয়া থাকে। এক্ষণ যে যে মাসে যে যে লগ্নের উদয় হইয়া তৎপরে যে যে লগ্নের উদয় হয়, তাহা বলা যাইতেছে। বৈশাখ মাসের প্রথম দিন হইতে ঐ মাসের শেষ দিন পর্য্যন্ত সূর্য্যোদয়কালীন মেষলগ্নের উদয় হইয়া থাকে। ঐ রূপ জ্যৈষ্ঠ মাসে বৃষলগ্ন, আষাঢ় মাসে মিথুনলগ্ন, শ্রাবণ মাসে কর্কট-লগ্ন, ভাদ্র মাসে সিংহলগ্ন, আশ্বিন মাসে কন্যালগ্ন, কার্ত্তিক মাসে তুলালগ্ন, অগ্রহায়ণ মাসে বৃশ্চিকলগ্ন, পৌষ মাসে ধনুলগ্ন, মাঘ মাসে মকরলগ্ন, ফাল্গুন মাসে কুম্ভলগ্ন এবং চৈত্র মাসে মীনলগ্ন উদিত হইয়া থাকে। রবি যে লগ্নে উদিত হয়, তাহার সপ্তম লগ্নে অস্তমিত হয়।

অনেকেই বিবেচনা করিয়া থাকেন যে, রবির সপ্তম লগ্নে অস্ত হওয়াতে যে লগ্নে রবির উদয় হয়, সেই লগ্ন হইতে অতিক্রমে সপ্তম লগ্নে গমন করিয়া থাকেন, কিন্তু বাস্তবিক তাহা নহে, রবি যে লগ্নে উদিত হয়, সমস্ত মাসহ রবি সেই লগ্নে অবস্থান করেন এবং সেই লগ্নে থাকিয়াই পশ্চিমে অস্তমিত হন। সপ্তমে অস্তগমন করার অর্থ এই যে, অস্তকালে চক্রবালের পূর্ব্বদিকে যে লগ্নের উদয় হয়, সেই লগ্ন হইতে গণনা করিলে রবি যে লগ্নে থাকেন, তাহা সপ্তম হয়; এই জন্যই সপ্তম লগ্নে অস্তমিত হয়, ইহা কথিত হইয়া থাকে।

বৈশাখ মাসের প্রথম দিন হইতে শেষ দিন পর্য্যন্ত প্রত্যহ রবি মেষলগ্নে উদিত হয়, ঐ লগ্নের পর ক্রমে ক্রমে অহোরাত্রমধ্যে বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ ও মীনলগ্নের উদয় হইয়া থাকে। জ্যৈষ্ঠ মাসে প্রথমত বৃষলগ্ন, পরে ক্রমে ক্রমে মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন ও মেষলগ্নের উদয় হয়। আষাঢ় মাসে প্রথমতঃ মিথুনের উদয় হয়; পরে ক্রমে ক্রমে কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন, মেষ ও বৃষলগ্ন উদিত হইয়া থাকে। শ্রাবণ মাসে ঐরূপ অগ্রে কর্কট, তৎপরে সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন, মেষ, বৃষ ও মিথুনলগ্নের উদয় হয়। ভাদ্র মাসে অগ্রে সিংহলগ্ন, পশ্চাৎ পর পর সমস্ত লগ্নেরই উদয় হয়। ঐরূপ আশ্বিন মাসে প্রথমতঃ কন্যা, তৎপর বক্রী লগ্নসকলের উদয় হয়। কার্ত্তিক মাসে প্রথমতঃ তুলা, তৎপরে অবশিষ্ট এগারটী লগ্নই ক্রমে ক্রমে উদিত হয়। অগ্রহায়ণমাসেও ঐরূপ প্রথমে বৃশ্চিক লগ্ন, পশ্চাৎ পর্য্যায়ক্রমে দ্বাদশটী লগ্নেরই উদয় হইয়া থাকে। পৌষ মাসে ধনু হইতে বৃশ্চিকপর্য্যন্ত দ্বাদশটীলগ্নেরই ক্রমে ক্রমে উদয় হয়। মাঘ মাসে ঐরূপ মকরলগ্ন হইতে পর্য্যায়ক্রমে ধনুর্লগ্নপর্য্যন্ত সমস্ত লগ্নেরই উদয় হয়। ফাল্গুন মাসে কুম্ভ হইতে মকর পর্য্যন্ত এবং চৈত্র মাসে মীন হইতে ক্রমে ক্রমে মেষ পর্য্যন্ত দ্বাদশটী লগ্নই উদিত হইয়া থাকে।

সময়-নিরূপণ।

লগ্ননিরূপণ করিতে হইলে প্রথমতঃ জন্ম কিম্বা প্রশ্নসময়ের কাল নিরূপণ করিতে হয়। ঐ সময় যেরূপে নিরূপণ করিতে হইবে, তাহা প্রকটিত হইতেছে।

সময় নিরূপণ করিবার নিমিত্ত শঙ্কুচ্ছায়া পদচ্ছায়া ঘটীযন্ত্র প্রভৃতি নানাবিধ উপায় আছে। সেই সকলের মধ্যে যে কোন উপায় অবলম্বন করিয়া সময় নিরূপণ করিবে। শঙ্কুচ্ছায়া দ্বারা যেরূপে সময় নিরূপণ করিতে হয়, তাহা প্রদর্শিত হইতেছে।

অর্কাঙ্গুলা তু সূচ্যগ্রা কাষ্ঠী দ্ব্যঙ্গুলমূলিকা। শঙ্কুসংজ্ঞা ভবেচ্চৈব তচ্ছায়াং পরিকল্পয়েৎ ॥ মধ্যাহ্নহীনৈরাদিত্যযুক্তৈশ্ছায়াঙ্গুলৈর্হরেৎ ॥ ষট্‌পূরিতদিবা-দণ্ডং লব্ধং দণ্ডাদিকং ভবেৎ। পূর্ব্বাহ্নচ্ছায়য়াতীতং পরাহ্নচ্ছায়য়ৈষ্যকম্ ॥ শূন্যৈকরামবাণেভদিশো রুদ্রাঃ ০।১।৩।৫।৮।১০।১১ ক্রমোৎক্রমৈঃ। আষাঢ়া-দিষু মাসেষু ছায়া মধ্যাহ্নিকী মতা ॥ অয়নাংশক্রমাসান্তে বৃৎক্রমেণো-দিতো বুধৈঃ। সংখ্যোক্তান্যদিনে ভাগহারৈর্দ্ধীভরে তথা ॥

দ্বাদশাঙ্গুলপরিমিত কাষ্ঠীর মূলদেশ দুই অঙ্গুলি স্থূল করিয়া অগ্রভাগ ক্রমশ সূচীর ন্যায় সূক্ষ্ম করিতে হইবে; ইহার নাম শঙ্কু। ইহার ছায়াদ্বারা সময় নিরূপণ করিতে

হয়। এই শঙ্কুর ছায়া যত অঙ্গুলি-পরিমিত হইবে, তাহা হইতে সেই দিবসের মধ্যাহ্নিক শঙ্কুচ্ছায়া বিয়োগ করিয়া তাহাতে দ্বাদশ যোগ করিয়া ঐ অঙ্ক হারকাঙ্ক স্বরূপ স্থাপন করিবে। পরে দিবাদণ্ডকে ৬ ছয় দ্বারা গুণ করিয়া উক্ত হারকাঙ্ক দ্বারা বিভক্ত করিলে যাহা লব্ধ হইবে, তাহাই দণ্ডপলাদি; যদি পূর্ব্বাহ্নে সময় নিরূপণ করিতে হয়, তাহা হইলে ঐ লব্ধ দণ্ডাদি সূর্য্যোদয়কাল হইতে অতীত হইয়াছে, অর্থাৎ তখন তত দণ্ড তত পল বেলা হইয়াছে, বিবেচনা করিবে। যদি অপরাহ্নে সময়-নিরূপণ করিতে হয়, তাহা হইলে ঐ লব্ধ দণ্ডাদি দিবসের অবশিষ্ট আছে অর্থাৎ তখন তত বেলা আছে, বিবেচনা করিবে।

আষাঢ় মাসের মাধ্যাহ্নিকচ্ছায়া ০, শ্রাবণ মাসের মধ্যাহ্নচ্ছায়া ১, ভাদ্র মাসের মধ্যাহ্নচ্ছায়া ৩, আশ্বিন মাসের ৫, কার্ত্তিক মাসের ৮, অগ্রহায়ণ মাসের ১০, পৌষ মাসের ১১, মাঘ মাসের ১০, ফাল্গুন মাসের ৮, চৈত্র মাসের ৫, বৈশাখ মাসের ৩, জ্যৈষ্ঠ মাসের ১, মাধ্যাহ্নিক শঙ্কুচ্ছায়া হইবে।

যে সমস্ত মধ্যাহ্নচ্ছায়া উক্ত হইল; ইহা অয়নাংশজনিত মাসের শেষ দিবসে অর্থাৎ শেষ সংক্রান্তি দিবসে ধরিতে হইবে। যে দিবস সূর্য্য এক রাশি হইতে অন্য রাশিতে গমন করেন, সেই দিনকেই সংক্রান্তি বলা যায়। এক্ষণে প্রতি মাসের নবম দিবসে অয়নসংক্রান্তি হইতেছে, পূর্ব্বে যে সমুদায় সংক্রান্তিদিবসীয় মাধ্যাহ্নিক ছায়া নিরূপিত হইয়াছে, তাহা এই সংক্রান্তিতে অর্থাৎ এক্ষণকার প্রত্যেক মাসের নবম দিবসেই ঘটিবে। অধুনাতন প্রচলিত পঞ্জিকায় যে দিবস সংক্রান্তি ব্যবহৃত হইতেছে, সে দিবস সংক্রান্তি ধরিলে গণনার ব্যতিক্রম হইবে, কারণ সে দিবস বস্তুতঃ সূর্য্যের অন্য রাশিতে সংক্রমণ হয় না। এক্ষণকার প্রতি মাসের নবম দিবসেই রবির সংক্রমণ হইতেছে।

এই সংক্রান্তি দিবস ব্যতীত অন্য দিবসে সময় নিরূপণ করিতে হইলে মাসের পূর্ব্ব-সংক্রান্তি ও পরসংক্রান্তি-দিবসীয় মাধ্যাহ্নিক ছায়া অবলম্বন করিয়া অনুপাত দ্বারা মধ্য-বর্ত্তী দিনগণের মধ্যাহ্নচ্ছায়া নিরূপণ করিবে, অথবা পূর্ব্বসংক্রান্তি ও পরসংক্রান্তির মধ্যাহ্নচ্ছায়ার পরস্পর বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে সেই মাসের দিনসংখ্যা দ্বারা অর্থাৎ সংক্রান্তিদ্বয়ের মধ্যবর্ত্তী দিবসসংখ্যা দ্বারা বিভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যথাযথ প্রাত্যহিক বৃদ্ধি বা হ্রাস ধরিয়া যে দিবসে সময়-নিরূপণ করিতে হইবে, পূর্ব্বসংক্রান্তি হইতে গণনা করিয়া সেই দিবসের সংখ্যা যত হয়, তাহাকে গুণ করিলেই তদ্দিবসীয় মাধ্যাহ্নিক ছায়ার বৃদ্ধি বা হ্রাস জানিবে। উহার সহিত পূর্ব্ব-সংক্রান্তির ছায়া যথাযথ যোগ বা বিয়োগ করিলে তদ্দিবসীয় মধ্যাহ্নচ্ছায়ার পরিমাণ আসিবে।

যথা—১৪ ই ভাদ্র মধ্যাহ্নে দ্বাদশ অঙ্গুলি শঙ্কুর ছায়া কত হইবে ?

৯ই ভাদ্র, ভাদ্রমাসের শেষ সংক্রান্তি। ঐ দিবসের মধ্যাহ্নচ্ছায়া ৩ অঙ্গুলি। ৯ই আশ্বিন, আশ্বিন মাসের অন্ত্যসংক্রান্তি। ঐ দিবসের মধ্যাহ্নচ্ছায়া ৫ অঙ্গুলি। উভয়ের অন্তর ২। ইহাকে দিনসংখ্যা ৩০ দ্বারা বিভাগ করিলে $\frac{১}{১৫}$ অঙ্গুলি বা ৪ ব্যঙ্গুল। ইহা প্রাত্যহিক বৃদ্ধি। ইহাকে মাসের অতীত দিন ৫ দ্বারা গুণ করিলে ২০ ব্যঙ্গুল হয়, সুতরাং ১৪ই ভাদ্রের মধ্যাহ্নচ্ছায়া ৩।২০ তিন অঙ্গুলি কুড়ি ব্যঙ্গুল হইবে।

পচ্ছায়াং দ্বিগুণীকৃত্য চতুর্দ্দশসমন্বিতাং।
পক্ষগ্রহকরাদ্ ভাগলব্ধং দণ্ডাদিকং ভবেৎ ॥

যে সময়ের লগ্ন নিরূপণ করিতে হইবে, সেই সময়ে রৌদ্রে দণ্ডায়মান হইলে নিজের পদচ্ছায়া যত পদ-পরিমিত হইবে, সেই সংখ্যাকে দ্বিগুণ করিয়া গুণফলের সহিত ১৪ চতুর্দ্দশ যোগ দিবে। পরে ঐ যোগজাঙ্ক দ্বারা ২৯২ দুই শত বিরানব্বইকে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, পূর্ব্বাহ্ণকালে তত দণ্ডাদি বেলা হইয়াছে জানিবে এবং অপরাহ্নসময়ে তত দণ্ড বেলা আছে জানিতে হইবে, অর্থাৎ অপরাহ্নকালে তত দণ্ড পরে সূর্য্য অস্তমিত হইবে।

সূর্য্যের উদয়কাল অবধি অস্তকালের মধ্যে কোন বালক বা বালিকার জন্ম হইলে তাহাদের জন্মলগ্ন নিরূপণ করিবার নিমিত্ত শঙ্কুচ্ছায়া ও পাদচ্ছায়া প্রভৃতি অনেক উপায় অবধারিত আছে এবং ঐ সমস্ত উপায় অবলম্বন করিয়া দিবসেই লগ্ননিরূপণ হয়; কিন্তু রাত্রিকালে লগ্ননিরূপণ করিবার ঐরূপ কোন উপায় নাই, কেবলমাত্র কতকগুলি নক্ষত্র দর্শন করিয়া তাহাদের গতি অনুসারে রাত্রিলগ্ন নিরূপিত হইয়া থাকে এবং কোন্ কোন্ নক্ষত্র দ্বারা কোন্ লগ্ন কিরূপে নিরূপিত হয়, তাহা কবিকুলতিলক মহাত্মা কালিদাস্ স্বীয় গ্রন্থ মধ্যে যেরূপ প্রকাশ করিয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল।

জ্যোতির্ব্বিদাভরণমতে রাত্রিলগ্ন নিরূপণম্।

তারকাত্রয়মিতে শরাকৃতৌ কেশবে গগনমধ্যবর্ত্তিনি।
মত্তবারণগতেঽজলগ্নতো নির্য্যযুর্গজমহীধ্রলিপ্তিকাঃ ॥ ১ ॥

যৎকালে আকাশমণ্ডলের মধ্যবর্ত্তী তিনটি তারাসম্বলিত বাণের ন্যায় আকৃতিবিশিষ্ট শ্রবণা নক্ষত্র মস্তকের উপরিভাগে প্রকাশ পাইবে, তখন মেষলগ্নের একদণ্ড আঠার পল মাত্র গত হইবে। অর্থাৎ রাত্রিমাণ এই হইবে যে, ইহার পূর্ব্ব লগ্ন মীন গত হইয়া এক্ষণে মেষলগ্নের উপরি উক্ত ভাগমাত্র অতীত হইয়াছে। ১।

মস্তকোপরি সমাগতে ধনে মর্দ্দলাকৃতিনি পঞ্চতারকে।
যান্তি কান্তিমতি মেষলগ্নতঃ সারসাক্ষি রসযুগ্মলিপ্তিকাঃ॥ ২॥

পঞ্চসংখ্যক তারাসম্বলিত মর্দ্দলের ন্যায় আকৃতিবিশিষ্ট ধনিষ্ঠা নক্ষত্র গগনমণ্ডলে মস্তকের উপরিভাগে প্রকাশ পাইলে, মেষলগ্নের দুই দণ্ড ছত্রিশ পলমাত্র অতীত হইবে। ২।

মণ্ডলাভশততারকাকুলে মধ্যভাজি নভসঃ প্রচেতসি।
বাণশৈলধরণীমিতাঃ কলাঃ শাবদেন্দুমুখি তাবুরের্যযুঃ॥ ৩॥

এক শত তারকাসম্বলিত মণ্ডলাকার শতভিষা নক্ষত্র যখন নভোমণ্ডলে উদিত হইয়া মস্তকের উপরিভাগে অবস্থিতি করিবে, তৎকালে বৃষলগ্নের দুই দণ্ড পঞ্চান্ন পলমাত্র গত হইয়াছে, ইহা বোধ করিতে হইবে। ৩।

ভারমূর্ত্তিভূতি কোপরিস্থিতে পূর্ব্বভাদ্রপদভে দ্বিতারকে।
লিপ্তিকাঃ করিকরাক্ষিসম্মিতা নিঃসরন্তি বৃষভোদয়াৎ প্রিয়ে॥ ৪॥

যখন দুইটি তারাসংঘটিত ভারের ন্যায় আকৃতিবিশিষ্ট পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র আকাশে মস্তকের উপরিভাগে উদিত হইবে, তখন বৃষলগ্নের তিন দণ্ড আটচল্লিশ পল অতীত হইয়াছে বোধ করিতে হইবে। ৪।

উত্তরে সুমুখি ভারমূর্ত্তিভূত্যুত্তমাঙ্গমিলিতে দ্বিতারকে।
নীলচামরকচে নৃযুগ্মতো লোচনাচলকলাঃ পলায়িতাঃ॥ ৫॥

মস্তকসদৃশ দুইটি তারা-সম্বলিত ভারাকৃতি উত্তরভাদ্রপদ নক্ষত্র যদি আকাশমার্গে মস্তকের উপর স্থিতি করে, তবে মিথুনলগ্নের এক দণ্ড বার পল গত হইয়াছে বোধ করিতে হইবে। ৫।

দন্তসংখ্যভগণে ঝষাকৃতাবন্ত্যভে লসদনন্তমধ্যগে।
কোমলাঙ্গি জিতুমোদয়াত্তদা কালখানলকলাঃ প্রিয়েঽচলন্॥ ৬॥

যদি বত্রিশটি তারকাসম্বলিত মীনের ন্যায় আকৃতিবিশিষ্ট রেবতী নক্ষত্র গগনে উদিত হইয়া মস্তকের উপরিভাগে স্থিতি করে, তাহা হইলে, মিথুনলগ্নের পাঁচদণ্ড ছয় পলমাত্র অতীত হইয়াছে বোধ করিতে হইবে। ৬।

ভজি ঘোটকমুখাকৃতি ত্রিতে মস্তকোর্দ্ধপথভাজি বাজিনি।
চারুচন্দ্রমুখি কর্কটোদয়াৎ নির্গতা গগননন্দলিপ্তিকাঃ॥ ৭॥

তিনটি তারকাসংঘটিত ঘোটকের মুখ তুল্য আকৃতিবিশিষ্ট অশ্বিনী নক্ষত্র আকাশ-

পথে মস্তকের উপরিভাগ আশ্রয় করিলে, কর্কটলগ্নের এক দণ্ড ত্রিশপলমাত্র অতীত হইয়াছে বোধ করিতে হইবে। ৭।

তারকাত্রয়যুতে ত্রিকোণকে মধ্যগে দিবিষদধ্বনো যমে।
পঙ্কজাক্ষি মিলিতাঃ কুলীরতঃ শায়কাক্ষিভুজসংখ্যলিপ্তিকাঃ ॥ ৮ ॥

তিনটি তারকাসম্বলিত ত্রিকোণাকৃতি ভরণীনক্ষত্র মস্তকের উপর অবস্থিতি করিলে, কর্কটলগ্নের তিন দণ্ড পঁয়তাল্লিশ পল গত হইয়াছে বোধ করিতে হইবে। ৮।

হব্যবাহনশিখাকৃতৌ স্থিতে মস্তকোপরি ষড়ৃক্ষকেঽনলে।
সিন্ধুসিন্ধুরমিতাঃ কলা গতাঃ কুন্দদন্তি মৃগনায়কোদয়াৎ ॥ ৯ ॥

ছয়টি তারকাসম্বলিত অগ্নিশিখার ন্যায় জলনবিশিষ্ট কৃত্তিকানক্ষত্র মস্তকের উপরি-দেশ আশ্রয় করিলে, সিংহলগ্নের এক দণ্ড চব্বিশপলমাত্র অতীত হইয়া থাকে। ৯।

কম্বুকণ্ঠি শকটাকৃতৌ নভোমধ্যমাগতবতি প্রজাপতৌ।
পঞ্চভে গজকুপক্ষলিপ্তিকা নিঃসৃতাঃ সুমুখি সিংহলগ্নতঃ ॥ ১০ ॥

পাঁচটিমাত্র তারকাসংঘটিত শকটের সমান আকারবিশিষ্ট রোহিণীনক্ষত্র আকাশপথে মস্তকের উপর প্রকাশিত হইলে, সিংহ লগ্নের তিন দণ্ড আটত্রিশ পল অতীত হইয়াছে জানিতে হইবে। ১০।

মূষিকাশনপদাকৃতৌ বিধৌ ব্যোমমধ্যমিলিতে ত্রিতারকে।
শারদেন্দুমুখি কন্যকোদয়াদীক্ষণানলকলাঃ কলাবতি ॥ ১১ ॥

তিনটি তারাসংঘটিত বিড়ালচরণের ন্যায় আকৃতিবিশিষ্ট মৃগশিরা নক্ষত্র গগনে মস্তকের উপর সমাগত হইলে, কন্যালগ্নের বত্রিশপলমাত্র অতীত হয়। ১১।

উজ্জ্বলৈকশতপত্রসুন্দরে শূলিনি ত্রিদশবর্ত্মমধ্যগে।
নির্গতাঃ খচরযন্ত্রলিপ্তিকাঃ পূর্ণচন্দ্রমুখি কন্যলগ্নতঃ ॥ ১২ ॥

অত্যুজ্জ্বল একটি তারকাকার আর্দ্রানক্ষত্র যদি মস্তকের উপরে দৃষ্ট হয়, তবে কন্যা-লগ্নের দুই দণ্ড উনচল্লিশ পল গত হয়। ১২।

মধ্যবর্ত্তিনি শরাসনাকৃতিস্বম্বরস্য সুরমাতৃভে গতাঃ।
লিপ্তিকাঃ সুমুখি পঞ্চতারকে পক্ষপাবকমিতা ঘটোদয়াৎ ॥ ১৩ ॥

পাঁচটি তারকাসম্বলিত ধনুকের ন্যায় আকৃতিবিশিষ্ট পুনর্ব্বসু নক্ষত্র গগনমার্গে উদিত হইয়া মস্তকের উপরে প্রকাশ পাইলে, তুলালগ্নের বত্রিশপলমাত্র অতীত হইয়াছে জ্ঞান করিতে হইবে। ১৩।

রাসপীঠকঠিনীরজঃপ্রভে মধ্যমৃচ্ছতি বিহায়সো গুরৌ।
তৌলিনঃ পৃষতসারলোচনে লোচনাদ্রিকুমিতা গতাঃ কলাঃ ॥ ১৪ ॥

যদি শুভ্রবর্ণ একটি তারকাকার পুষ্যানক্ষত্র মস্তকের উপরিভাগে উদিত হয়, তবে তুলালগ্নের দুই দণ্ড বায়ান্ন পল গত হইয়া থাকে। ১৪।

মৌলিগে ভুজগভে শ্বপুচ্ছবদ্ভঙ্গুরাকৃতিনি পঞ্চতারকে।
নারকেলিরসিকে তুলোদয়াদত্যয়ুর্জ্জলধিখাক্ষিলিপ্তিকাঃ ॥ ১৫ ॥

পঞ্চসংখ্যক তারকাঘটিত কুক্কুরপুচ্ছের ন্যায় বক্রাকৃতিবিশিষ্ট অশ্লেষানক্ষত্র যদি গগনে মস্তকের উপর দৃষ্ট হয়, তবে তুলালগ্নের তিন দণ্ড চব্বিশপল অতীত হইয়া থাকে। ১৫।

লাঙ্গলাকৃতিনি পঞ্চতারকে চারুকেশি পিতৃভে শিরোগতে।
নীলনীরজবিনিদ্রলোচনে বৃশ্চিকাদ্বিগলিতং কলাশতং ॥ ১৬ ॥

পাঁচটি তারকাসম্বলিত লাঙ্গলের ন্যায় আকৃতিবিশিষ্ট মঘানক্ষত্র শূন্যমার্গে উদিত হইয়া মস্তকের উপরিদেশে প্রকাশ পাইলে, বৃশ্চিকলগ্নের এক দণ্ড চব্বিশ পল অতীত হইয়াছে বোধ করিতে হইবে। ১৬।

দক্ষিণোত্তরগতে দ্বিতারকে যোনিভে মিলতি মস্তকোপরি।
কীটতঃ স্ফুটসরোরুহাননে নিঃসৃতা গজরসাক্ষিলিপ্তিকাঃ ॥ ১৭ ॥

দক্ষিণ ও উত্তরদিক্‌বর্ত্তী দুইটী তারকাপরিমিত পূর্ব্বফল্গুনী নক্ষত্র মস্তকের উপর প্রকাশিত হইলে, বৃশ্চিকলগ্নের চার দণ্ড আটাশ পল অতীত হইয়া থাকে। ২৭।

অর্য্যমণ্যমরবর্ত্মমধ্যগে সৌম্যযাম্যমিলিতে দ্বিতারকে।
চাপতশ্চপললোচনাঞ্চলে কালপাবকমিতাঃ কলা গতাঃ ॥ ১৮ ॥

দক্ষিণ ও উত্তরদিক্‌বর্ত্তী দুইটিমাত্র নক্ষত্রবিশিষ্ট উত্তরফল্গুনী নক্ষত্র মস্তকের উপরে দৃষ্ট হইলে, ধনু লগ্নের ছত্রিশ পল গত হইয়া থাকে। ১৮।

মস্তকোপরি করাকৃতৌ করে তিষ্ঠতীন্দুমুখি বাণতারকে।
লিপ্তিকাঃ শরকুপক্ষসংখ্যকাঃ শায়কাসনবিলগ্নতো গতাঃ ॥ ১৯ ॥

পাঁচটি তারকাপরিমিত হস্তের সদৃশ অকৃতিবিশিষ্ট হস্তানক্ষত্র যখন মস্তকের উপরিভাগে সমুদিত হয়, তখন ধনুর্লগ্নের তিন দণ্ড পঁয়ত্রিশ পল বিগত হইয়া থাকে। ১৯।

একমৌক্তিকসমুজ্জ্বলপ্রভে ত্বষ্টরীন্দুবদনে খমধ্যগে।
আদিতো মৃগবিলগ্নমাদিশত্যুল্লসন্মদনবাণলোচনে ॥ ২০ ॥

মুক্তার ন্যায় সমুজ্জ্বল একটি তারা যাহা চিত্রানক্ষত্র বলিয়া বিখ্যাত, যদি ঐ নক্ষত্র মস্তকের উপরে দেখা যায়, তবে মকর লগ্নের প্রকাশমাত্র হয়। ২০।

কুঙ্কুমারুণতরৈকতারকে বায়ুভে সুদতি মধ্যমাগতে।
শায়কাম্বরচরাধরাঃ কলাশ্চঞ্চলাক্ষি বিষযুগ্মগোদয়াৎ ॥ ২১ ॥

কুঙ্কুমের ন্যায় অরুণবর্ণ তারা যাহা স্বাতিনক্ষত্র বলিয়া প্রসিদ্ধ, যদি উহা মস্তকের উপরিভাগে প্রকাশ পায়, তবে মকরলগ্নের তিন দণ্ড পোনের পল গত হইয়া থাকে।২১।

তোরণাকৃতিনি পঞ্চতারকে তারকেশবদনে বিশাখভে।
তাস্ব যান্তি বিবুধাধ্বমধ্যগে কুম্ভতো রসভুজাঃ কলাঃ প্রিয়ে ॥ ২২ ॥

পাঁচটি সংখ্যক তারকাসম্বলিত তোরণের ন্যায় আকৃতিবিশিষ্ট বিশাখা নক্ষত্র আকাশে মস্তকের উপর দৃষ্ট হইলে, কুম্ভলগ্নের ছাব্বিশ পলমাত্র অতীত হয়। ২২।

পন্নগাকৃতিনি সপ্ততারকে মিত্রভে সুদতি মধ্যগে দিবি।
বহ্নিবাহুপৃথিবীমিতাঃ কলা নির্গতা ঘটকুচে ঘটোদয়াৎ ॥ ২৩ ॥

সাতটি তারকাসংঘটিত সর্পের ন্যায় আকৃতিবিশিষ্ট অনুরাধা নক্ষত্র মস্তকের উপর উদিত হইলে, কুম্ভলগ্নের দুই দণ্ড তিনপল অতীত হইবে। ২৩।

তস্মিং কোলরদনাকৃতৌ ত্রিভে বাসবে বসতি মস্তকোপরি।
কালবাণবসুধাকলাশ্চলৎখঞ্জনাক্ষি কলসোদয়াদ্ যযুঃ ॥ ২৪ ॥

তিনটি তারকাসম্বলিত শূকরদন্তের সদৃশ আকৃতিবিশিষ্ট জ্যেষ্ঠা নক্ষত্র মস্তকের উপর উদিত হইলে, কুম্ভলগ্নের দুই দণ্ড ছত্রিশ পল গত হইয়া থাকে। ২৪।

মৌলিভাজি নবতারকাঙ্কিতে মূলভে সুদতি শঙ্খমূর্ত্তিনি।
লিপ্তিকাষ্টকমরালকুন্তলে নির্জ্জগাম পৃথুরোমলগ্নতঃ ॥ ২৫ ॥

নয়টি তারকাসংঘটিত শঙ্খের ন্যায় আকৃতিবিশিষ্ট মূলানক্ষত্র মস্তকের ঊর্দ্ধে প্রকাশ পাইবামাত্র মীনলগ্নের আটপলমাত্র অতীত হয়। ২৫।

শূর্পমূর্ত্তিনি শিরোগতে চতুস্তারকে করিকরোরু তোয়ভে।
অস্ত্যভাদম্বুজবাণি নির্গতাঃ খেচরাম্বরশশাঙ্কলিপ্তিকাঃ ॥ ২৬ ॥

চারিটি তারকাসম্বলিত শূর্পের ন্যায় আকৃতিবিশিষ্ট পূর্ব্বাষাঢ়া নক্ষত্র গগনমার্গে মস্তকের উপর বিরাজিত হইলে, মীনলগ্নের এক দণ্ড উনপঞ্চাশৎ পল বিগত হয়। ২৬।

শীর্ষভাজি ভচতুষ্টয়াঙ্কিতে বিশ্বভে তরুণি শূর্পকাকৃতৌ।
ভ্রূতিরস্কৃতমনোজকার্ম্মুকে যান্তি কালশরচন্দ্রলিপ্তিকা (ঝষাৎ) ॥২৭॥

চারিটিমাত্র তারাসংঘটিত শূর্পসমান আকৃতিবিশিষ্ট উত্তরাষাঢ়া নক্ষত্র আকাশপথে মস্তকের উপর উদিত হইলে, মীনলগ্নের দুই দণ্ড ছত্রিশপল অতীত হইবে। ২৭।

রাত্রিকালে নক্ষত্রগণ শ্রবণাদি ক্রমে মস্তকের উপর উদিত হইলে যে লগ্নের যত দণ্ড ভুক্ত হয় তাহার চক্র।

তারার সংখ্যা	আকার	নক্ষত্রের নাম	উদয় লগ্নের নাম	উদয় লগ্নের ভুক্ত দণ্ড	পল
৩	বাণ	শ্রবণা	মেষ	১	১৮
৫	মাদল	ধনিষ্ঠা	মেষ	২	৩৬
১০০	মণ্ডলাকার	শতভিষা	বৃষ	২	৫৫
২	ভারের ন্যায়	পূর্ব্বভাদ্রপদ	বৃষ	৩	৪৮
২	দুই মস্তকের ন্যায়	উত্তর ভাদ্রপদ	মিথুন	১	১২
৩২	মৎস্য	রেবতী	মিথুন	৫	৬
৩	অশ্ব	অশ্বিনী	কর্কট	১	৩০
৩	ত্রিকোণ	ভরণী	কর্কট	৩	৪৫
৬	অগ্নিশিখার ন্যায়	কৃত্তিকা	সিংহ	১	২৪
৫	শকট	রোহিণী	সিংহ	৩	৩৮
৩	বিড়ালপদ	মৃগশিরা	কন্যা	০	৩২
১	উজ্জ্বল	আর্দ্রা	কন্যা	২	৩৯
৫	ধনুক	পুনর্ব্বসু	তুলা	০	৩২
১	মাণিক্য বর্ণ	পুষ্যা	তুলা	২	৫২
৫	কক্কুরপুচ্ছ	অশ্লেষা	তুলা	৩	২৪
৫	লাঙ্গলের মত	মঘা	বৃশ্চিক	১	৪০
২	দক্ষিণ উত্তরদিক্	পূর্ব্বফল্গুনী	বৃশ্চিক	৪	২৮
২	দক্ষিণ উত্তর দিক্	উত্তরফল্গুনী	ধনু	০	৩৬
৫	হস্তের ন্যায়	হস্তা	ধনু	৩	৩৫
১	মুক্তার ন্যায় উজ্জ্বল	চিত্রা	মকর	০	০
১	কুঙ্কুমের বর্ণ	স্বাতি	মকর	৩	১৫
৫	তোরণ	বিশাখা	কুম্ভ	০	২৬
৭	সর্পের ন্যায়	অনুরাধা	কুম্ভ	২	৩
৩	শূকর দন্ত	জ্যেষ্ঠা	কুম্ভ	২	৩৬
৯	শঙ্খের ন্যায়	মূলা	মীন	০	৮
৪	স্থূর্প অর্থাৎ কুলা	পূর্ব্বাষাঢ়া	মীন	১	৪৯
ঐ	ঐ	উত্তরাষাঢ়া	মীন	২	৩৬

যেরূপে দিবা ও রজনীযোগে সময় নিরূপণ পূর্ব্বক লগ্ননির্ণয় করা যায়, তাহা কথিত হইল। এইক্ষণ স্বরোদয়শাস্ত্রের মতানুসারে যেরূপে অভেদে দিবারাত্রির সময় নিরূপণ পূর্ব্বক লগ্ন নিরূপিত হইয়া থাকে, তাহাই বিবৃত হইতেছে।—

মানবদেহে যতপ্রকার নাড়ী বিদ্যমান আছে, তন্মধ্যে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না এই তিনটীই সর্ব্বপ্রধান। মেরুদণ্ডের বাহ্য প্রদেশের বামদিকে ইড়া, দক্ষিণে পিঙ্গলা এবং মধ্যদেশে (মেরুদণ্ডের মধ্যভাগে) সুষুম্না অবস্থিত। এই নাড়ীত্রয় দ্বারাই শ্বাসপ্রশ্বাসের কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে। ঐ শ্বাসপ্রশ্বাস জোয়ার ভাটার ন্যায় চন্দ্র সূর্য্যের আকর্ষণে ও তিথি অনুসারে যথানিয়মে ইড়া অর্থাৎ বাম নাসাপুট, পিঙ্গলা অর্থাৎ দক্ষিণ নাসাপুট মধ্যে প্রথমত সূর্য্যোদয়কালে উদিত হইয়া এক এক নাসিকায় আড়াই দণ্ড কাল করিয়া স্থিত হয়; সুতরাং দিবারাত্রিতে ৬০ ষষ্টিদণ্ডের মধ্যে উভয় নাসিকায় চব্বিশবার সংক্রমণ হইয়া থাকে। ঐ আড়াই দণ্ড কাল যখন কোন নাসিকার মধ্যে শ্বাসপ্রশ্বাস বহন হয়, তৎকালে পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, আকাশ এই পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে। এইক্ষণ শুক্ল ও কৃষ্ণপক্ষ ভেদে কোন্ কোন্ তিথিতে সূর্য্যোদয়ের সহিত সর্ব্বাগ্রে কোন্ কোন্ নাসিকায় শ্বাসের উদয় হয়, কিরূপে পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে এবং পঞ্চতত্ত্বের লক্ষণই বা কিরূপ তাহা কথিত হইতেছে।

আদৌ চন্দ্রঃ সিতে পক্ষে ভাস্করস্তু সিতেতরে। প্রতিপত্তো দিনান্যাহুঃ ত্রীণি ত্রীণি ক্রমোদয়ে॥ সার্দ্ধদ্বিঘটিকা জ্ঞেয়া শুক্লে কৃষ্ণে শশী রবিঃ। বহত্যেকদিনেনৈব যথাষষ্টিঘটিক্রমাৎ॥ বহেত্তাবান্ ঘটীমধ্যে পঞ্চতত্ত্বানি নির্দ্দিশেৎ॥

শুক্লপক্ষে চন্দ্রনাড়ী অর্থাৎ বামনাসিকাশ্বাস ও কৃষ্ণপক্ষে সূর্য্যনাড়ী অর্থাৎ দক্ষিণ নাসিকাশ্বাস প্রতিপৎ অবধি তিন তিন দিন করিয়া ক্রমে ক্রমে উদিত হয়। সমস্ত অহোরাত্রে ষষ্টিদণ্ডে শুক্লপক্ষে চন্দ্রনাড়ী ও কৃষ্ণপক্ষে সূর্য্যনাড়ী আড়াইদণ্ড করিয়া ক্রমে উদিত হইয়া থাকে। এইরূপ পৃথ্বী, জল, অগ্নি, বায়ু আকাশ এই পাঁচ তত্ত্ব সমস্ত দিবারাত্রে ষষ্টিদণ্ডমধ্যে প্রতি আড়াই দণ্ডে এক এক নাসিকায় উদিত থাকে।

স্পষ্টার্থ—শুক্লপক্ষের প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, অষ্টমী, নবমী, ত্রয়োদশী, চতুর্দ্দশী ও পূর্ণিমা তিথিতে আর কৃষ্ণপক্ষের চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, দশমী, একাদশী ও দ্বাদশী তিথিতে সূর্য্যোদয়কালে প্রথমে ইড়া অর্থাৎ বামনাসাপুটে বায়ুবহন আরম্ভ হইয়া আড়াই দণ্ড স্থিতি করে, তৎপরে পিঙ্গলা অর্থাৎ দক্ষিণ নাসাপুটে বায়ুবহন আরম্ভ হইয়া বেলা পাঁচ দণ্ড পর্য্যন্ত স্থিত হয়। তদনন্তর ঐরূপ পর্য্যায়ক্রমে বাম ও দক্ষিণ নাসাপুটের মধ্যে শ্বাস বহন হইয়া থাকে। এইরূপে উভয় নাসিকায় চব্বিশবার সংক্রমণে ৬০ দণ্ড অর্থাৎ

২৪ ঘণ্টা ভোগ হইয়া থাকে। ঐরূপ কৃষ্ণপক্ষের প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, সপ্তমী, অষ্টমী, নবমী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবাস্যা এবং শুক্লপক্ষের চতুর্থী পঞ্চমী, ষষ্ঠী, দশমী, একাদশী ও দ্বাদশী তিথিতে সূর্য্যোদয়কালে প্রথমতঃ দক্ষিণ নাসাপুটে শ্বাস বহন আরম্ভ হইয়া আড়াই দণ্ড কাল স্থিতি করে; তৎপরে বামনাসিকায় শ্বাস বহন আরম্ভ হইয়া বেলা ৫ দণ্ড পর্য্যন্ত স্থিত হয়, তদনন্তর ঐরূপ পর্য্যায়ক্রমে দক্ষিণ ও বাম নাসাপুটে শ্বাস বহন হইয়া থাকে। এই প্রকারে এক এক নাসিকাপুটমধ্যে দ্বাদশবার করিয়া উভয় নাসিকায় ৬০ দণ্ড মধ্যে ২৪ বার সংক্রমণ হয়। মানবদেহে ২৪ ঘণ্টামধ্যে নিশ্বাস-প্রশ্বাসের ঐরূপ ২৪ বার সংক্রমণ দৃষ্টেই ঘড়ীর সৃষ্টি হইয়াছে।

দণ্ডনিরূপণ কথিত হইল। এইক্ষণ পলগণনার প্রণালী বিবৃত হইতেছে।—এক নাসিকায় আড়াই দণ্ড করিয়া শ্বাসের উদয় হয় এবং ঐ আড়াই দণ্ডের মধ্যেই পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, আকাশ এই পঞ্চতত্ত্বের উদয় হইয়া থাকে। তন্মধ্যে পৃথ্বীতত্ত্ব ৫০ পল, (২০ মিনিট) জলতত্ত্ব ৪০ পল, (১৬ মিনিট) অগ্নিতত্ত্ব ৩০ পল, (১২ মিনিট) বায়ুতত্ত্ব ২০ পল, (৮ মিনিট) এবং আকাশতত্ত্ব ১০ পল (৪ মিনিট) অবস্থিত থাকে। এই সংক্রমণ দ্বারা যোগী ও স্বরসাধকগণ দিবারাত্রি মধ্যে সময় নিরূপণ পূর্ব্বক সহজে লগ্ন-নির্ণয় করিয়া থাকেন। যেরূপে ঐ পঞ্চতত্ত্ব পরিজ্ঞাত হওয়া যায়, তাহা নিম্নে কথিত হইতেছে।

মধ্যে পৃথ্বী হ্যধশ্চাপশ্চোর্দ্ধং বহতি চানলঃ। তির্য্যগ্ বায়ুপ্রচারশ্চ নভো বহতি সংক্রমে॥ অষ্টাঙ্গুলং বহেদ্বায়ুরনলশ্চতুরঙ্গুলং। দ্বাদশাঙ্গুলং মাহেয়ং ষোড়শাঙ্গুলং বারুণং॥ মাহেয়ং মধুরং স্বাদু কষায়ং জলমেব চ। তিক্তং তেজশ্চ বায়ুম্লং আকাশং কটুকং তথা॥ আপঃ শ্বেতাঃ ক্ষিতিঃ পীতা রক্ত-বর্ণহুতাশনঃ। মারুতে নীলজীমূত আকাশং ভূরিবর্ণকং॥ দর্পণেন সমালোক্য শ্বাসং তত্র বিনিক্ষিপেৎ। আকারস্তু বিজানীয়াৎ তত্ত্বভেদং বিচক্ষণঃ। চতুরস্রং চার্দ্ধচন্দ্রং ত্রিকোণং বর্ত্তুলং স্মৃতং। বিন্দুভিস্তু নভো জ্ঞেয়মাকারৈস্তত্ত্বলক্ষণং॥

পৃথ্বীতত্ত্বের লক্ষণ।

নাসিকারন্ধ্রের ঠিক মধ্যস্থান দিয়া অর্থাৎ ঐ নাসিকার অন্য কোন পার্শ্বে না ঠেকিয়া শ্বাস বহন হইবে। ঐ শ্বাস মাপিলে দ্বাদশাঙ্গুলি পরিমাণে নির্গম হইবে। তৎকালে গলাতে মধুর রস উৎপন্ন হইবে এবং কেবল পীতবর্ণ মনে উদ্ভব কিম্বা কোন প্রকরণ করিলে পীতবর্ণ দর্শন হইবে। উত্তম দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে চতুষ্কোণ এবং পীতবর্ণ দৃষ্ট হইবে।

জলতত্ত্বের লক্ষণ।

ইহার গতি অধোগামী অর্থাৎ নাসিকাপুটের নিম্নভাগে ঠেকিয়া শ্বাস বহন হইবে। শ্বাস মাপিলে পরিমাণে ১৬ অঙ্গুলি হইবে। গলাতে কষায় রস অনুভব হইবে। দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে অর্দ্ধচন্দ্রাকৃতি ও শ্বেতবর্ণ দৃষ্ট হইবে। মনে শ্বেতবর্ণের উদয় কিম্বা কোন প্রকরণ করিলে শ্বেতবর্ণ দৃষ্ট হইবে।

অগ্নিতত্ত্বের লক্ষণ।

উর্দ্ধগামী গতি, অর্থাৎ নাসিকাপুটের উপরিভাগে শ্বাস বহন হইবে। ঐ শ্বাস মাপিলে পরিমাণে চতুরঙ্গুলি হইবে। গলাতে তিক্তরসের উদ্ভব হইবে। দর্পণে নিশ্বাস ত্যাগ করিলে ত্রিকোণাকার ও রক্তবর্ণ দৃষ্ট হইবে। আড়াই দণ্ড মধ্যে ৩০ পল ঐ ভাবে স্থিত থাকিবে এবং মনে রক্তবর্ণের উদয় হইবে ও কোন প্রকরণ করিলে রক্তবর্ণ দৃষ্ট হইবে।

বায়ুতত্ত্বের লক্ষণ।

বায়ুতত্ত্বের গতি তির্য্যগ্‌গামী অর্থাৎ নাসাপুটমধ্যে তির্য্যকরূপে পার্শ্বে ঠেকিয়া বহন হয়। ঐ বায়ু মাপিলে পরিমাণে অষ্টাঙ্গুল হইবে। গলাতে অম্লরসের উৎপত্তি হইবে। দর্পণে শ্বাস নিক্ষেপ করিলে গোলাকৃতি ও শ্যামবর্ণ কিম্বা নীলবর্ণ দৃষ্ট হইবে।

আকাশতত্ত্বের লক্ষণ।

আকাশতত্ত্বের গতি সর্ব্বব্যাপী অর্থাৎ নাসাপুটের সর্ব্বস্থান দিয়া বায়ু নির্গম হয়। সর্ব্বগামী বিধায় ইহার পরিমাণ করা যায় না। গলাতে কটুরসের উদ্ভব হয়, দর্পণে নিশ্বাস নিক্ষেপ করিলে বিন্দু বিন্দু নানাপ্রকার বর্ণ দৃষ্ট হয় এবং মনে মিশ্রিত বর্ণের উদয় হইয়া থাকে। *

দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ১৮ দণ্ডের সময় কোন বালকের জন্ম হইলে উক্ত স্বরোদয়মতে যেরূপে সময় গণনা করিতে হয়, তাহা বলা যাইতেছে। ঐ ১লা বৈশাখ কৃষ্ণপক্ষের ষষ্ঠী তিথি, এজন্য সূর্য্যোদয়ের সহিত বামনাসাপুটে শ্বাসের উদয় হইয়া আড়াই দণ্ড কাল স্থিত হয়, তৎপর দক্ষিণ নাসিকায় ঐরূপ উদয় হইয়া বেলা ৫ দণ্ড পর্য্যন্ত স্থিত থাকে; তদনন্তর পুনরায় বামনাসিকায় উদয় হইয়া বেলা ১৫ দণ্ড পর্য্যন্ত এবং তৎপর বেলা ১৭॥ দণ্ড পর্য্যন্ত দক্ষিণ নাসাপুটে স্থিত থাকিবে। তৎপরে পুনরায় বামনাসিকায় শ্বাস

* মৎপ্রকাশিত পবনবিজয়স্বরোদয় নামক পুস্তকে স্বরোদয়শাস্ত্র সবিস্তার লিখিত আছে।

বহিতে আরম্ভ হয়, তন্মধ্যে পৃথ্বীতত্ত্ব ৫০ পল উদিত থাকিবে ; কিন্তু দেখা যাইতেছে যে, ঐ পৃথ্বীতত্ত্বের ৩০ পল পর্য্যন্ত উদিত হইয়াছে, এইরূপে ১৮ দণ্ড কাল স্বীয় নাসিকায় পর্য্যায়-ক্রমে শ্বাসের উদয় দেখিয়া এবং তন্মধ্যে কোন্ তত্ত্বের উদয় হইয়াছে, তাহা পরিজ্ঞাত হইয়া সময় নিরূপণ করিবে। যাহাদিগের দেহ অসুস্থ ও সর্ব্বদা সর্দ্দি প্রভৃতিতে কাতর, তাহা-দিগের শ্বাস যথানিয়মে প্রবাহিত হয় না ; সুতরাং তাহারা এই মতে সময় নিরূপণ করিতে সক্ষম নহেন। যোগী প্রভৃতিরা আহারের ব্যবস্থা ও স্বরসাধন দ্বারা এইরূপে সময় নিরূপণ করিতে সক্ষম হইয়া থাকেন। অপরের পক্ষে ইহা নিতান্ত কঠিন, তথাপি এই শাস্ত্র দ্বারা যে সময় নিরূপণ হইতে পারে, তাহা অবগত করাইবার জন্য এস্থলে লিখিত হইল। সময় নিরূপণ হইলে পূর্ব্বপ্রক্রিয়ামতে ঐ ১৮ দণ্ড সময় কর্কট লগ্নের উদয় হয়।

কোন বালক জন্মগ্রহণ করিলে কোন্ লগ্নে, কোন্ হোরায়, কোন্ দ্রেক্কাণে, কোন্ নবাংশে, কোন্ দ্বাদশাংশে এবং কোন্ ত্রিংশাংশে তাহার জন্ম হইয়াছে, যেরূপে তাহা গণনা করিতে হয়, তাহার দৃষ্টান্ত নিম্নে লিখিত হইতেছে।—

মনে কর, ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ২০ দণ্ড সময়ে কোন বালকের জন্ম হই-য়াছে, তাহার লগ্নাদি গণনা করিতে হইবে। বৈশাখ মাসে রবি মেষ রাশিতে অবস্থিত করেন ; সুতরাং বৈশাখ মাসে প্রত্যহ সূর্য্যোদয়কালে মেষলগ্নের উদয় হইয়া থাকে। মেষ-লগ্নের মান ৪ দণ্ড ৭ পল ৪৯ বিপল ও ১২ অনুপল। মনে কর ১লা বৈশাখে ৪ পল ১৩ বিপল ২৩ অনুপল ও ১২ প্রত্যনুপল রবিভুক্তি। মেষলগ্নমান ৪।৭।৪৯।১২ দণ্ডাদি হইতে ঐ রবিভুক্তি বিয়োগ করিলে ৪ দণ্ড ৩ পল ৩৫ বিপল ২৮ অনুপল ৪৮ প্রত্যনুপল হয় ; সুতরাং জানা গেল যে, ঐ কাল পর্য্যন্ত মেষলগ্ন স্থিত থাকিবে। তৎপরে বৃষলগ্নের উদয় হইবে। বৃষলগ্নের মান ৪ দণ্ড ৫১ পল ২১ অনুপল ৩৬ প্রত্যনুপলকে মেষলগ্নমান ৪ দণ্ড ৩ পল ৩৫ বিপল ২৮ অনুপল ৪৮ প্রত্যনুপলের সহিত যোগ করিলে ৮ দণ্ড ৫৪ পল ৩৫ বিপল ৫০ অনুপল ২৪ প্রত্যনুপল হয় ; ঐ কাল পর্য্যন্তই বৃষলগ্নের স্থিতি জানিবে। তৎপরে মিথুনলগ্নের উদয় হয়, মিথুনলগ্নমান ৫ দণ্ড ২৯ পল ৩৫ বিপল ৪৫ অনুপল ৩৬ প্রত্যনুপলকে উক্ত বৃষলগ্নমান ৮ দণ্ড ৫৪ পল ৩৫ বিপল ৫০ অনুপল ২৪ প্রত্যনুপলের সহিত যোগ দিলে যে, ১৪ দণ্ড ২৪ পল ১১ বিপল ৩৬ অনুপল হয়, ইহাই মিথুনের স্থিতি-কাল স্থির হইতেছে। অনন্তর কর্কট লগ্নের উদয় হইবে ; কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে উক্ত মিথুনলগ্নমান ১৪ দণ্ড ২৪ পল ১১ বিপল ৩৬ অনুপলের সহিত যোগ করিলে যে ২০ দণ্ড ৪ পল ৫৩ বিপল ১৪ অনুপল ২৪ প্রত্যনু-পল হইল, এই সময় পর্য্যন্তই কর্কটের স্থিতি জানিতে হইবে ; সুতরাং জানা যাইতেছে যে, উক্ত বালক কর্কট লগ্নের ৪ পল, ৫৩ বিপল, ১৪ অনুপল, ২৪ প্রত্যনুপল অবশিষ্ট থাকিতে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ হোরাতে ঐ বালক জন্মগ্রহণ করিয়াছে জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড, ৪০ পল, ৪১ বিপল, ৩৮ অনুপল, ২৪ প্রত্যনুপলকে ২ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে দুই ভাগ করিলে প্রথম ভাগে ২ দণ্ড ৫০ পল ২০ বিপল ৪৯ অনুপল ১২ প্রত্যনুপল হয় ; এক্ষণ দেখা যাইতেছে যে, ২ দণ্ড ৫০ পল ২০ বিপল' ৪৯ অনুপল ১২ প্রত্যনুপল পরে ঐ বালকের জন্ম হইয়াছে ; সুতরাং জানা গেল যে, উক্ত বালক কর্কটলগ্নের দ্বিতীয় হোরাতে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ দ্রেক্কাণে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৩ ভাগে বিভক্ত করিতে হইবে। উহাকে ৩ দ্বারা ভাগ করিলে প্রথম ভাগের মান ১ দণ্ড ৫৩ পল ৩৩ বিপল ৫২ অনুপল ৪৮ প্রত্যনুপল হয়। ইহার সহিত দ্বিতীয় ভাগের মান ১ দণ্ড ৫৩ পল ৩৩ বিপল ৫২ অনুপল ৪৮ প্রত্যনুপল যোগ করিলে ৩ দণ্ড ৪৭ পল ৭ বিপল ৪৫ অনুপল ৩৬ প্রত্যনুপল হইল। এক্ষণ দেখা যাইতেছে যে, ঐ সময়ের পরে উক্ত বালকের জন্ম হইয়াছে, সুতরাং স্থির হইল যে, উক্ত বালক কর্কটলগ্নের তৃতীয় দ্রেক্কাণে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ নবাংশে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৯ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে নয় ভাগ করিলে প্রথম ভাগের মান ৩৭ পল ৫১ বিপল ১৭ অনুপল ৩৬ প্রত্যনুপল হয়। এই প্রথম ভাগের সহিত অষ্টম ভাগের মান পর্য্যন্ত যোগ করিলে ৫ দণ্ড ২ পল ৫০ বিপল ২০ অনুপল ৪৮ প্রত্যনুপল হইল। এক্ষণ দেখা যাইতেছে যে, ঐ সময়ের পরে বালকের জন্ম হইয়াছে, সুতরাং জানা যাইতেছে যে, ঐ বালক কর্কটলগ্নের নবম নবাংশে জন্মগ্রহণ করিয়াছে।

এইক্ষণ কর্কটলগ্নের কোন্ দ্বাদশাংশে ঐ বালকের জন্ম হইয়াছে, তাহা জানিতে হইলে কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ২৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ১২ দ্বারা ভাগ করিতে হইবে। উহাকে বার ভাগ করিলে প্রথম দ্বাদশাংশে ২৮ পল ২৩ বিপল ২৮ অনুপল ১২ প্রত্যনুপল হয়। এই প্রথম দ্বাদশাংশের সহিত যথাক্রমে একাদশ দ্বাদশাংশমান যোগ করিলে ৫ দণ্ড ১২ পল ১৮ বিপল ১০ অনুপল ১২ প্রত্যনুপল হয়। এক্ষণ দেখা যাইতেছে যে, এই সময়ের পরে ঐ বালকের জন্ম হইয়াছে, সুতরাং জানা গেল যে, ঐ বালক কর্কটলগ্নের শেষ দ্বাদশাংশে জন্মগ্রহণ করিয়াছে।

কর্কটলগ্নের কোন্ ত্রিংশাংশে উক্ত বালকের জন্ম হইয়াছে জানিতে হইলে, কর্কটলগ্নমান ৫ দণ্ড ৪০ পল ৪১ বিপল ৩৮ অনুপল ২৪ প্রত্যনুপলকে ৩০ দ্বারা ভাগ করিলে প্রথম ত্রিংশাংশে ৫ পল ৪০ বিপল ৪১ অনুপল ৪৮ প্রত্যনুপল ২৪ অতিপ্রত্যনুপল হয়।

এই প্রথম ত্রিংশাংশের সহিত ২৯ ত্রিংশাংশ পর্য্যন্ত যোগ করিলে ৫ দণ্ড ২৯ পল ২০ বিপল ১৫ অনুপল ৭ প্রত্যনুপল ১২ অতিপ্রত্যনুপল হয়। এইক্ষণ দেখা যাইতেছে যে, এই সময়ের পরে উক্ত বালক জন্মগ্রহণ করিয়াছে; সুতরাং জানা যাইতেছে যে, কর্কটলগ্নের শেষ ত্রিংশাংশে ঐ বালকের জন্ম হইয়াছে।

ইংরাজী ঘণ্টানুসারে কোন্ লগ্ন কতক্ষণ অবস্থিত থাকে, তাহা গণনার দৃষ্টান্ত নিম্নে প্রদর্শিত হইতেছে।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ১ ঘটিকার সময় কোন্ লগ্ন উদিতাবস্থায় আছে, তাহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ১লা বৈশাখ মেষলগ্নের উদয় হইয়াছে, ঐ লগ্নের মান ১ ঘণ্টা ৩৯ মিনিট ৭ সেকেণ্ড ৪০ থার্ড ৪৮ ফোর্থ। মনে কর, ঐ দিবসের রবিভুক্তি ১ মিনিট ৪১ সেকেণ্ড ২১ থার্ড ১৬ ফোর্থ ৪৮ ফিপ্থ্। এই রবিভুক্তি মেষলগ্নমান হইতে বিয়োগ করিলে ১ ঘণ্টা ৩৭ মিনিট ২৬ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্থ্ হইল। ঐ ১লা বৈশাখ সূর্য্য ৫ ঘণ্টা ৪৬ মিনিট ৪৯ সেকেণ্ড গতে উদয় হইবে। ঐ ৫ ঘণ্টা ৪৬ মিনিট ৪৯ সেকেণ্ডের সহিত রবিভুক্তিহীন মেষলগ্নমান ১ ঘণ্টা ৩৭ মিনিট ২৬ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্থ্ যোগ করিলে ৭ ঘণ্টা ২৪ মিনিট ১৫ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্থ্ হইল, অতএব জানা যাইতেছে যে, ঐ সময় পর্য্যন্ত মেষলগ্নের স্থিতি রহিয়াছে। পরে ঐ ৭ ঘণ্টা ২৪ মিনিট ১৫ সেকেণ্ড ১৯ থার্ড ৩১ ফোর্থ ১২ ফিপ্থের সহিত বৃষলগ্নমান ১ ঘণ্টা ৫৬ মিনিট ২৪ সেকেণ্ড ৮ থার্ড ৩৮ ফোর্থ ২৪ ফিপ্থ্ যোগ করিলে যে ৯ ঘণ্টা ২০ মিনিট ৩০ সেকেণ্ড ২৮ থার্ড ৯ ফোর্থ ৩৬ ফিপ্থ্ হয়, ঐ সময় পর্য্যন্তই বৃষলগ্নের স্থিতি জানিতে হইবে। পরে উক্তার সহিত মিথুনলগ্নমান ২ ঘণ্টা ১১ মিনিট ৫০ সেকেণ্ড ১৮ থার্ড ১৪ ফোর্থ ২৪ ফিপ্থ যোগ করিয়া ১১ ঘণ্টা ৩২ মিনিট ২৯ সেকেণ্ড ৪৬ থার্ড ২৪ ফোর্থ হইল, সুতরাং জানা যাইতেছে যে, ঐ সময় পর্য্যন্তই মিথুনলগ্ন অবস্থিতি করিবে। অনন্তর মিথুনলগ্নমানের সহিত কর্কটলগ্নমান ২ ঘণ্টা ১৬ মিনিট ১৬ সেকেণ্ড ৩৯ থার্ড ২১ ফোর্থ ৩৬ ফিপ্থ যোগ দিয়া ১ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেণ্ড ২৫ থার্ড ৪৫ ফোর্থ ৩৬ ফিপ্থ হইল; সুতরাং জানা যাইতেছে যে, বেলা ১ টার সময় কর্কটলগ্ন অবস্থিতি করিতেছে। যদি সমস্ত দিনরাত্রের তালিকা প্রস্তুত করিয়া রাখিতে ইচ্ছা হয়, তাহা হইলে ঐরূপ পর পর লগ্নমান যোগ করিয়া লগ্ন নির্ণয় করিতে হইবে। পূর্ব্বে যেরূপে দণ্ডপলাদি দ্বারা লগ্নের হোরা দ্রেক্কাণ প্রভৃতি নির্ণীত হইয়াছে, সেইরূপ ঘণ্টা-মিনিটাদি দ্বারাও নির্ণয় করা যায়।

দণ্ডপলাদি দ্বারা যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, তাহা দৃষ্টান্তসহ কথিত হইল। এইক্ষণ সূক্ষ্ম গণনার জন্য অংশকলাদি দ্বারা যেরূপে লগ্ননিরূপণ করিতে হয়, তাহা কথিত হইতেছে।

লগ্ননিরূপণ করিতে হইলে যেরূপ অগ্রে সময় নির্ণয়ের আবশ্যক, তদ্রূপ সময় নিরূপণ করিতে হইলে দিনমান নির্ণয় করিতে হয়, অতএব দিনমান নির্ণয় বিবৃত হইতেছে।

অথ দিনমানানয়নম্।

খং ০ খাগ্নী ৩০ যুগশায়কৌ ৫৪ যুগরসৌ ৬৪ বেদেষবঃ ৫৪ খাগ্নয়-
শ্ছায়া (৫। ১০) ঘ্নাঃ খনবো ৯০ দ্ধৃতাঃ খদহনৈ ৩০ র্যুক্তা দ্যুমানানি ষট্।
স্পষ্টার্কাদয়নাংশযুক্তবিযুতাৎ শূন্যক্রমাৎ ষষ্টি ত ৬০
শ্চেৎ শুদ্ধান্যপরাণি ষট্ তদপরাণ্যত্রানুপাতাৎ পুনঃ।

বৈশাখ ৩০।০, জ্যৈষ্ঠ ৩১।৪৪, আষাঢ় ৩৩।৬, শ্রাবণ ৩৩।৪০, ভাদ্র ৩৩।৬, আশ্বিন ৩১।৪৩, কার্ত্তিক ৩০।০, অগ্রহায়ণ ২৮।১৭, পৌষ ২৬।৫৪, মাঘ ২৬।২০, ফাল্গুন ২৬।৫৬, চৈত্র ২৮।১৭।

দিনমানানয়ন।

অধুনা দ্বাদশ মাসের প্রতি দিবসীয় দিনমান কিরূপে আনিতে হয়, তাহা কথিত হইতেছে। প্রথমত রবিস্ফুট করিবে, যদি ঐ রবির স্ফুট অয়নাংশযুক্ত হয়, তবে তাহা হইতে অয়নাংশ হীন করিলে শূন্য সময়ের অর্থাৎ বিষুব সংক্রান্তির রবির স্ফুট হইবে। তাহা হইতে আরম্ভ করিয়া ক্রমশ ছয় মাসের ছয় সংক্রান্তি দিবসের অর্থাৎ বৈশাখ মাসে বিষুবসংক্রান্তি দিবসীয় ০ শূন্য, জ্যৈষ্ঠমাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন, শ্রাবণ মাসের সংক্রান্তি দিবসীয় ৬৪ চোষট্টি, ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন, আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, এই ছয়টি অঙ্ককে বিষুবের মধ্যাহ্নচ্ছায়া ৫।১০ দ্বারা পূরণ করিয়া ৯০ নব্বই দিয়া বিভক্ত করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহাতে ৩০ ত্রিশ যোগ করিলে যে অঙ্ক হইবে, সেই দণ্ডাদিই যথাক্রমে উক্ত বিষুবসংক্রান্তি প্রভৃতি ছয় সংক্রান্তি দিবসের দিনমান হইবে। অপর যে ছয়টি সংক্রান্তি বাকি থাকিল, তাহার দিনমান এইরূপে জানিতে হইবে যে, উক্ত ছয় সংক্রান্তি দিবসের দিনমান ৬০ হইতে বিযুক্ত করিলে যাহা অবশেষ থাকিবে, তাহাই যথাক্রমে কার্ত্তিকাদি ছয় মাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। যে যে দেশে দ্বাদশ অঙ্গুলিপরিমিত শঙ্কুর ৫ পঞ্চাঙ্গুল ১০ দশব্যঙ্গুল মধ্যাহ্নচ্ছায়া হয়, সেই দেশের দিনমান আনয়ন করা হইতেছে। যথা বৈশাখ মাসের বিষুবসংক্রান্তি দিবসীয় দিনমান ৩০ ত্রিশ দণ্ড হয়, ঐ ৩০ দণ্ডকে ৬০ ষাট দণ্ড হইতে হীন করিলে যে ত্রিশ অবশিষ্ট থাকিবে, তাহাই কার্ত্তিকমাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১।৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল হয়। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮।১৭ আটাশ দণ্ড সতের পল অবশিষ্ট থাকে, তাহাই অগ্রহায়ণ

মাসের সংক্রান্তি দিবসের দিনমান হয়। আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩।৬ তেত্রিশ দণ্ড ছয় পল। ষাট হইতে ঐ অঙ্ক হীন করিলে যে ২৬।৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল অবশিষ্ট থাকিবে, তাহাই পৌষ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। শ্রাবণ মাসের সংক্রান্তি দিবসের দিনমান ৩৩।৪০ তেত্রিশ দণ্ড চল্লিশ পল হয়। ষাট দণ্ড হইতে উহা হীন করিলে যে ২৬।২০ ছাব্বিশ দণ্ড বিংশতিপল অবশিষ্ট থাকিবে, তাহা মাঘ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩।৬ তেত্রিশ দণ্ড ছয় পল। উহা ষাট হইতে বিয়োগ করিলে ২৬।৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল শেষ থাকে। এজন্য ফাল্গুন মাসের সংক্রান্তি দিবসের ঐ ২৬ দণ্ড ৫৪ পল দিনমান হইয়া থাকে। আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১।৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮।১৭ আটাশ দণ্ড সতের পল শেষ থাকে। সেই ২৮ দণ্ড ১৭ পল চৈত্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইয়া থাকে। এই যে দিনমান লিখিত হইল, প্রত্যেক ছয়ষাট্ট বৎসরে রবির এক অয়ন দিন হয়, এই নিয়মানুসারে এক্ষণে ৯ই চৈত্র দিবসে সূর্য্য বিষুবরেখায় আসেন এজন্য ঐ দিবসীয় দিনমান ৩০ দণ্ড হয়। আর আর সংক্রান্তি সেই সেই মাসের ৯ম দিবসে ঘটিতেছে। এক্ষণকার পাঞ্জিকায় দৃষ্টি করিলেই, ঐ দিবসে উক্ত দিনমান দেখিতে পাওয়া যায়। সংক্রান্তি দিবসীয় দিনমান উক্ত হইল। তাহার মধ্যবর্ত্তী দিনগণের দিমমান কত হইবে, তাহা যেরূপে জানিতে পারা যায়, তাহার নিয়ম এই যে, মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান স্থির হইলে, তাহার পর দিবস হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী সংক্রান্তি দিবসের পূর্ব্ব দিন পর্য্যন্ত গণনা করিয়া যত দিন দণ্ড হইবে, তাহা দ্বারা পূর্ব্ব সংক্রান্তি হইতে পর সংক্রান্তি পর্য্যন্ত যে দণ্ডাদি বৃদ্ধি হয়, তাহাকে ত্রৈরাশিক দ্বারা পর পর দিবসের দিনমান স্থির করিয়া লইবে।

দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান গণনার টেবিল।

দিনার্দ্ধমান ও রাত্র্যর্দ্ধমান গণনার দুইটী টেবিল নিম্নে লিখিত হইল, তাহার ১ নং টেবিলে দিনার্দ্ধমান এবং ২ নং টেবিলে রাত্র্যর্দ্ধমান লিখিত হইল। এই টেবিলদ্বয়ে ১৩টী স্তম্ভ অঙ্কিত করা হইয়াছে। ইহার প্রথম স্তম্ভে যথাক্রমে নীচে নীচে ০ হইতে ৩০ পর্য্যন্ত অংশ এবং দ্বিতীয় স্তম্ভের উপরে মেষ, তৃতীয় স্তম্ভের উপরে বৃষ, চতুর্থ স্তম্ভে মিথুন, পঞ্চম স্তম্ভে কর্কট, ষষ্ঠ স্তম্ভে সিংহ, সপ্তম স্তম্ভে কন্যা, অষ্টম স্তম্ভে তুলা, নবম স্তম্ভে বৃশ্চিক, দশম স্তম্ভে ধনু, একাদশ স্তম্ভে মকর, দ্বাদশ স্তম্ভে কুম্ভ এবং ত্রয়োদশ স্তম্ভের উপরিভাগে মীন রাশি বিন্যস্ত হইয়াছে, ঐ সকল স্তম্ভে যথাক্রমে ১ হইতে ৩০ অংশের দিনার্দ্ধমানের এবং রাত্র্যর্দ্ধমানের ঘণ্টা ও মিনিটের সংখ্যা লিখিত হইল।

১নং	মেষ ♈		বৃষ ♉		মিথুন ♊		কর্কট ♋		সিংহ ♌		কন্যা ♍	
অংশ	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,
০	৬	০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯
১	৬	১	৬	২০	৬	৩৬	৬	৪২	৬	৩৫	৬	১৯
২	৬	১	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৩	৬	২	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৪	৬	২	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৭
৫	৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৬	৪	৬	২৩	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৭	৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৫
৮	৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৪
৯	৬	৬	৬	২৫	৬	৩৮	৬	৪১	৬	৩১	৬	১৪
১০	৬	৭	৬	২৫	৬	৩৯	৬	৪১	৬	৩১	৬	১৩
১১	৬	৭	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
১২	৬	৮	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
১৩	৬	৯	৬	২৭	৬	৩৯	৬	৪০	৬	২৯	৬	১১
১৪	৬	৯	৬	২৭	৬	৪০	৬	৪০	৬	২৯	৬	১১
১৫	৬	১০	৬	২৮	৬	৪০	৬	৪০	৬	২৮	৬	১০
১৬	৬	১১	৬	২৯	৬	৪০	৬	৪০	৬	২৭	৬	৯
১৭	৬	১১	৬	২৯	৬	৪০	৬	৩৯	৬	২৭	৬	৯
১৮	৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৮
১৯	৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৭
২০	৬	১৩	৬	৩১	৬	৪১	৬	৩৯	৬	২৫	৬	৭
২১	৬	১৪	৬	৩১	৬	৪১	৬	৩৮	৬	২৫	৬	৬
২২	৬	১৪	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
২৩	৬	১৫	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
২৪	৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২৩	৬	৪
২৫	৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
২৬	৬	১৭	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
২৭	৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	২
২৮	৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	১
২৯	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৬	৬	২০	৬	১
৩০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯	৬	০

তুলা ♎		বৃশ্চিক ♏		ধনু ♐		মকর ♑		কুম্ভ ♒		মীন ♓	
ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,	ঘণ্টা,	মিনিট,
৬	০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১
৫	৫৯	৫	৪০	৫	২৪	৫	১৮	৫	২৫	৫	৪১
৫	৫৯	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৫	৫৮	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৩
৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৫	৫৬	৫	৩৭	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৫
৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৬
৫	৫৪	৫	৩৫	৫	২২	৫	১৯	৫	২৯	৫	৪৬
৫	৫৩	৫	৩৫	৫	২১	৫	১৯	৫	২৯	৫	৪৭
৫	৫৩	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
৫	৫২	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
৫	৫১	৫	৩৩	৫	২১	৫	২০	৫	৩১	৫	৪৯
৫	৫১	৫	৩৩	৫	২০	৫	২০	৫	৩১	৫	৪৯
৫	৫০	৫	৩২	৫	২০	৫	২০	৫	৩২	৫	৫০
৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২০	৫	৩৩	৫	৫১
৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২১	৫	৩৩	৫	৫১
৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫২
৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫৩
৫	৪৭	৫	২৯	৫	১৯	৫	২১	৫	৩৫	৫	৫৩
৫	৪৬	৫	২৯	৫	১৯	৫	২২	৫	৩৫	৫	৫৪
৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৭	৫	৫৬
৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
৫	৪৩	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
৫	৪২	৫	২৬	৫	১৮	৫	২৪	৫	৩৯	৫	৫৮
৫	৪২	৫	২৬	৫	১৮	৫	২৪	৫	৩৯	৫	৫৯
৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৪	৫	৪০	৫	৫৯
৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১	৬	০

২নং	মেষ ♈		বৃষ ♉		মিথুন ♊		কর্কট ♋		সিংহ ♌		কন্যা ♍	
অংশ	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট,
০	৬	০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১
১	৫	৫৯	৫	৪০	৫	২৪	৫	১৮	৫	২৫	৫	৪১
২	৫	৫৯	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৩	৫	৫৮	৫	৩৯	৫	২৪	৫	১৮	৫	২৬	৫	৪২
৪	৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৩
৫	৫	৫৭	৫	৩৮	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৬	৫	৫৬	৫	৩৭	৫	২৩	৫	১৯	৫	২৭	৫	৪৪
৭	৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৫
৮	৫	৫৫	৫	৩৬	৫	২২	৫	১৯	৫	২৮	৫	৪৬
৯	৫	৫৪	৫	৩৫	৫	২২	৫	১৯	৫	২৯	৫	৪৬
১০	৫	৫৩	৫	৩৫	৫	২১	৫	১৯	৫	২৯	৫	৪৭
১১	৫	৫৩	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
১২	৫	৫২	৫	৩৪	৫	২১	৫	১৯	৫	৩০	৫	৪৮
১৩	৫	৫১	৫	৩৩	৫	২১	৫	২০	৫	৩১	৫	৪৯
১৪	৫	৫১	৫	৩৩	৫	২০	৫	২০	৫	৩১	৫	৪৯
১৫	৫	৫০	৫	৩২	৫	২০	৫	২০	৫	৩২	৫	৫০
১৬	৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২০	৫	৩৩	৫	৫১
১৭	৫	৪৯	৫	৩১	৫	২০	৫	২১	৫	৩৩	৫	৫১
১৮	৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫২
১৯	৫	৪৮	৫	৩০	৫	১৯	৫	২১	৫	৩৪	৫	৫৩
২০	৫	৪৭	৫	২৯	৫	১৯	৫	২১	৫	৩৫	৫	৫৩
২১	৫	৪৬	৫	২৯	৫	১৯	৫	২২	৫	৩৫	৫	৫৪
২২	৫	৪৬	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
২৩	৫	৪৫	৫	২৮	৫	১৯	৫	২২	৫	৩৬	৫	৫৫
২৪	৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৭	৫	৫৬
২৫	৫	৪৪	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
২৬	৫	৪৩	৫	২৭	৫	১৯	৫	২৩	৫	৩৮	৫	৫৭
২৭	৫	৪২	৫	২৬	৫	১৯	৫	২৪	৫	৩৯	৫	৫৮
২৮	৫	৪২	৫	২৬	৫	১৯	৫	২৪	৫	৩৯	৫	৫৯
২৯	৫	৪১	৫	২৫	৫	১৯	৫	২৪	৫	৪০	৫	৫৯
৩০	৫	৪১	৫	২৫	৫	১৮	৫	২৫	৫	৪১	৬	০

তুলা ♎		বৃশ্চিক ♏		ধনু ♐		মকর ♑		কুম্ভ ♒		মীন ♓	
ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট	ঘণ্টা,	মিনিট
৬	০	৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯
৬	১	৬	২০	৬	৩৬	৬	৪২	৬	৩৫	৬	১৯
৬	১	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৬	২	৬	২১	৬	৩৬	৬	৪২	৬	৩৪	৬	১৮
৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৭
৬	৩	৬	২২	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৪	৬	২৩	৬	৩৭	৬	৪১	৬	৩৩	৬	১৬
৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৫
৬	৫	৬	২৪	৬	৩৮	৬	৪১	৬	৩২	৬	১৪
৬	৬	৬	২৫	৬	৩৮	৬	৪১	৬	৩১	৬	১৪
৬	৭	৬	২৫	৬	৩৯	৬	৪১	৫	৩১	৬	১৩
৬	৭	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
৬	৮	৬	২৬	৬	৩৯	৬	৪১	৬	৩০	৬	১২
৬	৯	৬	২৭	৬	৩৯	৬	৪০	৬	২৯	৬	১১
৬	৯	৬	২৭	৬	৪০	৬	৪০	৬	২৯	৬	১১
৬	১০	৬	২৮	৬	৪০	৬	৪০	৬	২৮	৬	১০
৬	১১	৬	২৯	৬	৪০	৬	৪০	৬	২৭	৬	৯
৬	১১	৬	২৯	৬	৪০	৬	৩৯	৬	২৭	৫	৯
৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৮
৬	১২	৬	৩০	৬	৪১	৬	৩৯	৬	২৬	৬	৭
৬	১৩	৬	৩১	৬	৪১	৬	৩৯	৬	২৫	৬	৭
৬	১৪	৬	৩১	৬	৪১	৬	৩৮	৬	২৫	৬	৬
৬	১৪	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
৬	১৫	৬	৩২	৬	৪১	৬	৩৮	৬	২৪	৬	৫
৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২৩	৬	৪
৬	১৬	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
৬	১৭	৬	৩৩	৬	৪১	৬	৩৭	৬	২২	৬	৩
৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	৩
৬	১৮	৬	৩৪	৬	৪২	৬	৩৬	৬	২১	৬	২
৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৬	৬	২০	৬	১
৬	১৯	৬	৩৫	৬	৪২	৬	৩৫	৬	১৯	৬	০

এইক্ষণ যেরূপে ঐ টেবিল দৃষ্টে দিনার্দ্ধমান অবগত হওয়া যায়, তাহা কথিত হইতেছে।—

যে দিবসের দিনার্দ্ধমান অবগত হইতে ইচ্ছা হইবে, প্রথমতঃ সেই দিবসের সায়ন রবিস্ফুট গণনা করিয়া দেখিতে হইবে যে, ঐ দিবস রবি কোন্ রাশির কোন্ অংশে অবস্থিতি করিতেছেন। তাহা নির্ণয় করিয়া উপরোক্ত টেবিলের উপরিভাগে মেষাদি দ্বাদশ রাশির কোন্ স্তম্ভে ঐ রাশি অঙ্কিত আছে এবং উহা প্রথম স্তম্ভের লিখিত কোন্ অংশে সন্নিবেশিত তাহা দেখিতে হইবে। এই দুইটী স্থির করিয়া যে স্তম্ভে রবির স্থিতি রাশি দৃষ্ট হইবে, সেই স্তম্ভ হইতে নিম্নভাগে একটী সরলরেখা মনে মনে কল্পনা করিয়া টানিবে এবং প্রথম স্তম্ভের নির্ণীত অংশ হইতে ঐ টেবিলের দক্ষিণ দিকে ঐরূপে আর একটী রেখা মনে মনে কল্পনা করিয়া টানিলে ঐ দুইটী কল্পিত সরলরেখা পূর্ব্বোল্লিখিত স্তম্ভের যে স্থানে মিলিত হইবে, সেই স্থানে যত ঘণ্টা মিনিট লিখিত আছে, তাহাই সেই দিবসের দিনার্দ্ধমান হইবে। দিনার্দ্ধমান স্থির হইলেই সহজে দিনমান নির্ণয় হইতে পারিবে। এইরূপেই রাত্র্যর্দ্ধমানেরও গণনা করিতে হয়।

দৃষ্টান্ত।

ঐ টেবিল দৃষ্টে ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনার্দ্ধমান স্থির করিতে হইলে, প্রথমত ঐ দিবসের মধ্যাহ্নকালের সায়ন রবিস্ফুট নির্ণয় করিতে হইবে। মৎপ্রকাশিত পুনঃ সংস্কৃত এই ফলিত-জ্যোতিষের ১ম খণ্ডের ৪৩ পৃষ্ঠায় লিখিত আছে যে, ঐ দিনের সায়ন রবির স্ফুট মেষরাশির ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা ৪ প্রত্যনুকলা। গণনার সুবিধার জন্য জ্যোতিষশাস্ত্রমতে কলার অঙ্ক ত্রিশের অধিক হইলে ১ অংশ ধরিয়া লইতে লইতে হয়। এজন্য পূর্ব্বোক্ত ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা ৪ প্রত্যনু-কলা স্থানে ২২ অংশ গ্রহণ করা গেল। এইক্ষণ উপরোক্ত টেবিল দৃষ্টে দেখা যাইতেছে যে, রবির স্থিতি রাশি মেষের স্তম্ভের নিম্নে যে স্থানে ২২ অংশে মিলিত হইয়াছে, সেই স্থানে ৬ ঘণ্টা ১৪ মিনিট লিখিত রহিয়াছে ; অতএব জানা গেল যে, ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনার্দ্ধমান ৬ ঘণ্টা ১৪ মিনিট, তাহা হইলেই দিনমান ১২ ঘণ্টা ২৮ মিনিট স্থির হইতেছে। এইক্ষণ ইহাকে দণ্ড পল করিতে হইলে ২॥ আড়াই দণ্ড হিসাবে ১২ ঘণ্টায় ৩০ দণ্ড এবং ২৮ মিনিটে ১ দণ্ড ১০ পল হয় ; সুতরাং ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনমান ৩১ দণ্ড, ১০ পল এবং দিনার্দ্ধমান ১৫ দণ্ড, ৩৫ পল স্থির হইল।

বিদগ্ধতোষিণী মতে যেরূপে লগ্নস্ফুট, ভাব, ভাবসন্ধি ও বল প্রভৃতি গণনা করিতে হয়, তাহা নিম্নে বিবৃত হইতেছে।

বিদগ্ধতোষিণী।

নত্বা সরস্বতীং দেবীং রাঘবানন্দশর্ম্মণা।
চক্রে বিদগ্ধতোষায় স্পষ্টা জাতকপদ্ধতিঃ॥

আমি রাঘবনন্দ নামক ব্রাহ্মণ। আমি দেবী সরস্বতীকে প্রণাম করিয়া পণ্ডিতগণের সন্তোষের নিমিত্ত স্পষ্টক্রমে জাতকপদ্ধতি নামক এই গ্রন্থ প্রণয়ন করিতেছি।

আদৌ ছায়াদিকৈর্যন্ত্রৈর্জ্ঞেয়ো জন্মকালঃ সুনিশ্চিতং।
তৎকালপ্রভবাঃ কার্য্যাঃ সিদ্ধান্তোক্তৈর্গ্রহস্ফুটাঃ॥

প্রথমতঃ ছায়া ও যন্ত্রাদি দ্বারা সুনিশ্চিতরূপে জন্মকাল নিরূপণ করিয়া সিদ্ধান্তগ্রন্থোক্ত নিয়মানুসারে তাৎকালিক গ্রহস্ফুট করিবে।

শঙ্কু ও ছায়াপ্রভৃতি দ্বারা যেরূপে সময় নিরূপণ করিতে হয়, তাহা এই খণ্ডের ৮ম, ২৬শ, ২৭শ ও ২৮শ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। অগ্রে সেই প্রক্রিয়ানুসারে সময় নিরূপণ করিবে অথবা সূর্য্যঘড়ী, জলঘড়ী, বালুকাঘড়ী এবং সর্ব্বোৎকৃষ্ট ইংরাজী ঘড়ী দ্বারা সময় নিরূপণ পূর্ব্বক জন্মকাল স্থির করিতে হইবে। জন্মকাল নির্ণীত না হইলে ফল-গণনার তারতম্য হয়। অনন্তর সেই সময়ের তাৎকালিক গ্রহস্ফুট করিতে হইবে। সিদ্ধান্তরহস্যের মতে যেরূপে গ্রহস্ফুট গণনা করিতে হয়, এই ফলিত-জ্যোতিষের প্রথম খণ্ডে তাহা দৃষ্টান্তাদি সহ বিশেষরূপে বিবৃত হইয়াছে। গ্রন্থ বাহুল্যভয়ে এস্থলে তাহার পুনরুল্লেখ করা হইল না।

অসকৃৎকর্ম্মণা যেন যান্তি দৃক্তুল্যতাং দিবি।
নতোন্নতৌ ততঃ সাধ্যৌ ভাবাঃ খেটবলানি ষট্॥

যে কার্য্য অনেকবার সাধন করিলে, গণক ব্যোমদর্শীর সদৃশ হইয়া নভোমণ্ডলস্থিত গ্রহনক্ষত্রাদির গতিবিধি প্রত্যক্ষবৎ অবলোকন করেন, তাদৃশ গ্রহস্ফুটসাধন দ্বারা গ্রহগণের স্থিতি নির্ণয় পূর্ব্বক নত এবং উন্নত দণ্ডাদি সাধন করিয়া তন্বাদি দ্বাদশভাব * ও গ্রহগণের তুঙ্গবল প্রভৃতি ছয়টী † বল সাধন করিতে প্রবৃত্ত হইলাম।

এইক্ষণ নত এবং উন্নত শব্দের অর্থ নিম্নশ্লোকে বিবৃত হইতেছে।—

---

* তনু, ধন, সহজ, বন্ধু, পুত্র, রিপু, জায়া, নিধন, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয়।

† ১ তুঙ্গাদিবল, ২ দিগাদিবল, ৩ কালবল, ৪ নিসর্গবল, ৫ চেষ্টাবল, ৬ তন্বাদিভাববল।

এই বিষয়দ্বয়ের গণনা পশ্চাৎ বিবৃত হইবে।

দিনার্দ্ধান্তরিতা জন্ম নাড়িকা নতনাড়িকা।
পূর্ব্বাপরার্দ্ধে জাতস্য প্রাক্‌পরাখ্যা দিনে ভবেৎ ॥

দিবসে জন্মাদি হইলে ইষ্টদণ্ডাদি হইতে তদ্দিবসীয় দিনমানার্দ্ধ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম নতনাড়িকা। যদি দিবসের পূর্ব্বার্দ্ধে জন্ম অথবা প্রশ্ন হয়, তাহা হইলে প্রাঙ্‌নত নাড়ী এবং যদি পরাহ্নে অর্থাৎ দিবা দুই প্রহরের পর জন্ম বা প্রশ্ন হয়, তাহা হইলে উক্ত শেষাঙ্ক পশ্চান্নত নাড়ী বলিয়া পরিগণিত হয়।

রাত্রের্গতঘটী শেষঘটী দিনার্দ্ধসংযুতা।
পরপূর্ব্বাভিধা জ্ঞেয়া রজন্যাং নতনাড়িকা ॥

রাত্রিকালে জন্মাদি হইলে রাত্রির প্রথমার্দ্ধমানের যত দণ্ড গত হইয়াছে, তাহার সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে, তাহা পশ্চান্নত নাড়ী বলিয়া বিখ্যাত এবং রাত্রির দ্বিতীয়ার্দ্ধমানের দণ্ডাদির সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে, তাহা প্রাঙ্‌নত নাড়ী নামে পরিগণিত হইয়া থাকে।

খরামো নতনাড়্যনো ভবেদুন্নতনাড়িকা।

৩০ ত্রিশ হইতে নতদণ্ডাদি হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা উন্নতনাড়ী নামে প্রসিদ্ধ।

স্পষ্টার্থ—সূর্য্যের উদয় হইতে মস্তকোপরি গমন পর্য্যন্ত দিনার্দ্ধকে প্রথম দিনার্দ্ধ এবং মস্তকোপরি হইতে অস্তগমন পর্য্যন্ত দিনার্দ্ধকে শেষদিনার্দ্ধ কহে। ঐরূপ অস্ত হইতে পাতালে অর্থাৎ আমাদিগের পাদতলে গমনপর্য্যন্ত নিশার্দ্ধকে প্রথম নিশার্দ্ধ এবং তথা হইতে উদয় স্থানে গমন পর্য্যন্ত নিশার্দ্ধকে শেষনিশার্দ্ধ কহে। প্রথম দিনার্দ্ধমানকে প্রাঙ্‌নত নাড়ী এবং শেষ দিনার্দ্ধমানকে পশ্চান্নত নাড়ী কহে। ঐরূপ শেষ দিনার্দ্ধ-মানের সহিত প্রথম নিশার্দ্ধমান সংযুক্ত করিয়া তাহাকে পশ্চান্নত নাড়ী অর্থাৎ আমাদের মস্তকোপরি হইতে রবি আমাদের পাদতল অর্থাৎ পাতাল পর্য্যন্ত গেলে পশ্চান্নত নাড়ী কহে এবং শেষ নিশার্দ্ধমানকে প্রথম দিনার্দ্ধমানের সহিত সংযোগ করিলে অর্থাৎ ঐ পাদ-তল হইতে আমাদিগের মস্তকোপরি আগমন পর্য্যন্ত কালকে প্রাঙ্‌নত নাড়ী বলা যায়।

চরার্দ্ধ।

দশ নাগা দিশো নিঘ্নাঃ স্বদেশবিষুবোদ্ভবৈঃ।
অন্ত্যত্র্যাপ্তশ্চরার্দ্ধং স্যান্মেষাদীনাং ক্রমোৎক্রমাৎ ॥

দশ, আট, দশ এই তিনটী অঙ্ককে স্বীয় স্বীয় দেশোদ্ভব বিষুবচ্ছায়া দ্বারা পূরণ করিয়া

শেষ অঙ্ককে ৩ দ্বারা হরণ করত লব্ধাঙ্ককে একস্থানে সংস্থাপন করিবে। অপর অঙ্কদ্বয়কে ৬০ দ্বারা ভাগ করিয়া যে ভাগফল লব্ধ হইবে, তাহাই যথাক্রমে মেষাদি তিন রাশির চরার্দ্ধপল হইবে। উক্ত অঙ্ক তিনটী ব্যুৎক্রমে কর্কটাদি তিন রাশির চরার্দ্ধপল জানিবে, পুনরায় যথাক্রম-গণনায় উহা তুলাদি রাশিত্রয়ের চরার্দ্ধপল এবং ব্যুৎক্রম গণনায় উক্ত অঙ্কত্রয় মকরাদি রাশিত্রয়ের চরার্দ্ধপল জানিবে, অর্থাৎ প্রথম অঙ্কটী মীন, মেষ, কন্যা ও তুলা রাশির; দ্বিতীয় অঙ্কটী বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভরাশির এবং তৃতীয় অঙ্কটী মিথুন, কর্কট, ধনুঃ ও মকর রাশির চরার্দ্ধপল হইবে।

গ্রহলাঘবের টীকাকার মল্লারি এই চরার্দ্ধ গণনায় দশ, আট, দশকে স্বীয় স্বীয় দেশোদ্ভবচ্ছায়া দ্বারা পূরণ করিবার কারণ যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহা এস্থলে উদ্ধৃত হইল, যথা—"সায়নসূর্য্যো যদ্দিনে মেষাদৌ তদ্দিনে সূর্য্যস্য নাড়িকামণ্ডলে স্থিতিঃ নাড়িকামণ্ডলং লঙ্কাপূর্ব্বাপরং অতস্তদ্দিনে মধ্যাহ্নে লঙ্কায়াং শঙ্কুচ্ছায়া নাস্তি খমধ্যস্থিতত্বাৎ। অন্যদেশে তু পূর্ব্বাপরং সমমণ্ডলমতস্তদ্দিনেঽপি মধ্যাহ্নেঽন্যদেশে শঙ্কুচ্ছায়া ভবতি সৈব পলভা তস্যাঃ পলভা বিষুবতীতি চ পর্য্যায়ৌ এবমত্রৈকাঙ্গুলাং পলভাং প্রকল্প্য অক্ষপ্রভা সগুণিতা পরমজোত্যাদ্যুক্তপ্রকারেণ রাশিত্রয়স্য চরাণি প্রসাধ্য তান্যধোঽধঃ শুদ্ধানি জাতানি চরখণ্ডানি ১০।৮।৩ ততোঽনুপাতঃ যদ্যেকাঙ্গুলয়াক্ষপ্রভয়া এতাবন্তি তানি চরখণ্ডানি তদেষ্টাক্ষপ্রভয়া কানীতি এবমক্ষপ্রভা ত্রিষ্ঠা এভিঃ পৃথগ্ গুণিতা হরেণ হৃতা সতীষ্টচরখণ্ডানি ভবন্তীতি অত্রৈতত্ত্রৈরাশিকং।" ইহা দ্বারা দেখা যাইতেছে যে, বিষুবদিনে মধ্যরেখার পূর্ব্ব ও পশ্চিমদেশে শঙ্কুচ্ছায়া যত হইবে, তাহা দ্বারা উক্তমতে গণনা করিয়া স্থিরীকৃত হইয়াছে যে, এক অঙ্গুলি শঙ্কুচ্ছায়ায় মেষরাশির ১০ পল, বৃষরাশির ৮ পল এবং মিথুনলগ্নের তিন অঙ্গুলি শঙ্কুচ্ছায়ায় ১০ পল চরার্দ্ধ; অতএব যে দেশের চরার্দ্ধপল গণনা করিতে হইবে, সেই দেশের শঙ্কুচ্ছায়াকে ত্রৈরাশিক করিয়া চরার্দ্ধ জানিতে হইবে, অর্থাৎ যদি ১ অঙ্গুলি ছায়াতে ১০।৮ পল এবং তিন অঙ্গুলি ছায়াতে ১০ পল হয়, তবে অভীষ্ট অঙ্গুলি ছায়াতে কত হইবে? এজন্য ১০।৮।১০ দ্বারা স্বদেশীয় শঙ্কুচ্ছায়াকে গুণ করিয়া শেষোক্তকে ৩ দিয়া ভাগ করিতে হয়।

চরার্দ্ধ অর্থাৎ বিষুবরেখার উপরিস্থিত লঙ্কার উত্তর বা দক্ষিণদিগ্বর্ত্তী দেশে যে সময়ে রাশির উদয় হয়, লঙ্কায় রাশি উদয়ের সময়ের সহিত সেই সময়ের যে পার্থক্য, (Ascensional differences of the ends of the signs of the place) তাহাকেই চরার্দ্ধ কহে।

দৃষ্টান্ত।

যে দেশের চরার্দ্ধপল গণনা করিতে হইবে, প্রথমত সেই দেশের বিষুবচ্ছায়া অর্থাৎ

পলভা নির্ণয় করিয়া ঐ ছায়াঙ্ককে পৃথক্ পৃথক্ তিন স্থানে স্থাপিত করেতে হইবে, যথা— আমাদিগের দেশের (কলিকাতার) বিষুবচ্ছায়া ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুল; ইহাকে পৃথক্ পৃথক্ তিন স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে ১০ দ্বারা গুণ করিলে ৫০ অঙ্গুল ১০০ ব্যঙ্গুল হয়। ৬০ ব্যঙ্গুলে এক অঙ্গুলি হইয়া থাকে; সুতরাং ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল হইল। ইহাকে ৬০ দ্বারা ভাগ করিলে ভাগফল ঐ ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুলই হইল। পরে দ্বিতীয় স্থানস্থ ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুলকে ৮ দ্বারা গুণ করিলে গুণফল ৪১ অঙ্গুলি ২০ ব্যঙ্গুল হইল; ইহাকেও পূর্ব্বোক্তরূপে ৬০ দ্বারা ভাগ করিলে ঐ ৪১ অঙ্গুলি ২০ ব্যঙ্গুলই থাকিল। অনন্তর তৃতীয়স্থানস্থ ৫ অঙ্গুলি ১০ ব্যঙ্গুলকে ১০ দ্বারা গুণ করিলে গুণফল ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল হয়; ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ১৭ অঙ্গুল, ১৩ ব্যঙ্গুল, ২০ অতিব্যঙ্গুল হইল। এই অঙ্কত্রয়ের (৫১।৪০; ৪১।২০; ১৭।১৩।২০) মধ্যে প্রথমাঙ্কটীই অভীষ্টদেশের মেষের, দ্বিতীয়টী বৃষের এবং তৃতীয়টী মিথুনের চরার্দ্ধপল হইল। এই অঙ্কত্রয়ই ব্যুৎক্রমে কর্কট, সিংহ ও কন্যা এই তিন রাশির চরার্দ্ধপল হইবে অর্থাৎ শেষ অঙ্কটী কর্কটের, মধ্যস্থটী সিংহের এবং প্রথমাঙ্কটীই কন্যার চরার্দ্ধপল। এইপ্রকার ব্যুৎক্রমানুসারে মেষের চরার্দ্ধাঙ্কটী তুলার, বৃষের চরার্দ্ধ বৃশ্চিকের এবং মিথুনের চরার্দ্ধই ধনুর চরার্দ্ধপল হইল। ঐরূপ মিথুনের চারার্দ্ধাঙ্কটী মকরের, বৃষের চরার্দ্ধ কুম্ভের এবং মেষের চরার্দ্ধাঙ্কই মীনের চরার্দ্ধপল বলিয়া স্থির হইল; সুতরাং জানা গেল যে, মেষের চরার্দ্ধপল ৫১ অঙ্গুলি ৪০ ব্যঙ্গুল; বৃষের ৪১।২০, মিথুনের ১৭।১৩।২০, কর্কটের ১৭।১৩।২০, সিংহের ৪১।২০, কন্যার ৫১।৪০, তুলার ৫১।৪০ বৃশ্চিকের ৪১।২০, ধনুর ১৭।১৩।২০, মকরের ১৭।১৩।২০, কুম্ভের ৪১।২০ এবং মীনের চরার্দ্ধপল ৫১।৪০। ইহা দ্বারা স্থির হইল যে, মেষ, কন্যা, তুলা ও মীনের চরার্দ্ধপল সমান অর্থাৎ ৫১।৪০; বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভের চরার্দ্ধ একরূপ অর্থাৎ ৪১।২০ এবং মিথুন, কর্কট, ধনুঃ ও মকর এই কয়টী রাশির চরার্দ্ধপল একপ্রকার অর্থাৎ ১৭।১৩।২০।

লঙ্কার লগ্নমান।

গজভং নন্দগোপক্ষা গুণদস্রাঃ ক্রমোৎক্রমাৎ।
লঙ্কোদয়পলানি স্যুস্তুলাদৌ চ ব্যতিক্রমাৎ॥

ক্রম ও ব্যুৎক্রমানুসারে মেষ, কন্যা, তুলা ও মীন এই কয় রাশির লঙ্কোদয়পল ২৭৮ দুই শত আটাত্তর; বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভের ২৯৯ দুই শত নিরানব্বই এবং মিথুন, কর্কট, ধনুঃ ও মকরের লঙ্কোদয়পল ৩২৩ তিন শত ত্রয়োবিংশতি অর্থাৎ লঙ্কায় মেষের লগ্নমান ২৭৮ পল, বৃষের ২৯৯, মিথুনের ৩২৩, কর্কটের ৩২৩, সিংহের ২৯৯, কন্যার ২৭৮,

তুলার ২৭৮, বৃশ্চিকের ২৯৯, ধনুর ৩২৩, মকরের ৩২৩, কুম্ভের ২৯৯ এবং মীনের লগ্নমান ২৭৮ পল। সূর্য্যসিদ্ধান্তের মতানুসারে মেষলগ্নমান ১৬৭০ প্রাণ, বৃষের ১৭৯৫, মিথুনের ১৯৩৫, কর্কটের ১৯৩৫, সিংহের ১৭৯৫, কন্যার ১৬৭০, তুলার ১৬৭০, বৃশ্চিকের ১৭৯৫, ধনুর ১৯৩৫, মকরের ১৯৩৫, কুম্ভের ১৭৯৫ এবং মীনের লগ্নমান ১৬৭০ প্রাণ স্থিরীকৃত আছে। লগ্নমানাদি যেরূপে গণনা করিয়া স্থির করিতে হয়, তাহার বচন টীকাসমেত ঐ গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া নিম্নে প্রদর্শিত হইল, যথা—

"ত্রিভদ্যুকর্ণার্দ্ধগুণাঃ স্বাহোরাত্রার্দ্ধভাজিতাঃ।
ক্রমাদেকদ্বিত্রিভজ্যাস্তচ্চাপানি পৃথক্ পৃথক্।
স্বাধোঽধঃ পরিশোধ্যাথ মেষাল্লঙ্কোদয়াসবঃ।
খাগাষ্টয়োঽর্থগোঽগৈকাঃ শরত্র্যঙ্কহিমাংশবঃ।

একদ্বিত্রিভজ্যাঃ। একরাশিজ্যাদ্বিরাশিজ্যাত্রিরাশিজ্যাস্ত্রিরাশিদ্যুজ্যয়া গুণ্যাঃ ক্রমাৎ স্বক্রান্তিজ্যাসম্বন্ধিদ্যুজ্যাভির্ভাজ্যাঃ। ফলানাং ধনূংষি ভিন্নভিন্নস্থানে স্থাপ্যানি। স্থানদ্বয়ে স্থাপ্যানীত্যর্থঃ। অনন্তরং স্বাধোঽধঃ। স্বাদধোঽধ একরাশিজ্যাসম্বন্ধি ফলং যথাস্থিতং ততঃ প্রথমফলং দ্বিতীয়ফলাদ্দ্বিতীয়ফলং তৃতীয়ফলান্ন্যূনীকৃত্য পৃথগনুক্তৌ প্রথমফলং দ্বিতীয়ফলান্ন্যূনং কৃতং সদ্দ্বয়োঃ ফলয়োর্ম্মার্জ্জনাৎ তৃতীয়ে শোধ্যাসম্ভবঃ। প্রথমস্য জ্ঞানাসম্ভবশ্চেতি প্রথমদ্বিতীয়য়োঃ পৃথক্স্থাপনমাবশ্যকম্। অত এব ন ত্রিধা পৃথগিত্যুক্তম্। মেষাৎ। মেষমারভ্য রাশিত্রয়াণাং লঙ্কোদয়াসবো ভবন্তি। প্রথমফলং মেষস্যোদয়াসবঃ। দ্বিতীয়োনতৃতীয়ফলং মিথুনস্যোদয়াসব ইত্যর্থঃ। নিয়তত্বাৎ। তন্মানমাহ খাগাষ্টয় ইতি। মেষমানং সপ্ততিযুতং ষোড়শশতং বৃষমানং পঞ্চোনমষ্টাদশশতং মিথুনমানং পঞ্চত্রিংশদধিকমেকোনবিংশতিশতমিত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। সিদ্ধান্তশিরোমণৌ। 'মেষাদিজীবাঃ শ্রুতয়োঽপবৃত্তে তদ্ভূমিজে ক্রান্তিগুণা ভুজাঃ স্যুঃ। তৎকোটয়ঃ স্বদ্যুনিশাখ্যবৃত্তে ব্যাসার্দ্ধবৃত্তে পরিণামিতানাম্॥ চাপেষু তাসামসবস্ততো যে তেঽধো বিশুদ্ধা উদয়া নিরক্ষে।' ইতি। তৎস্বরূপোক্ত্যা ত্রিজ্যাকর্ণে ত্রিরাশিদ্যুজ্যা কোটিস্তদৈকদ্বিত্রিরাশিজ্যাকর্ণেষু কা ইত্যনুপাতেন কোটয়ো দ্যুজ্যাপ্রমাণেনাহোরাত্রবৃত্তে তদনুকরণার্থং ত্রিজ্যাপ্রমাণেন সাধ্যা ইতি দ্যুজ্যাপ্রমাণেনৈতাস্তদা ত্রিজ্যাপ্রমাণেন কা ইত্যনুপাতেন ত্রিজ্যয়োর্গুণহরয়োস্তুল্যত্বেন নাশাদেকাদিরাশিজ্যাস্ত্রিরাশিদ্যুজ্যয়া গুণ্যাঃ স্বদ্যুজ্যয়া ভক্তা ইত্যুপপন্নাঃ। আসাং ধনূংষ্যেকাদিরাশীনামুদয়াসবস্তত্র প্রত্যেকরাশ্যুদয়াসুজ্ঞানার্থং স্বাধোঽধঃ শোধনমিত্যুপপন্নং ত্রিভদ্যুকর্ণার্দ্ধগুণা ইত্যাদি লঙ্কোদয়াসব ইত্যন্তম্। অত্র লঙ্কাপদং নিরক্ষদেশপরং ব্যাখ্যেয়ম্। সর্ব্বনিরক্ষদেশে ক্ষেত্রসংস্থানস্যোক্তস্য তুল্যত্বেনোক্তরীত্যাস্য নিরক্ষদেশে তৎসিদ্ধৌ বাধকাভাবাৎ। অন্যথা স্বনিরক্ষদেশে তৎসাধনার্থং গ্রহবদ্দেশা-

স্বরসংস্কারকরণাপত্তেঃ। নিজোদয়করণার্থং স্বনিরক্ষদেশীয়ানাং চরসংস্কারস্য সমনন্তরমেবোক্তত্বাদিতি দিক্। থাগাষ্টয় ইত্যাদাবুক্তপ্রকারগণিতকর্ম্মৈবোপপত্তিঃ।" (ইতি সূ, সি)

লঙ্কোদয়াশ্চরার্দ্ধেন হীনাঢ্যা মেষকর্কটাৎ।
মেষাল্লগ্নপলানি স্যুর্ব্যুৎক্রমাত্তানি তৌলিতঃ॥

মেষ, বৃষ, মিথুন, এই তিন রাশির চরার্দ্ধপলাদি লঙ্কোদয়পল হইতে হীন করিবে। কর্কট, সিংহ, কন্যা এই তিন রাশির চরার্দ্ধপলাদি লঙ্কোদয়ের পলের সহিত যোগ করিবে। তাহা হইলে মেষ হইতে কন্যাপর্য্যন্ত ছয় রাশির যথাযথ লগ্নপল স্থির হইবে। অপর তুলাদি ছয় রাশির লগ্নপল ব্যুৎক্রমে হইবে অর্থাৎ তুলাদি ধনুঃ পর্য্যন্ত রাশিত্রয়ের লঙ্কোদয়পলের সহিত তুলাদি তিন রাশির চরার্দ্ধ যোগ করিবে এবং মকর, কুম্ভ, মীন এই তিন রাশির লঙ্কোদয়পল হইতে মকরাদি তিন রাশির চরার্দ্ধ হীন করিবে। এইরূপ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই তুলাদি ছয় রাশির যথাযথ লগ্নপল হইবে।

স্পষ্টার্থ—লঙ্কার লগ্নপল যাহা নির্ণীত হইল, তাহা হইতে অন্যান্য দেশের চরার্দ্ধপল যোগ কিম্বা বিয়োগ করিলেই সেই সেই দেশের লগ্নমান স্থির হইবে। লঙ্কার মেষ, বৃষ, মিথুন এই তিন রাশির লগ্নপল হইতে আমাদিগের দেশের (কলিকাতার) মেষ, বৃষ, মিথুন এই রাশিত্রয়ের চরার্দ্ধপল হীন করিতে হইবে এবং কর্কট, সিংহ, কন্যা এই তিন রাশির চরার্দ্ধপল যোগ দিতে হইবে। ঐরূপ লঙ্কার তুলা, বৃশ্চিক, ধনুঃ এই তিন রাশির লগ্নপলে আমাদিগের দেশের তুলা, বৃশ্চিক, ধনুঃ এই রাশিত্রয়ের চরার্দ্ধপল যোগ দিতে হইবে এবং মকর, কুম্ভ, মীন এই তিন রাশির অস্মদ্দেশীয় চরার্দ্ধপল লঙ্কার মকর, কুম্ভ, মীন এই রাশিত্রয়ের লগ্নপল হইতে বিয়োগ করিতে হইবে, তাহা হইলেই অস্মদ্দেশীয় লগ্নপল স্থিরীকৃত হইবে। যথা—

লঙ্কার মেষলগ্নপল ২৭৮ হইতে মেষের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল ৫২ বিয়োগ করিলে ২২৬ পল হইল। ঐরূপ লঙ্কার বৃষের লগ্নপল ২৯৯ হইতে বৃষের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল হীন করিলে ২৫৮ পল; মিথুনলগ্নপল ৩২৩ হইতে ১৭ হীন করিলে ৩০৬; কর্কটলগ্নপল ৩২৩ তে ১৭ যোগ দিলে ৩৪০; সিংহলগ্নপল ২৯৯ তে ৪১ যোগ দিলে ৩৪০; কন্যালগ্নপল ২৭৮ তে ৫২ যোগ দিলে ৩৩০; তুলালগ্নপল ২৭৮ তে ৫২ যোগ করিলে ৩৩০; বৃশ্চিকলগ্নপল ২৯৯ তে ৪১ যোগ দিলে ৩৪০; ধনুর্লগ্নপল ৩২৩ তে ১৭ যোগ করিলে ৩৪০; মকরলগ্নপল ৩২৩ হইতে ১৭ বিয়োগ করিলে ৩০৬; কুম্ভলগ্নপল ২৯৯ হইতে ৪১ হীন করিলে ২৫৮ এবং লঙ্কার মীনলগ্নপল ২৭৮ হইতে মীনের অস্মদ্দেশীয় চরার্দ্ধপল ৫২ বিয়োগ করিলে ২২৬ পল হয়। এই সকলই যথাক্রমে অস্মদ্দেশে মেষাদি দ্বাদশ রাশির লগ্নপল স্থিরীকৃত হইল। সূর্য্যসিদ্ধান্তে নিরক্ষদেশ ভিন্ন অন্যান্য দেশের লগ্নমাননির্ণয় যেরূপ লিখিত আছে, তাহার বচন ও টীকা এস্থলে উদ্ধৃত হইল। যথা—

"স্বদেশচরখণ্ডোনা ভবন্তীষ্টোদয়াসবঃ।

অথেভ্যঃ স্বদেশোদয়াসূন্ শ্লোকার্দ্ধেনাহ। এতে সিদ্ধাঃ। স্বকীয়ৈর্দ্দেশসম্বন্ধেন বাম্যুৎপন্নানি চরখণ্ডানি চরানয়নপ্রকারেণৈকাদিরাশীনাং চরাণ্যানীয়োক্তরীত্যা স্বাধোঽধঃ শোধিতানি মেষাদিমিথুনান্তানাং রাশীনাং চরখণ্ডানি ভবন্তি। তৈরূনাঃ সন্ত ইষ্টোদয়াসবশ্চরখণ্ডসম্বন্ধিদেশে মেষাদিত্রয়াণামুদয়াসবো ভবন্তীত্যর্থঃ। অত্রোপপত্তিঃ। মেষাদ্দেমিথুনান্তো নাড়ীভিস্তিথিমিতাভিরুদ্বৃত্তে। লগতি কুজে তদধঃস্থে প্রথমং তাভিশ্চরোনাভিঃ। ইতি ভাস্করোক্ত্যা প্রত্যেকোদয়াসুজ্ঞানং প্রত্যেকচরেণেতি। প্রত্যেকচরং তু চরখণ্ডমিত্যুপপন্নম্।

ব্যস্তা ব্যস্তৈর্যুতাঃ স্বৈঃ স্বৈঃ কর্কটাদ্যাস্ততস্ত্রয়ঃ।
উৎক্রমেণ ষড়েবৈতে ভবন্তীষ্টাস্তুলাদয়ঃ॥

অথাবশিষ্টরাশীনামুদয়ানাহ। ততোঽনন্তরং এতে মেষাদিলঙ্কোদয়াসবো ব্যস্তা মিথুনবৃষমেষক্রমেণ স্থাপিতাঃ স্বৈঃ স্বৈর্মেষাদিচরখণ্ডৈস্ত্রিভির্ব্যস্তৈরুদয়ক্রমেণ স্থাপিতৈর্যুতাঃ কর্কাদয়স্ত্রয়ঃ কন্যান্তাঃ ক্রমেণ জ্ঞাতোদয়াসুমানা ভবন্তি। এবং ষণ্নামুক্তাবশিষ্টানামুদয়াসুজ্ঞানমাহ উৎক্রমেণেতি। এত উক্তা মেষাদয়ঃ কন্যান্তাঃ ষট্‌সংখ্যকা উৎক্রমেণ কন্যাসিংহকর্কাদ্যুৎক্রমেণ। এবকারো মেষবৃষাদিক্রমনিরার্থকঃ। তুলাদয়ঃ যড্রাশয় ইষ্টা জ্ঞাতস্বদেশোদয়াসুমানা ভবন্তি। তথা চ কন্যোদয়স্তুলায়াঃ। সিংহোদয়ো বৃশ্চিকস্য। কর্কোদয়ো ধনুষঃ। মিথুনোদয়ো মকরস্য। বৃষোদয়ঃ কুম্ভস্য। মেষোদয়ো মীনস্যেতি সিদ্ধম্। অত্রোপপত্তিঃ। কন্যান্তাদ্ধনুষোঽন্তস্তিথিমিতনাড়ীভিরুদ্বলয়ে। লগতি কুজে চোর্দ্ধস্থে পশ্চাৎ তাভিশ্চরাঢ্যাভিঃ॥ তদ্রহিতৈঃ খহুতাশৈঃ কন্যান্তো বা ঝষান্তো বা। চরখণ্ডৈরূনাঢ্যাস্তেন নিরক্ষোদয়াঃ স্বদেশে স্যুঃ। ইতি ভাস্করোক্ত্যা সুগমা॥" ইতি (সূ, সি)

সূর্য্যসিদ্ধান্তে লগ্নমান প্রাণ হিসাবে স্থির করা হইয়াছে; ৬ প্রাণে ১ পল হয়। অন্যান্য গ্রন্থকার উহাকে পল করিয়া লগ্নমান স্থির করিয়াছেন; কোন কোন গ্রন্থকার পলকে দণ্ড করিয়াও লগ্নমান গণনা করিয়া গিয়াছেন। এই সকল বিষয় পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। দ্বাদশ রাশির লগ্নমান-পল যাহা কথিত হইল, উহা যথাক্রমে দ্বাদশ রাশির প্রতি ৩০ অংশের সমান। লগ্নস্ফুট করিতে হইলে রবিস্ফুটের অংশকলাদিকে পল, বিপল করিয়া গণনা করিতে হয়। গণনার সুবিধার জন্য যেরূপে রাশিচক্রকে ৩৬০ অংশে বিভক্ত করিয়া এবং ঐ ৩৬০ অংশকে দ্বাদশ ভাগ করিয়া তাহার প্রতিভাগে ৩০ অংশ করা হইয়াছে, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে। বিষুবরেখার যে স্থানে সূর্য্যের আগমনে দিবা ও রাত্রিমান সমান হয়, সেই স্থান হইতে রবির বাৎসরিক গতির গণনা আরম্ভ হইয়া থাকে। রবির অতিক্রমে প্রথম রাশির ৩০ অংশ এবং দ্বিতীয় রাশির শেষ গমনে

৬০ অংশ পূর্ণ হয়, ঐরূপ তৃতীয় রাশির শেষ গমনে ৯০ অংশ, চতুর্থ রাশির শেষ পর্য্যন্ত গমনে ১২০ অংশ, ৫ম রাশির শেষ পর্য্যন্ত গমনে ১৫০ অংশ, ৬ষ্ঠ রাশির শেষ গমনে ১৮০ অংশ, সপ্তম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২১০ অংশ, ৮ম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২৪০ অংশ, নবম রাশির শেষ পর্য্যন্ত গমনে ২৭০ অংশ, দশম রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩০০ অংশ, একাদশ রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩৩০ অংশ এবং দ্বাদশ রাশির শেষ পর্য্যন্ত গমনে ৩৬০ অংশ পূর্ণ হয়।

এইরূপে বিষুবরেখাস্থিত লঙ্কায় সায়নমতে মেষ রাশির আরম্ভ হইতে ঐ রাশি অতিক্রম করিতে রবির ২৭৮ পল, বৃষের ৫৭৭ পল, মিথুন অতিক্রম করিতে ৯০০, কর্কট অতিক্রম করিতে ১২২৩, সিংহ অতিক্রম করিতে ১৫২২, কন্যা অতিক্রম করিতে ১৮০০, তুলা অতিক্রম করিতে ২০৭৮, বৃশ্চিক অতিক্রম করিতে ২৩৭৭, ধনুঃ অতিক্রম করিতে ২৭০০, মকর অতিক্রম করিতে ৩০২৩, কুম্ভ অতিক্রম করিতে ৩৩২২ এবং মীন রাশি অতিক্রম করিতে সূর্য্যের ৩৬০০ পল অতিবাহিত হয়।

ঐরূপে অস্মদ্দেশে রবির গমন নিরূপণ করিতে হইলে মেষরাশি অতিক্রম করিতে ২২৬ পল সময় অতীত হয়। এইরূপ বৃষ অতিক্রম করিতে ৪৮৪ পল, মিথুন অতিক্রম করিতে ৭৯০, কর্কট অতিক্রম করিতে ১১৩০, সিংহ অতিক্রম করিতে ১৪৭০, কন্যা অতিক্রম করিতে ১৮০০, তুলা অতিক্রম করিতে ২১৩০, বৃশ্চিক অতিক্রম করিতে ২৪৭০, ধনুঃ অতিক্রম করিতে ২৮১০, মকর অতিক্রম করিতে ৩১১৬, কুম্ভ অতিক্রম করিতে ৩৩৭৪ এবং মীন রাশি অতিক্রম করিতে সূর্য্যের ৩৬০০ পল অতীত হয়।

সূর্য্যসিদ্ধান্ত ও অন্যান্য জ্যোতির্ব্বিদ্‌গণ প্রাণ, দণ্ড, পল প্রভৃতি দ্বারা যেরূপে লগ্নমান স্থির করিয়াছেন, সাধারণের বিদিতার্থে তাহার একটী চক্র নিম্নে অঙ্কিত হইল।

রাশি	অংশ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান প্রাণ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান পল	সিদ্ধান্তরহস্যমতে অস্মদ্দেশের লগ্নমান পল	প্রাচীনমতে অস্মদ্দেশের লগ্নমান দণ্ড, পল	ইংরাজীমতে অস্মদ্দেশের লগ্নলান ঘণ্টা, মিনিট
মেষ	৩০	১৬৭০	২৭৮	২২৬	৩ । ৪৬	১ । ৩০ । ২৪
বৃষ	৩০	১৭৯৫	২৯৯	২৫৮	৪ । ১৮	১ । ৪৩ । ১২
মিথুন	৩০	১৯৩৫	৩২৩	৩০৬	৫ । ৬	২ । ২ । ২৪
কর্কট	৩০	১৯৩৫	৩২৩	৩৪০	৫ । ৪০	২ । ১৬ । ০
সিংহ	৩০	১৭৯৫	২৯৯	৩৪০	৫ । ৪০	২ । ১৬ । ০
কন্যা	৩০	১৬৭০	২৭৮	৩৩০	৫ । ৩০	২ । ১২ । ০

রাশি	অংশ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান প্রাণ	সূর্য্যসিদ্ধান্ত-মতে লঙ্কার লগ্নমান পল	সিদ্ধান্তরহস্যমতে অস্মদ্দেশের লগ্নমান পল	প্রাচীনমতে অস্মদ্দেশের লগ্নমান দণ্ড, পল	ইংরাজীমতে অস্মদ্দেশের লগ্নমান ঘণ্টা, মিনিট
তুলা	৩০	১৬৭০	২৭৮	৩৩০	৫। ৩০	২। ১২। ০
বৃশ্চিক	৩০	১৭৯৫	২৯৯	৩৪০	৫। ৪০	২। ১৬। ০
ধনু	৩০	১৯৩৫	৩২৩	৩৪০	৫। ৪০	২। ১৬। ০
মকর	৩০	১৯৩৫	৩২৩	৩০৬	৫। ৬	২। ২। ২৪
কুম্ভ	৩০	১৭৯৫	২৯৯	২৫৮	৪। ১৮	১। ৪৩। ১২
মীন	৩০	১৬৭০	২৭৮	২২৬	৩। ৪৬	১। ৩০। ২৪
১২	৩৬০	২১৩৬	৩৬০০	৩৬০০	৬০। ০	২৪। ০। ০

আদ্যঃ খণ্ডো মেষলগ্নং পরযোগাৎ পরস্পরং।
দ্বাদশোদয়খণ্ডাঃ স্যুরেবং লঙ্কোদয়োদ্ভবাঃ॥

প্রথম খণ্ডা লঙ্কোদয় খণ্ডার মেষলগ্নমান, তাহা হইতে ক্রমে ক্রমে পর পর খণ্ডা পূর্ব্ব পূর্ব্ব খণ্ডায় যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহাই তৎপর রাশির লগ্নমান। এই ক্রম অনুসারে লঙ্কোদয় খণ্ডার মেষাদি দ্বাদশ লগ্নমান স্থির হইবে।

পাঠকগণের সহজে বোধগম্য হইবার জন্য ইহার একটী খণ্ডা (টেবিল) তদ্বিবরণ সহ নিম্নে বিবৃত হইতেছে।

লঙ্কোদয় খণ্ডার বিবরণ।

প্রথমতঃ তির্য্যক্‌ভাবে পাঁচটী রেখা টানিয়া তাহার মধ্যে উপরিভাগ হইতে নিম্নদিকে তেরটী সরলরেখা টানিয়া ৪৮টী কোষ্ঠাসংযুক্ত একটী টেবিল অঙ্কিত করা হইয়াছে। এই টেবিলের উপরে প্রথম কোষ্ঠায় ১ এক, দ্বিতীয় কোষ্ঠায় ২, তৃতীয় কোষ্ঠায় ৩, চতুর্থ কোষ্ঠায় ৪, পঞ্চম কোষ্ঠায় ৫, ষষ্ঠ কোষ্ঠায় ৬, সপ্তম কোষ্ঠায় ৭, অষ্টম কোষ্ঠায় ৮, নবম কোষ্ঠায় ৯, দশম কোষ্ঠায় ১০, একাদশ কোষ্ঠায় ১১ এবং দ্বাদশ কোষ্ঠায় ১২ বিন্যস্ত করা হইয়াছে। তৎপরে প্রথম কোষ্ঠায় স্থাপিত ১ অঙ্কের নিম্নকোষ্ঠায় মেষ, দ্বিতীয়ে বৃষ, তৃতীয়ে মিথুন, চতুর্থে কর্কট, পঞ্চমে সিংহ, ষষ্ঠে কন্যা, সপ্তমে তুলা, অষ্টমে বৃশ্চিক, নবমে ধনুঃ, দশমে মকর, একাদশে কুম্ভ এবং দ্বাদশ কোষ্ঠায় স্থাপিত ১২ অঙ্কের নিম্নে মীন রাশি সংস্থাপিত হইয়াছে। অনন্তর মেষ অঙ্কিত কোষ্ঠার নিম্ন কোষ্ঠায় ৩০ অংশ, বৃষের নিম্নে ৬০ অংশ, মিথুনের নিম্নে ৯০, কর্কটের নিম্নে ১২০, সিংহের নিম্নে ১৫০,

লঙ্কোদয়খণ্ডা।

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনুঃ	মকর	কুম্ভ	মীন
অংশ	৩০	৬০	৯০	১২০	১৫০	১৮০	২১০	২৪০	২৭০	৩০০	৩৩০	৩৬০
লঙ্কোদয়খণ্ডাঃ	২৭৮	৫৭৭	৯০০	১২২৩	১৫২২	১৮০০	২০৭৮	২৩৭৭	২৭০০	৩০২৩	৩৩২২	৩৬০০
ভোগ্যাঃ	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮

লগ্নখণ্ডা।

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনুঃ	মকর	কুম্ভ	মীন
অংশ	৩০	৬০	৯০	১২০	১৫০	১৮০	২১০	২৪০	২৭০	৩০০	৩৩০	৩৬০
লগ্নখণ্ডাঃ	২২৬	৪৮৪	৭৯০	১১৩০	১৪৭০	১৮০০	২১৩০	২৪৭০	২৮১০	৩১১৬	৩৩৭৪	৩৬০০
ভোগ্যাঃ	২৫৮	৩০৬	৩৪০	৩৪০	৩৩০	৩৩০	৩৪০	৩৪০	৩০৬	২৫৮	২২৬	২২৬

কন্যার নিম্নে ১৮০, তুলার নিম্নে ২১০, বৃশ্চিকের নিম্নে ২৪০, ধনুর নিম্নে ২৭০, মকরের নিম্নে ৩০০, কুম্ভের নিম্নে ৩৩০ এবং মীন অঙ্কিত কোষ্ঠার নিম্ন কোষ্ঠায় ৩৬০ অংশ সন্নিবেশিত করা গিয়াছে। তদনন্তর যে কোষ্ঠায় ৩০ অংশ সন্নিবেশিত হইয়াছে, তাহার নিম্নকোষ্ঠায় লঙ্কোদয় পল ২৭৮ রাখিয়া তন্নিম্নে বৃষলগ্নমান ২৯৯ পল স্থাপন করত এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৫৭৭ কে ৬০ অংশাঙ্কিত কোষ্ঠার নিম্নে রাখিয়া তন্নিম্নে মিথুনের লগ্নমান ৩২৩ পল রাখা হইয়াছে। পরে এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৯০০ কে পূর্ব্ববৎ ৯০ অংশাঙ্কিত অর্থাৎ মিথুনের কোষ্ঠায় রাখিয়া তাহার নিম্নে কর্কটের লগ্নমান ৩২৩ স্থাপন পূর্ব্বক এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ১২২৩ কে কর্কটের কোষ্ঠায় রাখিয়া তন্নিম্নে সিংহের লগ্নমান পল ২৯৯ রাখা হইয়াছে। পরে এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ১৫২২ কে সিংহের কোষ্ঠায় রাখিয়া তন্নিম্নে কন্যার লগ্নপল ২৭৮ রাখিয়া এই উভয়ের যোগজাঙ্ক ১৮০০ কে * কন্যার কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে তুলার লগ্নমান ২৭৮ পল স্থাপন করা হইয়াছে, অনন্তর পূর্ব্ববৎ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২০৭৮ পলকে তুলার কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে বৃশ্চিকের লগ্নমান ২৯৯ পল রাখিয়া এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২৩৭৭ পলকে পূর্ব্বের ন্যায় বৃশ্চিকের কোষ্ঠায় স্থাপন করত তন্নিম্নে ধনুর লগ্নমান ৩২৩ পল রাখা গিয়াছে। তদনন্তর এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ২৭০০ পলকে ধনুর কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তন্নিম্নে মকরের লগ্নমান ৩২৩ পল রাখিয়া পূর্ব্ববৎ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৩০২৩ পলকে মকরের কোষ্ঠায় স্থাপন করত তাহার নিম্নে কুম্ভরাশির লগ্নমান ২৯৯ পল স্থাপিত করা হইয়াছে। অনন্তর পূর্ব্বের ন্যায় ৩০২৩ ও ২৯৯ এই উভয় অঙ্কের যোগজাঙ্ক ৩৩২২ কে কুম্ভের কোষ্ঠায় স্থাপন পূর্ব্বক তাহার নিম্নে মীনের লগ্নমান ২৭৮ পল রাখিয়া এতদুভয় অঙ্কের যোগজাঙ্ক ৩৬০০ পলকে দ্বাদশ অর্থাৎ মীনের কোষ্ঠায় ৩৬০ অংশ অঙ্কিত কোষ্ঠার নিম্নে স্থাপন করত তাহার নিম্নে মেষের লগ্নমান ২৭৮ পল সন্নিবেশিত হইয়াছে। এই যে ৩৬০০ পল সন্নিবেশিত হইয়াছে, ইহা ৩৬০ অংশের সমান অর্থাৎ অংশ না বলিয়া পল বলা হইয়াছে।

লগ্নখণ্ডার বিবরণ।

লঙ্কোদয়খণ্ডার টেবিলে যেরূপে রাশি ও লগ্নপল বিন্যস্ত হইয়াছে, লগ্নখণ্ডার টেবিলেও সেইরূপে বিন্যাস করা গিয়াছে। কেবল এই মাত্র প্রভেদ যে, লঙ্কোদয় পল স্থানে এতদ্দেশের মেষাদি মীন পর্য্যন্ত লগ্নমান পল বিন্যস্ত হইয়াছে, অর্থাৎ মেষের কোষ্ঠায় ২২৬ ও তন্নিম্নে বৃষের লগ্নমান ২৫৮ পল; বৃষের কোষ্ঠায় মেষের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের

* ইহাই রাশিচক্রের অর্দ্ধেক অর্থাৎ ১৮০ অংশের সমান।

যোগজাঙ্ক ৪৮৪ ও তন্নিম্নে মিথুনের লগ্নপল ৩০৬; মিথুনের কোষ্ঠায় বৃষের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৭৯০ রাখিয়া তন্নিম্নে কর্কটের লগ্নমান ৩৪০ পল; কর্কটের কোষ্ঠায় মিথুনের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১১৩০ পল ও তন্নিম্নে সিংহের লগ্নমান ৩৪০ পল; সিংহের কোষ্ঠায় কর্কটের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১৪৭০ পল ও তন্নিম্নে কন্যার লগ্নমান ৩৩০ পল; কন্যার কোষ্ঠায় সিংহের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ১৮০০ পল ও তন্নিম্নে তুলার লগ্নমান ৩৩০ পল; তুলার কোষ্ঠাতে কন্যার কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২১৩০ পল ও তাহার নিম্নে বৃশ্চিকের লগ্নমান ৩৪০ পল; বৃশ্চিকের কোষ্ঠায় তুলার কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২৪৭০ পল ও তন্নিম্নে ধনুর লগ্নমান ৩৪০ পল; ধনুর কোষ্ঠায় বৃশ্চিকের কোষ্ঠাস্থ অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ২৮১০ পল ও তাহার নিম্নে মকরের লগ্নমান ৩০৬ পল; মকরের কোষ্ঠায় ধনুর কোষ্ঠাস্থিত দুই অঙ্কের যোগজাঙ্ক ৩১১৬ পল ও তন্নিম্নে কুম্ভের লগ্নমান ২৫৮ পল; কুম্ভের কোষ্ঠাতে মকরের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৩৩৭৪ পল ও তাহার নিম্নে মীনের লগ্নমান ২২৬ পল এবং মীন রাশির কোষ্ঠাতে কুম্ভের কোষ্ঠাস্থিত অঙ্কদ্বয়ের যোগজাঙ্ক ৩৬০০ পল রাখিয়া তাহার নিম্নে মেষের এতদ্দেশীয় লগ্নমান ২২৬ পল বিন্যস্ত করা হইয়াছে।

লগ্নমান সকল যোগ করিয়া যে দ্বাদশ রাশির দ্বাদশ কোষ্ঠায় বিন্যস্ত হইয়াছে, তোষিণীগ্রন্থকার ইহারই নাম খণ্ডা এবং ঐ সকল অঙ্কের নিম্নে যে তাহার পর পর রাশির লগ্নমান স্থাপিত করা হইয়াছে, তাহার নাম ভোগ্য নির্দ্দেশ করিয়াছেন। কোন গ্রহ কোন রাশিতে পূর্ণ গমন করিয়া তাহার পর রাশিতে প্রবিষ্ট হইলে যে রাশিতে পূর্ণ গমন হইয়াছে, তাহাকে ভুক্তরাশি এবং যে রাশিতে প্রবেশ করিয়াছে, অথচ সমস্ত অংশে গমন শেষ হয় নাই, তাহাকেই ভোগ্য কহে। অর্থাৎ যে রাশিতে পূর্ণ গমন হয় নাই, তাহার নাম ভোগ্য রাশি। এই রাশির অঙ্ককেই অনুখণ্ডা কহে।

নিরক্ষ দেশের উত্তর অক্ষাংশে মেষ, বৃষ, মিথুন এবং মকর, কুম্ভ, মীন এই ছয় রাশির উদয়ের লগ্নমান ঐ নিরক্ষদেশ হইতে ন্যূন হয়, আর অবশিষ্ট ছয় রাশির উদয় হইতে অধিক সময় অতীত হইয়া থাকে।

লগ্ন কথন।

লগ্নস্ফুট গণনার প্রণালী বলিবার অগ্রে লগ্ন কাহাকে বলে, তাহা জানা আবশ্যক; সুতরাং পাঠকবর্গের বিদিতার্থে ভাস্করাচার্য্যের ত্রিপ্রশ্নাধ্যায়ের ২৬ ষড়্‌বিংশতি শ্লোক যাহাতে লগ্ন শব্দের বুৎপত্তি প্রভৃতি প্রকটিত আছে এস্থলে উদ্ধৃত হইল। যথা—

"যত্র লগ্নমপমণ্ডলং কুজে তদ্‌গৃহাদ্যমিহ লগ্নমুচ্যতে।
প্রাচি পশ্চিমকুজেঽস্তলগ্নকং মধ্যলগ্নমিতি দক্ষিণোত্তরে॥"

অর্থাৎ যে কোন সময় চক্রবালের পূর্ব্বদিকে রবিমার্গের যে স্থান দৃষ্ট হয়, তাহারই নাম লগ্ন। সায়ন মেষ রাশির আরম্ভ হইতে অংশ-কলাদি করিয়া এই লগ্ন গণিত হইয়া থাকে। চক্রবালের পশ্চিম দিকে ঐ রেখাতে যে লগ্ন দৃষ্ট হয়, তাহার নাম অস্তলগ্ন এবং মধ্যস্থলে অর্থাং আমাদিগের মস্তকোপরি রবিমার্গের যে স্থান দৃষ্ট হয়, তাহাকে মধ্যলগ্ন বা দশমলগ্ন কহে।

লগ্নস্ফুটসাধনং।

তাৎকালিকরবিস্পষ্টাৎ সায়নাদ্রাশিসংখ্যয়া। খণ্ডো গ্রাহ্যোহংশকাস্তোগ্য-হতাৎ খানললব্ধযুক্॥ ইষ্টদণ্ডপলৈশ্চাঢ্যস্তস্মাৎ খণ্ডং বিশোধয়েৎ। শেষঃ খাগ্নিহতঃ শুদ্ধখণ্ডভোগ্যেন ভাজিতঃ॥ অংশাদি স্যাৎ শুদ্ধখণ্ডসংখ্যরাশিং বিমিশ্রয়েৎ। অয়নাংশবিযুক্ লগ্নং সষড়্ভং সপ্তমং ভবেৎ॥

তাংকালিক অর্থাৎ জন্ম কিম্বা প্রশ্নাদি সময়ে রবিস্ফুটের যে রাশি অংশ কলাদি হইবে, তাহাকে নিম্নলিখিত প্রণালীমতে পলবিপলাদি করিয়া এক স্থানে সংস্থাপন করিবে। পরে ইষ্টদণ্ডকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল যত পল হইবে, তাহা পূর্ব্বোক্ত রবিস্ফুটের পলবিপলাদির সহিত যোগ করিবে। (যদি যোগজাঙ্ক ৩৬০০ পলের অধিক হয়, তাহা হইলে ঐ যোগজাঙ্ক হইতে ৩৬০০ পল বিয়োগ করিতে হইবে।) অনন্তর উক্ত যোগজাঙ্ক বা বিয়োগাবশিষ্ট পলাঙ্ককে নিম্নলিখিত প্রক্রিয়ামতে রাশি-অংশ-কলা করিলে যাহা হইবে, তাহাই লগ্নস্ফুট অর্থাৎ জন্ম কিম্বা প্রশ্নকালে চক্রবালে (Horizon) কোন্ লগ্নের কোন্ অংশাদি উদিত ছিল, তাহা নিরূপিত হইবে। তৎপরে ঐ লগ্নস্ফুট হইতে অয়নাংশ বিয়োগ করিলেই নিরয়ণ লগ্নস্ফুট স্থির হইবে।

প্রথমতঃ দেখিতে হইবে যে, রবির স্ফুটের রাশির সংখ্যার সহিত উপরের লিখিত লগ্নখণ্ডার কোন্ সংখ্যক খণ্ডা অর্থাৎ কোন্ কোষ্ঠা সমান হয়। যে কোষ্ঠার অঙ্কের সহিত সমান হইবে, সেই কোষ্ঠার পলাঙ্ককে এক স্থানে সংস্থাপিত করিবে। পরে রবির অবশিষ্ট অংশ কলাদিতে কত পলাদি হইবে, তাহা জানিতে হইলে ঐ গৃহীত রাশির পলাঙ্ককে তাহার পর খণ্ডার কোষ্ঠার অঙ্ক হইতে বিয়োগ করিয়া বিয়োগাবশিষ্ট পলাঙ্ক (ভোগ্য) দ্বারা ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ঐ ভোগ্য অর্থাৎ লগ্নমানের সংখ্যা ঐ পলাঙ্ক হয়, তাহা হইলে রবির অবশিষ্ট অংশকলাদিতে কত পল হইবে? এস্থলে ভোগ্যের ঐ পলাঙ্কসংখ্যাকে রবির স্ফুটের অংশকলাদি দ্বারা গুণ করিয়া ৩০ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহাই রবিস্ফুটের অংশ-কলাদির সমান পলাঙ্ক হইবে। এই পলাঙ্ক পূর্ব্বস্থাপিত স্ফুটের সমান পলাঙ্কের সহিত যোগ করিলে যে পলাঙ্ক হইবে, (ইহাকেই প্রকারান্তরে বাৎসরিক রবিভুক্তি বলা যায়)

তাহার সহিত ইষ্টদণ্ডের পলাঙ্ক যোগ দিলে যোগজাঙ্ক যাহা হইবে, তাহাকে যেরূপে রাশি-অংশ কলাদি করিতে হইবে, তাহা নিম্নে কথিত হইতেছে।

এইক্ষণ রবিস্ফুটের রাশ্যাদির সমান পলাঙ্কের সহিত ইষ্টদণ্ডের পলাঙ্ক যোগ করিলে যাহা হয়, সেই যোগজাঙ্ক-পলে কত রাশি-অংশ-কলাদি হইবে, তাহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ঐ সংখ্যক পল হইতে লগ্নখণ্ডার টেবিলের লিখিত কোন্ কোষ্ঠার পলসংখ্যা বিয়োগ হইতে পারে। যত সংখ্যক কোষ্ঠার পল বিয়োগ হইতে পারে, তত সংখ্যক রাশির অঙ্ককে এক স্থানে সংস্থাপন করিবে। তৎপরে বিয়োগাবশিষ্ট পলে কত অংশ কলা বিকলাদি হইবে, ত্রৈরাশিক দ্বারা তাহা জানিতে হইবে, সুতরাং বিয়োজিত রাশির খণ্ডার অঙ্ককে তাহার পর খণ্ডা অর্থাৎ পর কোষ্ঠার পলাঙ্ক হইতে বিয়োগ করিবে। বিয়োগফলের নামই শুদ্ধ ভোগ্যখণ্ডাঙ্কপল। এইক্ষণ দেখিতে হইবে যে যদি ঐ শুদ্ধ ভোগ্যখণ্ডাঙ্ক পলে ৩০ অংশ হয়, তাহা হইলে পূর্ব্ববিয়োগাবশিষ্ট পলে কত-অংশ হইবে? এজন্য ৩০ অংশকে বিয়োগাবশিষ্ট পল দ্বারা গুণ করিয়া শুদ্ধভোগ্য খণ্ডাঙ্ক পল দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহাই অংশাদি হইবে। এই অংশাদি পূর্ব্বস্থাপিত রাশির সহিত যোগ দিলে যে রাশি-অংশ-কলাদি হইবে, তাহাই সায়ন লগ্নস্ফুট। ঐ সায়ন লগ্নস্ফুট হইতে অয়নাংশ বিয়োগ করিলেই নিরয়ণমতে লগ্ন-স্ফুট হইবে।

সূর্য্যসিদ্ধান্তে লগ্নস্ফুট গণনার প্রণালী যেরূপ লিখিত আছে, তাহা পাঠকবর্গের বিদিতার্থে ঐ গ্রন্থের ত্রিপ্রশ্নাধ্যায়ের ৪৫শ শ্লোক হইতে ৪৮শ শ্লোক পর্য্যন্ত টীকা সমেত নিম্নে উদ্ধৃত করা হইল, ঐ মতে দুইপ্রকারে লগ্ন সাধিত হইয়া থাকে, পাঠ করিলেই অবগতি হইবে। যথা—

"গতভোগ্যাসবঃ কার্য্যা ভাস্করাদিষ্টকালিকাৎ।
স্বোদয়াসুহতা ভুক্তভোগ্যা ভক্তাঃ খবহ্নিভিঃ॥

অথাভীষ্টকালে ঋণধনলগ্নসাধনার্থং গতভোগ্যাসূনাহ। ইষ্টকালে চালনেন সঞ্জাতাৎ-সূর্য্যাদ্গতভোগ্যাসবঃ। গতাসবো ভোগ্যাসবশ্চ সাধ্যাঃ। কথং সাধ্যা ইত্যত আহ। স্বোদয়াসুহতা ইতি। ভুক্তভোগ্যাঃ সূর্য্যাক্রান্তরাশের্যে ভুক্তভাগাঃ সূর্য্যস্ত ভাগাদ্যবয়বা-ত্মকা এতে ত্রিংশতঃ শুদ্ধা ভোগ্যভাগাঃ। সূর্য্যাক্রান্তরাশেঃ স্বদেশোদয়াসুভির্গুণিতা-স্ত্রিংশতা ভক্তা গতাসবো ভোগ্যাসবঃ ক্রমেণ ভবন্তি। অত্রোপপত্তিঃ। যস্মিন্ কালে লগ্নং সাধ্যং তস্মিন্ কালে সূর্য্যঃ সাধ্যোঽন্যথা তাৎকালিকলগ্নসিদ্ধির্ন স্যাৎ। অথৈতদর্থং সূর্য্যাক্রান্তরাশের্ভুক্তাসবো ভোগ্যাসবশ্চ সাধ্যাঃ। সূর্য্যোদয়াৎ তৎকালপর্য্যন্তং পূর্ব্বা-গ্রিমকালয়োস্তদ্রাশের্লগ্নত্বাৎ। অনন্তরং চ রাশ্যুদয়াসুগণনয়া লগ্নজ্ঞানস্য সুশক্যত্বাচ্চ।

অতস্ত্রিংশদ্ভাগৈরুদয়াসবস্তদা ভুক্তভোগ্যভাগৈঃ ক ইতি ভুক্তভোগ্যকালাসবঃ। অত্রোদয়কালাস্বনাং সম্পাতাবধি রাশিগ্রহণেনোৎপন্নত্বাৎ সূর্য্যোঽয়নাংশসংস্কৃতো গ্রাহ্যঃ। অন্যথা সূর্য্যাক্রান্তরাশেরুক্তোদয়সম্বন্ধাভাবাদসঙ্গতত্বাপত্তেঃ। অত এব 'যুক্তায়নাংশাদপমঃ প্রসাধ্যঃ কালৌ চ খেটাৎ খলু ভুক্তভোগ্যৌ।' ইতি ভাস্করাচার্য্যোক্তং সঙ্গচ্ছতে। ননূক্তরীত্যৌদয়িকার্কাদেব ভুক্তভোগ্যাসবঃ সাধ্যাঃ সূর্য্যোদয়াৎ তৎকালাবধি তত্রাশের্লগ্নত্বাৎ। নহীষ্টকালে তদ্রাশের্লগ্নং যেন তদ্গতভোগ্যাসবঃ সাধবঃ। নাপি তাৎকালিকার্কাৎ সূর্য্যোদয়াবধিকাস্তে তাৎকালিকার্কস্য সূর্য্যোদয়কালিকত্বাভাবাৎ। তৎ কথং ভগবতা সর্ব্বজ্ঞেন ভাস্করাদিষ্টকালিকাদিত্যুক্তমিতি চেৎ। উচ্যতে। উদয়ানাং নাক্ষত্রত্বান্নাক্ষত্রঘট্যো গ্রাহ্যাস্তাস্থসিদ্ধাঃ। সর্ব্বত্র সাধিতঘটীনাং সাবনত্বাৎ। তাসাং নাক্ষত্রীকরণমাবশ্যকমন্যথা তদ্গণনানুপপত্তেঃ তদর্থং গ্রহোদয়প্রাণহৃতা ইত্যাদ্যুক্ত্যা ষষ্টিসাবনঘটীষু গতিকলোৎপন্নাসবোঽধিকা নাক্ষত্রত্বার্থং তদেষ্টসাবনঘটীষু কিয়দধিকমিত্যনুপাতেনাগতফলযুক্তাঃ সাবনাঃ কার্য্যাঃ। তত্রাগতফলস্য ক্ষেত্রাবয়বোদয়াসুভিরষ্টাদশশতকলাস্তদা গতাসুভিঃ কা ইত্যনুপাতসিদ্ধাষ্টাদশশতোদয়াস্বোগুণহরয়োস্তুল্যত্বেন নাশাদবশিষ্টচালনস্বরূপঃ সূর্য্যে যোজিতঃ। সাবনাস্ববিকৃতা এব স্থিতাঃ। তথা চেষ্টকালিকোঽর্কো যৎকালে লগ্নং তৎকালাৎ পূর্ব্বগৃহীতসাবনঘট্যো নাক্ষত্রা এব ভবন্তীতি ভগবতা সম্যগুক্তম্ ভাস্করাদিষ্টকালিকাদিতি। অনেনৈবাভিপ্রায়েণ ভাস্করাচার্য্যৈরপ্যুক্তম্। 'লগ্নার্থমিষ্টঘটিকা যদি সাবনাস্তাস্তাৎকালিকার্ককরণেন ভবেয়ুরার্ক্ষ্যাঃ। আর্ক্ষ্যোদয়া হি সদৃশীভ্য ইহাপনেয়াস্তাৎকালিকত্বমথ ন ক্রিয়তে যদার্ক্ষ্যঃ' ইতি॥

অভীষ্টঘটিকাসুভ্যো ভোগ্যাসূন্ প্রবিশোধয়েৎ।
তদ্বৎ তদেষ্যলগ্নাসূনেবং যাতান্ তথোৎক্রমাৎ॥
শেষং চেৎ ত্রিংশতাভ্যস্তমশুদ্ধেন বিভাজিতম্।
ভাগহীনং চ যুক্তঞ্চ তল্লগ্নং ক্ষিতিজে তদা॥

অথাভীষ্টঘটিকাভ্য ঋণধনলগ্নসাধনং শ্লোকাভ্যামাহ। অভীষ্টকালে যাঃ সূর্য্যোদয়ঘটিকাস্তাসামসুভ্যো ভোগ্যাসূন্ শোধয়েৎ। তদনন্তরং তদেষ্যলগ্নাসূন্। সূর্য্যাক্রান্তরাশেরগ্রিমরাশয় এষ্যলগ্নানি। তেষামুদয়াসূনপি তদ্বৎ ক্রমেণ শোধয়েৎ। এবমুক্তরীত্যা শেষঘটিকাসুভ্যো যাতান্ ভুক্তাসূন্ ভুক্তরাশ্যুদয়াসূংশ্চ ব্যস্তক্রমাৎ তথা শোধয়েৎ। যো রাশ্যুদয়ো ন শুদ্ধ্যতি সোঽশুদ্ধস্তেন ত্রিংশতা গুণিতং শেষং ভক্তম্। 'চেদিত্যনেন শেষাভাবে ক্রিয়া ন কার্য্যা শূন্যফলসিদ্ধেরিতি সূচিতম্। ফলেন ভাগাদিনা ভুক্তসম্বন্ধেন হীনং চকারাদশুদ্ধরাশিসংখ্যামানং ভোগসম্বন্ধভাগাদিফলেন যুক্তং চকারাদন্তিমশুদ্ধরাশিসংখ্যামানং তদাগতরাশ্যাদিমানসম্বন্ধিসম্পাতাবধিকক্রান্তিবৃত্তৈকপ্রদেশরূপং তদাভীষ্টকালে

ক্ষিতিজে ক্ষিতিজবৃত্তপূর্ব্ববিভাগে লগ্নং সম্বন্ধসূত্রসম্বন্ধেন লগ্নস্বরূপোক্ত্যাভীষ্টকালে তল্লগ্নং স্যাদিত্যর্থঃ। ফলাদেশার্থং গ্রহাণাং রেবতীযোগতারাসন্নাবধিতো গ্রহাৎ তৎপঙ্ক্তিস্থলগ্নস্যাপি ফলাদেশার্থং তদেব সমুচিতং গ্রহণমিত্যাগতলগ্নং সম্পাতাবধিকময়নাংশৈর্ব্যস্তং সংস্কুর্য্যাদিতি স্বতঃ সিদ্ধমিতি নোক্তম্। ন চ পূর্ব্বমেব সূর্য্যস্যায়নাংশসংস্কারানুক্ত্যা লগ্নমপি যথাস্থিতমিত্যয়নাংশব্যস্তসংস্কারোঽনুক্তঃ সঙ্গত ইতি বাচ্যম্। স্থূলত্বাল্লগ্নার্থং সূর্য্যেঽয়নাংশসংস্কারস্তস্য তৎসংস্কৃতাদ্ গ্রহাৎ ক্রান্তিচ্ছায়াচরদলাদিকমিত্যত্রাদিপদসংগৃহীতত্বাচ্চ। অথ ভগবতায়নাংশব্যস্তসংস্কারঃ কণ্ঠেন নোক্ত ইতি লগ্নং সম্পাতাবধিকমেব ফলাদেশার্থং গৃহীতম্। সূর্য্যস্য তু লগ্নার্থময়নাংশসংস্কারস্যাবশ্যকত্বাৎ। উদয়ানাং সম্পাতাবধিকত্বাদিতি চেন্নৈবম্। ভাগহীনঞ্চ যুক্তঞ্চ তল্লগ্নং ক্ষিতিজে তদা। ইত্যর্দ্ধস্যাবৃত্ত্যাগ্রিমশ্লোকাদিস্থপ্রাক্পশ্চাদিত্যস্যাবৃত্ত্যা চ প্রাক্পশ্চাচ্চক্রচলনে ভাগৈরয়নাংশৈঃ ক্রমেণ হীনং যুক্তং লগ্নং স্যাদিত্যর্থেন ভগবতঃ কণ্ঠোক্তেঃ সিদ্ধত্বাচ্চ। অত্রোপপত্তিঃ। অভীষ্টঘটিকাসুভ্যো ভোগ্যগতাসুশোধনে সূর্য্যাক্রান্তরাশির্লগ্নং নেতি জ্ঞাতম্। ততোঽগ্রিমপশ্চাদ্রাশ্যুদয়শোধনে শুদ্ধো রাশির্লগ্নং নেতি জ্ঞাতম্। ততো যো রাশ্যুদয়ো ন শুদ্ধ্যতি স এব রাশিরভীষ্টকালে ক্ষিতিজে লগ্ন ইতি। তস্য কো ভাগো লগ্ন ইতি জ্ঞানার্থমশুদ্ধরাশ্যুদয়াসুভিস্ত্রিংশদ্ভাগাস্তদা শেষাসুভিঃ ক ইত্যনুপাতেন ভুক্তভোগ্যক্রমেণ লগ্নরাশের্ভোগ্যভুক্তভাগাদিকং সিদ্ধম্। তত্র ভোগ্যভাগাস্ত্রিংশতঃ শুদ্ধা গতা ভাগা লগ্নরাশের্ভবন্তীত্যশুদ্ধরাশিসংখ্যাতো ভোগ্যভাগা শুদ্ধা লগ্নং ভবতি। ভুক্তভাগাশ্চ ভুক্তরাশিসংখ্যায়াং যুক্তা লগ্নং ভবতি। অয়নাংশব্যস্তসংস্কারো গ্রহপঙ্ক্তিস্থত্বার্থম্। অন্যথা ফলাদেশার্থং গ্রহা অয়নাংশসংস্কৃতা গ্রাহ্যা ইতি সর্ব্বং নিরবদ্যম্॥

প্রাক্পশ্চান্নতনাড়ীভিস্তস্মাল্লঙ্কোদয়াসুভিঃ।
ভানৌ ক্ষয়ধনে কৃত্বা মধ্যলগ্নং তদা ভবেৎ॥

অথ প্রসঙ্গান্মধ্যলগ্নানয়নং লগ্নানয়নবিশেষসূচনার্থমাহ। দিনার্দ্ধান্তর্গতদিনগতশেষহীনং দিনার্দ্ধং ক্রমেণ প্রাক্ পশ্চিমং নতং রাত্র্যর্দ্ধান্তর্গতরাত্রিশেষগতযুতং দিনার্দ্ধং প্রাক্ পশ্চিমং নতং জাতকপদ্ধতৌ প্রসিদ্ধম্। নতঘটিকাভিস্তস্মাৎ তাৎকালিকসূর্য্যাৎ। নিরক্ষদেশরাশ্যুদয়াসুভিঃ পূর্ব্বোক্তপ্রকারেণ সিদ্ধরাশিভাগাদিকং প্রাক্পশ্চিমনতক্রমেণ সূর্য্যে ক্ষয়ধনে হীনযুতে কৃত্বা তদাভীষ্টকালে মধ্যলগ্নং দশমলগ্নং স্যাৎ। অয়মভিপ্রায়ঃ। প্রাঙ্নতে নতঘট্যসুভ্যঃ সূর্য্যাক্রান্তরাশের্নিরক্ষোদয়াসুভির্ভুক্তাসূন্ বিশোধ্য তৎপূর্ব্বরাশীনাং নিরক্ষোদয়াসূংশ্চ বিশোধ্য শেষং ত্রিংশদ্গুণমশুদ্ধনিরক্ষোদয়ভক্তং ফলেন ভাগাদিনা শোধিতগৃহসঙ্খ্যাতুল্যরাশিভিশ্চ সূর্য্যো হীনো মধ্যলগ্নম্। এবং পশ্চিমনতে নতঘট্যসুভ্যঃ সূর্য্যাক্রান্তরাশের্নিরক্ষোদয়াসুভির্ভোগ্যাসূন্ বিশোধ্য তদগ্রিমরাশীনাং নিরক্ষোদয়াসূংশ্চ

বিশোধ্য শেষং ত্রিংশদ্‌গুণমশুদ্ধনিরক্ষোদয়ভক্তং ফলেন ভাগাদিনা শোধিতগ্রহসংখ্যাতুল্য-রাশিভিশ্চ সূর্য্যো যুতো মধ্যলগ্নম্। এবং ভুক্তভোগ্যাসুভ্যোঽল্পকালেঽপীষ্টাসবস্ত্রিংশদ্‌-গুণিতাঃ সূর্য্যাক্রান্তরাশ্যুদয়ভক্তাঃ ফলেন ভাগাদিনা হীনযুতোঽর্কো মধ্যলগ্নং স্যাৎ। অনেন প্রকারেণ লগ্নমপি সাধ্যম্। অত্রোপপত্তিঃ। ঊর্দ্ধযাম্যোত্তরবৃত্তে যঃ ক্রান্তিবৃত্ত-প্রদেশো লগ্নস্তন্মধ্যলগ্নম্। তৎসাধনার্থমভীষ্টকালে যাম্যোত্তরবৃত্তাদ্ধ্যুরাত্রবৃত্তে সূর্য্যো যাবতা ঘটীবিভাগাদিনা নতঃ স নতকালঃ। প্রাক্‌পশ্চিমকপালয়োঃ প্রাক্‌পশ্চিমসংজ্ঞঃ। অর্দ্ধরাত্রমারভ্যদিনার্দ্ধপর্য্যন্তং প্রাক্কপালম্। দিনার্দ্ধমারভ্যার্দ্ধরাত্রপর্য্যন্তং পশ্চিমকপালম্। তত্র প্রাঙ্‌নতে সূর্য্যস্য যাম্যোত্তরবৃত্তাৎ পূর্ব্বস্থত্বেন সূর্য্যাৎ পূর্ব্বরাশিভাগ এব যাম্যোত্তর-বৃত্তলগ্ন ইতি সূর্য্যাদুনমৃণলগ্নরীত্যা নতঘটীভিঃ সাধ্যম্। পশ্চিমনতে তু সূর্য্যস্য যাম্যোত্তর বৃত্তাৎ পশ্চিমস্থত্বেন সূর্য্যাগ্রিমরাশের্ম্মধ্যলগ্নত্বাৎ সূর্য্যাদধিকক্রমলগ্নরীত্যা নতঘটীভিঃ সাধ্যম্। তত্রোদ্বৃত্তাদ্ যাম্যোত্তরবৃত্তস্য পঞ্চদশঘট্যন্তরেণ নিয়তং সত্বান্নিরক্ষোদয়াসুভিঃ সাধ্যমিতি। শেষক্রিয়োপপত্তিস্ততিস্পষ্টতরেতি সংক্ষেপঃ॥” ইতি সূর্য্যসিদ্ধান্তঃ।

লগ্নস্ফুটের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময় বা ১৫ দণ্ড ৩৫ পল সময়ে কোন বালকের জন্ম বা প্রশ্নাদি হইলে দেখা যাইতেছে যে ঐ সময়ে রবির স্ফুট ০ রাশি, ০ অংশ, ৫৫ কলা, ৪৬ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলা। * উহার সহিত ঐ দিব-সের তাৎকালিক অয়নাংশ ২০ অংশ, ৪৯ কলা, ১৭ বিকলা যোগ করিলেই সায়ন রবি-রবিস্ফুট ০ রাশি, ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলা হইল। এইক্ষণ পূর্ব্বোক্ত নিয়মে ঐ সায়ন রবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২১।৩৪ রাশ্যাদিকে পল করিতে হইবে, সুতরাং দেখা যাইতেছে যে, ভুক্তরাশির সংখ্যা ০ শূন্য অর্থাৎ ১২। এই ১২ বা মীন রাশির সংখ্যায় খণ্ডা ৩৬০০ কে এক স্থানে স্থাপন করিতে হইবে। পরে ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ভোগ্য ২২৬ পল হয়, তাহা হইলে রবিস্ফুটের অবশিষ্টাঙ্ক ২১ অংশ, ৪৪ কলা, ৫৮ বিকলা, ২১ অনুকলা, ৩৪ প্রত্যনুকলাতে কত পল হইবে? সুতরাং ঐ ভোগ্যাঙ্ক ২২৬ কে ঐ ২১।৪৪।৫৮।২১।৩৪ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দিয়া ভাগ করিলেই উহা নিষ্পন্ন হইবে। এইজন্য ভোগ্যাঙ্ক ২২৬ কে অবশিষ্ট রবি-স্ফুটের অংশাদি ২১।৪৪।৫৮।২১।৩৪ দিয়া পূরণ করিলে গুণফল ৪৯১৫।২৩।৪৯।১৪।২১ হয়। ইহাকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ১৬৩।৫০।৪৭।২২।২৮।৪২ হইল। এই অঙ্ককে পূর্ব্বস্থাপিত খণ্ডা ৩৬০০ এর সহিত যোগ করিলে যোগজাঙ্ক ৩৭৬৩।৫০।৪৭।২২।২৮।৪২ হয়। পরে পূর্ব্বোক্ত ইষ্টদণ্ড ১৫ কে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩৫ পলের সহিত যোগ

* ইহা এই ফলিতজ্যোতিষের ১ম খণ্ডের ৪৩ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

করিলে ৯৩৫ পল হইল। ঐ ৯৩৫ পলকে পূর্ব্বাঙ্ক ৩৭৬৩ ইত্যাদির সহিত যোগ দিলে যোগজাঙ্ক ৪৬৯৮।৫০।৪৭।২২।২৮।৪২ হইল। এইক্ষণ দেখা যাইতেছে যে, এই অঙ্ক ১২ রাশি বা এক ভগণ অপেক্ষা অধিক; এজন্য ইহা হইতে ১২ রাশির অঙ্ক ৩৬০০ বিয়োগ করিয়া দেখিতে হইবে যে, অবশিষ্ট ১০৯৮ পলে কত রাশি-অংশাদি হইতে পারে। ইহা জানিতে হইলে দেখিতে হইবে যে, ঐ পল হইতে পূর্ব্বোক্ত লগ্নখণ্ডার কোষ্ঠা সকলের মধ্যে কোন কোষ্ঠার অঙ্কসংখ্যা বিয়োগ হইতে পারে; সুতরাং এখানে দেখা যাইতেছে যে, ঐ লগ্নখণ্ডার তৃতীয় কোষ্ঠার অঙ্ক ৭৯০ পূর্ব্বোক্ত পলসংখ্যা হইতে বিয়োগের যোগ্য; অতএব ঐ অঙ্ক হীন করিয়া অবশিষ্ট ৩০৮।৫০।৪৭।২২।২৮।৪২ রহিল। আর ঐ তিন রাশির অঙ্ক হীন হইয়াছে বলিয়া জানা গেল যে, ঐ সময়ে তিন রাশি অতিক্রান্ত হইয়াছে, সুতরাং ঐ তিনকে এক স্থানে সংস্থাপন করা গেল। তৎপরে অবশিষ্ট ৩ ৮।৫০।৪৭।২২।২৮।৪২ পলাদিতে কত অংশাদি হইবে, তাহা জানিতে হইবে; সুতরাং ঐ তিন রাশির খণ্ডাকে পরবর্ত্তী অনুখণ্ডা ১১৩০ হইতে বিয়োগ করিলে ৩৪০ অবশিষ্ট রহিল, ইহাই ঐ তিন রাশির শুদ্ধভোগ্য। এইক্ষণ ত্রৈরাশিক করিয়া দেখিতে হইবে যে, যদি ৩৪০ পলে ৩০ অংশ হয়, তাহা হইলে ৩০৮।৫০।৪৭।২২।২৮।৪২ পলাদিতে কত হইবে? সুতরাং ঐ ৩০৮ প্রভৃতি পলাদিকে ৩০ দ্বারা গুণ করিলে গুণফল ৯২৬৫।২৩।৪১।১৪।২১ হইল। পরে ইহাকে ৩৪০ দিয়া ভাগ করিলে ২৭।৯।৪৬।১৯ অংশাদি লব্ধ হয়। অনন্তর ইহার সহিত পূর্ব্বস্থাপিত রাশি ৩ কে যোগ দিয়া যে ৩।২৭।৯।৪৬।১৯ হইল, ইহাই ঐ সময়ের সায়ন লগ্নস্ফুট অর্থাৎ ঐ সময়ে কর্কটলগ্নের ২৭ অংশ, ৯ কলা, ৪৬ বিকলা, ১৯ অনুকলা অতীত হইয়াছে স্থির হইল। এইক্ষণ নিরয়ণমতে লগ্নস্ফুট করিতে হইলে ঐ সায়ন লগ্নস্ফুট হইতে তাৎকালিক অয়নাংশ ২০।৪৯।১৬।৩০ হীন করিতে হইবে। উহা বিয়োগ করিলে যে ৩।৬।২০।৩৪।১৯ হয়, ইহাই ঐ সময়ের নিরয়ণ লগ্নস্ফুট অর্থাৎ ঐ সময় চক্রবালের পূর্ব্বে কর্কটরাশির ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা উদিত হইয়াছে; ইহারই অপর নাম তনুভাব। ইহার সহিত ৬ রাশি যোগ দিলে যে ৯।৬।২০।৩৪।১৯ হয়, ইহাই জায়াভাব অর্থাৎ মকররাশির ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা সপ্তমভাব।

দশমলগ্নসাধনম্।

এবং লঙ্কোদয়ৈঃ খণ্ডৈঃ পশ্চান্নতপলাদ্রবেঃ।

প্রাঙ্‌নতে তু নষড়্ভার্কাদূনতাদ্দশমোদয়ঃ॥

লগ্নস্ফুট সাধনে যে সমস্ত প্রক্রিয়া উক্ত হইয়াছে, দশমলগ্ন সাধনেও ঐ সমস্ত করিতে হইবে কেবল খণ্ডা গ্রহণ এবং শোধন স্থলে লঙ্কোদয় খণ্ডা গ্রহণ এবং হীন করিতে হইবে,

আর ইষ্টদণ্ড যোগস্থলে পশ্চান্নত দণ্ডকে পল করিয়া যোগ করিবে। আর প্রাঙ্নত দণ্ডস্থলে সায়ন রবিস্ফুটের রাশির সহিত ছয় যোগ করিয়া (১২ বারর অধিক হইলে বার হীন করিয়া) শেষ যে অঙ্ক থাকিবে, ঐ সংখ্যায় লঙ্কোদয়খণ্ডায় যে অঙ্ক থাকিবে, তাহা গ্রহণ করিয়া লগ্নস্ফুট সাধনের রীত্যনুসারে সমস্ত কার্য্য করিবে; কিন্তু ইষ্টদণ্ড যোগস্থলে উন্নত দণ্ডাদিকে পল করিয়া যোগ করিবে এবং শেষ লগ্নস্ফুট সাধনের ন্যায় সমস্ত প্রক্রিয়া করিয়া যে রাশ্যাদি হইবে, তাহা দশম গৃহ বা কর্ম্মভাব বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

দশমলগ্নের উদাহরণ।

জ্যোষিণীমতে দশমোদয় গণনা করিতে হইলে প্রথমতঃ প্রাঙ্নত, পশ্চান্নত ও উন্নত গণিত করিতে হয়। (ইহার বচন ও অনুবাদ পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।) এই দশমলগ্ন স্থির করিতে হইলে পূর্ব্বমত অভীষ্ট সময়ের সায়নরবি গণনা করিতে হয়। ১৮০৯ শকের ১লা বৈশাথ দিবা দুইপ্রহর সময়ের লগ্নস্ফুট গণনা কালীন সায়নরবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২৬।৪ স্থিরীকৃত হইয়াছে এবং ঐ দিবসের দিনমান ৩১ দণ্ড ১০ পল, দিনার্দ্ধ ১৫ দণ্ড ৩৫ পল, দুইপ্রহরের পূর্ব্বে প্রশ্ন হওয়াতে এস্থলে প্রাঙ্নত হইল। দুইপ্রহরের মান ১৫ দণ্ড ৩৫ পল হইতে জন্ম বা প্রশ্নসময় ১৫ দণ্ড ৩৫ পল বিয়োগ করিলে ০।০ অবশিষ্ট থাকে, ইহার নাম প্রাঙ্নত। প্রাঙ্নতস্থলে পূর্ব্বোক্ত সায়নরবিস্ফুট ০।২১।৪৪।৫৮।২৬।৪ এর সহিত ৬ ছয় রাশি যোগ করিলে ৬।২১।৪৪।৫৮।২৬।৪ হইল; অতএব ছয় রাশিসংখ্যায় লঙ্কোদয় খণ্ডা ১৮০০, এই অঙ্ককে একস্থানে সংস্থাপিত কর। পরে পূর্ব্বমত ঐ খণ্ডা ১৮০০ কে তৎপরবর্ত্তী খণ্ডা ২০৭৮ হইতে হীন করিলে ২৭৮ অবশিষ্ট থাকে, ইহাই ভোগ্য। এক্ষণে দেখিতে হইবে যে, যদি ৩০ অংশে ২৭৮ পল হয়, তবে ঐ ২১ অংশ ৪৪ কলা, ৫৮ বিকলা, ২৬ অনুকলা, ৪ প্রত্যনুকলাতে কত পলাদি হইবে; সুতরাং ঐ সকল অঙ্ককে ২৭৮ দ্বারা গুণ করিলে ৬০৪৬।২২।৪৪।৪৬।৩২ হয়। ঐ গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ পলাদি হইয়া থাকে। অনন্তর পূর্ব্বোক্ত খণ্ডা ১৮০০ এর সহিত ঐ লব্ধাঙ্ক যোগ দিলে যোগজাঙ্ক ২০০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হইল। পরে প্রাঙ্নত-স্থলে উন্নত দণ্ডকে পল করত উহার সহিত যোগ দিতে হয়, সুতরাং উন্নতদণ্ড ৩০ কে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল ১৮০০ পলকে পূর্ব্বস্থাপিত অঙ্কের সহিত যোগ করিয়া যোগজাঙ্ক ৩৮০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হইল। ইহা হইতে খণ্ডা শোধন করিতে হইবে, অর্থাৎ দেখিতে হইবে যে, লঙ্কোদয় খণ্ডাসকলের মধ্যে কোন্ খণ্ডা ইহা হইতে হীন হইতে পারে। এক্ষণে দেখা গেল যে ১২ রাশির খণ্ডা ৩৬০০ হইতে ইহা বিযুক্ত হইতে পারে, তাহা বিয়োগ করিলে ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ অবশিষ্ট থাকে। এইক্ষণ দেখিতে হইবে

যে, এই ২০।১৩।২।৪৫।২৯।৩৩।৪ পলাদিতে কত অংশ হইতে পারে, এজন্য ত্রৈরাশিকমতে ৩০ অংশকে ঐ অঙ্ক দিয়া পূরণ করত ২৭৮ দ্বারা ভাগ করিলে ২১।৪৪।৫৮।২৬।৫ অংশাদি লব্ধ হয়। উহার সহিত পূর্ব্বোক্ত ১২ রাশি যোগ করিলে ১২।২১।৪৪।৫৮।২৬।৪ হয়, কিন্তু ১২ রাশিতে এক ভগণ বলিয়া এক ভগণ হীন করিলে যে ০।২১।৪৪।৫৮।২৬।৪ হয়, ইহাই সায়নমতে দশমলগ্নস্ফুট। ইহা হইতে ঐ দিবসের অয়নাংশ ২০।৪৯।১৬।৩০ হীন করিলে যে ০।০।৫৫।৪৬।২১।৩৪ অবশিষ্ট থাকে, ইহাই ঐ সময়ের নিরয়ণ দশমলগ্নস্ফুট বা কর্ম্মভাব। ইহার সহিত ৬ রাশি যোগ করিলে চতুর্থলগ্ন বা বন্ধুভাব হইবে।

স সষড়্‌ভশ্চতুর্থং স্যাত্তল্লগ্নোনং গুণৈর্হৃতম্।
একং দ্বিঘ্নং ক্ষিপেল্লগ্নে স্যাতাং ভাবৌ ধনানুজৌ॥

উক্ত দশমলগ্নের রাশির সহিত ছয় রাশি যোগ করিলে চতুর্থ অর্থাৎ বন্ধুভাব হইবে। ঐ চতুর্থ গৃহের রাশ্যাদি হইতে লগ্নস্ফুট রাশ্যাদি হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ককে লগ্নস্ফুট-রাশ্যাদির সহিত যোগ করিলে ধনভাব (দ্বিতীয় গৃহ) হইবে এবং ঐ লব্ধাঙ্ককে দ্বিগুণ করিয়া লগ্নস্ফুটের রাশ্যাদির সহিত যোগ করিলে সহজভাব (তৃতীয় গৃহ) হইবে।

ধনভাব ও সহজভাবের উদাহরণ।

পূর্ব্বোক্ত দশমলগ্ন ০।০।৫৫।৪৬।২১।৩৪ এর সহিত ৬ রাশি যোগ দিয়া বন্ধুভাব ৬।০।৫৫। ৪৬।২১।৩৪ হইয়াছে। ইহা হইতে লগ্ন ৩।৬।২০।৩৪।১৯ হীন করিলে যে ২।২৪।৩৫।১২।২।৩৪ অবশিষ্ট থাকে, ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে লব্ধ রাশ্যাদি ০।২৮।১১।৪৪।০।৫১।২০ হয়, ইহাকে লগ্নের সহিত যোগ দিলে যে ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইল, ইহাই দ্বিতীয় গৃহ বা ধনভাব। ইহার সহিত ৬ রাশি যোগ করিলে অষ্টম গৃহ বা নিধনভাব হইবে। অনন্তর ঐ তিন দ্বারা ভাগলব্ধ ০।২৮।১১।৪৪।০।৫১।২০ কে দ্বিগুণ করিলে ১।২৬।২৩।২৮।১।৪২।৪০ হইল। এই অঙ্ককে পূর্ব্বোক্ত লগ্নের সহিত সংযুক্ত করিলে যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ হয়, ইহাই তৃতীয় গৃহ বা সহজভাব। ইহার সহিত ছয় রাশি যোগ করিলে ৯ম গৃহ ধর্ম্মভাব হইবে।

দ্যূনাচ্চতুর্থং সংশোধ্য শেষমেকদ্বিতাড়িতম্।
ত্র্যাপ্তং দদ্যাদ্বন্ধুভাবে স্যাতাং ভাবৌ সুতদ্বিষৌ॥

সপ্তম অর্থাৎ জায়াভাবের রাশ্যাদি হইতে বন্ধুভাবের (চতুর্থের) রাশ্যাদি বিয়োগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদিতে যোগ করিলে সুতভাব (পঞ্চম গৃহ) হইবে। আর শেষাঙ্ককে দ্বিগুণ করিয়া তিন

দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদির সহিত যোগ করিলে ষষ্ঠ অর্থাৎ রিপুভাব হইবে।

পুত্রভাব ও রিপুভাবের উদাহরণ।

পূর্ব্বোক্ত চতুর্থলগ্ন ৬।০।৫৫।৪৬।২১।৩৪ কে সপ্তমলগ্ন বা জায়াভাব ৯।৬।২০।৩৪।১৯ হইতে হীন করিলে যে ৩।৫।২৪।৪৭।৫৭।২৬ অবশিষ্ট থাকে ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে লব্ধ ১।১।৪৮।১৫।৫৯।৮।৪০ হয়। পরে এই ভাগলব্ধাঙ্ককে পূর্ব্বোক্ত বন্ধুভাব ৬।০।৫৫।৪৬।২১।৩৪ এর সহিত যোগ করিলে যে ৭।২।৪৪।২।২০।৪২।৪ হয়, ইহাই পঞ্চমগৃহ বা পুত্রভাব, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে একাদশ গৃহ বা আয়ভাব হইবে। পরে ঐ অবশিষ্টাঙ্ক ৩।৫।২৪।৪৭।৫৭।২৬ কে দ্বিগুণ করিলে যে ৬।১০।৪৯।৩৫।৫৪।৫২ হয়, তাহাকে ৩ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক যে ২।৩।৩৬।৩১।৫৮।১৭।২০ হয়, ইহাকে পূর্ব্বোক্ত বন্ধুভাবের সহিত যোগ করিলে যে ৮।৪।৩২।১৮।১০।৫১।২০ হয় ইহাই ষষ্ঠগৃহ বা রিপুভাব নামে কথিত হইয়া থাকে। ইহার সহিত ছয় রাশি যোগ করিলে দ্বাদশ গৃহ বা ব্যয়ভাব হইবে।

এবং লগ্নাদিষড়্ভাবাঃ সষড়্ভাঃ স্যুদ্যু্যনাদয়ঃ।
ভাবৈক্যার্দ্ধং ভবেৎ সন্ধিস্তৎস্থঃ স্যাদফলো গ্রহঃ॥

এইপ্রকারে লগ্নাদি ছয় ভাবের রাশ্যাদিতে যথাক্রমে ছয় রাশি যোগ করিলে সপ্তমাদি ছয় ভাব হইবে। উভয় ভাবে ঐক্য করিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে দুই সমভাগ অর্থাৎ অর্দ্ধভাগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহা সেই উভয় রাশির সন্ধি বলিয়া নির্দ্দিষ্ট হইবে এবং জন্মাদি সময়ে ঐ সন্ধিস্থলে যে গ্রহ অবস্থিতি করিবে, সে গ্রহ অফল অর্থাৎ শুভাশুভ কোন ফলদাতা হইবে না।

এইক্ষণ জায়াভাব, নিধনভাব, ধর্ম্মভাব, কর্ম্মভাব, আয়ভাব ও ব্যয়ভাব যেরূপে গণিত করিতে হইবে, তাহা নিম্নে কথিত হইতেছে যথা ;—তনুভাব ৩।৬।২০।৩৪।১৯ ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ৯।৬।২০।৩৪।১৯ হইল, ইহাই ৭ম গৃহ বা জায়াভাব নামে অভিহিত হয়। পূর্ব্বোক্ত ধনভাব ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ১০।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইল, ইহাই ৮ম গৃহ বা নিধনভাব। পূর্ব্বোক্ত তৃতীয়ভাব যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ হইয়াছে, ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে যে ১১।২।৪৪।২।২০।৪২।৪০ হইবে, ইহাই ৯ম গৃহ বা ধর্ম্মভাব। দশম গৃহ বা কর্ম্মভাব ০।০।৫৫।৪৬। ২১।৩৪ ইহা পূর্ব্বেই কথিত হইয়াছে। আর পূর্ব্বোক্ত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ১৩।২।৪৪।২।২০।৪২।৪০ হয়; ইহাই ১১শ গৃহ বা আয়ভাব ; কিন্তু এই স্থলে ১২ রাশির অধিক হইয়াছে, আর ১২ রাশিতে এক ভগণ সুতরাং উহা হইতে ১২ রাশি হীন করিয়া যে ১।২।৪৪।২।২০।৪২।৪০ হইবে, ইহাই ঐ

আরম্ভাব (সর্ব্বত্রই এইরূপ করিবে)। আর পূর্ব্বোক্ত যে রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ হইয়াছে, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ২।৪।৩২।১৮।১৯।৫১।২০ হয়, উহাই দ্বাদশ গৃহ বা ব্যয়ভাব বলিয়া কথিত হইবে।

তন্বাদি দ্বাদশভাবের সন্ধিগণনার উদাহরণ।

পূর্ব্বোক্ত তনুভাব ৩।৬।২০।৩৪।১৯ এবং ধনভাব যে ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ কথিত হইয়াছে, এই ভাবদ্বয় পরস্পর একত্র করিলে ৭।১০।৫২।৫২।৩৮।৫১।২০ হয়; ইহাকে ২ দুই দিয়া ভাগ বা উহার অর্দ্ধাংশ যে ৩।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাকেই তনুভাবের সন্ধি কহে; ইহার সহিত ৬ রাশি যোগ করিলে যে ৯।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাই পত্নীভাবের সন্ধি। পূর্ব্বে যে ধনভাব ৪।৪।৩২।১৮।১৯।৫১।২০ লিখিত হইয়াছে এবং সহজভাব যে ৫।২।৪৪।২।২০।৪২।৪০ লিখিত হইয়াছে, এই ভাবদ্বয়কে পরস্পর সংযুক্ত করিলে ৯।৭।১৬।২০।৪০।৩৪।০ হয়, ইহাকে পূর্ব্ববৎ ২ দ্বারা ভাগ করিলে লব্ধ ৪।১৮।৩৮।১০।২০।১৭।০ হইল, ইহাই ধনভাবের সন্ধি, ইহাতে ছয়রাশি যোগ করিলে যে ১০।১৮।৩৮।১০।২০।১৭ হয়, ইহাই নিধনভাবের সন্ধি। সহজভাব ৫।২।৪৪।২।২০।৪২।৪০ এবং বন্ধুভাব ৬।০ ৪৫।৪৬।২১।৩৪ এই দুইটী ভাবকে এক করিলে যে ১১।৩।৩৯।৪৮।৪২।১৬।৪০ হয়, ইহার অর্দ্ধাংশ ৫।১৬।৪৯।৫৪।২১।৮।২০ কেই সহজ ভাবের সন্ধি কহে, ইহার সহিত ছয় রাশি যোগ করিলে ১১।১৬।৪৯।৫৪।২১।৮।২০ হয়, ইহাকেই ধর্ম্মভাবের সন্ধি কহে। পূর্ব্বোক্ত বন্ধুভাবের সহিত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ কে যোগ দিলে ১৩।৩।৩৯।৪৮।৪২।১৬।৪০ হয়, ইহার অর্দ্ধভাগ ৬।১৬।৪৯।৫৪।২১।৮।২০ কে বন্ধুভাবের সন্ধি কহে এবং ইহাতে ছয় রাশি যোগ করিলে যে ০।১৬।৪৯।৫৪।২১।৮।২০ হয়, ইহাই কর্ম্মভাব বা দশমভাবের সন্ধি। পূর্ব্বোক্ত পুত্রভাব ৭।২।৪৪।২।২০।৪২।৪০ এর সহিত রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ যোগ করিলে ১৫।৭।১৬।২০।৪০।৩৪।০ হয়, ইহার অর্দ্ধাংশ ৭।১৮।৩৮।১০।২০।১৭ ইহাই পুত্রভাবের সন্ধি এবং ইহাতেই ছয় রাশি যোগ করিলে যে ১।১৮।৩৮।১০।২০।১৭ হইবে, ইহাই আয়ভাবের সন্ধি আর পূর্ব্বোক্ত রিপুভাব ৮।৪।৩২।১৮।১৯।৫১।২০ ইহার সহিত পত্নীভাব ৯।৬।২০।৩৪।১৯ যোগ করিলে ১৭।১০।৫২।৫২।৩৮।৫১।২০ হয়, ইহার অর্দ্ধভাগ যে ৮।২০।২৬।২৬।১৯।২৫।৪০ ইহাকেই রিপুভাবের সন্ধি কহে এবং ইহার সহিত ছয় রাশি যোগ করিলে যে ২।২০।২৬।২৬।১৯।২৫।৪০ হয়, ইহাই ব্যয়ভাব বা দ্বাদশভাবের সন্ধি বলিয়া অভিহিত হয়।

যোগেঽন্তরে বা কর্ত্তব্যে মীনাজয়োর্য্যর্দা তথা।
মেষে দ্বাদশ সংশিপ্ত্যা কুর্য্যাদ্ যোগান্তরং বুধঃ॥

মীন এবং মেষের যোগ বা বিয়োগ করিতে হইলে যেরূপ অঙ্ক থাকে, সেইরূপ

করিবে এবং যদি মেষ হইতে মীন অন্তর করিতে হয়, তবে পণ্ডিতগণ মেষে দ্বাদশ যোগ করিয়া অন্তর করিবেন।

অন্তরং ষড়্‌ভতো ন্যূনং ন চেচ্চক্রে ত্যজেত্তদা।

অন্তর করিলে যদি ছয় রাশির ন্যূন হয়, তবে চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে তাহা পুনরায় হীন করিবে না, আর যদি অন্তর করিয়া ছয় রাশির অধিক হয়, তবে তাহাকে পুনরায় দ্বাদশ হইতে হীন করিবে।

গতৈষ্যসন্ধিমধ্যে যো ভাবস্তত্রাদিকো ভবেৎ।
তত্র তত্র স্থিতো দদ্যাত্তত্তদ্‌ভাবফলং গ্রহঃ॥

গত এবং গমনীয় সন্ধি রাশ্যাদি মধ্যে যে ভাবের রাশ্যাদি থাকিবে এবং তাহাতে যদি কোন গ্রহের স্ফুটরাশ্যাদি থাকে, তাহা হইলে সেই গ্রহ যে সন্ধিতে থাকিবে, সেই ভাবের ফল দান করিবে।

গতসন্ধিক্রমাদ্‌বৃদ্ধ্যা ফলং ভাবসমাংশকে।
পূর্ণং তস্মাৎ পূর্ণহ্রাসাদেষ্যসন্ধৌ গ্রহোঽফলঃ॥

গ্রহগণ গতসন্ধি হইতে ভাবফল দান করিতে আরম্ভ করিয়া ক্রমে ক্রমে ভাবের শেষ অংশে সম্পূর্ণ ফল দান করেন। আর ভাবের শেষ অংশ হইতে গমনীয় সন্ধিতে ক্রমে ফলের হ্রাস করত গম্য সন্ধির শেষ অংশে গ্রহ অবস্থিতি করিলে সেই গ্রহ অফল অর্থাৎ ফলদাতা হয় না।

ভাবান্ন্যূনাধিকঃ খেটো গতৈষ্যসন্ধিনান্তরঃ।
কলিতঃ স্যাৎ ফলং ভাবে সন্ধিভাবান্তরাংশহৃৎ॥

যে গ্রহ যে ভাবে থাকিবে, সেই গ্রহ সেই ভাবে কি পরিমাণে ফল দান করিবে তাহা কথিত হইতেছে। যে গ্রহ যে ভাবে অবস্থিতি করিবে ঐ ভাবের স্ফুটরাশ্যাদি হইতে গ্রহস্ফুট রাশ্যাদি ন্যূন হইলে গ্রহস্ফুট রাশ্যাদি হইতে গতসন্ধির স্ফুটরাশ্যাদি হীন করিবে, আর যে ভাবের গণনা হইতেছে, তাহা হইতে যদি গ্রহস্ফুট অধিক হয়, তবে গম্যসন্ধি হইতে গ্রহস্ফুট হীন করত শেষ অংশকে কলা করিয়া কলার সহিত যোগ করিয়া সংস্থাপন করিবে, সেই সন্ধি ও ভাবের পরস্পরের স্ফুটরাশ্যাদি অন্তর করিয়া শেষ যে অংশ থাকিবে, তাহা দ্বারা পূর্ব্বস্থাপিত কলাকে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, সেই গ্রহ তত কলা পরিমিত ফল দান করিবে।

কোন্ গ্রহ কোন্ ভাবে কত ফল দিবে, তাহা যেরূপে গণনা করিতে হয় তাহার উদাহরণ।

রবি—রবিস্ফুট ০।০।৫৫।৪৬।২১।৩৪ আর দশমভাবও ০।০।৫৫।৪৬।২১।৩৪, সুতরাং ঐ

রবি দশমভাবের সম্পূর্ণ ফলদাতা। এস্থলে ভাব ও স্ফুট উভয়েই সমান হইয়াছে বলিয়া কোনরূপ গণনা করিতে হইল না, কিন্তু যেখানে সমান হইবে না তথায় নিয়মানুসারে গণনা করিতে হইবে।

চন্দ্র—চন্দ্রস্ফুট ৮।৫।৩৯।২ আর রিপুসন্ধি ৮।২০।২৬।২৬ ইহা হইতে চন্দ্রস্ফুট অন্তর করিলে ১৪ অংশ, ৪৭ কলা, ২৪ বিকলা অবশিষ্ট থাকে। ঐ ১৪ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ৪৭ কলা যোগ দিলে ৮৮৭ কলা হয়; পরে ঐ রিপুসন্ধি ও রিপুভাব পরস্পর অন্তর করিলে ১৬ অংশ থাকে, সুতরাং ঐ ১৬ দ্বারা ৮৮৭।২৪ কে ভাগ করিলে ৫৫ কলা ২৮ বিকলা লব্ধ হয়, এজন্য ঐ চন্দ্র রিপুভাবে ৫৫ কলা ২৮ বিকলা ফল দিবে।

মঙ্গল—মঙ্গলের স্ফুট ০।২।২৭।৪ কে কর্ম্মভাবের সন্ধি ০।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে ১৪ অংশ, ২২ কলা, ৫০ বিকলা থাকে। পরে ঐ ১৪ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ২২ কলা যোগ দিলে ৮৬২ কলা. ৫০ বিকলা হয়। অনন্তর কর্ম্মভাব ও কর্ম্মভাব-সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা উহাকে ভাগ করিলে লব্ধ ৫৩ কলা, ৫৬ বিকলা হয়; ইহাই ঐ ভাবে মঙ্গলের ফল অর্থাৎ মঙ্গল ঐ কর্ম্মভাবে ৫৩ কলা, ৫৬ বিকলা ফল প্রদান করিবেন।

বুধ—বুধের স্ফুট ১১।৩।৩৯।১৫ কে দশমভাবের সন্ধি ০।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে ১৩ অংশ, ১০ কলা, ৩৯ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ১৩ অংশকে ৬০ দিয়া গুণ করিয়া ৭৮০ অংশের সহিত ১০ কলা যোগ করিলে ৭৯০।৩৯ হয়। পরে ঐ ভাব ও সন্ধির অন্তরাংশ ১৬ দ্বারা ভাগ করিলে ৪৯ কলা, ২৫ বিকলা লব্ধ হয়। অর্থাৎ ঐ ভাবে বুধ ৪৯ কলা, ২৫ বিকলা ফল প্রদান করিবে।

বৃহস্পতি—বৃহস্পতির স্ফুট ৬।১১।২১।১৮ কে বন্ধুভাবের সন্ধি ৬।১৬।৪৯।৫৪ হইতে হীন করিলে, ৫ অংশ, ২৮ কলা ৩৬ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ৫ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ২৮ কলা যোগ করিলে ৩২৮।৩৬ হয়। উহাকে ঐ ভাব ও সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা ভাগ করিলে লব্ধ ২০ কলা, ৩২ বিকলা হয়, অর্থাৎ বৃহস্পতি ঐ বন্ধুভাবে ২০ কলা, ৩২ বিকলা ফল প্রদান করিবে।

শুক্র—শুক্রের স্ফুট ১।২।৪৮।২৮ কে আয়সন্ধি ১।১৮।৩৮।১০ হইতে হীন করিলে ১৫ অংশ, ৪৯ কলা, ৪২ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ১৫ অংশকে ৬০ দ্বারা গুণ করিয়া গুণফল ৯০০ কলার সহিত ৪৯ যোগ করিলে ৯৪৯।৪২ হয়। অনন্তর ঐ ৯৪৯।৪২ কে আয়ভাব ও সন্ধির অন্তর ১৬ অংশ দ্বারা ভাগ করিলে ৫৯ কলা, ২১ বিকলা লব্ধ হয়; অর্থাৎ ঐ শুক্র আয়ভাবে ৫৯ কলা, ২১ বিকলা ফল দিবে।

শনি—শনির স্ফুট ২।২৫।৪৭।৫৯ কে তনুভাবের সন্ধি ৩২০।২৬।২৬ হইতে হীন করিলে ২৪ অংশ, ৩৮ কলা, ২৭ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ অংশকে ৬০ দ্বারা গুণ করিলে গুণফল ১৪৪০ কলার সহিত ৩৮ কলা যোগ দিয়া ১৪৭৮।২৭ হইল। অনন্তর ঐ ভাব ও সন্ধির অন্তরাংশ ১৪ দ্বারা উহাকে ভাগ করিলে লব্ধ ১০৫ কলা, ৩৬ বিকলা হয়; ইহাতে জানা গেল যে, ঐ শনি ব্যয়ভাবে ১০৫ কলা, ৩৬ বিকলা ফল প্রদান করিবেন।

যাত্রাজন্মবিবাহাদৌ সর্ব্বমঙ্গলকর্ম্মণি।
এবং ভাবফলং জ্ঞাত্বা বদেদ্বিদ্বান্ শুভাশুভম্॥

যাত্রা, জন্ম, বিবাহ এবং উপনয়ন প্রভৃতি সমস্ত মঙ্গল কর্ম্মের শুভাশুভ প্রশ্ন হইলে উক্ত প্রকারে সমস্ত ভাবের ফল জানিয়া বিদ্বান্ ব্যক্তি সেই সেই কর্ম্মের শুভাশুভ ফল কহিবেন।

ইতি ফলিত-জ্যোতিষতৃতীয়খণ্ডে তোষিণ্যাং ভাবাধ্যায়ঃ সমাপ্তঃ॥

তাজকমতে লগ্নসাধনম্।

তৎকালসায়নার্কস্য ভুক্তভোগ্যাংশসংগুণাৎ। স্বোদয়াৎ খাগ্নিলব্ধং যদ্ ভুক্তং ভোগ্যং রবেস্ত্যজেৎ॥ ইষ্টনাড়ীপলেভ্যশ্চ গতগম্যান্নিজোদয়ান্। শেষং খত্র্যাহতং ভক্তমশুদ্ধেন লবাদিকং॥

জন্ম সময়ের রবিস্ফুটে অয়নাংশাদি যোগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহার ভুক্ত ও ভোগ্য অংশাদিকে দুই স্থানে রাখিয়া সায়ন রবির রাশি সংখ্যার লগ্নখণ্ডা দ্বারা উভয়কে পূরণ করিলে যে দুইটী গুণফল হইবে, তাহাদিগকে ৩০ দিয়া ভাগ করিলে যে দুইটী ভাগফল লব্ধ হইবে তাহাদিগকে জন্মসময়ের দণ্ডাদিকে পল করিয়া তাহা হইতে বিয়োগ করিতে হইবে। এইরূপ বিয়োগ করিয়া যে দুইটী বিয়োগাবশিষ্ট অঙ্ক থাকিবে, তাহাদের মধ্যে যেটী ভুক্তাংশ-সংগুণিত, তাহা হইতে গৃহীত খণ্ডার পূর্ব্ব পূর্ব্ব রাশির খণ্ডার অঙ্ক ক্রমে যত বিয়োগ হইতে পারে তত বিয়োগ করিবে; আর যেটী ভোগ্যাংশ-সংগুণিত, তাহা হইতে গৃহীত রাশির পর পর রাশির খণ্ডার যতটী বিয়োগ করা যাইতে পারে তাহাও বিয়োগ করিবে। পরে অবশিষ্ট অঙ্কদ্বয়কে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া ঐ দুই-গুণফলের মধ্যে যেটী ভুক্তাংশ গুণিত অঙ্ক তাহাকে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা হইয়াছে, তাহার পূর্ব্ব রাশির খণ্ডার অঙ্ক দ্বারা ভাগ করিবে এবং যেটী ভোগ্যাংশ, গুণিত অঙ্ক তাহাকে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা হইয়াছে, তাহার পর রাশির খণ্ডার

অঙ্ক দ্বারা ভাগ করিতে হইবে। পরে এই দুইটী লব্ধাঙ্ক অংশাদি মধ্যে যেটী ভুক্তাংশ-গুণিত অঙ্ক তাহাকে পূর্ব্বে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা গিয়াছে, তাহার পূর্ব্ব রাশির অঙ্ক সংখ্যা হইতে বিয়োগ করিবে এবং যেটী ভোগ্যাংশ গুণিত অঙ্ক, তাহাতে পূর্ব্বে যে রাশির খণ্ডার অঙ্ক বিয়োগ করা গিয়াছে, সেই রাশির অঙ্ক সংখ্যা যোগ করিবে। পরে এই দুই অঙ্ক হইতে অয়নাংশ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই লগ্নস্ফুট জানিবে। এ স্থানে ভুক্তাংশ-গুণিত ও ভোগ্যাংশ-গুণিত, এই উভয়ই তুল্য ফল হইবে কেবল প্রক্রিয়ার বিভিন্নতামাত্র।

তাজকমতে লগ্নস্ফুটের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুই প্রহর সময়ের ইষ্টদণ্ডপল ৯৩৫। সায়নরবি ০।২১।৪৪।৫৮।২১।৩৪ রবির ভোগ্যাংশ ৮।১৫।১।৩৮।২৬ কে মেষলগ্নমান ২২৬ পল দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিলে লব্ধ ৬২।৯।১২।২৩।৩১।৫২ হয়। পরে ইষ্টদণ্ড পল ৯৩৫ হইতে ঐ লব্ধাঙ্ক হীন করিলে ৮৭২।৫০।৪৭।৩৬।২৮।৮ থাকে। পরে উহা হইতে বৃষ ও মিথুনলগ্নমান হীন করিলে ৩০৮।৫০।৪৭।৩৬।২৮।৮ হয়। ঐ অবশিষ্টাঙ্ককে ৩০ দিয়া গুণ করিয়া গুণফলকে মিথুনের ভোগ্য ৩৪০ দিয়া ভাগ করিলে লব্ধ ২৭।১৫।৪।৮।৩০।৪৩।৪ অংশাদি হয়। পরে ইহার সহিত ঐ ৩ রাশি যোগ দিয়া যে ৩।২৭।১৫।৪।৮।৩০।৪৩।৪ হয়, ইহাই ঐ সময়ের সায়ন লগ্নস্ফুট। আর উহা হইতে অয়নাংশাদি ২০।৪৯।১২ হীন করিয়া যে ৩।৬।২৫।৫২।৮।৩০।৪৩।৪ হয়, ইহাই ঐ সময়ের নিরয়ণ লগ্নস্ফুট।

তাজকমতে দশমলগ্নসাধনম্।

অশুদ্ধশুদ্ধভে হীনযুক্ তনুর্ব্বায়নাংশকম্।
এবং লঙ্কোদয়ৈর্ভুক্তং ভোগ্যং শোধ্যং পলীকৃতাৎ॥

দশমলগ্ন সাধনে প্রায় সমস্ত প্রক্রিয়াই লগ্নসাধন প্রক্রিয়ার ন্যায়, কেবল এই মাত্র প্রভেদ যে, লগ্নসাধনে সাধারণ লগ্ন খণ্ডা ও জন্মসময়ের দণ্ডাদির অঙ্ক লইয়া কার্য্য করিতে হইয়াছে, দশম লগ্নসাধনে লঙ্কোদয় খণ্ডা ও প্রাঙ্নত বা পশ্চান্নত দণ্ডাঙ্ক গ্রহণ করিয়া কার্য্য করিবে। দিনার্দ্ধের বা রাত্র্যর্দ্ধের পূর্ব্বভাগে হইলে প্রাঙ্নত এবং পরভাগে হইলে পশ্চান্নত দণ্ড গ্রহণ করিবে।

তাজকমতে দশমলগ্নের উদাহরণ।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহর সময়ের সায়ন রবিস্ফুট বা রবির ভুক্তাংশ ০।২১।৪৪।৫৮।২১।৩৪ প্রাঙ্নতদণ্ড ০।০। ঐ ভুক্তাংশকে মীন রাশির লঙ্কোদয় পল ২৭৮ দ্বারা গুণ করিয়া গুণফলকে ৩০ দ্বারা ভাগ করিয়া লব্ধ ২০১।৩২।৪৫।২৯।৩৩।৪ হয়। ঐ

লঙ্কার প্রাপ্তদণ্ড ০।০ হইতে হীন হইতে পারে না এবং ঐ ০।০ শূন্যকে ৩০ দিয়া গুণ করিলেও ০।০ হয়, সুতরাং ঐ তাৎকালিক সায়ন রবিস্ফুটের অঙ্কই সায়ন দশমলগ্নের স্ফুট। আর ইহা হইতে ঐ দিবসের অয়নাংশাদি ২০।৪৯।১৬।৩০।৩০ হীন করিলে যে ০।০।৫৫।৪১।৫৬।৪৫ হয়, ইহাই নিরয়ণ দশমলগ্নের স্ফুট।

পূর্ব্বপশ্চাদ্রতাদস্তৎ প্রাগ্বত্তদ্দশমং ভবেৎ।
সষড্ভে লগ্নখে জায়াতুর্য্যো লগ্নোনতুর্য্যতঃ॥
ষষ্ঠাংশযুক্ তনুঃ সন্ধিরগ্রে ষষ্ঠাংশযোজনাৎ।
ত্রয়ঃ সসন্ধয়ো· ভাবাঃ ষষ্ঠাংশেনৈকযুক্ সুখাৎ॥

লগ্নস্ফুটে ৬ রাশি যোগ করিলে, সপ্তম ঘরের লগ্নস্ফুট ও দশমলগ্নে ৬ রাশি যোগ করিলে চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইবে।

চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইতে লগ্নস্ফুট বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬ দিয়া ভাগ দিলে ভাগফল যাহা লব্ধ হইবে, তাহাকে লগ্নস্ফুটে যোগ করিলে লগ্নসন্ধি, লগ্নসন্ধিতে যোগ করিলে ধনভাব, ধনভাবে যোগ করিলে ধনসন্ধি, ধনসন্ধিতে যোগ করিলে সহজভাব, সহজভাবে যোগ করিলে সহজসন্ধি, সহজসন্ধিতে যোগ করিলে বন্ধুভাব হইবে।

চতুর্থ ঘরের লগ্নস্ফুট হইতে লগ্নস্ফুট বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬ দিয়া ভাগ করিলে যাহা ভাগলব্ধ হইবে, তাহাকে এক রাশি হইতে বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ক বন্ধুভাবে যোগ করিলে বন্ধুসন্ধি, বন্ধুসন্ধিতে যোগ করিলে পঞ্চমভাব, পঞ্চমভাবে যোগ করিলে পঞ্চমসন্ধি, পঞ্চমসন্ধিতে যোগ করিলে ষষ্ঠভাব, ষষ্ঠভাবে যোগ করিলে ষষ্ঠসন্ধি এবং ষষ্ঠসন্ধিতে যোগ করিলে সপ্তমভাব হইবে।

অগ্রে ত্রয়ঃ ষড়েবৈতে ভার্দ্ধযুক্তাঃ পরেঽপি ষট্।
খেটে ভাবসমে পূর্ণং ফলং সন্ধিসমে তু খম্॥

এইরূপে লগ্নসন্ধিতে ৬ রাশি যোগ করিলে সপ্তমসন্ধি, ধনভাবে ৬ রাশি যোগ করিলে অষ্টমভাব, ধনসন্ধিতে ৬ রাশি যোগ করিলে অষ্টমসন্ধি, সহজভাবে ৬ রাশি যোগ করিলে নবমভাব, সহজসন্ধিতে ৬ রাশি যোগ করিলে নবমসন্ধি, বন্ধুভাবে ৬ রাশি যোগ করিলে দশমভাব, বন্ধুসন্ধিতে ৬ রাশি যোগ করিলে দশমসন্ধি, পঞ্চমভাবে ৬ রাশি যোগ করিলে একাদশভাব, পঞ্চমসন্ধিতে ৬ রাশি যোগ করিলে একাদশসন্ধি, ষষ্ঠভাবে ৬ রাশি যোগ করিলে দ্বাদশভাব ও ষষ্ঠসন্ধিতে ৬ রাশি যোগ করিলে দ্বাদশসন্ধি হইবে।

যে গ্রহস্ফুটের রাশ্যংশ-কলাদি যে ভাবস্ফুটের রাশ্যংশ-কলাদির সমান হইবে,

সেই গ্রহ সেই ভাবে পূর্ণ ফল প্রদান করিবে। যে কোন গ্রহস্ফুটের রাশ্যংশকলাদি যে কোন সন্ধির রাশ্যংশ-কলাদির সমান হইবে, সেই গ্রহ নিষ্ফল অর্থাৎ কোন ফল প্রদান করিবে না।

ভুক্তং ভোগ্যং স্বেষ্টকালান্ন শুদ্ধ্যেত্রিংশন্নিঘ্নাৎ স্বোদয়াপ্তং লবাদ্যম্।
হীনং যুক্তং ভাস্করে তত্তনুঃ স্যাদ্রাত্রৌ লগ্নং ভার্দ্ধযুক্তাদ্রবেস্তু॥

লগ্নপল ও দশম লগ্নপল দ্বারা রবিস্ফুটের ভুক্তাংশ বা ভোগ্যাংশকে গুণ করিয়া গুণফলকে ৩০ ত্রিশ দিয়া ভাগ দিলে যাহা ভাগলব্ধ হইবে, তাহা যদি ইষ্টদণ্ড পল হইতে অধিক হয়, তবে ঐ ইষ্টদণ্ড পলকে ৩০ ত্রিশ দিয়া গুণ করত গুণফলকে স্বীয় স্বীয় লগ্নপল দ্বারা ভাগ করিয়া ভাগলব্ধ ফলকে তাৎকালিক রবিস্ফুটের অংশাদির সহিত বিয়োগ বা যোগ করিলে যাহা হইবে, তাহাই লগ্ন বা দশম লগ্ন স্থির হইবে।

রাত্রিতে লগ্ন বা দশমলগ্ন সাধন করিতে হইলে রবিস্ফুটে ৬ রাশি যোগ করিয়া লগ্নখণ্ডা গ্রহণ করিবে।

ইতি তাজকমতে ভাবাদি-গণনা সমাপ্তা॥

কোন বালকের জন্মকালে তাহার জন্মাবধি মৃত্যুকাল পর্য্যন্ত যে শুভাশুভ ঘটনা হইবে, তাহা এবং তাহার পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী, স্ত্রী, পুত্র, কন্যা, বন্ধুবান্ধব ও ভৃত্য প্রভৃতির শুভাশুভ গণনা করিতে হইলে প্রথমত লগ্নস্ফুট করিয়া তাহা একটী দ্বাদশ অংশে বিভক্ত রাশিচক্রের মধ্যে বিন্যস্ত করিবে। তন্মধ্যে লগ্ন হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে দ্বাদশ রাশিরই লগ্নস্ফুট সন্নিবেশিত করিতে হইবে এবং ঐ দ্বাদশ রাশির মধ্যে তৎকালে যে গৃহে যে গ্রহ অবস্থিতি করিতেছে, তাহাদিগের তাৎকালিক স্ফুট অর্থাৎ দ্রাঘিমা গণনা করিয়া সেই রাশির অংশকলাদির অঙ্কসংখ্যা গ্রহের নামের পর সন্নিবেশিত করিবে। অনন্তর লগ্নাদির উপর গ্রহগণের বল ও দৃষ্টি গণনা করত শুভাশুভ ফল বলিতে হইবে। লগ্নস্ফুটের অংশকলাদি এবং ঐ সময়ের গ্রহদিগের স্ফুটাদি গণনা করিয়া জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করিতে না পারিলে, অর্থাৎ যথাবিধানে জন্মকুণ্ডলীতে ঐ সকল বিন্যস্ত না হইলে, ফলিত-জ্যোতিষের ফলাফল ব্যক্ত করা যায় না। এই বিষয় অতীব দুরূহ ও কঠিন। জন্মকালে গ্রহস্ফুট গণনা করিয়া যেরূপে জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করিতে হয়, এই ফলিত-জ্যোতিষের প্রথমখণ্ডের ১৬৬ পৃষ্ঠায় একটী চক্রসহ তদ্বিষয় বিবৃত হইয়াছে। এইক্ষণ যেরূপে জন্মকুণ্ডলীতে লগ্নস্ফুটের অঙ্ক বিন্যস্ত করিতে হয়, তাহা দৃষ্টান্তসমেত নিম্নে বিবৃত হইতেছে।

যদি ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর অর্থাৎ দিনার্দ্ধমান ১৫ দণ্ড ৩৫ পল সময়ে কোন বালকের জন্ম হয়, তাহা হইলে সেই সময়ে নিরয়ণমতে কোন্ লগ্নরাশির কত অংশ-কলাদি উদিত হইয়াছে, যেরূপে তাহা গণনা করিতে হইবে, এই খণ্ডে পূর্ব্বেই তাহা কথিত হইয়াছে। সেই প্রক্রিয়ানুসারে উক্ত জন্মসময়ে লগ্ন ও অবশিষ্ট একাদশটী রাশির লগ্নস্ফুট যাহা অবধারিত হইয়াছে, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

১৮০৯ শক ১লা বৈশাখ, বেলা দুইপ্রহর সময়ে নিরয়ণমতে রাশি সকলের উদিতাংশ।

গৃহ	ভাব	রাশি	অংশ,	ক,	বি,	অ,	প্র,	অ, প্র
লগ্ন	তনুভাব	কর্কট	৬।	২০।	৩৪।	১৯।	০।	০
দ্বিতীয়	ধনভাব	সিংহ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
তৃতীয়	সহজভাব	কন্যা	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
চতুর্থ	বন্ধুভাব	তুলা	০।	৫৫।	৪৬।	২১।	৪২।	৪০
পঞ্চম	পুত্রভাব	বৃশ্চিক	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
ষষ্ঠ	রিপুভাব	ধনুঃ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
সপ্তম	জায়াভাব	মকর	৬।	২০।	৩৪।	১৯।	০।	০
অষ্টম	নিধনভাব	কুম্ভ	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০
নবম	ধর্ম্মভাব	মীন	২।	৪৪।	২।	২০।	৪২।	৪০
দশম	কর্ম্মভাব	মেষ	০।	৫৫।	৪৬।	২১।	৪২।	৪০
একাদশ	আয়ভাব	বৃষ	২।	৪০।	২।	২০।	৪২।	৪০
দ্বাদশ	ব্যয়ভাব	মিথুন	৪।	৩২।	১৮।	১৯।	৫১।	২০

ইহা দ্বারা জানা যাইতেছে যে, কর্কটলগ্নের ৬ অংশ, ২০ কলা, ৩৪ বিকলা, ১৯ অনুকলা হইতে তাহার পররাশি সিংহের ৪ অংশ, ৩২ কলা, ১৮ বিকলা, ১৯ অনুকলা, ৫১ প্রত্যনুকলা, ২০ অতি-প্রত্যনুকলা পর্য্যন্তকে একটী ঘর বা তনুভাব বলা যায়। ঐ ঘরে যত অংশ হইবে, তত অংশের মধ্যে যে যে গ্রহ থাকিবে, তাহাকে ঐ ঘরের অন্তর্গত বিবেচনা করত সকল প্রকার গণনা করিবে। ঐরূপ সিংহের ৪ অংশ, ৩২ কলাদি হইতে কন্যার ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত দ্বিতীয় ঘর বা ধনভাব; কন্যার ২ অংশ, ৪৪ কলাদি হইতে তুলার ০ অংশ, ৫৫ কলাদি পর্য্যন্ত তৃতীয় ঘর বা সহজভাব; তুলার ০ অংশ, ৫৫ কলাদি হইতে বৃশ্চিকের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত চতুর্থ ঘর বা বন্ধুভাব; বৃশ্চিকের ২ অংশ, ৪৪ কলাদি হইতে ধনুর ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত পঞ্চম ঘর বা পুত্রভাব; ধনুর ৪ অংশ, ৩২ কলাদি হইতে মকরের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত ষষ্ঠ

ঘর বা রিপুভাব; মকরের ৬ অংশ, ২০ কলাদি হইতে কুম্ভের ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত সপ্তম ঘর বা জায়াভাব; কুম্ভের ৪ অংশ, ৩২ কলাদি হইতে মীনের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত অষ্টম ঘর বা নিধনভাব; মীনের ২ অংশ ৪৪ কলাদি হইতে মেষের ০ অংশ, ৫৫ কলাদি পর্য্যন্ত নবম ঘর বা ধর্ম্মভাব; মেষের ০ অংশ, ৫৫ কলাদি হইতে বৃষের ২ অংশ, ৪৪ কলাদি পর্য্যন্ত দশম ঘর বা কর্ম্মভাব; বৃষের ২ অংশ, ৪৪ কলাদি হইতে মিথুনের ৪ অংশ, ৩২ কলাদি পর্য্যন্ত একাদশ ঘর বা আয়ভাব এবং মিথুনের ৪ অংশ, ৩২ কলাদি হইতে কর্কটের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত দ্বাদশ ঘর বা ব্যয়ভাব বলিয়া কথিত হয়। যখন যে কোন বিষয়ের গণনা করিতে হইবে, তখন এইরূপে দ্বাদশ ঘর বা ভাব স্থির করিয়া জন্মকুণ্ডলী অঙ্কিত করত তন্মধ্যে তৎকালীন গ্রহগণকে যথাযথ সন্নিবেশিত করিবে।

জন্মকুণ্ডলী উদাহরণচক্র।

১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে গ্রহগণের তাৎকালিক স্ফুট গণনা করিয়া এই ফলিত জ্যোতিষের প্রথম খণ্ডে ১৬৬ পৃষ্ঠায় জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করা

হইয়াছে। এস্থলে দৃষ্টান্ত প্রদর্শনার্থ তাহা উদ্ধৃত করত লগ্নস্ফুটের অঙ্কিত জন্মকুণ্ডলীতে সন্নিবেশিত করা গেল।

উপরি অঙ্কিত জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাইতেছে যে, লগ্নরাশি কর্কটের ৬।২০ অংশাদি হইতে সিংহের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত প্রথম ঘরে অর্থাৎ তনুভাবে কোন গ্রহের অবস্থিতি নাই। সিংহ রাশির ৪।৩২ অংশাদি হইতে কন্যার ২ অংশ ৪৪ কলাদি পর্য্যন্ত দ্বিতীয় ঘরে অর্থাৎ ধনভাবে রাহু অবস্থিতি করিতেছে। কন্যার ২।৪৪ অংশাদি হইতে তুলার ০।৫৫ অংশাদি পর্য্যন্ত তৃতীয় ঘরে অর্থাৎ সহজভাবে কোন গ্রহ অবস্থিত নাই। তুলার ০।৫৫ অংশাদি হইতে বৃশ্চিকের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত চতুর্থ ঘরে অর্থাৎ বন্ধুভাবে বৃহস্পতি অবস্থিতি করিতেছে। বৃশ্চিকের ২।৪৪ অংশাদি হইতে ধনুর ৪।৩২ অংশাদি পর্য্যন্ত পঞ্চম ঘরে অর্থাৎ পুত্রভাবে কোন গ্রহ অবস্থিত নাই। ধনুর ৪।৩২ অংশাদি হইতে মকরের ৬।২০ অংশাদি পর্য্যন্ত ষষ্ঠ ঘরে অর্থাৎ রিপুভাবে চন্দ্র অবস্থিতি করিতেছে। মকরের ৬।২০ অংশাদি হইতে কুম্ভের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত সপ্তম ঘরে অর্থাৎ জায়াভাবে কোন গ্রহের অবস্থিতি নাই। কুম্ভের ৪।৩২ অংশাদি হইতে মীনের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত অষ্টম ঘরে অর্থাৎ নিধনভাবে কেতু অবস্থিতি করিতেছে। মীনের ২।৪৪ অংশাদি হইতে মেষের ০।৫৫ অংশাদি পর্য্যন্ত নবম ঘরে অর্থাৎ ধর্ম্মভাবে বুধগ্রহ অবস্থিতি করিতেছে। মেষের ০।৫৫ অংশাদি হইতে বৃষের ২।৪৪ অংশাদি পর্য্যন্ত দশম ঘরে অর্থাৎ কর্ম্মভাবে রবি এবং মঙ্গল এই গ্রহদ্বয় অবস্থিতি করিতেছে। বৃষের ২।৪৪ অংশাদি হইতে মিথুনের ৪।৩২ অংশাদি পর্য্যন্ত একাদশ ঘরে অর্থাৎ আয়ভাবে শুক্রগ্রহের অবস্থিতি রহিয়াছে এবং মিথুনের ৪।৩২ অংশাদি হইতে কর্কটের ৬ অংশ, ২০ কলাদি পর্য্যন্ত দ্বাদশ ঘরে অর্থাৎ ব্যয়ভাবে শনিগ্রহ অবস্থিতি করিতেছে। গ্রহগণ যে যে ঘরে যে যে রাশির যে যে অংশকলাদিতে অবস্থিত আছে, জন্মকুণ্ডলী দৃষ্টেই সহজে তাহা উপলব্ধি হইবে; সুতরাং নিষ্প্রয়োজন বিধায় তাহার পুনরুল্লেখ করা গেল না। যে কোন সময়ে লগ্নস্ফুট ও গ্রহস্ফুট-গণনা করিতে হইবে, তখনই এই প্রকার প্রণালীতে কুণ্ডলী অঙ্কিত করিয়া তন্মধ্যে লগ্নস্ফুট ও গ্রহস্ফুটের অংশকলাদির অঙ্কসংখ্যা সন্নিবেশিত করত গ্রহগণের দৃষ্টি ও বল গণনা দ্বারা ফলাফল বলিতে হইবে।

এই যে তন্বাদি দ্বাদশ গৃহের উল্লেখ হইল, ইহা দ্বারাই যাবতীয় গণনা সাধিত হইয়া থাকে, ফলিত খণ্ডে এই সকল বিষয় সবিশেষ বর্ণিত হইবে। এস্থলে পাঠকবর্গের বিদিতার্থে ভাবের অর্থ ও ঐ সকল গৃহের কোন্ গৃহে কোন্ বিষয়ের গণনা করিতে হয়, তাহা সংক্ষেপে নিম্নে বিবৃত হইতেছে।

উল্লিখিত লগ্নরাশিকেই প্রথম গৃহ কহে। ঐ গৃহে কোন্ গ্রহ অবস্থিত আছে ও

এই গৃহের উপর অন্য গৃহস্থিত গ্রহের দৃষ্টি ও জ্যোতিপ্রভৃতি গণনা করিবে এবং ঐ লগ্ন হইতে কোন্ সংখ্যক গৃহে কোন্ গ্রহ থাকিলে কিরূপ ফল প্রদান করে, গণনা দ্বারা তাহা জ্ঞাত হইতে হয়। প্রথম গৃহে * জাতবালকের কিম্বা প্রশ্নকারকের রূপ, লক্ষণ, বর্ণ, ক্লেশ, সুখ, আয়ুঃ, বয়ঃক্রম প্রভৃতি বিষয়ের গণনা করিতে হয়; এই জন্যই ইহাকে তনুভাব কহে। এতদ্ভিন্ন প্রশ্নানুসারে ঐ গৃহে অন্যান্য বিষয়েরও গণনা হইয়া থাকে। দ্বিতীয় গৃহে জাতবালকের কিম্বা প্রশ্নকারকের মণি, মুক্তা, স্বর্ণ, রত্ন প্রভৃতি ধনাদি,

---

* মাষ্টার লিলী এই তন্বাদি দ্বাদশভাবের বিষয় যেরূপ বলিয়া গিয়াছেন, তাহার সংক্ষেপ বিবরণ এই স্থলে উদ্ধৃত করিয়া দেওয়া হইল।

Of the first House, and its Signification.—The first house contains all that part of heaven from the line where the figure 1 stands unto the figure 2, where the second house begins : it is *one-third* of the distance between the horizon and meridian below the earth. It has signification of the life of man, of the stature, colour, complexion, form, and shape of him that propounds the question, or is born ; in eclipses and great conjunctions, and upon the Sun his annual ingress into Aries ; it signifies the common people, or general state of that kingdom where the figure is erected.—Questions concerning the Second House.—From this house is required judgment concerning the estate or fortune of him that asks the question, of his wealth of property, of all moveable goods, money lent, of profit or gain, loss or damage ; in suits of law, it signifies a man's friends or assistants ; in private duels, the querent's second ; in an eclipse or great conjunction, the poverty or wealth of the people : in the Sun his entrance into Aries, it represents the ammunition, allies, and support the commonwealth shall have ; it imports their magazines.—The Third House.—Has signification of brethren, sisters, cousins, or kindred, neighbours, small journeys, or inland journeys, often removing from one place to another ; epistles, letters, rumours, messengers :—The Fourth House—Gives judgment of fathers in general, or ever of his father that inquires, or that is born ; of lands, houses, tenements, inheritance, tillage of the earth, treasures hidden ; the determination or *end* of any thing ; towns, cities, or castles besieged or not besieged ; all ancient dwellings, gardens, fields, pastures, orchards ; the quality and nature of the grounds one purchases, whether vineyards, cornfields, &c. and shews whether the ground be woody, stony, or barren.—The Fifth House.—By this house we judge of children, of ambassadors, of the state of a woman with child, of banquets, of ale-houses, taverns, plays, messengers or agents for republics, of the wealth of the father, the ammunition of a town besieged ; if the woman with child shall bring forth male or female ; of the health or sickness of his son or daughter that asks the question.—The Sixth House.—It concerns men and maid servants, galley slaves, hogs, sheep, goats, hares, conies, all manner of lesser cattle, and profit or loss got thereby ; *sickness*, its quality and cause ; the principal humour offending, curable or not curable ; whether the disease be short or long ; day-labourers, tanants, farmers, shepherds, hogherds, neatherds, warreners, and it signifies uncles, or the father's

কুটুম্ব, ক্রয়বিক্রয় প্রভৃতি বিষয়ের গণনা করিতে হয়; এই জন্যই ইহার নাম ধনভাব। এইরূপ তৃতীয় গৃহে ভগিনী, ভ্রাতা, ভৃত্য প্রভৃতির বিষয় গণনা করিবে; এই জন্যই ইহাকে সহজভাব কহে। চতুর্থ গৃহে সুহৃদ, বন্ধু, বান্ধব, সুখ, দুঃখ, মাতা, গমনাগমন, গৃহ, গ্রাম প্রভৃতির গণনা করিতে হয়, এইজন্য ইহার নাম বন্ধুভাব। পঞ্চম গৃহে গর্ভ, অপত্য, মন্ত্রসন্ধান, বিদ্যা, বুদ্ধি প্রভৃতি বিষয়ের গণনা করিবে, এইজন্য ইহাকে পুত্রভাব কহে। ষষ্ঠ গৃহে শত্রু, শত্রুক্ষয়, ক্রূরকর্ম্ম, আতঙ্ক, শঙ্কা, খর, উষ্ট্র প্রভৃতির গণনা করিবে; এইজন্য ইহার নাম রিপুভাব। সপ্তম গৃহে বাণিজ্য, ব্যবহার, বিবাহ, গমনাগমন, ভার্য্যা প্রভৃতির বিষয় গণনা করিতে হয়; এইজন্য ইহাকে জায়াভাব কহে। অষ্টম গৃহে নদী-উত্তরণ, দুর্গমদেশ, শত্রুসঙ্কট, যুদ্ধ, ব্যাঘ্র, নষ্টদ্রব্য, ছিদ্র প্রভৃতি বিষয়ের গণনা করিবে; এইজন্য ইহার নাম নিধনভাব। নবম গৃহে বাপী, কূপ, তড়াগ, দেবগৃহ, দীক্ষা,

---

brothers and sisters.—The Seventh House.—It gives judgment of marriage; and describes the person inquired after, whether it be a man or woman; all manner of love questions; or public enemies, the defendant in a lawsuit, in war, the opposing party; all quarrels, duels, lawsuits; in astrology, the artist himself; in physic. the physician; thieves and thefts, the person stealing, whether man or woman; wives, sweethearts, their shape, description, condition, nobly or ignobly born; in an annual ingress, whether war or peace may be expected; of victory, who overcomes and who is worsted; fugitives or runaways, banished or outlawed men.—The Eighth House.—The estate of men deceased; death, its quality and nature; the wills, legacies and testaments of men deceased; dowry of the wife, portion of the maid, whether much or little, easy to be obtained or with difficulty. In duels, it represents the adversary's second; in lawsuits, the defendant's friends; what kind of death a man shall die; it signifies fear and anguish of mind; also who shall be heir to the deceased.—The Ninth House.—Ry this house we give judgment of voyages or long journies beyond seas, of religious men, or clergy of any kind, whether bishops or inferior ministers; dreams, visions, foreign countries, books, learning, church livings or benefices, and of the kindred of one's wife or husband.—The Tenth House.—Commonly it personates kings, princes, dukes, earls, judges, prime officers, commanders-in-chief, whether in armies or towns; all sorts of magistracy and officers in authority, also mothers; honour, preferment, dignity, office, lawyers, professions or trade; it also signifies kindoms empires dukedoms—The Eleventh House—It does naturally represent friends and friendship, hope, trust, confidence, the praise or dispraise of any one; the fidelity or falseness of friends. As to kings, it personates their favourites, counsellors, servants, their associates or allies; their money, exchequer or treasure; in war, ammunition and soldiery, it represents, courtiers, &c.—The Twelfth House.—It has signification of private enemies, great cattle, or horses, oxen, elephants, &c.; sorrow, tribulation, imprisonment, all manner of affliction, self-undoing, &c.; and of such men as maliciously undermine their neighbours, or inform secretly against them.—

১নং টেবিল।

স্বদেশীয় অঙ্কানুসারে (তোষণীমতে দ্বাদশরাশির লগ্নমানানুসারে) অংশ হইতে পল, বিপল, কলা হইতে বিপল, অনুপল এবং পল, বিপলাদি দ্বারা অংশাদি জ্ঞান।

	মেষ ও মীন		বৃষ ও কুম্ভ		মিথুন, মকর		কর্কট, সিংহ	বৃশ্চিক, ধনু	কন্যা ও তুলা	
অংশ কলা	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল	পল বিপল	বিপল অনুপল
১	৭	৩২	৮	৩৬	১০	১২	১১	২০	১১	০
২	১৫	৪	১৭	১২	২০	২৪	২২	৪০	২২	০
৩	২২	৩৬	২৫	৪৮	৩০	৩৬	৩৪	০	৩৩	০
৪	৩০	৮	৩৪	২৪	৪০	৪৮	৪৫	২০	৪৪	০
৫	৩৭	৪০	৪৩	০	৫১	০	৫৬	৪০	৫৫	০
৬	৪৫	১২	৫১	৩৬	৬১	১২	৬৮	০	৬৬	০
৭	৫২	৪৪	৬০	১২	৭১	২৪	৭৯	২০	৭৭	০
৮	৬০	১৬	৬৮	৪৮	৮১	৩৬	৯০	৪০	৮৮	০
৯	৬৭	৪৮	৭৭	২৪	৯১	৪৮	১০২	০	৯৯	০
১০	৭৫	২০	৮৬	০	১০২	০	১১৩	২০	১১০	০
১১	৮২	৫২	৯৪	৩৬	১১২	১২	১২৪	৪০	১২১	০
১২	৯০	২৪	১০৩	১২	১২২	২৪	১৩৬	০	১৩২	০
১৩	৯৭	৫৬	১১১	৪৮	২৩২	৩৬	১৪৭	২০	১৪৩	০
১৪	১০৫	২৮	১২০	২৪	১৪২	৪৮	১৫৮	৪০	১৫৪	০
১৫	১১৩	০	১২৯	০	১৫৩	০	১৭০	০	১৬৫	০
১৬	১২০	৩২	১৩৭	৩৬	১৬৩	১২	১৮১	২০	১৭৬	০
১৭	১২৮	৪	১৪৬	১২	১৭৩	২৪	১৯২	৪০	১৮৭	০
১৮	১৩৫	৩৬	১৫৪	৪৮	১৮৩	৩৬	২০৪	০	১৯৮	০
১৯	১৪৩	৮	১৬৩	২৪	১৯৩	৪৮	২১৫	২০	২০৯	০
২০	১৫০	৪০	১৭২	০	২০৪	০	২২৬	৪০	২২০	০
২১	১৫৮	১২	১৮০	৩৬	২১৪	১২	২৩৮	০	২৩১	০
২২	১৬৫	৪৪	১৮৯	১২	২২৪	২৪	২৪৯	২০	২৪২	০
২৩	১৭৩	১৬	১৯৭	৪৮	২৩৬	৩৬	২৬১	৪০	২৫৩	০
২৪	১৮০	৪৮	২০৬	২৪	২৪৪	৪৮	২৭২	০	২৬৪	০
২৫	১৮৮	২০	২১৫	০	২৫৫	০	২৮৩	২০	২৭৫	০
২৬	১৯৫	৫২	২২৩	৩৬	২৬৫	১২	২৯৪	৪০	২৮৬	০
২৭	২০৩	২৪	২৩২	১২	২৭৫	২৪	৩০৬	০	২৯৭	০
২৮	২১০	৫৬	২৪০	৪৮	২৮৫	৩৬	৩১৭	২০	৩০৮	০
২৯	২১৮	২৮	২৪৯	২৪	২৯৫	৪৮	৩২৮	৪০	৩১৯	০
৩০	২২৬	০	২৫৮	০	৩০৬	০	৩৪০	০	৩৩০	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	মেষ ও মীন				মেষ ও মীন				বৃষ ও কুম্ভ				বৃষ ও কুম্ভ		
ক বি অ প্র	প বি অ প্র	প বি প্র অ	অ প্র অ অ	ক বি অ প্র	প বি অ প্র	বি অ অ, অ অ, প্র	অ প্র অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ অ, অ অ, প্র	অ প্র অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	প বি প্র অ	প বি অ প্র
১	০	৭	৩২	৩১	৩	৫৩	৩২	১	০	৮	৩৬	৩১	৪	২৬	৩৬
২	০	১৫	৪	৩২	৪	১	৪	২	০	১৭	১২	৩২	৪	৩৫	১২
৩	০	২২	৩৬	৩৩	৪	৮	৩৬	৩	০	২৫	৪৮	৩৩	৪	৪৩	৪৮
৪	০	৩০	৮	৩৪	৪	১৬	৮	৪	০	৩৪	২৪	৩৪	৪	৫২	২৪
৫	০	৩৭	৪০	৩৫	৪	২৩	৪০	৫	০	৪৩	০	৩৫	৫	১	০
৬	০	৪৫	১২	৩৬	৪	৩১	১২	৬	০	৫১	৩৬	৩৬	৫	৯	৩৬
৭	০	৫২	৪৪	৩৭	৪	৩৮	৪৪	৭	১	০	১২	৩৭	৫	১৮	১২
৮	১	০	১৬	৩৮	৪	৪৬	১৬	৮	১	৮	৪৮	৩৮	৫	২৬	৪৮
৯	১	৭	৪৮	৩৯	৪	৫৩	৪৮	৯	১	১৭	২৪	৩৯	৫	৩৫	২৪
১০	১	১৫	২০	৪০	৫	১	২০	১০	১	২৬	০	৪০	৫	৪৪	০
১১	১	২২	৫২	৪১	৫	৮	৫২	১১	১	৩৪	৩৬	৪১	৫	৫২	৩৬
১২	১	৩০	২৪	৪২	৫	১৬	২৪	১২	১	৪৩	১২	৪২	৬	১	১২
১৩	১	৩৭	৫৬	৪৩	৫	২৩	৫৬	১৩	১	৫১	৪৮	৪৩	৬	৯	৪৮
১৪	১	৪৫	২৮	৪৪	৫	৩১	২৮	১৪	২	০	২৪	৪৪	৬	১৮	২৪
১৫	১	৫৩	০	৪৫	৫	৩৯	০	১৫	২	৯	০	৪৫	৬	২৭	০
১৬	২	০	৩২	৪৬	৫	৪৬	৩২	১৬	২	১৭	৩৬	৪৬	৬	৩৫	৩৬
১৭	২	৮	৪	৪৭	৫	৫৪	৪	১৭	২	২৬	১২	৪৭	৬	৪৪	১২
১৮	২	১৫	৩৬	৪৮	৬	১	৩৬	১৮	২	৩৪	৪৮	৪৮	৬	৫২	৪৮
১৯	২	২৩	৮	৪৯	৬	৯	৮	১৯	২	৪৩	২৪	৪৯	৭	২	২৪
২০	২	৩০	৪০	৫০	৬	১৬	৪০	২০	২	৫২	০	৫০	৭	১০	০
২১	২	৩৮	১২	৫১	৬	২৪	১২	২১	৩	০	৩৬	৫১	৭	১৮	৩৬
২২	২	৪৫	৪৪	৫২	৬	৩১	৪৪	২২	৩	৯	১২	৫২	৭	২৭	১২
২৩	২	৫৩	১৬	৫৩	৬	৩৯	১৬	২৩	৩	১৭	৪৮	৫৩	৭	৩৫	৪৮
২৪	৩	০	৪৮	৫৪	৬	৪৬	৪৮	২৪	৩	২৬	২৪	৫৪	৭	৪৪	২৪
২৫	৩	৮	২০	৫৫	৬	৫৪	২০	২৫	৩	৩৫	০	৫৫	৭	৫৩	০
২৬	৩	১৫	৫২	৫৬	৭	১	৫২	২৬	৩	৪৩	৩৬	৫৬	৮	১	৩৬
২৭	৩	২৩	২৪	৫৭	৭	৯	২৪	২৭	৩	৫২	১২	৫৭	৮	১০	১২
২৮	৩	৩০	৫৬	৫৮	৭	১৬	৫৬	২৮	৪	০	৪৮	৫৮	৮	১৮	৪৮
২৯	৩	৩৮	২৮	৫৯	৭	২৪	২৮	২৯	৪	৯	২৪	৫৯	৮	২৭	২৪
৩০	৩	৪৬	০	৬০	৭	৩২	০	৩০	৪	১৮	০	৬০	৮	৩৬	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	মিথুন ও মকর				মিথুন ও মকর				ক, সিং, বৃ, ধ				ক, সিং, বৃ, ধ		
ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র	ক বি অ প্র	প বি অ প্র	বি অ প্র অ, প্র	অ প্র, অ অ, অ অ, প্র
১	০	১০	১২	৩১	৫	১৬	১২	১	০	১১	২০	৩১	৫	৫১	২০
২	০	২০	২৪	৩২	৫	২৬	২৪	২	০	২২	২০	৩২	৬	২	৪০
৩	০	৩০	৩৬	৩৩	৫	৩৬	৩৬	৩	০	৩৪	০	৩৩	৬	১৪	০
৪	০	৪০	৪৮	৩৪	৫	৪৬	৪৮	৪	০	৪৫	২০	৩৪	৬	২৫	২০
৫	০	৫১	০	৩৫	৫	৫৭	০	৫	০	৫৬	৪০	৩৫	৬	৩৬	৪০
৬	১	১	১২	৩৬	৬	৭	১২	৬	১	৮	০	৩৬	৬	৪৮	০
৭	১	১১	২৪	৩৭	৬	১৭	২৪	৭	১	১৯	২০	৩৭	৬	৫৯	২০
৮	১	২১	৩৬	৩৮	৬	২৭	৩৬	৮	১	২০	৪০	৩৮	৭	১০	৪০
৯	১	৩১	৪৮	৩৯	৬	৩৭	৪৮	৯	১	৪২	০	৩৯	৭	২২	০
১০	১	৪২	০	৪০	৬	৪৮	০	১০	১	৫৩	২০	৪০	৭	৩৩	২০
১১	১	৫২	১২	৪১	৬	৫৮	১২	১১	২	৪	৪০	৪১	৭	৪৪	৪০
১২	২	২	২৪	৪২	৭	৮	২৪	১২	২	১৬	০	৪২	৭	৫৬	০
১৩	২	১২	৩৬	৪৩	৭	১৮	৩৬	১৩	২	২৭	২০	৪৩	৮	৭	২০
১৪	২	২২	৪৮	৪৪	৭	২৮	৪৮	১৪	২	৩৮	৪০	৪৪	৮	১৮	৪০
১৫	২	৩৩	০	৪৫	৭	৩৯	০	১৫	২	৫০	০	৪৫	৮	৩০	০
১৬	২	৪৩	১২	৪৬	৭	৪৯	১২	১৬	৩	১	২০	৪৬	৮	৪১	২০
১৭	২	৫৩	২৪	৪৭	৭	৫৯	২৪	১৭	৩	১২	৪০	৪৭	৮	৫২	৪০
১৮	৩	৩	৩৬	৪৮	৮	৯	৩৬	১৮	৩	২৪	০	৪৮	৯	৪	০
১৯	৩	১৩	৪৮	৪৯	৮	১৯	৪৮	১৯	৩	৩৫	২০	৪৯	৯	১৫	২০
২০	৩	২৪	০	৫০	৮	৩০	০	২০	৩	৪৬	৪০	৫০	৯	২৬	৪০
২১	৩	৩৪	১২	৫১	৮	৪০	১২	২১	৩	৫৮	০	৫১	৯	৩৮	০
২২	৩	৪৪	২৪	৫২	৮	৫০	২৪	২২	৪	৯	২০	৫২	৯	৪৯	২০
২৩	৩	৫৪	৩৬	৫৩	৯	০	৩৬	২৩	৪	২০	৪০	৫৩	১০	০	৪০
২৪	৪	৪	৪৮	৫৪	৯	১৪	৪৮	২৪	৪	৩২	০	৫৪	১০	১২	০
২৫	৪	১৫	০	৫৫	৯	২১	০	২৫	৪	৪৩	২০	৫৫	১০	২৩	২০
২৬	৪	২৫	১২	৫৬	৯	৩১	১২	২৬	৪	৫৪	৪০	৫৬	১০	৩৪	৪০
২৭	৪	৩৫	২৪	৫৭	৯	৪১	২৪	২৭	৫	৬	০	৫৭	১০	৩৬	০
২৮	৪	৪৫	৩৬	৫৮	৯	৫১	৩৬	২৮	৫	১৭	২০	৫৮	১০	৫৭	২০
২৯	৪	৫৫	৪৮	৫৯	১০	১	৪৮	২৯	৫	২৮	৪০	৫৯	১১	৮	৪০
৩০	৫	৬	০	৬০	১০	১২	০	৩০	৫	৪০	০	৬০	১১	২০	০

২ নং টেবিল।

স্বদেশীয় লগ্নখণ্ডার কলা বিকলাদি হইতে বিপলাদি জ্ঞান।

	কন্যা ও তুলা				কন্যা ও তুলা				কন্যা ও তুলা				কন্যা ও তুলা		
ক	প	বি	অ	ক	প	বি	অ	ক	প	বি	অ	ক	প	বি	অ
বি	বি	অ	প্র, অ	বি	বি	অ	প্র, অ	বি	বি	অ	অ, প্র	বি	বি	অ	প্র, অ
অ	অ	প্র	অ, অ	অ	অ	প্র	অ, অ	অ	অ	প্র	অ, অ	অ	অ	প্র	প্র, অ
প্র	প্র	অ, প্র	অ, প্র	প্র	প্র	অ, প্র	অ, প্র	প্র	প্র	অ, প্র	অ, প্র	প্র	প্র	অ, প্র	অ, প্র
১	০	১১	০	১৬	২	৫৬	০	৩১	৫	৪১	০	৪৬	৮	২৬	০
২	০	২২	০	১৭	৩	৭	০	৩২	৫	৫২	০	৪৭	৮	৩৭	০
৩	০	৩৩	০	১৮	৩	১৮	০	৩৩	৬	৩	০	৪৮	৮	৪৮	০
৪	০	৪৪	০	১৯	৩	২৯	০	৩৪	৬	১৪	০	৪৯	৮	৫৯	০
৫	০	৫৫	০	২০	৩	৪০	০	৩৫	৬	২৫	০	৫০	৯	১০	০
৬	১	৬	০	২১	৩	৫১	০	৩৬	৬	৩৬	০	৫১	৯	২১	০
৭	১	১৭	০	২২	৪	২	০	৩৭	৬	৪৭	০	৫২	৯	৩২	০
৮	১	২৮	০	২৩	৪	১৩	০	৩৮	৬	৫৮	০	৫৩	৯	৪৩	০
৯	১	৩৯	০	২৪	৪	২৪	০	৩৯	৭	৯	০	৫৪	৯	৫৪	০
১০	১	৫০	০	২৫	৪	৩৫	০	৪০	৭	২০	০	৫৫	১০	৫	০
১১	২	১	০	২৬	৪	৪৬	০	৪১	৭	৩১	০	৫৬	১০	১৬	০
১২	২	১২	০	২৭	৪	৫৭	০	৪২	৭	৪২	০	৫৭	১০	২৭	০
১৩	২	২৩	০	২৮	৫	৮	০	৪৩	৭	৫৩	০	৫৮	১০	৩৮	০
১৪	২	৩৪	০	২৯	৫	১৯	০	৪৪	৮	৪	০	৫৯	১০	৪৯	০
১৫	২	৪৫	০	৩০	৫	৩০	০	৪৫	৮	১৫	০	৬০	১১	০	০

১ এক হইতে ৬০ ষাইট কলাতে স্বদেশীয় কন্যা ও তুলালগ্নমানের পল করিবার জন্য উপরি উক্ত চারিভাগে বিভক্ত টেবিলটী প্রস্তুত হইয়াছে। ইহার প্রথম ভাগে ১ এক হইতে ১৫ পনর পর্য্যন্ত কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পল বিপল হয় তাহা, দ্বিতীয় ভাগে ১৬ হইতে ৩০ পর্য্যন্ত কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা, তৃতীয় ভাগে ৩১ হইতে ৪৫ কলাতে ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা এবং চতুর্থ ভাগে ৪৬ কলা হইতে ৬০ কলা পর্য্যন্ত ঐ লগ্নমানদ্বয়ের কত পলাদি হইবে তাহা সন্নিবেশিত হইয়াছে।

মেষ ও মীন।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৭।	৫৭।	৫২।	৩৪
২	১৫।	৫৫।	৪৫।	৮
৩	২৩।	৫৩।	৩৭।	৪২
৪	৩১।	৫১।	৩০।	১৬
৫	৩৯।	৪৯।	২২।	৫০
৬	৪৭।	৪৭।	১৫।	২৪
৭	৫৫।	৪৫।	৭।	৫৮

বৃষ ও কুম্ভ।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৬।	৫৮।	৩৬।	১৭
২	৩৭।	৫৭।	১২।	৩৩
৩	২০।	৫৫।	৪৮।	৫০
৪	২৭।	৫৪।	২৫।	৭
৫	৩৪।	৫৩।	১।	২৪
৬	৪১।	৫১।	৩৭।	৪০
৭	৪৮।	৫০।	১৩।	৫৭
৮	৫৫।	৪৮।	৫০।	১৪
৯	৬২।	৪৭।	২৬।	৩১
১০	৬৯।	৪৬।	২।	৪৭

এই টেবিলের লিখিত ক-স্থানে কলা, বি, ক,-স্থানে বিকলা, অ, ক,-স্থানে অনুকলা, এবং প্র, ক,-স্থানে প্রত্যনুকলা বুঝিতে হইবে। যথা—১ পলে ৭ কলা, ৫৭ বিকলা, ৫২ অনুকলা এবং ৩৪ প্রত্যনুকলা।

কন্যা ও তুলা।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল	ক,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	২৭।	১৬।	২২
২	১০।	৫৪।	৩২।	৪৪
৩	১৬।	২১।	৪৯।	৫
৪	২১।	৪৯।	৫।	২৭
৫	২৭।	১৬।	২১।	৪৯
৬	৩২।	৪৩।	৩৮।	১১
৭	৩৮।	১০।	৫৪।	৩৩
৮	৪৩।	৩৮।	১০।	৫৫
৯	৪৯।	৫।	২৭।	১৬
১০	৫৪।	৩২।	৪৩।	৩৮
১১	৬০।	০।	০।	০

উপরোক্ত টেবিলের লিখিত ক-কলা, বি, ক,-বিকলা, অ, ক,-অনুকলা এবং প্র,-ক,-প্রত্যনুকলা বুঝিতে হইবে।

মিথুন ও মকর।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল,	কলা,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	৫২।	৫৬।	২৮
২	১১।	৪৫।	৫২।	৫৬
৩	১৭।	৩৮।	৪৯।	২৫
৪	২৩।	৩১।	৪৫।	৫৩
৫	২৯।	২৪।	৪২।	২১
৬	৩৫।	১৭।	৩৮।	৪৯
৭	৪১।	১০।	৩৫।	১৮
৮	৪৭।	৩।	৩১।	৪৬
৯	৫২।	৫৬।	২৮।	১৪
১০	৫৮।	৪৯।	২৪।	৪২

কর্কট, সিংহ, বৃশ্চিক ও ধনু।

পল দ্বারা কলাদি জ্ঞান।

পল,	কলা,	বি, ক,	অ, ক,	প্র, ক,
১	৫।	২৩।	১২।	৪
২	১০।	৪৬।	২৪।	৮
৩	১৬।	৯।	৩৬।	১৫
৪	২১।	৩২।	৪৮।	১৭
তাৎকালিক-শত্রুঃ	চং মং বৃ	র মং শু শ	র চং বৃ	বৃ	র মং বু শু শ	চং বৃ	চং বৃ
অধিমিত্রং	০	বু	০	র শু	চং	বু শ	বু শু
মিত্রং	বৃ	বৃ	শু শ	মং শ	০	মং	০
অধিশত্রুঃ	০	০	০	০	বু শু	চং	চং
শত্রুঃ	০	মং শু শ	০	বৃ	শ	বৃ	বু
সমঃ	চং মং বৃ শু শ	র	র চং বু বৃ	চং	র মং	র	র মং

অধিমিত্রাদিকথন।

যে গ্রহ যে গ্রহের নৈসর্গিক মিত্র, সম ও শত্রু বলিয়া অভিহিত হয়; যদি সেই গ্রহ তাৎকালিক মিত্র হয়, তবে যথাক্রমে অধিমিত্র, মিত্র ও সম হইবে। আর যে গ্রহ স্বাভাবিক শত্রু, সম ও মিত্র বলিয়া কথিত হয়, সেই গ্রহ তাৎকালিক শত্রু হইলে যথাক্রমে অধিশত্রু, শত্রু এবং সম হইবে। অর্থাৎ নৈসর্গিক মিত্র গ্রহ তাৎকালিক মিত্র হইলে অধিমিত্র ; সমগ্রহ তাৎকালিক মিত্র হইলে মিত্র ; শত্রু গ্রহ তাৎকালিক মিত্র হইলে সম হইবে এবং নৈসর্গিক শত্রুগ্রহ তাৎকালিক শত্রু হইলে অধিশত্রু ; সমগ্রহ তাৎকালিক শত্রু হইলে শত্রু ও মিত্রগ্রহ তাৎকালিক শত্রু হইলে সম হইবে।

মিত্র, শত্রু, সম, তাৎকালিক মিত্র, শত্রু এবং অধিমিত্রাদি গণিত করিয়া যেরূপে জন্মপত্রিকাতে চক্র অঙ্কিত করিতে হয়, উপরে মিত্রাদি চক্রে তাহা প্রদর্শিত হইয়াছে।

ক্ষেত্রকথন।

মেষ মঙ্গলের ক্ষেত্র, বৃষ শুক্রের ক্ষেত্র, মিথুন বুধের ক্ষেত্র, কর্কট চন্দ্রের ক্ষেত্র, সিংহ রবির ক্ষেত্র, কন্যা বুধের ক্ষেত্র, তুলা শুক্রের ক্ষেত্র, বৃশ্চিক মঙ্গলের ক্ষেত্র, ধনু বৃহস্পতির ক্ষেত্র, মকর ও কুম্ভ শনির ক্ষেত্র এবং মীন রাশি বৃহস্পতির ক্ষেত্র।

হোরাকথন।

রাশির অর্দ্ধাংশের নাম হোরা। তন্মধ্যে বিষম রাশির প্রথম অর্দ্ধাংশে রবির হোরা, দ্বিতীয় অর্দ্ধাংশে চন্দ্রের এবং সমরাশির প্রথম অর্দ্ধাংশে চন্দ্রের হোরা ও দ্বিতীয় অর্দ্ধাংশে রবির হোরা জানিবে।

দ্রেক্কাণকথন।

রাশির তিন অংশের এক এক অংশকে দ্রেক্কাণ কহে। তন্মধ্যে যে গ্রহ যে রাশির অধিপতি, সেই গ্রহই সেই রাশির প্রথম দ্রেক্কাণের অধিপতি। সেই রাশি হইতে গণনায় যে রাশি পঞ্চম হইবে, সেই রাশির অধিপতি গ্রহ দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি এবং যে গ্রহ তাহার নবম রাশির অধীশ্বর, সেই গ্রহই তৃতীয় দ্রেক্কাণের অধিপতি।

সপ্তাংশকথন।

রাশির সপ্তম ভাগের এক ভাগের নাম সপ্তাংশ। মেষ রাশির সপ্তাংশ মেষরাশি হইতে, বৃষ রাশির বৃশ্চিক হইতে, মিথুনের মিথুন, কর্কটের মকর, সিংহের সিংহ, কন্যার মীন, তুলার তুলা, বৃশ্চিকের বৃষ, ধনুর ধনু, মকরের কর্কট, কুম্ভের কুম্ভ এবং মীনের কন্যারাশি হইতে সপ্তাংশ বিবেচনা করিবে।

স্পষ্টার্থ ;—মেষ রাশির সপ্তাংশ গণনা করিবার জন্য মেষ রাশির ত্রিশ অংশকে সাত ভাগ করিলে মেষ রাশির অধিপতি মঙ্গলই তাহার প্রথম সপ্তাংশের অধিপতি হন।

ঐরূপ বৃষের অধিপতি শুক্র দ্বিতীয় সপ্তাংশের, মিথুনের অধিপতি বুধ তৃতীয় সপ্তাংশের, কর্কটের অধিপতি চন্দ্র চতুর্থ সপ্তাংশের, সিংহের অধিপতি রবি পঞ্চম সপ্তাংশের, কন্যার অধিপতি বুধ ষষ্ঠ সপ্তাংশের এবং তুলারাশির অধিপতি শুক্র সপ্তম সপ্তাংশের অধিপতি। ঐরূপ বৃষ রাশির সপ্তাংশ গণনা করিতে হইলে বৃষ রাশির ৩০ অংশকে সাত ভাগ করিলে বৃশ্চিকের অধিপতি মঙ্গল তাহার প্রথম সপ্তাংশের অধিপতি হন এবং ধনুর অধিপতি বৃহস্পতি দ্বিতীয় সপ্তাংশের, শনি তৃতীয় ও চতুর্থ সপ্তাংশের, বৃহস্পতি পঞ্চম সপ্তাংশের, মঙ্গল ষষ্ঠ সপ্তাংশের ও শুক্র সপ্তম সপ্তাংশের অধিপতি। এইরূপে উপরের লিখিত নিয়মানুসারে অন্যান্য রাশির সপ্তাংশ স্থির করিতে হইবে।

নবাংশ।

রাশির নবম ভাগের এক ভাগের নাম নবাংশ। মেষ, সিংহ, ধনু এই তিন রাশির মেষাবধি করিয়া নবাংশ গণনা করিবে অর্থাৎ ঐ তিন রাশির প্রথমাংশ মেষ এবং মেষের অধীশ্বর মঙ্গল, ঐ মঙ্গলই প্রথমাংশের অধীশ্বর হয়েন। দ্বিতীয়াংশ বৃষ, ঐ রাশির অধিপতি শুক্র, শুক্রই দ্বিতীয়াংশের অধিপতি হয়েন। তৃতীয়াংশ মিথুন, মিথুনের অধিপতি বুধ, বুধই তৃতীয়াংশের অধিপতি হয়েন। এই প্রকার মেষাদি নয় রাশির অংশ ক্রমে যে যে রাশির যে যে গ্রহ অধিপতি হয়েন, তাহারা সেই সেই অংশের অধিপতি হন। এইরূপ মকর, বৃষ, কন্যা তিন রাশির মকরাদি করিয়া ; তুলা, কুম্ভ, মিথুন তিন রাশির তুলাবধি করিয়া এবং কর্কট, বৃশ্চিক, মীন এই তিন রাশির কর্কটাবধি করিয়া নবাংশ গণনা করিবে।

দ্বাদশাংশকথন।

রাশিকে দ্বাদশ ভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম দ্বাদশাংশ। যে রাশির দ্বাদশাংশ নিরূপণ করিতে হইবে, যে গ্রহ সেই রাশির অধিপতি, সেই গ্রহই প্রথম দ্বাদশাংশের অধিপতি হইবে। আর যে গ্রহ সেই রাশির দ্বিতীয় রাশির অধিপতি, সেই গ্রহই দ্বিতীয় দ্বাদশাংশের অধিপতি হইবে, এইরূপে পর পর সমস্ত দ্বাদশাংশের অধিপতি নির্ণয় করিতে হইবে।

ত্রিশাংশকথন।

রাশির ত্রিশ ভাগের এক এক ভাগকে ত্রিংশাংশ কহে। বিষম রাশির অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু এবং কুম্ভ এই কয় রাশির প্রথম পাঁচ অংশ পর্য্যন্ত ত্রিশাংশের অধিপতি মঙ্গল। তাহার পর পঞ্চম অংশ পর্য্যন্ত শনির, তৎপরে অষ্টম অংশ বৃহস্পতির, তদনন্তর সপ্তম অংশ বুধের এবং তৎপরে পঞ্চম অংশ শুক্রের ত্রিংশাংশ। আর সম রাশিতে ঠিক উহার বিপরীতভাবে ত্রিংশাংশ বসিবে, অর্থাৎ সম রাশিতে প্রথম পঞ্চম অংশ শুক্রের, তাহার পর পঞ্চম ভাগ বুধের, তাহার পর অষ্টম অংশ বৃহস্পতির, তাহার পর সপ্তম ভাগ শনির এবং তদনন্তর পঞ্চম অংশ মঙ্গলের ত্রিংশাংশ হইবে।

ক্ষেত্র হইতে দ্বাদশাংশের চক্র।

	ক্ষেত্র	১ হোরা	২ হোরা	১ দ্রেক্কাণ	২ দ্রেক্কাণ	৩ দ্রেক্কাণ	১ নবাংশ	২ নবাংশ	৩ নবাংশ	৪ নবাংশ	৫ নবাংশ	৬ নবাংশ	৭ নবাংশ	৮ নবাংশ	৯ নবাংশ	১ দ্বাদশাংশ	২ দ্বাদশাংশ	৩ দ্বাদশাংশ	৪ দ্বাদশাংশ	৫ দ্বাদশাংশ	৬ দ্বাদশাংশ	৭ দ্বাদশাংশ	৮ দ্বাদশাংশ	৯ দ্বাদশাংশ	১০ দ্বাদশাংশ	১১ দ্বাদশাংশ	১২ দ্বাদশাংশ
অংশ	৩০	১৫	৩০	১০	২০	৩০	৩।২০	৬।৪০	১০।০	১৩।২০	১৬।৪০	২০।০	২৩।২০	২৬।৪০	৩০।০	২।৩০	৫।০	৭।৩০	১০।০	১২।৩০	১৫।০	১৭।৩০	২০।০	২২।৩০	২৫।০	২৭।৩০	৩০।০
মেষ	ম	র	চং	ম	র	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
বৃষ	শু	চং	র	শু	বু	শ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম
মিথুন	বু	র	চং	বু	শু	শ	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু
কর্কট	চ	চং	র	চং	ম	বৃ	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু
সিংহ	র	র	চং	র	বৃ	ম	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং
কন্যা	বু	চং	র	বু	শ	শু	শ	শ	বৃ	ম	শু	বু	চং	বু	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র
তুলা	শু	র	চং	শু	শ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু
বৃশ্চিক	ম	চং	র	ম	বৃ	চং	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু
ধনু	বৃ	র	চং	বৃ	ম	র	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	ম
মকর	শ	চং	র	শ	শু	বু	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শ	শ	বৃ	ম	শু	বু	চং	র	বুঁ	শু	ম	বৃ
কুম্ভ	শ	র	চং	শ	বু	শু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	শ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ
মীন	বৃ	চং	র	বৃ	চং	ম	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	বৃ	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ

সপ্তাংশচক্র।

রাশি	১ সপ্তাংশ ৪।১৭।৮।৩৪	২ ঐ ৮।৩৪।১৭।৮	৩ ঐ ১২।৫১।২৫।৪২	৪ ঐ ১৭।৮।৩৪।১৭	৫ ঐ ২১।২৫।৪২।৫১	৬ ঐ ২৫।৪২।৫১।২৫	৭ ঐ ৩০।০।০।০
মেষ	মং	শু	বু	চং	র	বু	শু
বৃষ	মং	বৃ	শ	শ	বৃ	মং	শু
মিথুন	বু	চং	র	বু	শু	মং	বৃ
কর্কট	শ	শ	বৃ	মং	শু	বু	চং
সিংহ	র	বু	শু	মং	বৃ	শ	শ
কন্যা	বৃ	মং	শু	বু	চং	র	বু
তুলা	শু	মং	বৃ	শ	শ	বৃ	মং
বৃশ্চিক	শু	বু	চং	র	বু	শু	মং
ধনু	বৃ	শ	শ	বৃ	মং	শু	বু
মকর	চং	র	বু	শু	মং	বৃ	শ
কুম্ভ	শ	বৃ	মং	শু	বু	চং	র
মীন	বু	শু	মং	বৃ	শ	শ	বৃ

ত্রিংশাংশচক্র।

রাশি	১ ত্রিংশাংশ	২ ত্রিংশাংশ	৩ ত্রিংশাংশ	৪ ত্রিংশাংশ	৫ ত্রিংশাংশ
মেষ	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
বৃষ	৫ শু	১২ বু	২০ বৃ	২৫ শ	৩০ ম
মিথুন	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
কর্কট	৫ শু	১২ বু	২০ বৃ	২৫ শ	৩০ ম
সিংহ	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
কন্যা	৫ শু	১২ বু	২০ বৃ	২৫ শ	৩০ ম
তুলা	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
বৃশ্চিক	৫ শু	১২ বু	২০ বৃ	২৫ শ	৩০ ম
ধনু	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
মকর	৫ শু	১২ বু	২০ বৃ	২৫ শ	৩০ ম
কুম্ভ	৫ ম	১০ শ	১৮ বৃ	২৫ বু	৩০ শু
মীন	৫ শু	১২ বৃ	২০ বৃ	২৫ শ	৩০ ম

ক্ষেত্র হইতে দ্বাদশাংশের চক্রের বিবরণ।

এই চক্রের প্রথম কলমে দ্বাদশ রাশির নাম, দ্বিতীয় কলমে ঐ সকল রাশির অধিপতির নাম, ৩য় কলমে হোরাধিপতির নাম, চতুর্থ কলমে দ্রেক্কাণাধিপতির নাম, ৫ম কলমে নবাংশাধিপতির নাম এবং ৬ষ্ঠ কলমে ঐ সকল রাশির দ্বাদশাংশাধিপতির নাম

বিন্যস্ত হইয়াছে। এই সকল অধিপতির নামের উপরিভাগে অংশাদির অঙ্ক লিখিত হইয়াছে। দৃষ্টি করিলে সহজেই বোধগম্য হইবে।

সপ্তাংশ ও ত্রিংশাংশচক্রের বিবরণ।

সপ্তাংশ চক্রের ১ম কলমে মেষ হইতে মীন রাশির নাম, ২য় কলমে প্রথম সপ্তাংশের অধিপতি, ৩য় কলমে ২য় সপ্তাংশের অধিপতি, ৪র্থ কলমে ৩য় সপ্তাংশের, ৫ম কলমে ৪র্থ সপ্তাংশের, ৬ষ্ঠ কলমে ৫ম সপ্তাংশের, ৭ম কলমে ৬ষ্ঠ সপ্তাংশের এবং ৮ম কলমে সপ্তম সপ্তাংশের অধিপতি লিখিত হইয়াছে এবং ত্রিংশাংশ চক্রের ১ম কলমে মেষরাশির ১ম ত্রিংশাংশ হইতে ৫ম ত্রিংশাংশের অধিপতি এবং ২য় কলম হইতে ১২শ কলমে যথাক্রমে মীন পর্য্যন্ত রাশি সকলের ১ম হইতে ৫ম ত্রিংশাংশের অধিপতি বিন্যস্ত হইয়াছে। দৃষ্টি করিলেই সহজে বোধগম্য হইবে।

মূলত্রিকোণে বাণাব্ধী তদর্দ্ধমধিমিত্রভে। স্বগৃহে স্যাদ্বলং ত্রিংশৎ তদর্দ্ধং মিত্রমন্দিরে। তদর্দ্ধং সমরাশৌ স্যাত্তদর্দ্ধং শত্রুমন্দিরে। তদর্দ্ধমধিশত্রৌ স্যাদ্ গ্রাহ্যং তৎ সপ্তবর্গজম্॥

স্থানবল উক্ত হইতেছে। গ্রহ যদি স্বীয় মূলত্রিকোণ গৃহে থাকে, তাহা হইলে তাহার ৪৫ কলা ত্রিপাদ বল, যদি অধিমিত্রগৃহে থাকে, তাহা হইলে উক্ত বলের অর্দ্ধ ২২।৩০ কলা বল, যদি স্বীয় গৃহে থাকে, তাহা হইলে তাহার ৩০ কলা অর্দ্ধ বল, আর যদি মিত্রগৃহে থাকে, তাহা হইলে ১৫ কলা পাদ বল, যদি সমগ্রহের গৃহে থাকে, তাহা হইলে উক্ত পাদবলের অর্দ্ধ ৭।৩০ কলা, শত্রুগ্রহের গৃহে থাকিলে পাদার্দ্ধার্দ্ধ ৩।৪৫ কলা বল এবং অধিশত্রু গ্রহের গৃহে থাকিলে সেই গ্রহের পাদার্দ্ধার্দ্ধার্দ্ধ ১।৫২।৩০ কলা বল হয়। উক্ত রীতি অনুসারে গ্রহদিগের অধিষ্ঠিত ক্ষেত্রাদির অধিপতি গ্রহের সহিত মিত্রামিত্রাদি বিবেচনা করিয়া সপ্তবর্গের বল সাধন করিবে।

মূলত্রিকোণাদি বলগণনার দৃষ্টান্ত।

পূর্ব্বোক্ত বচনানুসারে জানা যাইতেছে যে, মঙ্গল নিজ মূলত্রিকোণে অবস্থিত, অতএব তাহার বল ৪৫ কলা ০ বিকলা।

ক্ষেত্রবল;—পূর্ব্বোক্ত জন্মকুণ্ডলীর চক্রদৃষ্টে জানা যাইতেছে যে, রবি মেষরাশিতে মঙ্গলের ক্ষেত্রে অবস্থিত। মিত্রাদি-চক্র-দৃষ্টে জানা যাইতেছে যে, মঙ্গল রবির সম; অতএব রবির ক্ষেত্রবল ৭।৩০ কলাদি। চন্দ্র ধনুরাশিতে বৃহস্পতির ক্ষেত্রে অবস্থিত, বৃহস্পতি চন্দ্রের মিত্র; অতএব চন্দ্রের বল ১৫ কলা। মঙ্গল মেষরাশিতে স্বক্ষেত্রে

অবস্থিত আছে; অতএব মঙ্গলের বল ৩০ কলা। বুধ মীনরাশিতে বৃহস্পতির ক্ষেত্রে অবস্থিত, বৃহস্পতি বুধের শত্রু; অতএব তাহার বল ৩।৪৫ কলাদি। বৃহস্পতি তুলায় শুক্রের ক্ষেত্রে অবস্থিত, শুক্র বৃহস্পতির অধিশত্রু; অতএব বৃহস্পতির বল ১।৫২।৩০ কলাদি। শুক্র বৃষরাশিতে স্বক্ষেত্রে অবস্থিত; অতএব শুক্রের বল ৩০ কলা। শনি মিথুনে বুধের ক্ষেত্রে অবস্থিত, বুধ শনির অধিমিত্র; অতএব শনির ক্ষেত্রবল ২২।৩০ কলাদি।

হোরাবল;—উল্লিখিত জন্মকালে জানা যাইতেছে যে, রবি মেষ রাশির প্রথমার্দ্ধ ১৫ অংশের মধ্যে অবস্থিত, ঐ প্রথমার্দ্ধ রবির নিজ হোরা; অতএব রবির হোরাবল ৩০।০ কলাদি। চন্দ্র ধনুরাশির প্রথমার্দ্ধ ভাগ ১৫ অংশ মধ্যে অবস্থিত; ঐ ১৫ অংশ প্রথম ভাগ রবির হোরা, অতএব চন্দ্র রবির হোরায় অবস্থিত, রবি চন্দ্রের সম; এজন্য চন্দ্রের হোরা-বল ৭।৩০ কলাদি। মঙ্গল ঐ সময় মেষরাশির প্রথমার্দ্ধ মধ্যে রবির হোরায় অবস্থিত, রবি মঙ্গলের সম; অতএব মঙ্গলের বল ৭।৩০ কলাদি। বুধ মীন রাশির প্রথমার্দ্ধ ১৫ অংশ মধ্যে অবস্থিত, উহা চন্দ্রের হোরা, চন্দ্র বুধের সম; অতএব বুধের বল ৭।৩০ কলাদি। বৃহস্পতি তুলারাশির প্রথমার্দ্ধ ১৫ অংশ মধ্যে অবস্থিত, ঐ ১৫ অংশ রবির হোরা, অতএব বৃহস্পতি রবির হোরায় অবস্থিত, রবি বৃহস্পতির সম; এজন্য বৃহস্পতির বল ৭।৩০ কলাদি। শুক্র বৃষরাশির প্রথমার্দ্ধ ১৫ অংশ মধ্যে অবস্থিত, ঐ রাশির ১৫ অংশ চন্দ্রের হোরা, অতএব শুক্র চন্দ্রের হোরায় স্থিত, চন্দ্র শুক্রের অধিশত্রু; এজন্য শুক্রের বল ১।৫২।৩০ কলাদি এবং শনি মিথুনরাশির শেষার্দ্ধ শেষ ১৫ অংশ মধ্যে অবস্থিত, ঐ শেষার্দ্ধ চন্দ্রের হোরা, অতএব শনি চন্দ্রের হোরায় অবস্থিত, চন্দ্র শনির অধিশত্রু; এজন্য শনির হোরাবল ১।৫২।৩০ কলাদি।

দ্রেক্কাণবল;—পূর্ব্বোক্ত জন্মসময়ের স্ফুট ও জন্মকুণ্ডলীর চক্রদৃষ্টে জানা যাইতেছে যে, রবি মেষরাশির প্রথম ১০ অংশ মধ্যে অবস্থিত, ঐ দশ অংশের অর্থাৎ প্রথম দ্রেক্কাণের অধিপতি মঙ্গল, অতএব রবি মঙ্গলের দ্রেক্কাণে অবস্থিত, মঙ্গল রবির সম; এজন্য রবির দ্রেক্কাণবল ৭।৩০ কলাদি। চন্দ্র ধনুরাশির প্রথমদ্রেক্কাণ অর্থাৎ প্রথম দশ অংশের মধ্যে অবস্থিত, বৃহস্পতি ঐ প্রথম দ্রেক্কাণের অধিপতি, অতএব চন্দ্র বৃহস্পতির দ্রেক্কাণে স্থিত, বৃহস্পতি চন্দ্রের মিত্র; সুতরাং চন্দ্রের দ্রেক্কাণবল ১৫।০ কলাদি। মঙ্গল ঐ সময় মেষরাশির প্রথম ১০ অংশ মধ্যে অবস্থিত, মঙ্গল ঐ প্রথম দ্রেক্কাণের অধিপতি, অতএব মঙ্গল স্বীয় দ্রেক্কাণে অবস্থিত; এজন্য মঙ্গলের বল ৩০।০ কলাদি। পূর্ব্বোক্ত জন্মসময়ে বুধ মীনরাশির প্রথম ১০ অংশের মধ্যে অর্থাৎপ্রথম দ্রেক্কাণে অবস্থিত, বৃহস্পতিঐ প্রথম দ্রেক্কাণের অধি-পতি, সুতরাং বুধ বৃহস্পতির দ্রেক্কাণে অবস্থিত, বৃহস্পতি বুধের শত্রু; এজন্য বুধের বল ৩।৪৫ কলাদি। বৃহস্পতি তুলারাশির দ্বিতীয় ১০ অংশ মধ্যে অর্থাৎ দ্বিতীয় দ্রেক্কাণে অবস্থিত,

শনি দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি, সুতরাং বৃহস্পতি শনির দ্রেক্কাণে স্থিত; শনি বৃহস্পতির শত্রু; এজন্য বৃহস্পতির বল ৩।৪৫ কলাদি। ঐ সময় শুক্র বৃষরাশির ৩ অংশ মধ্যে অর্থাৎ প্রথম দ্রেক্কাণে অবস্থিত, শুক্র ঐ প্রথম দ্রেক্কাণের অধিপতি, এজন্য শুক্র স্বীয় দ্রেক্কাণে অবস্থিত; অতএব শুক্রের বল ৩০।০ এবং শনিও ঐ সময় মিথুন রাশির তৃতীয় দ্রেক্কাণে অবস্থিত, ঐ দ্রেক্কাণের অধিপতি শনি, অতএব শনি স্বীয় দ্রেক্কাণে স্থিত; সুতরাং শনির দ্রেক্কাণবল ৩০।০ কলাদি।

* সপ্তাংশবল;—পূর্ব্বোক্ত জন্মসময়ে রবি মেষরাশির প্রথম সপ্তাংশে অবস্থিতি করিতেছে, মঙ্গল ঐ মেষরাশির প্রথম সপ্তাংশের অধিপতি, মঙ্গল রবির সম, অতএব রবির সপ্তাংশবল ৭।৩০ কলাদি। ঐ সময়ে চন্দ্র ধনুরাশির দ্বিতীয় সপ্তাংশ মধ্যে অবস্থিত, শনি ঐ দ্বিতীয় সপ্তাংশের অধিপতি, আর ঐ শনি চন্দ্রের শত্রু, অতএব চন্দ্রের সপ্তাংশবল ৩।৪৫ কলাদি। মঙ্গল মেষরাশির প্রথম সপ্তাংশে অবস্থিত; মঙ্গল ঐ রাশির প্রথম সপ্তাংশের অধিপতি, সুতরাং মঙ্গল স্বীয় সপ্তাংশে অবস্থিত; এজন্য মঙ্গলের সপ্তাংশবল ৩০ কলা। বুধ ঐ সময় মীনরাশির ৪ অংশ মধ্যে অবস্থিত, উহা কন্যারাশির প্রথম সপ্তাংশের অন্তর্গত, বুধ কন্যারাশির প্রথম সপ্তাংশের অধিপতি, সুতরাং বুধ ঐ সময় স্বীয় সপ্তাংশে অবস্থিত, এজন্য বুধের সপ্তাংশবল ৩০।০ কলাদি। বৃহস্পতি ঐ সময় তুলারাশির ১২ অংশ মধ্যে অবস্থিত, ঐ ১২ অংশ তুলারাশির তৃতীয় সপ্তাংশের অন্তর্গত, বৃহস্পতি ঐ তৃতীয় সপ্তাংশের অধিপতি, ইহাতে জানা যাইতেছে যে, বৃহস্পতি স্বীয় সপ্তাংশে অবস্থিত; এজন্য বৃহস্পতির সপ্তাংশবল ৩০।০ কলাদি। শুক্র ঐ সময় বৃষরাশির ৩ অংশ মধ্যে অবস্থিত, ঐ বৃষরাশির ৩ অংশ বৃশ্চিকের অধিপতি মঙ্গলের সপ্তাংশের অন্তর্গত, অতএব শুক্র মঙ্গলের সপ্তাংশে অবস্থিত, মঙ্গল শুক্রের মিত্র, সুতরাং শুক্রের সপ্তাংশবল ১৫।০ কলাদি এবং শনি ঐ সময় মিথুনরাশির সপ্তম সপ্তাংশে অবস্থিত, ধনুরাশির অধিপতি বৃহস্পতি ঐ সপ্তম সপ্তাংশের অধিপতি, সুতরাং শনি বৃহস্পতির সপ্তাংশে অবস্থিত, বৃহস্পতি শনির শত্রু, অতএব শনির সপ্তাংশবল ৩।৪৫ কলাদি স্থির হইল।

† নবাংশবল,—পূর্ব্বোক্ত জন্মকালে গ্রহগণের স্ফুট ও জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাইতেছে যে, ঐ সময় রবি মেষরাশির ১ অংশের মধ্যে অবস্থিত, ঐ ১ অংশ ঐ রাশির প্রথম নবাংশের

---

* এক রাশি অর্থাৎ ৩০ অংশকে ৭ দিয়া ভাগ করিলে তাহার প্রথম সপ্তাংশের পরিমাণ ৪।১৭।৮।৩৪ অংশাদি; ইহা হইতে ৮।৩৪।১৭।৮ অংশাদি পর্য্যন্ত ২য় সপ্তাংশ; ২য় হইতে ১২।৫১।২৫।৪৩ অংশাদি পর্য্যন্ত ৩য় সপ্তাংশ; ৩য় হইতে ১৭।৮।৩৪।১৭ অংশাদি পর্য্যন্ত ৪র্থ; ৪র্থ হইতে ২১।২৫।৪২।৫১ অংশাদি পর্য্যন্ত ৫ম; ৫ম হইতে ২৫।৪২।৫১।২৫ পর্য্যন্ত ৬ষ্ঠ এবং ৬ষ্ঠ হইতে ৩০ অংশ পর্য্যন্ত সপ্তম সপ্তাংশ।

† এক রাশি অর্থাৎ ৩০ অংশকে ৯ দিয়া ভাগ করিলে তাহার প্রথম নবাংশের পরিমাণ ৩ অংশ,

অন্তর্গত, উহার অধিপতি মঙ্গল, মঙ্গল রবির সম, অতএব রবির নবাংশবল ৭।৩০ কলাদি। চন্দ্র ধনুরাশির ৬ অংশের মধ্যে অবস্থিত, ঐ রাশির ৬ অংশ ঐ রাশির দ্বিতীয় নবাংশ; বৃষের অধিপতি শুক্রের নবাংশের অন্তর্গত, অতএব চন্দ্র শুক্রের নবাংশে অবস্থিত, শুক্র চন্দ্রের শত্রু, এজন্য চন্দ্রের নবাংশবল ৩।৪৫ কলাদি। মঙ্গল ঐ সময় মেষরাশির ২ অংশে অর্থাৎ প্রথম নবাংশের মধ্যে থাকায় মঙ্গল স্বীয় নবাংশে অবস্থিত, অতএব মঙ্গলের নবাংশবল ৩০।০ কলাদি। উক্ত সময়ে বুধগ্রহ মীনরাশির ৪ অংশ মধ্যে অবস্থিত, উহা কর্কটের তৃতীয় নবাংশের অন্তর্গত, সুতরাং বুধ উহার অধিপতি, এজন্য বুধ স্বীয় নবাংশে থাকায় বুধের নবাংশবল ৩০।০ কলা। বৃহস্পতি ঐ সময় তুলারাশির ৫ম নবাংশ মধ্যে অবস্থিত, উহা মকরের অধিপতি শনির নবাংশের অন্তর্গত, অতএব বৃহস্পতি শনির নবাংশে অবস্থিত, ঐ শনি বৃহস্পতির শত্রু, এজন্য বৃহস্পতির নবাংশবল ৩।৪৫ কলাদি। শুক্র বৃষের ১ নবাংশ মধ্যে অবস্থিত, ঐ নবাংশ শুক্রের স্বীয় নবাংশের অন্তর্গত, সুতরাং শুক্রের নবাংশবল ৩০।০ কলাদি। আর ঐ সময় শনি মিথুনরাশির ২৬ অংশের মধ্যে অবস্থিত, ঐ ২৬ অংশ তুলার অষ্টম নবাংশের অন্তর্গত, শুক্র ঐ নবাংশের অধিপতি, অতএব শনি শুক্রের নবাংশে অবস্থিত, ঐ শুক্র শনির অধিমিত্র, সুতরাং শনির নবাংশ-বল ২২।৩০ কলাদি নির্ণীত হইল।

* দ্বাদশাংশবল ;—পূর্ব্বোল্লিখিত জন্মসময়ের গ্রহস্ফুট ও জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাই-তেছে যে, রবি মেষরাশির প্রথম অংশের মধ্যে অবস্থিত। ঐ মেষের প্রথম অংশ মঙ্গ-লের ১ দ্বাদশাংশের অন্তর্গত; সুতরাং রবি মঙ্গলের দ্বাদশাংশে অবস্থিত; আর মিত্রাদিচক্র দৃষ্টে জানা যাইতেছে যে, মঙ্গল রবির সম; অতএব রবির দ্বাদশাংশবল ৭ কলা ৩০ বিকলা। ঐ সময় চন্দ্র ধনুরাশির ছয় অংশের মধ্যে অবস্থিত, ঐ ছয় অংশ ধনুরাশির তৃতীয় দ্বাদ-শাংশের অন্তর্গত, শনি ঐ দ্বাদশাংশের অধিপতি; সুতরাং চন্দ্র শনির দ্বাদশাংশে অবস্থিত; শনি চন্দ্রের শত্রু; এজন্য চন্দ্রের দ্বাদশাংশবল ৩ কলা ৪৫ বিকলা। মঙ্গল ঐ সময়ে মেষরাশির ২।৩০ অংশাদির মধ্যে অবস্থিত, উহা মেষরাশির প্রথম দ্বাদশাংশের অন্তর্গত, মঙ্গল ঐ দ্বাদশাংশের অধিপতি, অতএব মঙ্গল স্বীয় দ্বাদশাংশে থাকায় উহার

---

২০ কলা; ইহা হইতে ৬ অংশ ৪০ কলা পর্য্যন্ত ২য় নবাংশ, ২য় হইতে ১০ অংশ পর্য্যন্ত ৩য়, ৩য় হইতে ১৩।২০ অংশাদি পর্য্যন্ত ৪র্থ, ৪র্থ হইতে ১৬।৪০ পর্য্যন্ত ৫ম, ৫ম হইতে ২০ অংশ পর্য্যন্ত ষষ্ঠ, উহা হইতে ২৩।২০ অংশাদি পর্য্যন্ত সপ্তম, ৭ম হইতে ২৬।৪০ পর্য্যন্ত ৮ম এবং ৮ম নবাংশ হইতে ৩০ অংশ পর্য্যন্ত নবম নবাংশ।

* এক রাশিকে অর্থাৎ ৩০ অংশকে ১২ দিয়া ভাগ করিলে তাহার প্রথম দ্বাদশাংশের পরিমাণ ২ অংশ, ৩০ কলা, উহা হইতে ৫ অংশ পর্য্যন্ত ২য়, ২য় হইতে ৭।৩০ পর্য্যন্ত ৩য়, ৩য় হইতে ১০ অংশ পর্য্যন্ত ৪র্থ; ৪র্থ হইতে ১২।৩০ পর্য্যন্ত ৫ম, ৫ম হইতে ১৫ পর্য্যন্ত ষষ্ঠ, ষষ্ঠ হইতে ১৭।৩০ অংশাদি পর্য্যন্ত ৭ম, ৭ম

বল ৩০ কলা। বুধ ঐ সময়ে মীনরাশির ২য় দ্বাদশাংশের মধ্যে অবস্থিত, উহা মেষরাশির অধিপতি মঙ্গলের দ্বাদশাংশের অন্তর্গত, সুতরাং বুধ মঙ্গলের দ্বাদশাংশে অবস্থিতি করিতেছে, মঙ্গল বুধের মিত্র; এজন্য বুধের দ্বাদশাংশবল ১৫ কলা। বৃহস্পতি ঐ সময়ে তুলারাশির ১২ অংশের মধ্যে অবস্থিত, ঐ ১২ অংশ তুলারাশির ৫ম দ্বাদশাংশের অন্তর্গত, শনি ঐ দ্বাদশাংশের অধিপতি, সুতরাং বৃহস্পতি শনির দ্বাদশাংশে অবস্থিতি করিতেছে, শনি বৃহস্পতির শত্রু, এজন্য বৃহস্পতির দ্বাদশাংশবল ৩।৪৫ কলাদি। শুক্র ঐ সময়ে বৃষরাশির ২য় দ্বাদশাংশ মধ্যে অবস্থিত, ঐ দ্বাদশাংশ মিথুনের অধিপতি বুধের দ্বাদশাংশের অন্তর্গত, সুতরাং শুক্র বুধের দ্বাদশাংশে অবস্থিত; বুধ শুক্রের অধিমিত্র; এজন্য শুক্রের দ্বাদশাংশবল ২২।৩০ কলাদি এবং শনি উল্লিখিত জন্মকালে মিথুনরাশির ১১শ দ্বাদশাংশ মধ্যে অবস্থিত, উহা মেষ রাশির অধিপতি মঙ্গলের দ্বাদশাংশের অন্তর্গত, অতএব শনি মঙ্গলের দ্বাদশাংশে অবস্থিতি করিতেছে, মঙ্গল শনির সম; এজন্য শনির দ্বাদশাংশবল ৭ কলা, ৩০ বিকলা স্থির হইল।

* ত্রিংশাংশবল;—পূর্ব্বোল্লিখিত জন্মসময়ের গ্রহস্ফুট ও জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাইতেছে যে, রবি মেষরাশির ৫ অংশ মধ্যে থাকায় ঐ রাশির প্রথম ত্রিংশাংশে অবস্থিত, উহা মেষের অধিপতি মঙ্গলের ত্রিংশাংশের অন্তর্গত, অতএব রবি মঙ্গলের ত্রিংশাংশে অবস্থিত, মঙ্গল রবির সম; এজন্য রবির ত্রিংশাংশবল ৭ কলা ৩০ বিকলা। চন্দ্র ঐ সময়ে ধনুরাশির ৬ অংশমধ্যে থাকায় ঐ রাশির ২য় ত্রিংশাংশের অর্থাৎ ১২ অংশ মধ্যে অবস্থিত, উহা মকরের অধিপতি শনির ত্রিংশাংশের অন্তর্গত, অতএব চন্দ্র শনির ত্রিংশাংশে অবস্থিত, শনি চন্দ্রের শত্রু; এজন্য চন্দ্রের ত্রিংশাংশবল ৩ কলা ৪৫ বিকলা। মঙ্গল উল্লিখিত জন্মকালে মেষরাশির ৩ অংশমধ্যে থাকায় ঐ রাশির ১ম ত্রিংশাংশে অর্থাৎ ৫ অংশমধ্যে অবস্থিত, উহা মেষের অধিপতি মঙ্গলের ত্রিংশাংশের অন্তর্গত, অতএব মঙ্গল স্বীয় ত্রিংশাংশে অবস্থিতি করিতেছে; এজন্য মঙ্গলের ত্রিংশাংশবল ৩০ কলা। বুধ ঐ সময়ে মীনরাশির ৪ অংশ মধ্যে থাকায় ঐ রাশির ১ম ত্রিংশাংশে অর্থাৎ ৫ অংশমধ্যে অবস্থিত, উহা বৃষের অধিপতি শুক্রের ত্রিংশাংশের অন্তর্গত; অতএব বুধ

হইতে ২০ অংশ পর্য্যন্ত ৮ম, ৮ম হইতে ২২।৩০ পর্য্যন্ত নবম, নবম হইতে ২৫ অংশ পর্য্যন্ত ১০ম, ১০ম হইতে ২৭।৩০ পর্য্যন্ত ১১শ এবং ১১শ হইতে ৩০ অংশ পর্য্যন্ত ১২শ দ্বাদশাংশ।

* এক রাশি অর্থাৎ ৩০ অংশকে ৩০ দিয়া ভাগ করিলে ত্রিংশাংশের পরিমাণ ১ অংশ হয়, ক্রমশঃ পর পর এক এক অংশ যোগ করিলে প্রথম, দ্বিতীয় ইত্যাদি ত্রিশ পর্য্যন্ত ত্রিংশাংশ হইবে। অযুগ্ম রাশিতে প্রথম পাঁচ অংশ পর্য্যন্ত ত্রিংশাংশের অধিপতি মঙ্গল, ঐ ৫ হইতে ১০ পর্য্যন্ত শনি, ১০ হইতে ১৮ পর্য্যন্ত বৃহস্পতি, ১৮ হইতে ২৫ অংশ পর্য্যন্ত বুধ এবং ২৫ হইতে ৩০ পর্য্যন্ত ত্রিংশাংশের অধিপতি শুক্র। আর

শুক্রের ত্রিংশাংশে অবস্থিতি করিতেছে, শুক্র বুধের মিত্র; এজন্য বুধের ত্রিংশাংশবল ১৫ কলা। বৃহস্পতি ঐ সময়ে তুলারাশির ১২ অংশ মধ্যে থাকায় ঐ রাশির ৩য় ত্রিংশাংশে অর্থাৎ ১৮ অংশমধ্যে অবস্থিত, উহা মীনরাশির অধিপতি বৃহস্পতির ত্রিংশাংশের অন্তর্গত; অতএব বৃহস্পতি স্বীয় ত্রিংশাংশে অবস্থিত; এজন্য বৃহস্পতির ত্রিংশাংশবল ৩০ কলা। শুক্র ঐ সময়ে বৃষরাশির তিন অংশমধ্যে থাকায় ঐ রাশির ১ম ত্রিংশাংশে অর্থাৎ ৫ অংশের মধ্যে অবস্থিত, উহা ঐ রাশির অধিপতি শুক্রের ত্রিংশাংশের অন্তর্গত, সুতরাং শুক্র স্বীয় ত্রিংশাংশে অবস্থিতি করাতে উহার বল ৩০ কলা এবং শনি উল্লিখিত জন্মকালে মিথুন রাশির ২৬ অংশমধ্যে অবস্থিতি করিতেছে বলিয়া ঐ রাশির ৫ ত্রিংশাংশে অর্থাৎ ৩০ অংশের মধ্যে বিদ্যমান আছে, উহা বৃষের অধিপতি শুক্রের ত্রিংশাংশের অন্তর্গত, সুতরাং শনি শুক্রের ত্রিংশাংশে অবস্থিত; শুক্র শনির অধিমিত্র; এজন্য শনির ত্রিংশাংশবল ২২ কলা, ৩০ বিকলা স্থির হইল।

ওজ ও যুগ্মরাশিকথন।

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ. ইহারা বিষম ওজ বা অযুগ্ম রাশি। বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন, ইহারা যুগ্ম বা সম রাশি।

যুগ্মভাংশগতৌ চন্দ্রশুক্রৌ বাণেন্দুবীর্য্যদৌ।
অযুগ্মভাংশগা অন্যে তাবন্ত এব বীর্য্যদাঃ ॥

চন্দ্র এবং শুক্র যদি যুগ্ম রাশি বা যুগ্মরাশির নবাংশে অবস্থিতি করে, তাহা হইলে তাহাদিগের বল ১৫ কলা, আর অন্যান্য গ্রহ যদি অযুগ্ম রাশি বা অযুগ্মরাশির নবাংশে থাকে, তাহা হইলে তাহাদিগের বল পাদ অর্থাৎ ১৫ কলা হইবে।

যুগ্মাযুগ্মরাশিবলের দৃষ্টান্ত।

এই খণ্ডের ৭৬ পৃষ্ঠার লিখিত জন্মকুণ্ডলী দৃষ্টে মেষ অবধি ওজ যুগ্মাদি ক্রমে গণনা করিয়া জানা যাইতেছে যে, রবি ও মঙ্গল অযুগ্মরাশি মেষে, বৃহস্পতি তুলায় এবং শনি অযুগ্মরাশি মিথুনে অবস্থিত; সুতরাং ইহাদের বল ১৫ কলা। ঐরূপ গণনা দ্বারা স্থির হইতেছে যে, শুক্র যুগ্মরাশি বৃষে অবস্থিত; অতএব ইহার বল ১৫।০ কলাদি এবং চন্দ্র

যুগ্মরাশিতে প্রথম পাঁচ অংশের অধিপতি শুক্র, ৫ হইতে ১২ অংশ পর্য্যন্ত ত্রিংশাংশের অধিপতি বুধ, ১২ হইতে ২০ পর্য্যন্ত বৃহস্পতি, ২০ হইতে ২৫ পর্য্যন্ত শনি এবং ২৫ অংশ হইতে ৩০ অংশ পর্য্যন্ত ত্রিংশাংশের অধিপতি মঙ্গল হইবে।

অযুগ্ম রাশি ধনুতে ও বুধ যুগ্মরাশি মীনে অবস্থিতি করিতেছে ; সুতরাং ইহাদিগের উভয়ের বল ০।০ শূন্য স্থির হইল।

যুগ্মাযুগ্মভাংশবলের দৃষ্টান্ত।

পূর্ব্বোক্ত নবাংশচক্রে মেষ অবধি ওজযুগ্মাদিক্রমে গণনা দ্বারা দেখা যাইতেছে যে, রবি ও মঙ্গল অযুগ্ম মেষরাশির প্রথম অযুগ্ম নবাংশে অবস্থিত, ইহা অযুগ্মরাশির নবাংশের অন্তর্গত, সুতরাং উহাদের বল ১৫ কলা। চন্দ্র ধনুরাশির দ্বিতীয় নবাংশে অবস্থিত, ইহা যুগ্মরাশি বৃষের অধিপতি শুক্রের নবাংশের অন্তর্গত ; সুতরাং ইহার বল ১৫ কলা। শুক্র বৃষরাশির প্রথম নবাংশে অবস্থিত, উহা যুগ্মরাশি মকরের অধিপতি শনির নবাংশের অন্তর্গত, এজন্য ইহার বল ১৫ কলা। বুধ, মীনরাশির দ্বিতীয় নবাংশে অবস্থিত, উহা অযুগ্মরাশি সিংহের অধিপতি রবির নবাংশের অন্তর্গত; সুতরাং ইহার বল ১৫ কলা। বৃহস্পতি তুলার চতুর্থ নবাংশে অবস্থিত, উহা যুগ্মরাশি মকরের অধিপতি শনির নবাংশের অন্তর্গত, সুতরাং ইহার বল ০ শূন্য এবং শনি মিথুনরাশির অষ্টম নবাংশে অবস্থিত ; উহা যুগ্মরাশি বৃষের অধিপতি শুক্রের নবাংশের অন্তর্গত ; সুতরাং ইহার বল ০ শূন্য স্থির হইল।

পুরুষ, স্ত্রী ও ক্লীব গ্রহ কথন।

রবি, মঙ্গল এবং বৃহস্পতি পুরুষ ; চন্দ্র ও শুক্র স্ত্রী এবং বুধ ও শনি ক্লীব গ্রহ জানিবে।

আদিমধ্যান্তগা রাশেঃ পুংষণ্ডস্ত্রীগ্রহা অপি।

যদি পুরুষ গ্রহ অর্থাৎ রবি, মঙ্গল ও বৃহস্পতি স্থিতিরাশির প্রথম দ্রেক্কাণে থাকে, তবে তাহাদিগের বল ১৫ কলা এবং ক্লীবগ্রহ বুধ ও শনি যদি স্থিতিরাশির দ্বিতীয় দ্রেক্কাণে অবস্থিতি করে, তবে তাহাদিগের বল ১৫ কলা এবং স্ত্রী গ্রহ চন্দ্র ও শুক্র যদি স্থিতিরাশির শেষ দ্রেক্কাণে অবস্থিতি করে, তবে তাহাদিগের বল ১৫ কলা গ্রহণ করিতে হইবে।

পুংষণ্ডাদিবলের উদাহরণ।

পুরুষ গ্রহ অর্থাৎ রবি ও মঙ্গল ইহারা মেষরাশির প্রথম ভাগে অর্থাৎ প্রথম দ্রেক্কাণে অবস্থিত ; সুতরাং ইহাদিগের বল ১৫ কলা। বৃহস্পতি তুলারাশির দ্বিতীয় দ্রেক্কাণে অবস্থিত বলিয়া ইহার বল ০।০। স্ত্রীগ্রহ অর্থাৎ চন্দ্র ধনুরাশির ও শুক্র বৃষরাশির প্রথম ভাগে অর্থাৎ প্রথম দ্রেক্কাণে অবস্থিতি করিতেছে ; সুতরাং এই উভয়ের বল ০।০

আর ক্লীব গ্রহ অর্থাৎ বুধ মীনের প্রথম দ্রেক্কাণে ও শনি মিথুনরাশির শেষ দ্রেক্কাণে অবস্থিত থাকায় ইহাদিগের বল ০।০।

কেন্দ্রপণফর ও আপোক্লিম কথন।

লগ্ন এবং লগ্নের চতুর্থ, দশম ও সপ্তমস্থানকে কেন্দ্র, লগ্নের দ্বিতীয়, পঞ্চম, অষ্টম ও একাদশ স্থানকে পণফর কহে এবং লগ্নের তৃতীয়, ষষ্ঠ, নবম ও দ্বাদশ স্থানকে আপোক্লিম কহে।

কেন্দ্রাদিস্থগ্রহস্তৌজঃ ষষ্টিস্ত্রিংশত্তিথিঃ ক্রমাৎ।
এবং স্থানবলং প্রোক্তং দিগ্বলং কথ্যতেঽধুনা॥

লগ্নাবধি গণনাতে যে গ্রহ কেন্দ্রে অর্থাৎ ১।৪।৭।১০ স্থানে থাকিবে, তাহার বল ৬০ কলা, আর পণফর অর্থাৎ ২।৫।৮।১১ রাশিতে থাকিলে তাহার বল ৩০ কলা এবং আপোক্লিম অর্থাৎ ৩।৬।৯।১২ রাশিতে অবস্থিতি করিলে তাহার বল ১৫ কলা। এই প্রকারে স্থানবল উক্ত হইল। অতঃপর দিগ্বল কথিত হইবে।

দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে কর্কটলগ্নের কেন্দ্রে অর্থাৎ লগ্ন হইতে গণনায় চতুর্থ স্থান তুলারাশিতে বৃহস্পতি এবং লগ্ন হইতে গণনায় দশম স্থান মেষরাশিতে রবি ও মঙ্গল থাকায় ইহাদিগের বল ৬০ কলা। আর ঐ সময়ে শুক্র পণফর অর্থাৎ লগ্ন হইতে গণনায় একাদশ স্থান বৃষরাশিতে থাকায় শুক্রের বল ৩০ কলা এবং চন্দ্র লগ্ন হইতে গণনায় আপোক্লিম অর্থাৎ ষষ্ঠ স্থান ধনুরাশিতে, বুধ নবম স্থান মীনরাশিতে এবং শনি লগ্ন হইতে গণনায় দ্বাদশ স্থান মিথুন রাশিতে থাকায় ইহাদিগের বল ১৫ কলা স্থির হইল।

দিগ্বল কথন।

বুধ এবং বৃহস্পতি লগ্নে অর্থাৎ পূর্ব্বদিকে থাকিলে, মঙ্গল এবং রবি দশমস্থান অর্থাৎ দক্ষিণদিকে, শনি সপ্তমস্থান অর্থাৎ পশ্চিমদিকে এবং চন্দ্র শুক্র চতুর্থস্থান অর্থাৎ উত্তরদিকে অবস্থিতি করিলে ঐ সকল গ্রহ দিগ্বলযুক্ত হইয়া থাকে।

দিগ্বলকথনম্।

শনিঃ কুজার্কৌ জ্ঞগুরু সিতেন্দু কণ্টকৈঃ ক্রমাৎ।
অস্তরোহংশীকৃতত্র্যাপ্তস্তেষামাশাবলং ভবেৎ॥

শনির দিগ্বলসাধন করিতে হইলে শনির স্ফুটরাশ্যাদি তনুভাবের স্ফুটরাশ্যাদি হইতে

হীন করিবে এবং মঙ্গল ও রবির দিগ্বলসাধনস্থলে বন্ধুভাবের স্ফুটরাশ্যাদি হইতে মঙ্গল ও রবির স্ফুটরাশ্যাদি অন্তর করিতে হইবে। আর বুধ এবং বৃহস্পতির দিগ্বলসাধন সময়ে উক্ত দুই গ্রহের স্ফুটরাশ্যাদি পত্নীভাবের স্ফুটরাশ্যাদি হইতে বিয়োগ করিবে। আর শুক্র এবং চন্দ্রের দিগ্বলসাধনকালে চন্দ্র ও শুক্রের স্ফুটরাশ্যাদি কর্ম্মভাবের স্ফুটরাশ্যাদি হইতে হীন করিবে। অন্তরকরণ সময়ে যাহার স্ফুট হইতে যে স্ফুটরাশ্যাদি বিয়োগ করিতে হইবে, তদুভয়ের মধ্যে যাহা অধিক হইবে, তাহাকে উপরে সংস্থাপন করিয়া বিয়োগ করিবে। অন্তর করিয়া শেষ যদি ছয় রাশির অধিক থাকে, তাহা হইলে পুনরায় তাহা দ্বাদশরাশি হইতে হীন করিবে। পরে অন্তর করিলে শেষ যে রাশি থাকিবে, তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করত অংশের সহিত যোগ করিয়া যোগাঙ্ককে তিন দ্বারা ভাগ করিয়া যে কলাদি লাভ হইবে, তাহাই সেই গ্রহের দিগ্বল।

দিগ্বলগণনার দৃষ্টান্ত।

এই খণ্ডের ৭৫ পৃষ্ঠায় লিখিতানুসারে ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ের পূর্ব্বোক্ত তনুভাব অর্থাৎ লগ্নস্ফুট ৩।৬।২০।৩৪ রাশ্যাদি হইতে তাৎকালিক শনিস্ফুট ২।২৫। ৪৭।৫৮ রাশ্যাদি হীন করিলে যে ১০।৩২।৩৬ অংশাদি অবশিষ্ট থাকে, তাহাকে ৩ দ্বারা ভাগ করিলে ৩ কলা ৩১ বিকলা লব্ধ হয়; ইহাই শনির পূর্ব্বদিগ্বল। ঐ সময়ের বন্ধুভাব ৬।০।৫৫।৪৬ রাশ্যাদি হইতে রবির স্ফুট ০।০।৫৫।৪৬ রাশ্যাদি হীন করিলে যে ৬ রাশি অবশিষ্ট থাকে, এই ৬ রাশিকে ৩০ দ্বারা গুণ করত গুণফল ১৮০ কে ৩ দ্বারা ভাগ করিলে ৬০ কলা লব্ধ হয়; ইহাই রবির দক্ষিণদিগ্বল এবং ঐ বন্ধুভাব হইতে মঙ্গলের তাৎকালিক স্ফুট ০।২।২৭।৪ রাশ্যাদি হীন করিলে ৫।২৮।২৮।৪২ অবশিষ্ট থাকে, পরে ইহার রাশি ৫ কে ৩০ দ্বারা গুণ করত গুণফল ১৫০ অংশের সহিত ঐ ২৮।২৮।৪২ অংশাদি যোগ করিলে যে ১৭৮।২৮।৪২ অংশাদি হয়, তাহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ৫৯।২৯ কলাদি হইল; ইহাই মঙ্গলের পূর্ব্বদিগ্বল। ঐ সময়ে সপ্তমভাব ৯।৬।২০।৩৪ রাশ্যাদিকে বুধের তাৎকালিক স্ফুট ১১।৩।৩৯।১৫ রাশ্যাদি হইতে হীন করিলে যে ১।২৭।১৮।৪১ রাশ্যাদি অবশিষ্ট থাকে, ইহার রাশি ১ কে ৩০ দ্বারা গুণ করত গুণফলের সহিত ২৭।১৮।৪১ অংশাদি যোগ করিলে ৫৭।১৮।৪১ অংশাদি হয়; ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ১৯।৬ কলাদি হইল; ইহাই বুধের পশ্চিমদিগ্বল। ঐরূপ পূর্ব্বোক্ত সময়ের সপ্তমভাব ৯।৬।২০।৩৫ রাশ্যাদি হইতে বৃহস্পতির তাৎকালিক স্ফুট ৬।১১।২১।১৮ রাশ্যাদি হীন করিলে যে ২।২৪।৫৯।১৬ অবশিষ্ট থাকে, ইহার রাশি ২ কে ৩০ দ্বারা গুণ করত গুণফলের সহিত ২৪।৫৯।১৬ অংশাদি যোগ করিলে ৫৪।৫৯।১৬ অংশাদি হয়, ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ২৮।২০ কলাদি হইল; ইহাই বৃহস্পতির পশ্চিমদিগ্বল। আর শুক্রের তাৎকালিক স্ফুট ১।২।৪৮।২৮

রাশ্যাদি হইতে উক্ত সময়ের দশমভাবের স্ফুট ০।০।৫৫।৪৬ রাশ্যাদি হীন করিলে যে ১।১।৫২।৪২ রাশ্যাদি অবশিষ্ট থাকে, উহার রাশি ১ কে ৩০ দ্বারা গুণ করত গুণফল ৩০ অংশের সহিত ১।৫২।৪২ অংশাদি যোগ করিলে ৩১।৫২।৪২ অংশাদি হয়; ইহাকে ৩ দিয়া ভাগ করিয়া ১০।৩৭ কলাদি হইল; ইহাই শুক্রের উত্তরদিগ্বল এবং চন্দ্রের তাৎকালিক স্ফুট ৮।৫।৩৯।১২ রাশ্যাদি হইতে ঐ সময়ের দশমভাবের স্ফুটরাশ্যাদি ০।০।৫৫।৪৬ হীন করিলে ৮।৪।৪৩।১৬ অবশিষ্ট থাকে, কিন্তু এই অবশিষ্টাঙ্ক ৬ রাশির অধিক হওয়ায় ইহাকে ১২ রাশি হইতে হীন করিয়া ৩।২৫।১৬।৪৪ রাশ্যাদি হইল। পরে ইহার রাশি ৩ কে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল ৯০ অংশের সহিত ২৫।১৬।৪৪ অংশাদি যোগ করিলে ১১৫।১৬।৪৪ অংশাদি হয়। ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া লব্ধ ৩৮।২৫ কলাদি হইল; ইহাই চন্দ্রের উত্তরদিগ্বল।

তিথি কাহাকে বলে এবং ঐ তিথি যেরূপে গণনা করিতে হয়, দৃষ্টান্ত সহ তাহা এই ফলিত-জ্যোতিষের প্রথম খণ্ডেই বর্ণিত হইয়াছে। তথাপি পাঠকবর্গের বিদিতার্থ এস্থলে সংক্ষেপে কথিত হইতেছে।

শুক্লাতিথি,—১ প্রতিপদ, ২ দ্বিতীয়া, ৩ তৃতীয়া, ৪ চতুর্থী, ৫ পঞ্চমী, ৬ ষষ্ঠী, ৭ সপ্তমী, ৮ অষ্টমী, ৯ নবমী, ১০ দশমী, ১১ একাদশী, ১২ দ্বাদশী, ১৩ ত্রয়োদশী, ১৪ চতুর্দ্দশী ও ১৫ পূর্ণিমা।

কৃষ্ণাতিথি,— ১৬ প্রতিপদ, ১৭ দ্বিতীয়া, ১৮ তৃতীয়া, ১৯ চতুর্থী, ২০ পঞ্চমী, ২১ ষষ্ঠী, ২২ সপ্তমী, ২৩ অষ্টমী, ২৪ নবমী, ২৫ দশমী, ২৬ একাদশী, ২৭ দ্বাদশী, ২৮ ত্রয়োদশী, ২৯ চতুর্দ্দশী ও ৩০ অমাবস্যা।

শুভগ্রহ অর্থাৎ চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা শুক্লপক্ষে বলবান্ এবং পাপগ্রহ রবি, মঙ্গল ও শনি ইহারা কৃষ্ণপক্ষে বলবান্ হয়। অর্থাৎ শুক্লপক্ষের প্রতিপদ্ অবধি প্রতিদিন ৪ কলা করিয়া শুভগ্রহের বল বৃদ্ধি পায়, সুতরাং শুভগ্রহগণ পূর্ণিমাতে সম্পূর্ণ ৬০ কলা বলবান হইয়া থাকে। ঐরূপ পাপগ্রহের বল কৃষ্ণপক্ষের প্রতিপদ অবধি ৪ কলা করিয়া বৃদ্ধি পাইতে থাকে এবং অমাবস্যাতে তাহারা সম্পূর্ণ ৬০ কলা বলবান্ হয়।

অথ কালবলং বক্ষ্যে পক্ষাদিবলভেদতঃ। রবীন্দ্বোশ্চান্তরস্ত্র্যাপ্তঃ পক্ষবীর্য্যং ভবেদ্বিধোঃ। সদ্গ্রহাণাঞ্চ পাপানাং তদ্বলং ষষ্টিতশ্চ্যুতং॥

পক্ষাদি বলভেদে গ্রহদিগের কালবল কথিত হইতেছে। রবির স্ফুট হইতে চন্দ্রস্ফুট হীন করিবে। হীন করণে অযোগ্য হইলে চন্দ্রস্ফুট হইতে রবিস্ফুট হীন করিবে। হীনাবশেষ যদি ছয় রাশি হইতে অধিক হয়, তাহা হইলে দ্বাদশ হইতে তাহা পুনরায় অন্তর করিয়া শেষ রাশি থাকিলে তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করত অংশের সহিত মিশ্রিত করিবে।

পরে সেই অংশাদিকে তিন দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই চন্দ্রের পক্ষবল। ঐ পক্ষবলই শুভ গ্রহদিগের পক্ষবল বলিয়া পরিগৃহীত হইবে এবং ঐ পক্ষবলকে ষষ্টি হইতে হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাই পাপগ্রহগণের পক্ষবল বলিয়া নির্দ্দিষ্ট হইবে। *

পক্ষবল সাধনের দৃষ্টান্ত।

পূর্ব্বোক্ত রবিস্ফুট ০।০ ৫৫।৪৩ হইতে চন্দ্রের স্ফুট ৮।৫।৩৯।২ হীন করিলে ৩।২৫।১৬।৪৪ রাশ্যাদি অবশিষ্ট থাকে। পরে ইহার রাশি ৩ কে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল ৯০ অংশের সহিত ২৫।১৬।৪৪ যোগ করিলে ১১৫।১৬।৪৪ অংশাদি হয়। উহাকে ৩ দিয়া ভাগ করিয়া লব্ধ ৩৮।২৫ কলাদি হইল; ইহাই শুভগ্রহ অর্থাৎ চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্রের পক্ষবল। আর ঐ ৩৮।২৫ কলাদিকে ৬০ হইতে হীন করিলে যে ২১।৩৫ কলাদি অবশিষ্ট থাকে, তাহাই পাপগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল ও শনির পক্ষবল।

অহ্নস্ত্র্যংশে বলং ষষ্টিজ্ঞস্য ভানোঃ শনেঃ ক্রমাৎ।
রাত্রেরিন্দোর্ভৃগোর্ভূমিপুত্রস্য তৎ সদা গুরোঃ॥

যদি দিবসে জন্ম হয়, তাহা হইলে দিনমানকে সমান তিন ভাগে বিভক্ত করিয়া তাহার প্রথম ভাগে জন্ম হইলে বুধের ৬০ কলা বল, দ্বিতীয় ভাগে জন্ম হইলে রবির ৬০ কলা বল ও তৃতীয় ভাগে জন্ম হইলে শনির ৬০ কলা বল গ্রহণ করিবে। আর যদি রাত্রিতে জন্ম হয়, তাহা হইলে রাত্রিমানকে তিন ভাগ করিয়া প্রথম ভাগে চন্দ্রের ৬০ কলা বল, দ্বিতীয় ভাগে শুক্রের ৬০ কলা বল, তৃতীয় ভাগে মঙ্গলের ৬০ কলা বল জানিবে এবং দিন ও রাত্রি এই উভয় সময়েই বৃহস্পতির ৬০ কলা বল গ্রহণ করিবে।

দিবারাত্রিভাগবল গণনার দৃষ্টান্ত।

পূর্ব্বোক্ত ১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহরের সময় অর্থাৎ দিবসের মধ্যভাগে জন্ম হইয়াছে বলিয়া রবির বল ৬০ কলা এবং দিবারাত্রি ষষ্টিদণ্ডমধ্যে জন্ম হইলে বৃহস্পতির বল ৬০ কলা হয়, এজন্য এস্থলে বৃহস্পতির বল ৬০ কলা জানা যাইতেছে।

---

* অন্যমতে,—নিশি শশিকুজসৌরাঃ সর্ব্বদা জ্ঞোহহ্নি চান্যে বহুলসিতগতাঃ স্যুঃ ক্রূরসৌম্যাঃ ক্রমেণ।
দ্ব্যয়নদিবসহোরামাসপৈঃ কালবীর্য্যং শকুশুশুচরাদ্যা বৃদ্ধিতো বীর্য্যবন্তঃ॥ বৃহজ্জাতকং।

চন্দ্র, মঙ্গল এবং শনি ইহারা রাত্রিতে বলবান্, বুধ দিবারাত্রে এবং অন্যান্য গ্রহ অর্থাৎ রবি, বৃহস্পতি ও শুক্র ইহারা দিবাভাগে বলবান্ হয়। পাপগ্রহগণ কৃষ্ণপক্ষে এবং শুভগ্রহগণ শুক্লপক্ষে বলবান্ হইয়া থাকে। এতদ্ভিন্ন যে গ্রহ যখন যে বৎসরের, যে মাসের, যে দিনের এবং যে হোরার অধিপতি হইয়া থাকে, তখন সেই গ্রহই বলবান্ হয়।

শনি, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক, চন্দ্র ও রবি ইহারা পর পর যথাক্রমে বলবান্ হয়।

আর দিবা দুইপ্রহরের সময় জন্ম হইয়াছে বলিয়া অন্যান্য গ্রহ অর্থাৎ চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি ইহাদিগের বল ০ শূন্য কলাদি।

বর্ষাধিপতি, মাসাধিপতি, দিনাধিপতি ও কালহোরাধিপতির বল গণনার সঙ্কেত বলার অগ্রে বর্ষাধিপতি, মাসাধিপতি, দিনাধিপতি ও কালহোরাধিপতি যেরূপে গণনা করিতে হয়, এক্ষণ তাহাই কথিত হইতেছে।

বর্ষাধিপতিগণনা।

শাকন্তু ত্রিগুণীকৃত্য দ্বৌ দত্ত্বা মুনিনা হরেৎ।
শেষো রব্যাদিতো বর্ষাধিপঃ প্রোক্তো মনীষিভিঃ॥

জাতকার্ণবঃ।

শকাব্দাঙ্ককে ৩ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত ২ যোগ করত যোগজাঙ্ককে ৭ দ্বারা হরণ করিবে, পরে যাহা অবশিষ্ট থাকিবে, রবি অবধি গণনায় তাহাই বর্ষাধিপতি হইবে অর্থাৎ ১ অবশিষ্ট থাকিলে রবি, ২ থাকিলে চন্দ্র ইত্যাদি।

মাসাধিপতিগণনা।

শাকং চতুঃষষ্টিযুগেন্দু ১৪৬৪ হীনং ভুজেন্দু ১২ নিঘ্নং রবিমাসযুক্তং।
ত্রিঘ্নং ত্রিযুক্তং নগশেষিতঞ্চ সূর্য্যাদিতো ভাস্করমাসনাথঃ॥

জাতকার্ণবঃ।

শকাব্দাঙ্ক হইতে ১৪৬৪ হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১২ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত বৈশাখ অবধি যত সৌরমাস গত হইয়াছে, তাহা যোগ করিবে। অনন্তর যোগজাঙ্ককে ৩ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত তিন যোগ করত যোগজাঙ্ককে ৭ দিয়া হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, রবি অবধি গণনায় তাহাই সৌরমাসাধিপতি, অর্থাৎ ১ অবশিষ্ট থাকিলে রবি, ২ থাকিলে চন্দ্র ইত্যাদি। জাতকার্ণবমতে বর্ষাধিপতি ও মাসাধিপতি গণনা করা অতি সহজ বিধায় ইহার দৃষ্টান্ত এস্থলে দেওয়া গেল না।

অন্যপ্রকারে বর্ষাধিপতি ও মাসাধিপতি গণনা।

কলিগতদিনবৃন্দং রামশৈলাগ্নি ৩৭৩ হীনং খযুগখশর ৫০৪০ শিষ্টং খাগ্নি-৩০ ভিঃ খাঙ্গরামৈঃ ৩৬০। ক্রমত ইহ যদাপ্তং দ্বি ২ ত্রি ৩ নিঘ্নং সচন্দ্রং ১ শিখরিভি ৭ রবশিষ্টং মাসবর্ষেশ্বরৌ স্তঃ॥

সিদ্ধান্তরহস্যের মতানুসারে গণিত দিনবৃন্দের সহিত ১৭১৩৭৯২ যোগ করিলে কলির

দিনবৃন্দ হয়। এতদ্বিষয় এই সংশোধিত ফলিত-জ্যোতিষের ২য় খণ্ডে বিশেষরূপে বর্ণিত হইয়াছে। কলির ঐ দিনবৃন্দ হইতে ৩৭৩ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৫০৪০ দ্বারা ভাগ করিয়া ভাগাবশিষ্টকে পৃথক্ পৃথক্ দুই স্থানে রাখিয়া একটীকে ৩৬০ দ্বারা ও অপরটীকে ৩০ দ্বারা ভাগ করিবে। উক্ত ভাগফলদ্বয়ের মধ্যে যেটীকে ৩৬০ দ্বারা ভাগ করা হইয়াছে, তাহাকে ৩ দ্বারা এবং যেটীকে ৩০ দ্বারা ভাগ করা হইয়াছে, তাহাকে ২ দ্বারা গুণ করিয়া গুণফলের সহিত পৃথক্ পৃথক্‌রূপে ১ যোগ করিবে। ঐ যোগজাঙ্কদ্বয়কে পৃথক্ পৃথক্‌রূপে ৭ দিয়া ভাগ করিলে যে দুইটী ভাগশেষ থাকিবে, তাহাই বর্ষাধিপতি ও মাসাধিপতি অর্থাৎ যেটীকে ৩ দ্বারা গুণ করা হইয়াছে, তাহাকে ৭ দ্বারা ভাগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, সেইটী বর্ষাধিপতি এবং যাহাকে ২ দ্বারা গুণ করা হইয়াছে, তাহাকে ৭ দ্বারা ভাগ করিয়া যাহা ভাগশেষ থাকিবে, তাহাই মাসাধিপতি। ঐ বর্ষাধিপতি ও মাসাধিপতি রবি হইতে গণনা করিতে হয় অর্থাৎ যদি ১ অবশিষ্ট থাকে, তাহা হইলে রবি, ২ থাকিলে চন্দ্র ইত্যাদি।

বর্ষাধিপতি গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের বর্ষাধিপতি জানিতে হইলে পূর্ব্বোক্ত সিদ্ধান্তরহস্যের মতানুসারে গণিত দিনবৃন্দ ১০৮১১৮ কে ১৭১৩৭৯২ এর সহিত যোগ করিলে ১৮২১৯১০ হয়; ইহাই কলির দিনবৃন্দ। পরে ইহা হইতে ৩৭৩ হীন করিলে ১৮২১৫৩৭ অবশিষ্ট থাকে। ইহাকে ৫০৪০ দ্বারা ভাগ করিয়া ভাগশেষ যে ২০৯৭ রহিল, তাহাকে ৩৬০ দ্বারা ভাগ করিলে লব্ধ ৫ হয়, ইহাকে ৩ দ্বারা গুণ করত গুণফলের সহিত ১ যোগ করিয়া ১৬ হইল। ইহাকে ৭ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট ২ রহিল। ইহা দ্বারা জানা গেল যে, ২ অর্থাৎ চন্দ্র ১৮০৯ শকের বর্ষাধিপতি।

মাসাধিপতি গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের বৈশাখের মাসাধিপতি গণনা করিতে হইলে পূর্ব্বোক্ত কলির দিনবৃন্দ ১৮২১৯১০ হইতে ৩৭৩ হীন করিলে যে ১৮২১৫৩৭ অবশিষ্ট থাকে, তাহাকে ৫০৪০ দ্বারা ভাগ করিয়া ২০৯৭ অবশিষ্ট রহিল; ইহাকে ৩০ দ্বারা ভাগ করিলে ৬৯ লব্ধ হয়। এই ৬৯ কে ২ দিয়া গুণ করত গুণফলের সহিত ১ যোগ করিয়া ১৩৯ হইল। ইহাকে ৭ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট ৬ রহিল; ইহাই মাসাধিপতি অর্থাৎ জানা গেল যে, শুক্র ঐ শকের বৈশাখের মাসাধিপতি।

দিনাধিপতি গণনা।

সিদ্ধান্তরহস্যমতে দিনবৃন্দ আনয়ন করিয়া তাহাকে ৭ দিয়া হরণ করত যেরূপে বারনির্ণয় করিতে হয়, তাহা এই সংশোধিত ফলিত-জ্যোতিষের প্রথম খণ্ডে বর্ণিত হইয়াছে, ঐ বারাধিপতি নির্ণয় হইলেই দিনাধিপতি জানা যাইবে।

দিনাধিপতিগণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখের দিনাধিপতি জানিতে হইলে ঐ দিবসের পূর্ব্বোক্ত দিনবৃন্দ ১০৮১১৮ কে ৭ দ্বারা ভাগ করিলে ৩ অবশিষ্ট থাকে, সোমবার অবধি গণনায় জানা গেল যে, ঐ দিবস বুধবার; অতএব বুধ ঐ দিনের অধিপতি অর্থাৎ যে বার হইবে, সেই গ্রহই সেই দিনের অধিপতি।

বারপ্রবৃত্তিদণ্ডানয়ন।

কালহোরাধিপতি গণনা করিতে হইলে অগ্রে বারপ্রবৃত্তি দণ্ডের গণনা করা আবশ্যক। বারপ্রবৃত্তি দণ্ড কাহাকে বলে, তাহা রত্নমালা হইতে উদ্ধৃত করা হইল। যথা—

বারপ্রবৃত্তিং মুনয়ো বদন্তি সূর্য্যোদয়াৎ রাবণরাজধান্যাং।
ঊর্দ্ধং তথাধোঽপ্যপরত্র তস্মাচ্চরার্দ্ধদেশান্তরনাড়িকাভিঃ॥

রত্নমালায়াং।

যে সময়ে মধ্যরেখা অর্থাৎ লঙ্কায় সূর্য্যোদয় হয়, সেই সময়কে বারপ্রবৃত্তি বা বার-গণনার আরম্ভ কহে; কিন্তু মধ্যরেখার পূর্ব্বে বা পশ্চিমে যে সকল দেশ আছে, লঙ্কা হইতে সেই সকল দেশের চরার্দ্ধ ও দেশান্তরপল যত হইবে, তাহা দ্বারাই ঐ সকল দেশে লঙ্কায় সূর্য্যোদয়ের কত সময় পূর্ব্বে বা পরে বারপ্রবৃত্তি হইবে, তাহা জানা যাইবে।

পাদোনরেখাপরপূর্ব্বযোজনৈঃ পলৈর্যুতোনাস্তিথয়ো দিনার্দ্ধতঃ।
ঊনাধিকাস্তদ্‌-বিবরোত্থবৈঃ পলৈরূর্দ্ধং তথাধো দিনপপ্রবেশনম্॥

মুহূর্ত্তচিন্তামণিঃ।

মধ্যরেখার পশ্চিম বা পূর্ব্বদিকে মধ্যরেখা হইতে যত যোজন অন্তরে অভীষ্টদেশ হইবে, সেই যোজনাঙ্ক-সংখ্যা হইতে তাহার এক চতুর্থভাগ হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তত সংখ্যক পলকে ১৫ দণ্ডের সহিত যোগ বা বিয়োগ করিবে। অর্থাৎ যদি অভীষ্টদেশ মধ্যরেখার পশ্চিমে হয়, তবে ঐ পলাঙ্ক ১৫ দণ্ডের সহিত যোগ করিবে এবং পূর্ব্বে হইলে ঐ সংখ্যক পলকে ১৫ দণ্ড হইতে হীন করিবে। পরে ঐ

যুক্তাঙ্ক বা হীনাঙ্ক যাহা হইবে, তাহাকে যে দিনের বারপ্রবৃত্তি দণ্ড আনয়ন করিতে হইবে, সেই দিনের দিনার্দ্ধমান হইতে অন্তর করিতে হইবে। অনন্তর ঐ অন্তরাঙ্ক যত দণ্ড বা পল হইবে, তত দণ্ড বা পল পূর্ব্বে কিম্বা পরে বারপ্রবৃত্তি হইবে। অর্থাৎ যদি অভীষ্ট-দেশ মধ্যরেখার পশ্চিমদিকে অবস্থিত হয়, তবে তত দণ্ড বা পল পূর্ব্বে বারপ্রবৃত্তি হইবে এবং ঐ দেশ যদি মধ্যরেখার পূর্ব্বে অবস্থিত হয়, তাহা হইলে তত দণ্ড বা পল পরে সেই দেশে বারপ্রবৃত্তি হইবে।

ইহা মতান্তরে যেরূপে গণনা করিতে হয়, তাহা এই সংশোধিত ফলিত-জ্যোতিষের প্রথম খণ্ডের ১৬৯ পৃষ্ঠায় বর্ণিত আছে।

বারপ্রবৃত্তিগণনার দৃষ্টান্ত।

অস্মদ্দেশ (কলিকাতা) মধ্যরেখা হইতে ২০০ দুই শত যোজন অন্তর। ঐ ২০০ যোজনের এক চতুর্থ ভাগ ৫০, ঐ ৫০ কে ২০০ শত হইতে হীন করিলে ১৫০ অবশিষ্ট থাকে। ঐ ১৫০ সংখ্যক পলকে ৬০ দ্বারা ভাগ করিলে ২ দণ্ড, ৩০ পল লব্ধ হয়; ঐ ২ দণ্ড ৩০ পলকে ১৫ দণ্ড হইতে হীন করিলে ১২ দণ্ড ৩০ পল অবশিষ্ট থাকে। অনন্তর ১৮০৯ শকের ১লা বৈশাখের দিনমান ৩১ দণ্ড ১০ পল, উহার অর্দ্ধভাগ ১৫ দণ্ড ৩৫ পল; ঐ ১৫ দণ্ড ৩৫ পল হইতে ১২ দণ্ড ৩০ পল হীন করিলে ৩ দণ্ড ৫ পল অবশিষ্ট থাকে, সুতরাং জানা গেল যে, ঐ দিবস ৩ দণ্ড ৫ পল পরে বারপ্রবৃত্তি হইবে।

কালহোরাধিপতি গণনা।

বারাদের্ঘটিকা দ্বিঘ্নাঃ স্বাক্ষহৃচ্ছেষবর্জ্জিতাঃ।
সৈকাস্তষ্টা নগৈঃ কালহোরেশা দিনপাৎ ক্রমাৎ ॥

মুহূর্ত্তচিন্তামণিঃ।

ইষ্টদণ্ডাদি হইতে বারপ্রবৃত্তি দণ্ডাদি হীন করিলে যত দণ্ডাদি অবশিষ্ট থাকে, সেই দণ্ডাদিকে দ্বিগুণ করিয়া ঐ দ্বিগুণান্বিত অঙ্ককে দুই স্থানে স্থাপন করিবে। পরে এক-স্থানের অঙ্ককে ৫ পাঁচ দ্বারা ভাগ করিয়া ভাগাবশিষ্টাঙ্ককে দ্বিতীয় স্থানস্থ অঙ্ক হইতে হীন করিতে হইবে। অনন্তর উক্ত হীনাঙ্কের সহিত ১ এক যোগ করিয়া যোগজাঙ্ককে ৭ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাতে যে সংখ্যা হইবে, তাহা বারাধিপতি অবধি গণনায় যে গ্রহ হইবে, সেই গ্রহই কালহোরাধিপতি হইবে।

রত্নমালাগ্রন্থে কালহোরাধিপতি গণনার নিয়ম যেরূপ লিখিত আছে, তাহার মূল বচন, টীকা ও অনুবাদ সমেত নিম্নে বিবৃত হইল।

বারপ্রবৃত্তের্ঘটিকা দ্বিনিঘ্নাঃ কালস্য হোরাপতয়ঃ শরাপ্তাঃ।
দিনাধিপাদ্যা রবিশুক্রসৌম্যশশাঙ্কসৌরেজ্যকুজাঃ ক্রমেণ॥

সূর্য্যপ্রতিপাদিতবারপ্রবৃত্তিকালমারভ্য ঘটিকা দ্বিগুণাঃ পঞ্চভির্ভজেৎ লব্ধাঙ্কসমা গতকালহোরা শেষা বর্ত্তমানদিনবারাদারভ্য রবেঃ শুক্রাদিগণনয়া যোজ্যা। অহোরাত্রে চতুর্ব্বিংশতিকালহোরা ভবন্তি। ষষ্টি-ঘটিকাপরিমিতে অহোরাত্রে সার্দ্ধনাড়ীদ্বয়প্রমাণা একা কালহোরা ভবতি। রবিশুক্রাদয়শ্চ কক্ষাক্রমেণা-ধোধঃস্থিতা। তথাচ ব্রহ্মসিদ্ধান্তে—ভগণস্যাধঃ শনিগুরুভূমিজরবিশুক্রসৌম্যচন্দ্রাখ্যাঃ। যদ্যেবং তর্হি কথং দিনাধিপাদ্যাঃ কক্ষাক্রমেণ শন্যাদ্যা বারক্রমেণ রবিচন্দ্রাদ্যা যুজ্যন্তে। সত্যং দিনাধিপত্যমপি গ্রহাণাং কাল-হোরাবশেন চতুর্ব্বিংশতের্হি সপ্তভক্তায়াস্ত্রিকো অবশিষ্যতে। অতঃ কক্ষাক্রমেণ চতুর্থো বারো ভবতি। শনে-রনন্তরং রবিঃ রবেশ্চন্দ্রঃ চন্দ্রাদ্ভৌমঃ যশ্চ বারঃ স চ পঞ্চবিংশতিতমায়াঃ কালহোরায়াঃ অধিপতিরতো দিনাধি-পাদ্যা ইতি। রবেশ্চ গ্রহরাজত্বাৎ প্রথমমুপাদানং কল্পাদিপ্রথমং রবিবারাচ্চ। ইষ্টঘটিকাশ্চ দ্বিগুণাঃ পঞ্চ-ভক্তাঃ সার্দ্ধনাড়ীদ্বয়মিতং তাবদ্ভবতীত্যুপপন্নং।

বারপ্রবৃত্তি দণ্ড হইতে ইষ্টদণ্ড যত দণ্ড হইবে, সেই দণ্ডাঙ্ককে দ্বিগুণ করিয়া ৫ দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা বারাধিপতি অবধি গণনায় কালহোরাধিপতি অর্থাৎ বারাধিপতি অবধি গণনায় যে গ্রহ হইবে, সেই গ্রহই কালহোরাধিপতি হইবে।

যথা,—রবিবারে প্রথম কালহোরাধিপতি রবি, ঐ রবি হইতে গণনায় ষষ্ঠগ্রহ শুক্র দ্বিতীয় কালহোরাধিপতি হয়। ঐরূপ ছয় ছয় অন্তর গণনা করিলে বুধ তৃতীয় কাল-হোরাধিপতি, চন্দ্র চতুর্থ, শনি পঞ্চম, বৃহস্পতি ষষ্ঠ এবং মঙ্গল সপ্তম কালহোরাধিপতি হইবে। এইরূপ যে বারের কালহোরাধিপতি গণনা করিতে হইবে, সেই বারের অধিপতিই প্রথম কালহোরাধিপতি, ঐ বার হইতে ছয় ছয় অন্তর গণনা করিয়া ইষ্টকালের কাল-হোরাধিপতি স্থির করিতে হইবে।

স্পষ্টার্থ;—এই রত্নমালার টীকাকার যেরূপ স্পষ্টার্থ কহিয়াছেন, তাহা বলা যাই-তেছে।—অহোরাত্র ৬০ দণ্ডকে ২৪ ভাগ করিলে প্রতিভাগে ২ দণ্ড ৩০ পল হয়, তন্মধ্যে দিবা ৩০ দণ্ডে আড়াই দণ্ড অনুসারে ১২ বারটী কালহোরাধিপতি এবং রাত্রি ৩০ দণ্ডে ঐরূপ ১২টী কালহোরাধিপতি হইয়া থাকে। ইষ্টদণ্ডকে দ্বিগুণ করিয়া ৫ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হয়, ইষ্টদণ্ডকে ২ দণ্ড ৩০ পল দ্বারা ভাগ করিলেও সেই ফল হইয়া থাকে।

কালহোরাধিপতিগণনার দৃষ্টান্ত।

পূর্ব্বোল্লিখিত ১৮০৯ শকের ১লা বৈশাখ বুধবার বেলা দুই প্রহর সময়ের কাল-হোরাধিপতি গণনা করিতে হইলে উক্ত বারের বারপ্রবৃত্তি দণ্ডাদি ৩।৫ কে ঐ দিবসের দিনার্দ্ধমান ১৫ দণ্ড ৩৫ পল হইতে হীন করিলে ১২ দণ্ড ৩০ পল অবশিষ্ট থাকে। পরে

ঐ ১২ দণ্ড ৩০ পলকে দ্বিগুণ করিলে ২৫ দণ্ড হয়; ঐ ২৫ দণ্ডকে দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ককে ৫ দ্বারা ভাগ করিলে ৫ লব্ধ হয় এবং অবশিষ্ট ০ শূন্য থাকে। পরে ঐ শূন্যকে দ্বিতীয় স্থানস্থ অঙ্ক ২৫ হইতে হীন করিলে ২৫ অবশিষ্ট থাকে। অনন্তর ঐ ২৫ এর সহিত ১ যোগ করিলে যোগজাঙ্ক ২৬ হয়, উহাকে ৭ দিয়া ভাগ করিলে ৩ লব্ধ হয় এবং ৫ অবশিষ্ট থাকে; সুতরাং ঐ দিবস বুধবার বলিয়া বুধ অবধি গণনায় উক্ত ৫ অঙ্কে রবিই কালহোরাধিপতি স্থির হইল।

বর্ষাধিপতি, কালাধিপতি, দিনাধিপতি এবং কালহোরাধিপতির বলগণনা।

বর্ষস্যাধিপতের্বীর্য্যং তিথির্ম্মাসস্য খানলৌ।
অহ্নঃ শরাব্ধী কালাখ্যহোরায়াঃ খরসা ৬০ বলম্॥

বর্ষাধিপতির বল ১৫ কলা, মাসাধিপতির ৩০ কলা, দিনাধিপতির ৪৫ এবং কাল-হোরাধিপতির ৬০ কলা।

বর্ষাধিপতি, মাসাধিপতি, দিনাধিপতি এবং কালহোরাধিপতির বলগণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের বর্ষাধিপতি চন্দ্র, তাহার বল ১৫ কলা, ঐ শকের বৈশাখের মাসাধিপতি শুক্র, তাহার বল ৩০ কলা, ঐ মাসের ১লা তারিখের দিনাধিপতি বুধ, তাহার বল ৪৫ কলা এবং ঐ দিবসের মধ্যাহ্নকালের কালহোরাধিপতি রবি, তাহার বল ৬০ কলা স্থির হইল।

নতোন্নতবলসাধন।

নক্তং বলানাং চন্দ্রারশনীনাং দ্বিগুণো নতঃ। দিবা বলানাং গুর্ব্বর্ক-সিতানাং দ্বিগুণোন্নতঃ। বলং ষষ্টিঃ সদা চান্দ্রেরেবং কালবলং মতম্॥

যদি রাত্রিতে জন্ম হয়, তবে চন্দ্র, মঙ্গল এবং শনির বলসাধনে প্রাঙ্নতদণ্ড স্থলে প্রাঙ্নত, আর পশ্চান্নতদণ্ড স্থলে পশ্চান্নতদণ্ডকে দ্বিগুণ করিবে। আর দিবসে জন্ম হইলে বৃহস্পতি, রবি এবং শুক্রের বল সাধন স্থলে উন্নত দণ্ডকে দ্বিগুণ করিবে এবং দিন ও রাত্রি এই উভয় সময়েই বুধের বল ৬০ কলা গ্রহণ করিতে হইবে, এই প্রকারে গ্রহদিগের কালবল কথিত হইল।

নতোন্নতবলসাধনের দৃষ্টান্ত।

পূর্ব্বে দশমলগ্ন গণনাস্থলে যে উন্নতদণ্ড ০।০ লিখিত হইয়াছে, তাহাকে দ্বিগুণ করিলে

০।০ হয়। অতএব রবি, বৃহস্পতি ও শুক্র ইহাদিগের বল ০।০ আর চন্দ্র, মঙ্গল ও শনি ইহাদিগেরও বল ০।০; যেহেতু ইহারা দিবাভাগে বলবান্ হয় না। কিন্তু বুধের বল দিবারাত্রি সর্ব্বদাই ৬০ কলা; অতএব ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহরের সময় বুধের দিবাবল ৬০ কলা স্থির হইল।

রাত্রিতে জন্ম বা প্রশ্ন হইলে দিবাবলস্থানে রাত্রিবল গণনা করিতে হয়।

নিসর্গবল।

জাতকে কিম্বা প্রশ্নকালে লগ্নের অধিপতি গ্রহদ্বারা বল জানা যায় যথা,—শনি লগ্নে থাকিলে যে পরিমাণ বলবান্ হইবে, তাহা হইতে মঙ্গল, মঙ্গল হইতে বুধ, বুধ হইতে বৃহস্পতি, বৃহস্পতি হইতে শুক্র, শুক্র হইতে চন্দ্র এবং চন্দ্র হইতে রবি যথোত্তর বলবান্ হইবে। অর্থাৎ শনি একগুণ, শনি হইতে মঙ্গল দুই গুণ, বুধ তিনগুণ, বৃহস্পতি চারিগুণ, শুক্র পঞ্চগুণ, চন্দ্র ষড়্গুণ ও রবি সপ্তগুণ বলবান্; যথা,— শনির বল ৮ পল ৩৪ বিপল; শনির বল হইতে মঙ্গলের বল দ্বিগুণ ১৭ পল ১৮ বিপল, বুধের ত্রিগুণ ২৫ পল ৪২ বিপল, বৃহস্পতির চতুর্গুণ ৩৪ পল ১৭ বিপল, শুক্রের পঞ্চগুণ ৪২ পল ৫১ বিপল, চন্দ্রের ষড়্গুণ ৫১ পল ২৬ বিপল এবং রবির সপ্তগুণ ৬০ পল। লগ্নাধিপগ্রহের দ্বারায় বিবেচনা করিবেন। লগ্নের অধিপতির যে বল বলা হইল, তাহাতে লগ্নের বল বুঝাইবে। ইহাকেই নিসর্গবল কহে।

নিসর্গবলসাধনম্।

ষষ্টিরেকাদিগুণিতা সপ্তাপ্তা স্যান্নিসর্গজম্।
মন্দারজ্ঞেজ্যশুক্রেন্দুসূর্য্যাণাং ক্রমতো বলম্॥ *

নিসর্গবলসাধনে ষষ্টিকে এক হইতে সপ্তপর্য্যন্ত অঙ্ক দ্বারা ক্রমে ক্রমে গুণ করিয়া সাত দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হয়, তাহাই শনি প্রভৃতি সপ্তগ্রহের নিসর্গ বল। যথা ষষ্টিকে সাত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই শনির নিসর্গবল এবং ষষ্টিকে দুই দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা মঙ্গলের; তিন দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হইবে, তাহা বুধের; ৪ চারি দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা বৃহস্পতির; ৫ পাঁচ দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হইবে, তাহা শুক্রের; ৬ ছয় দ্বারা গুণ করিয়া সাত

* যথা, শনেঃ ৮।৩৪ কুজস্য ১৭।৯ বুধস্য ২৫।৪৫ গুরোঃ ৩৪।১৭ শুক্রস্য ৪২।৫১।২৬ রবেঃ ৬০ চন্দ্রস্য ৫১।২৬।

দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই চন্দ্রের এবং সাত দ্বারা পূরণ করিয়া ঐ সাত দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই রবির নিসর্গবল হয়। কোন কোন স্থলে অনুকলা ৩০এর অনধিক হওয়ায় গ্রন্থকার তাহা পরিত্যাগ করিয়া কেবলমাত্র কলা বিকলা রূপ ঐ সকল গ্রহের নিসর্গবল স্বয়ং গ্রন্থমধ্যে সন্নিবেশিত করিয়াছেন। যথা, শনির ৮।৩৪, মঙ্গলের ১৭।৯, বুধের ২৫।৪৫, বৃহস্পতির ৩৪।১৭, শুক্রের ৪২।৫১, চন্দ্রের ৫১।২৬ এবং রবির ৬০।০ কলাদি।

নিসর্গবলগণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখের নিসর্গবল গণনা করিতে হইলে ৬০ কে ক্রমে ক্রমে ১ অবধি ৭ পর্য্যন্ত অঙ্ক দ্বারা গুণ করত ৭ দ্বারা ভাগ করিলে সেই ভাগফলই যথাক্রমে শনি, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, চন্দ্র এবং সূর্য্যের নিসর্গবল হইবে। এইরূপ হরণ পূরণাদি প্রক্রিয়া দ্বারা গণনা করিয়া রবির নিসর্গবল ৬০ কলা, চন্দ্রের ৫১।২৬, মঙ্গলের ১৭।৯, বুধের ২৫।৪৫, বৃহস্পতির ৩৪।১৭, শুক্রের ৪২।৫১ এবং শনির নিসর্গবল ৮।৩৪ কলাদি স্থির হইল।

অয়নবলসাধনম্।

অয়নবলসাধনের অগ্রে অয়ন কাহাকে বলে, তাহা বলা হইতেছে।

ভানোর্ম্মকরসংক্রান্তেঃ ষণ্মাসা উত্তরায়ণং।
কর্কাদেস্তু তথৈব স্যাৎ ষণ্মাসা দক্ষিণায়নম্॥

সূর্য্যসিদ্ধান্তঃ।

রবি যে সময়ে মকর রাশি হইতে গমন করিয়া মিথুনের শেষ পর্য্যন্ত গমন করে, সেই ছয় মাসকে উত্তরায়ণ এবং কর্কটসংক্রান্তি হইতে ধনুর শেষ পর্য্যন্ত গমনকে দক্ষিণায়ন বলে। এই উত্তরায়ণ এবং দক্ষিণায়নকেই অয়ন বলা যায়। এই অয়ন হইতেই ঋতুর উৎপত্তি হইয়া থাকে।

রবিভৌমাঙ্গিরঃ শুক্রাৎ সায়নাংশান্নবান্তরাৎ। শেষাৎ ত্রিভান্তরাদংশাদ্বলং তিথ্যাপ্তখগুতঃ॥ শূন্যপাবকতো ন্যূনং সায়নং বোধনস্য যৎ। তদ্বলং ষষ্টিতঃ শুদ্ধমত্র জ্ঞেয়ং বিপশ্চিতা॥

গ্রহদিগের অয়নবলসাধন উক্ত হইতেছে, রবি, মঙ্গল, বৃহস্পতি এবং শুক্রের অয়নবল সাধন সময়ে উক্ত তিন গ্রহের স্ফুটরাশ্যাদির অংশাদির সহিত অয়নাংশ যোগ করিয়া তাহা হইতে নয় রাশি বিয়োগ করিবে, যদি বিয়োগ অসম্ভব হয়, তাহা হইলে

নয়কে উপরে সংস্থাপন করিয়া তাহা হইতে গ্রহের স্ফুটরাশ্যাদি হীন করিবে। আর চন্দ্র, বুধ ও শনির অয়নবল সাধন স্থলে উক্ত তিন গ্রহের স্ফুটরাশ্যাদির রাশি হইতে তিন রাশি অন্তর করিবে, অন্তর সময়ে অধিকাঙ্ককে উপরে সংস্থাপন করিয়া অন্তর করিবে। শেষ রাশি যদি ছয়ের অধিক হয়, তাহা হইলে দ্বাদশ হইতে তাহাকে হীন করিয়া শেষ যদি রাশি থাকে, তাহা হইলে তাহাকে ৩০ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত মিশ্রিত করিবে, পরে ঐ অংশকে ১৫ পঞ্চদশ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, সেই অঙ্কের অনুযায়ী সায়ন খণ্ডা হইতে খণ্ডা গ্রহণ করিবে, তৎপরে অনুখণ্ডা গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত রীত্যনুসারে খণ্ডার ভোগ্য নির্ণয় করিয়া সেই ভোগ্য দ্বারা শেষ কলাদিকে পূরণ করত গুণফলকে পঞ্চদশ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের অয়নবল। বুধের অয়নবল যদি ৩০ অপেক্ষা ন্যূন হয়, তাহা হইলে তাহা ষষ্টি হইতে বিয়োগ করিলে যাহা শেষ থাকিবে, পণ্ডিত ব্যক্তি তাহাই বুধের অয়নবল বলিয়া জানিবেন।

সায়ন খণ্ডা	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
খণ্ডা	১	৪	৯	১৫	২২	৩০	৩৮	৪৫	৫১	৫৬	৫৯	৬০
অনুখণ্ডা	৪	৯	১৫	২২	৩০	৩৮	৪৫	৫১	৫৬	৫৯	৬০	০
ভোগ্য	৩	৫	৬	৭	৮	৮	৭	৬	৫	৩	১	০

অয়নবল গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুই প্রহর সময়ের অয়নবল গণনা করিতে হইলে, অগ্রে গ্রহস্ফুটের সহিত অয়নাংশ যোগ করিয়া সায়ন গ্রহস্ফুট করিতে হয়। সায়নগ্রহস্ফুট এই ফলিত-জ্যোতিষের প্রথমখণ্ডে লিখিত হইয়াছে। পূর্ব্বোক্ত সায়ন রবিস্ফুট ০।২১।৪৪।৫৮ কে ৯ রাশি হইতে হীন করিলে ৮।৮।১৫।২৩ অবশিষ্ট থাকে, পরে ঐ অবশিষ্ট রাশ্যাদি ৬ রাশির অধিক হওয়ায় উহাকে ১২ রাশি হইতে হীন করিয়া ৩।২১।৪৪।৫৮ রাশ্যাদি অবশিষ্ট রহিল। অনন্তর উহার রাশি ৩ কে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল ৯০ অংশের সহিত ২১।৪৪।৫৮ অংশাদি যোগ করিলে ১১১।৪৪।৫৮ অংশাদি হয়, ঐ ১১১ অংশকে ১৫ দ্বারা ভাগ করিলে লব্ধ ৭ ও ৬।৪৪।৫৮ অবশিষ্ট থাকে। ঐ

৭ এর খণ্ডা ৩৮, অনুখণ্ডা ৪৫ এবং ভোগ্য ৭। অনন্তর ঐ ভোগ্য ৭ দ্বারা অবশিষ্টাঙ্ক ৬।৪৪।৫৮ কে গুণ করিয়া গুণফল ৪৪।৩৩।৪৬ কে ১৫ দ্বারা ভাগ করিলে ২।৫৮ লব্ধ হয়, ঐ ২।৫৮ কে খণ্ডা ৩৮ এর সহিত যোগ করিয়া ৪০।৪৮ কলাদি হইল, ইহাই রবির অয়নবল।

ঐ নিয়মে গণনা করিয়া মঙ্গলের অয়নবল ৪১।৪৫, বৃহস্পতির ১৩।৫১ এবং শুক্রের অয়নবল ৫৩।৪২ কলাদি হইল।

চন্দ্রের সায়নস্ফুট ৮।২৬।২৮।১৪ হইতে ৩ রাশি বিয়োগ করিলে ৫।২৬।২৮।১৪ অবশিষ্ট থাকে। পরে ঐ ৫ রাশিকে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল ১৫০ অংশের সহিত ২৬।২৮।১৪ অংশাদিকে যোগ করিলে ১৭৬।২৮।১৪ হয়। ঐ ১৭৬ কে ১৫ দ্বারা ভাগ করিলে ১১ লব্ধ হয় এবং ১১।২৮।১৪ অবশিষ্ট থাকে। ঐ ১১ রাশির খণ্ডা ৫৯, অনুখণ্ডা ৬০ এবং ভোগ্য ১। পরে ঐ ভোগ্য ১ দ্বারা অবশিষ্টাঙ্ক ১১।২৮।১৪ কে গুণ করিয়া গুণফলকে ১৫ দ্বারা ভাগ করিলে ০।৪৬ লব্ধ হয়, পরে ঐ ০।৪৬ কে পূর্ব্বোক্ত খণ্ডা ৫৯ এর সহিত যোগ করিয়া ৫৯।৪৬ কলাদি হইল, ইহাই চন্দ্রের অয়নবল।

গ্রহযুদ্ধে জয়ী, পরাজয়ী গ্রহের বলগণনার সঙ্কেত বলার অগ্রে গ্রহযুদ্ধ কাহাকে বলে, তাহা সূর্য্যসিদ্ধান্ত হইতে উদ্ধৃত করিয়া নিম্নে লিখিত হইতেছে। যথা,—

তারাগ্রহাণামন্যোঽন্যং স্যাতাং যুদ্ধসমাগমৌ।
সমাগমঃ শশাঙ্কেন সূর্য্যেণাস্তমনং সহ ॥

তারাগ্রহ অর্থাৎ মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি ইহাদিগের পরস্পর মিলনকে গ্রহযুদ্ধ কহে। চন্দ্রের সহিত ঐ সকল গ্রহের মিলনের নাম সমাগম এবং সূর্য্যের সহিত মিলনকে অস্তগমন কহে।

ঐ গ্রন্থের গ্রহযুত্যধ্যায়ের ১৮ শ্লোক হইতে ২৩ শ্লোক পর্য্যন্ত নানারূপ যুদ্ধ ও ঐ বিষয়ের জয়পরাজয়ের বিষয় বাহুল্যরূপে লিখিত আছে, এস্থলে পাঠকবর্গের বিদিতার্থে তাহার কিঞ্চিন্মাত্র ভাব প্রকাশিত হইল। দুইটী তারাগ্রহের বিম্ব অর্থাৎ মণ্ডল যখন পরস্পর সম্মিলিত হয়, তখন সেই যুদ্ধকে উল্লেখযুদ্ধ কহে। যখন তাহাদিগের বিম্ব অর্থাৎ মণ্ডল পরস্পর মণ্ডলকে সমভাবে ভেদ করিয়া গমন করে, তখন সেই যুদ্ধকে ভেদযুদ্ধ বা অবান্তর যুদ্ধ কহে। আর যে যুদ্ধে দুইটী গ্রহের জ্যোতিঃ পরস্পরের জ্যোতির সহিত মিশ্রিত হয়, সেই যুদ্ধকে অংশুবিমর্দ্দ যুদ্ধ কহে এবং দুইটী গ্রহ যদি এক অংশের ন্যূন অন্তরে থাকে, তাহা হইলে সেই যুদ্ধের নাম অপসব্য যুদ্ধ, কিন্তু উহাদিগের মধ্যে একটী বিম্ব যদি কিঞ্চিন্মাত্র ন্যূন থাকে, তবে তাহাকে অস্পষ্ট যুদ্ধ কহে। যখন গ্রহগণ পরস্পর এক অংশের অধিক অন্তরে অবস্থিতি করে, তৎকালে তাহাকে সমাগম আর যদি গ্রহগণের

পরস্পরের বিম্ব অর্থাৎ মণ্ডল বৃহৎ এবং উজ্জ্বল হয়, তবে ঐ সমাগমকে অস্পষ্ট সমাগম বলা যায়।

অপসব্য যুদ্ধে উভয়ের মধ্যে যে গ্রহের জ্যোতিঃ হীন, অল্প ও অস্পষ্ট দৃষ্ট হয়, সেই গ্রহ পরাজিত। উহার মধ্যে যে গ্রহ রুক্ষ, বিবর্ণ ও দক্ষিণদিগ্বর্ত্তী, তাহাকে পরাজিত এবং যে গ্রহের মণ্ডল দীপ্তিমান্ ও বৃহৎ হইবে, সেই গ্রহ অন্য গ্রহের দক্ষিণ বা উত্তরদিগ্বর্ত্তী হইলে তাহাকে জয়ী বলিয়া নিরূপণ করিবে।

উভয় গ্রহ যদি পরস্পর সন্নিহিত থাকিয়া সমানরূপে উজ্জ্বল হয়, তাহা হইলে সেই যুদ্ধকে কূট বা বিগ্রহযুদ্ধ কহে। শুক্র অন্য গ্রহের উত্তর বা দক্ষিণদিকস্থিত হইলেও প্রায় জয়ী হইয়া থাকে।

সূর্য্যসিদ্ধান্তের ঐ অধ্যায়ের ২৪ শ্লোকে লিখিত আছে যে, গ্রহগণের যুদ্ধ বা সমাগম যাহা কথিত হইল, তাহা কল্পনামাত্র, ইহা কেবল মানবের ভবিষ্যৎ শুভাশুভ গণনার নিমিত্তই কল্পিত হইয়াছে। যথা,—

ভাবাভাবায় লোকানাং কল্পনেয়ং প্রদর্শিতা।
স্বমার্গগাঃ প্রয়াস্ত্যেতে দূরমন্যোঽন্যমাশ্রিতাঃ॥

গ্রহগণের জয়, পরাজয় বা যুদ্ধবলগণনা।

জন্মকালে যদা যুদ্ধং গ্রহয়োঃ স্যাত্তদা তয়োঃ। বীর্য্যৈক্যভ্রান্তরং বাণান্তরেণ ভাজিতং বলে। সসৌম্যস্তস্য খেটস্য যাম্যস্থস্য বিযোজনম্॥

কুজাদি শনি পর্য্যন্ত পাঁচ গ্রহমধ্যে দুই বা ততোধিক গ্রহ যদি এক রাশিতে অবস্থিত থাকে, তাহা হইলে উহাদিগের পরস্পর যুদ্ধ হয়। ভৌমাদি পঞ্চগ্রহের মধ্যে যে কয়েক গ্রহ-এক রাশিতে থাকিবে, তাহার মধ্যে যাহার স্ফুট অধিকাংশ হইবে, সেই গ্রহ উত্তরায়ণ-চারী এবং জয়ী আর যাহার স্ফুটাংশ ন্যূন হইবে, সেই গ্রহ দক্ষিণায়নচারী ও পরাজিত বলিয়া গৃহীত হইবে। ঐ উভয় গ্রহের স্থানবল, দিগ্বল, কালবল, নিসর্গবল এবং অয়নবল এই সমস্ত বলের কলাদির সমষ্টি পরস্পর অন্তর করিয়া শেষাঙ্ককে দুই স্থানে সংস্থাপন করিবে। তৎপরে তাহার একটি হইতে পাঁচ হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহা দ্বারা অপরটিকে ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা উত্তরায়ণচারী জয়ী গ্রহের বলাঙ্কে যোগ করিবে, আর দক্ষিণায়নচারী পরাজিত গ্রহের বলাঙ্ক হইতে হীন করিবে, এইরূপ কার্য্য করিয়া যদি দক্ষিণায়নচারী গ্রহের বল উত্তরায়ণচারী জয়ী গ্রহাপেক্ষা অধিক হয়, তাহা হইলে উভয়ের যুদ্ধ এবং সমাগম সময়ে পরস্পরের সমতা হইবে, অর্থাৎ জয় বা পরাজয় হইবে না।

গ্রহগণের জয়, পরাজয় বা যুদ্ধবলগণনার দৃষ্টান্ত।

মনে কর, ১৭৯২ শকের ২রা আষাঢ় ৫৭ দণ্ড সময়ে কোন বালকের জন্ম হইয়াছে। এই সময় বৃষরাশিতে বুধ এবং বৃহস্পতি বিদ্যমান রহিয়াছে, বুধের স্ফুট ১।১৬।৩১।২৮ এবং বৃহস্পতির স্ফুট ১।১৬।৪৫।৫৬ রাশ্যাদি। ইহাতে জানা যাইতেছে যে, বুধের স্ফুট অপেক্ষা বৃহস্পতির স্ফুট অধিক, এজন্য বৃহস্পতি উত্তরায়ণচারী এবং জয়ী, আর বুধ দক্ষিণায়নচারী এবং পরাজিত। ঐ সময়ে বুধের স্থানবল, দিগ্বল, কাল-বল, নিসর্গবল এবং অয়নবলের সমষ্টি ২৬২।১০ এবং বৃহস্পতির ২৭০।২০ কলাদি। এই উভয়ের অন্তর করিলে ৮ কলা ১০ বিকলা অবশিষ্ট থাকে। পরে ঐ ৮।১০ কে দুই স্থানে রাখিয়া এক স্থানের অঙ্ক হইতে ৫ কলা হীন করিলে যে ৩।১০ অবশিষ্ট থাকে, তাহা দ্বারা ঐ দ্বিতীয়স্থানস্থ অঙ্ক ৮।১০ কলাদিকে ভাগ করিলে ২।৩৫ কলাদি লব্ধ হয়। পরে ঐ ২।৩৫ কে উত্তরায়ণচারী বৃহস্পতির সমষ্টিবল ২৭০।২০ কলা-দির সহিত যোগ করিলে ২৭০।৫৫ হয়, ইহাই বৃহস্পতির যুদ্ধবল এবং বুধের সমষ্টিবল ২৬২।১০ কলাদি ইহাতে হীন করিলে যে ২৬১।৩৫ কলাদি হয়, ইহাই দক্ষিণায়নচারী বুধের যুদ্ধবল নির্ণীত হইল।

এই নিয়মে গণনা করিয়া স্থির হইল যে, বুধের অয়নবল ৩১।৪২ এবং শনির অয়নবল ১।১৪ কলাদি।

চেষ্টাবল ও চেষ্টাকেন্দ্র।

উদগয়নে রবিশীতময়ূখৌ বক্রসমাগমগাঃ পরিশেষাঃ।
বিপুলকলা যুধি চোত্তরসংস্থাশ্চেষ্টিতবীর্য্যযুতাঃ পরিকল্প্যাঃ॥

মকর হইতে মিথুনের শেষ পর্য্যন্ত রবির গমনের নাম উত্তরায়ণ। এই ছয় রাশি দিয়া রবি এবং চন্দ্র গমন করিলে সেই গমনের শক্তিকে চেষ্টাবল বলা যায়। অন্যান্য গ্রহ যখন ঐ ছয় রাশির মধ্যে বক্রগামী হয়, চন্দ্রের সহিত তাহাদিগের সমাগম হয়, তাহাদিগের তেজ উদ্দীপিত হয় অথবা যুদ্ধে অর্থাৎ যখন তাহাদিগের উত্তরায়ণের গ্রহ-দিগের সহিত মিলন হইয়া থাকে, তাহাদিগের তাৎকালীন বলকেই চেষ্টাবল কহে।

মধ্যযুক্তস্ফুটার্দ্ধোনং শীঘ্রং চেষ্টাখ্যকেন্দ্রকম্। স্যাচ্চেৎ ষড়্‌ভাধিকং চক্রা-শুদ্ধং শুদ্ধং তদংশকাৎ॥ ত্রিভির্লব্ধং ভবেচ্চেষ্টাবলং ভৌমাদিপঞ্চকে। পক্ষা-য়নসমং গ্রাহ্যং চেষ্টাবীর্য্যং শশীনয়োঃ॥

গ্রহদিগের চেষ্টাবল সাধন করণ সময়ে রবির যাহা অয়নবল, তাহাই চেষ্টাবল বলিয়া গৃহীত হইবে এবং চন্দ্রের পক্ষবল যাহা হইয়াছে, তাহাই তাহার চেষ্টাবল হইবে। আর

ভৌমাদি পঞ্চ গ্রহের চেষ্টাবল সাধন স্থলে কুজাদি শনি পর্য্যন্ত পাঁচ গ্রহের স্ফুটরাশ্যাদির সহিত স্ব স্ব মধ্যরাশ্যাদি যোগ করিয়া দুই দিয়া ভাগ করত লব্ধ ভাগফলকে স্ব স্ব শীঘ্র-রাশ্যাদি হইতে হীন করিবে। হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাই সেই গ্রহের চেষ্টাকেন্দ্র বলিয়া গৃহীত হইবে। উহা যদি ছয় রাশি হইতে অধিক হয়, তাহা হইলে চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে হীন করিয়া শেষ যদি রাশি থাকে, তবে তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত যোগ করিবে। তৎপরে ঐ যোগজাঙ্ককে তিন দ্বারা হরণ করিয়া যে কলাদি লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের চেষ্টাবল হইবে।

গ্রহদিগের চেষ্টাবল গণনা করিতে হইলে অগ্রে গ্রহদিগের চেষ্টাকেন্দ্র নিরূপণ করিতে হয়। চেষ্টাকেন্দ্র গণনা করিতে হইলে মধ্য, স্ফুট এবং শীঘ্রের আবশ্যক। মধ্য, শীঘ্র ও স্ফুট যেরূপে গণনা করিতে হয়, তাহার বিশেষ বিবরণ দৃষ্টান্ত সহ এই ফলিত-জ্যোতিষের ১ম ও ২য় খণ্ডে বর্ণিত হইয়াছে। সায়ন রবিস্ফুটে ৩ রাশি যোগ করিলে রবির চেষ্টাকেন্দ্র হয়। আর চন্দ্রের চেষ্টাকেন্দ্র গণনা করিতে হইলে চন্দ্রস্ফুটে এবং রবিস্ফুটে পরস্পর অন্তর করিতে হইবে। *

চেষ্টাকেন্দ্র গণনার দৃষ্টান্ত।

(১৮০৯ শক, ১লা বৈশাখ, বেলা দুইপ্রহর)

রবির চেষ্টাকেন্দ্র ;—সায়ন রবিস্ফুট ০।২১।৪৪।৫৮ এর সহিত ৩ রাশি যোগ করিলে ৩।২১।৪৪।৫৮ রাশ্যাদি হয়, ইহাই রবির চেষ্টাকেন্দ্র।

চন্দ্রের চেষ্টাকেন্দ্র ;—চন্দ্রের স্ফুট ৮।৫।৩৯।২ রাশ্যাদি হইতে রবির স্ফুট ০।০।৫৫।৪৬ হীন করিলে ৮।৪।৪৩।১৬ রাশ্যাদি অবশিষ্ট থাকে, ইহা ৬ রাশির অধিক হওয়ায় ১২শ রাশি হইতে হীন করিয়া ৩।২৫।১২।৪৪ রাশ্যাদি হইল ; ইহাই চন্দ্রের চেষ্টাকেন্দ্র।

মঙ্গলের চেষ্টাকেন্দ্র ;—মঙ্গলের মধ্য ১১।২৫।৫১।৪২ রাশ্যাদির সহিত মঙ্গলের স্ফুট ০।২৭।৪ রাশ্যাদি যোগ করিলে ১১।২৮।১৮।৪৭ হয় ; ইহাকে ২ দ্বারা ভাগ করিলে যে ৫।২৯ ৯।২৪ রাশ্যাদি হয়, তাহা মঙ্গলের শীঘ্র ১১।২৮ ৪৭।৫১ রাশ্যাদি হইতে হীন করিলে ৫।২৯।৩৮।২৭ রাশ্যাদি অবশিষ্ট থাকে, ইহাই মঙ্গলের চেষ্টাকেন্দ্র।

বুধের চেষ্টাকেন্দ্র ;—বুধের মধ্য ১১।২৮।৪৭।৫১, বুধের স্ফুট ১১।৩।৩৯।১৫ এবং এই উভয়ের যোগজাঙ্ক ২৩।২২।২৭।৬ রাশ্যাদি। ইহার অর্দ্ধাংশ ১১।১৬।১৩।৩৩ কে বুধের শীঘ্রোচ্চ ৭।২৯।৩৫।৫১ হইতে হীন করিলে ৮।১৩।২২।১৮ রাশ্যাদি অবশিষ্ট থাকে,

* রবি ও চন্দ্রের চেষ্টাকেন্দ্র গণনার বচন ইষ্টকষ্ট গণনায় লিখিত আছে, ইহার পরেই তাহা বিবৃত হইতেছে।

ইহা ৬ রাশির অধিক হওয়ায় ১২ রাশি হইতে হীন করিয়া যে ৩।১৬।৩৮।৪২ অবশিষ্ট রহিল, ইহাই বুধের চেষ্টাকেন্দ্র।

এই প্রক্রিয়ানুসারে গণনা করিয়া বৃহস্পতির চেষ্টাকেন্দ্র ৫।১৭।৪৬।৩৬; শুক্রের ৩।২৫।৭।১৬ এবং শনির চেষ্টাকেন্দ্র ২।২৮।১৭।২১ রাশ্যাদি স্থির হইল।

চেষ্টাবল গণনার দৃষ্টান্ত।

(১৮০৯ শক, ২লা বৈশাখ, বেলা দুইপ্রহর)

বচনানুসারে জানা যাইতেছে যে, রবির অয়নবল যাহা হইবে, তাহাই রবির চেষ্টাবল এবং চন্দ্রের পক্ষবলই চন্দ্রের চেষ্টাবল; সুতরাং রবির চেষ্টাবল ৪০।৫৮ ও চন্দ্রের চেষ্টাবল ৩৮।২৫ কলাদি।

মঙ্গলের চেষ্টাবল;—মঙ্গলের চেষ্টাকেন্দ্র ৫।২৯।৩৮।২৭ রাশ্যাদির রাশিকে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল ১৫০ এর সহিত ঐ অংশাদি ২৯।৩৮।২৭ যোগ করিলে ১৭৯।৩৮।২৭ হয়; ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া ৫৯।৫৩ কলাদি লব্ধ হইল; ইহাই মঙ্গলের চেষ্টাবল।

এইরূপে গণনা করিয়া বুধের চেষ্টাবল ৩৫।৩৮; বৃহস্পতির ৫৫।৫৫; শুক্রের ৩৮।২২ এবং শনির চেষ্টাবল ২৯।২৬ কলাদি স্থির হইল।

সর্ব্ববীর্য্যৈক্যমভ্রাঙ্গহৃতং রূপকলাদিকম্। যুক্তং সদ্দৃষ্টিপাদেন হীনং পাপদৃগঙ্ঘ্রিণা॥ এবং রব্যাদিখেটানাং জায়তে প্রস্ফুটং বলম্॥

রব্যাদি সপ্তগ্রহের মধ্যে এক এক গ্রহের তুঙ্গবল অবধি চেষ্টাবল পর্য্যন্ত অর্থাৎ তুঙ্গবল, মূলত্রিকোণবল, ক্ষেত্রবল, হোরাবল, দ্রেক্কাণবল, সপ্তাংশবল, নবাংশবল, দ্বাদশাংশবল, ত্রিংশাংশবল, যুগ্মাযুগ্মরাশিবল, যুগ্মাযুগ্মভাংশবল, পুংষণ্ডাদিবল, কেন্দ্রাদিবল, দিগ্বল, পক্ষবল, দিবা বা রাত্রিত্রিভাগবল, বর্ষাধিপবল, মাসাধিপবল, দিনাধিপবল, কালহোরাধিপবল, দিবা বা রাত্রিবল, নিসর্গবল, অয়নবল এবং চেষ্টাবল এই সকল বলের অঙ্কসংখ্যা একত্র যোগ করিলে যে সমষ্টি হইবে, তাহাকেই ঐক্যবল কহে। ঐ ঐক্যবলের অঙ্ক ৬০ এর অধিক হইলে উহাকে ৬০ দ্বারা ভাগ করিবে, ভাগলব্ধ ফলই অভ্রাঙ্গহৃত বা ষষ্টিবিভক্ত বল। পরে শুভগ্রহের দৃষ্টির অঙ্কসংখ্যা সমস্ত একত্র করিয়া তাহাকে ৪ দ্বারা ভাগ করত যাহা লব্ধ হইবে, সেই লব্ধাঙ্কসংখ্যা ঐ অভ্রাঙ্গহৃত বলের অঙ্কসংখ্যার সহিত যোগ করিবে। এই যোগজাঙ্ককেই সদ্দৃষ্টিপাদাঢ্যবল কহে। ঐরূপ পাপগ্রহসকলের দৃষ্ট্যঙ্কসংখ্যা একত্র করিয়া ৪ দ্বারা হরণ করত যাহা লব্ধ হইবে, তাহা উল্লিখিত সদ্দৃষ্টিপাদাঢ্যবলের অঙ্কসংখ্যা হইতে হীন করিবে। এই হীনাবশিষ্ট অঙ্কসংখ্যাকে পাপদৃষ্টিপাদহীন বল কহে।

এইরূপ করিলে যে সমষ্টি হইবে, তাহাকেই রূপাদি বল অথবা গ্রহদিগের প্রস্ফুট বল বলা যায়।

দৃষ্টান্ত,—উপরে গণিত করিয়া দেখা গিয়াছে যে, ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা ২ প্রহরের সময়ে রবির তুঙ্গবল ৫৬।৫৯, মূলত্রিকোণবল ০।০, ক্ষেত্রবল ৭।৩০, হোরাবল ৩০।০, দ্রেক্কাণবল ৭।৩০, সপ্তাংশবল ৭।৩০, নবাংশবল ৭।৩০, দ্বাদশাংশবল ৭।৩০, ত্রিংশাংশবল ৭।৩০, যুগ্মাযুগ্মরাশিবল ১৫।০, যুগ্মাযুগ্মভাংশবল ১৫।০, পুংষণ্ডাদিবল ১৫।০, কেন্দ্রাদিবল ৬০।০, বর্ষাধিপবল ০।০, মাসাধিপবল ০।০, দিনাধিপবল ০।০, কালহোধিপবল ৬০।০, দিবাবল ০।০, নিসর্গবল ৬০।০, অয়নবল ৪০।৫৮ এবং চেষ্টাবল ৪১।৫৮ কলাদি। এই সকল একত্র যোগ করিয়া ৫৮০ কলা ৩০ বিকলা হইল, ইহাই রবির ঐক্যবল অর্থাৎ রবির তুঙ্গাদি বলসকলের অঙ্কসংখ্যার সমষ্টি। এই ঐক্যবলের অঙ্কসংখ্যা ৫৮০।৩০ ষাইটের অধিক হওয়ায় উহাকে ৬০ দ্বারা ভাগ করিলে ৯।৪০।৩০ অংশাদি হয়, ইহাই রবির অভ্রাঙ্গহৃত অর্থাৎ ষষ্টিবিভক্ত বল। এই খণ্ডের ১৩৪ পৃষ্ঠায় ১৮০৯ শকের ১লা বৈশাখের দিবা ২ প্রহর সময়ের গ্রহদিগের দৃষ্টি গণিত করিয়া যে দৃষ্টিসন্নিবেশের চক্র দৃষ্টান্তস্বরূপ প্রদর্শিত হইয়াছে, তদ্দৃষ্টে জানা যাইতেছে যে, ঐ সময়ে রবির উপর শুভগ্রহ চন্দ্রের দৃষ্টি ৩২।২৩, বুধের ০।০, বৃহস্পতির ৩৯।৯ এবং শুক্রের দৃষ্টি ০।০ কলাদি। এই সকল দৃষ্টির অঙ্কসমষ্টি ৭১।৩২ কলাদিকে ৪ দ্বারা ভাগ করিয়া ১৭।৫৩।০ কলাদি লব্ধ হইল, এই ১৭।৫৩।০ কলাদি পূর্ব্বোক্ত ষষ্টিবিভক্ত বল ৯।৪০।৩০ অংশাদির সহিত যোগ করিলে যে ৯।৫৮।২৩।৩০ অংশাদি হয়, ইহাই রবির সদ্দৃষ্টিপাদাঢ্য বল। এক্ষণ পাপদৃষ্টিপাদহীন বল জানিতে হইবে, সুতরাং পূর্ব্বোক্ত দৃষ্টিসন্নিবেশের চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, রবির প্রতি পাপগ্রহ মঙ্গলের দৃষ্টি ০।০ এবং শনির দৃষ্টি ৪৯।৪৪ কলাদি হয়। ইহার সমষ্টি ৪৯।৪৪ কলাদিকে ৪ দ্বারা ভাগ করিয়া ভাগলব্ধ ফল ১২।২৬ কলাদিকে সদ্দৃষ্টিপাদাঢ্যবল ৯।৫৮।২৩।৩০ অংশাদি হইতে হীন করিলে ৯।৪৫।৫৭।৩০ অংশাদি অবশিষ্ট থাকে; ইহাই রবির পাপদৃষ্টিপাদহীন বল। এই ৯।৪৫।৫৭।৩০ অংশাদিই ১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা ২ প্রহর সময়ে যে বালকের জন্ম হইবে, তাহার জন্মকালান রবির রূপাদি বল স্থির হইল।

উপরিলিখিত প্রক্রিয়ানুসারে গণনা করিয়া ঐ ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহর সময়ে চন্দ্রের রূপাদি বল ৫।৩৩।২২।১৫; মঙ্গলের ৯।৪২।৩৮।৩০; বুধের ৭।৪৮।১।১৫; বৃহস্পতির ৬।৩৬।৪৬।৩০; শুক্রের ৮।১০।১৯।৩০ এবং শনির ৩।৫২।১৩।০ অংশাদি নিরূপিত হইল।

নিম্নে বলচক্র-নামে যে একটী চক্র সন্নিবেশিত করা হইল, তন্মধ্যে চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই সকল গ্রহের তুঙ্গবলাদির অঙ্ক লিখিত হইয়াছে এবং তাহার

সমষ্টি, রূপাদি বলের কোষ্ঠায় সন্নিবেশিত হইয়াছে, তাহা দৃষ্টি করিলেই উপরোক্ত অঙ্ক যেরূপে গণিত হইয়াছে, তাহা দেখিতে পাইবেন। বাহুল্যভয়ে তাহার পুনরুল্লেখ করা হইল না।

রাশিগণের কীট ও সরীসৃপাদি সংজ্ঞা।

মকরের শেষ অর্দ্ধভাগ, কর্কট, মীন এবং বৃশ্চিক রাশিকে কীটরাশি কহে, আর বৃশ্চিক রাশিকে সরীসৃপও কহিয়া থাকে।

দ্বিপদ বা নর এবং চতুষ্পাদ রাশি কথন।

মিথুন, তুলা, কুম্ভ, কন্যা এবং ধনুরাশির পূর্ব্বভাগ বা প্রথমার্দ্ধকে দ্বিপদ বা নর রাশি কহে। আর মেষ, বৃষ, সিংহ, মকররাশির প্রথমার্দ্ধ এবং ধনুরাশির অপর ভাগ বা শেষার্দ্ধকে চতুষ্পাদ রাশি কহিয়া থাকে।

জলজরাশি কথন।

কর্কট, মীন, মকরের শেষার্দ্ধ ইহাদিগকে জলজরাশি কহে এবং শিবমতে কুম্ভরাশিরও জলজসংজ্ঞা হয়।

তন্বাদিদ্বাদশভাবানাং বলসাধনং।

বলং স্বামিবলং গ্রাহ্যং ভাবানাং জ্ঞেজ্যদৃগ্‌যুতম্। পুনঃ সদ্দৃষ্টিপাদাঢ্যং পাপদৃক্‌চরণোনিতম্। ভাবাৎ কীটচতুষ্পাদনরনীরোদ্ভবাৎ ক্রমাৎ। লগ্ন-তুর্য্যাস্তদশমৈরন্তরাদংশকীকৃতাৎ। ত্র্যাপ্তং বলং যুতং তত্র ভাবানাং স্যাদ্বলং স্ফুটম্।

গ্রহদিগের বলসাধন করিয়া তন্বাদি দ্বাদশভাবের বলসাধন করিবে। যখন যে ভাবের বলসাধন করিবে, তখন সেই ভাবের অধিপতি যে গ্রহ তাহার স্ফুটবল যাহা হইবে, তাহাতে বুধ এবং বৃহস্পতির দৃষ্টির অঙ্ক যোগ করিবে। পুনরায় তাহাতে সমস্ত শুভ-গ্রহের দৃষ্টির এক পাদ যোগ করিয়া সমস্ত পাপগ্রহের দৃষ্টির এক পাদ হীন করিয়া সংস্থা-পন করিবে। তৎপরে সেই ভাব কীট, চতুষ্পাদ, নর এবং জলজ, এই চারিপ্রকার রাশির মধ্যে কোন্ রাশি তাহা বিবেচনা করিয়া যদি সেই ভাব কীট রাশি হয়, তাহা হইলে তনুভাবে অন্তর করিবে। যদি চতুষ্পাদ রাশি হয়, তাহা হইলে চতুর্থ ভাব হইতে অন্তর করিবে, আর যদি নররাশি হয়, তাহা হইলে সপ্তম ভাব হইতে অন্তর করিবে, আর যদি জলজরাশি হয়, তাহা হইলে দশম ভাব হইতে তাহা অন্তর করিয়া

শেষ যদি রাশি থাকে, তাহাকে অংশ করিয়া অংশের সহিত যোগ করিবে। তৎপরে তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্বস্থাপিত বলের সহিত যোগ করিলে সেই ভাবের স্ফ টবল হইবে।

দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহর সময়ের লগ্নস্ফুট কর্কটরাশির ৬ অংশ, ২০ কলা ২৪ বিকলা, ঐ লগ্নের বা তনুভাবের স্বামী চন্দ্র, চন্দ্রের অংশাদি বল ৫।৩৩।২২।১৫। অনন্তর ঐ সময়ে দৃষ্টিচক্রের লিখিত বুধের দৃষ্টি ২৭।১৯ বৃহস্পতির দৃষ্টি ২২।৩০ কলাদিসহ যোগ করিলে ৪৯।৪৯ কলাদি হয়, ইহা ঐ ৫।৩৩।২২।১৫ এর সহিত যোগ করিলে ৬।২৩।১১।১৫ হয়। পূর্ব্বোক্ত দৃষ্টিচক্র দৃষ্টে জানা যাইতেছে যে, ঐ লগ্নের প্রতি চন্দ্রের দৃষ্টি ১৫।২১ কলাদি, বুধের দৃষ্টি ১৮।৩২, এই দৃষ্টি সকলের অঙ্কগুলি একত্র যোগ করিলে ৮৩ কলা, ৪২ বিকলা হয়। পরে ঐ ৮৩।৪২ কে ৪ দ্বারা ভাগ করিলে ২০।৫৫।৩০ কলাদি লব্ধ হয়, এই অঙ্ককে পূর্ব্বোক্ত লগ্নস্বামী চন্দ্রের অংশাদি বল ৬।২৩।১১।১৫ এর সহিত যোগ করিলে ৬।৪৪।৬।৪৫ অংশাদি হয়। অনন্তর পূর্ব্বোক্ত দৃষ্টিচক্রের লিখিত লগ্নের প্রতি রবির দৃষ্টি ৪২।১৭ কলাদি, মঙ্গলের দৃষ্টিকলাদি ৫৬।৬ এবং শনির দৃষ্টি ০।০; এই অঙ্ক সকল একত্র যোগ করিলে ৯৮ কলা, ২৩ বিকলা হয়। ঐ ৯৮।২৩ কে ৪ দ্বারা ভাগ করিলে ২৪।৩৫।৪৫ কলাদি যে লব্ধ হয়, তাহাকেই পাপগ্রহ-দৃষ্টিপাদ কহে। ঐ পাপগ্রহ-দৃষ্টিপাদ-অঙ্ককে পূর্ব্বোক্ত ৬।৪৪।৬।৪৫ এর কলাদি হইতে হীন করিলে ৬।১৯।৩১।০ হয়। পরে এই তনুভাব অর্থাৎ কর্কটরাশি কীটরাশি বলিয়া লগ্ন অর্থাৎ তনুভাবের সহিত অন্তর করিলে ০।০ রাশ্যাদি হয়, সুতরাং ঐ ০।০ কে পূর্ব্বোক্ত পাপদৃষ্টি-পাদহীন চন্দ্রের বল ৬।১৯।৩১।০ এর সহিত যোগ করিলে যে ৬।১৯।৩১।০ অংশাদি হয়; ইহাই লগ্ন বা তনুভাবের বল। এইরূপে অন্যান্য ভাব-সকলের বলসাধন করিতে হয়। ইতি বিদগ্ধতোষিণীতে বলনির্ণয় নামক অধ্যায় সমাপ্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহরের সময় কোন বালকের জন্ম কল্পনা করিয়া তৎকালে গ্রহদিগের বলগণনা কল্পত যেরূপে জন্মপত্রিকায় লিখিতে হয়, দৃষ্টান্ত জন্য সেইরূপ দুইটী চক্র অঙ্কিত করত নিম্নে প্রকাশিত হইল। দৃষ্টান্ত জন্য তুঙ্গাদি বল গণিত করিয়া এই দুইটি চক্রে সন্নিবেশিত করা গেল। ঐ চক্রে আটটী করিয়া কলম অঙ্কিত হইয়াছে, তন্মধ্যে যে যে স্থানের বলগণনা করা হইয়াছে, তাহা প্রথম কলমে লিখিত হইল এবং দ্বিতীয় হইতে অষ্টম ঘরের উপর রবি হইতে শনি পর্য্যন্ত গ্রহ অঙ্কিত করিয়া তন্নিম্নে যথাক্রমে ঐ সকল গ্রহের স্ব স্ব বলের গণিত অঙ্কসংখ্যা সন্নিবেশিত হইল।

উপরের লিখিত দৃষ্টান্তস্বরূপ বলচক্র।

	রবেঃ	চন্দ্রস্য	মঙ্গলস্য	বুধস্য	গুরোঃ	শুক্রস্য	শনেঃ
তুঙ্গবলং	৫৬।৫৯	১০।৫৩	৩৮।৩১	৩।৪৭	২৭।৫৩	৪৮। ৪	২১।৫৬
মূলত্রিকোণবলং	০। ০	০। ০	৪৫। ০	০। ০	০। ০	০। ০	০। ০
ক্ষেত্রবলং	৭।৩০	১৫। ০	৩০। ০	৩।৪৫	১।৫২।৩০	৩০। ০	২২।৩০
হোরাবলং	৩০। ০	৭।৩০	৭।৩০	৭।৩০	৭।৩০	১।৫২।৩০	১।৫২।৩০
দ্রেক্কাণবলং	৭।৩০	১৫। ০	৩০। ০	৩।৪৫	৩।৪৫	৩০। ০	৩০। ০
সপ্তাংশবলং	৭।৩০	৩।৪৫	৩০। ০	৩০। ০	৩০। ০	১৫। ০	৩।৪৫
নবাংশবলং	৭।৩০	৩।৪৫	৩০। ০	৩০। ০	৩।৪৫	২২।৩০	২২।৩০
দ্বাদশাংশবলং	৭।৩০	৩।৪৫	৩০। ০	১৫। ০	৩।৪৫	২২।৩০	৭।৩০
ত্রিংশাংশবলং	৭।৩০	৩।৪৫	৩০। ০	২২।৩০	৩০। ০	৩০। ০	২২।৩০
যুগ্মাযুগ্মভবলং	১৫। ০	০। ০	১৫। ০	০। ০	১৫। ০	১৫। ০	১৫। ০
যুগ্মাযুগ্মভাংশবলং	১৫। ০	১৫। ০	১৫। ০	১৫। ০	০। ০	১৫। ০	০। ০
পুংখণ্ডাদিবলং	১৫। ০	০। ০	১৫। ০	০। ০	০। ০	০। ০	০। ০
কেন্দ্রাদিবলং	৬০। ০	১৫। ০	৬০। ০	১৫। ০	৬০। ০	৩০। ০	১৫। ০
দিগ্বলং	৬০। ০	৩৮।২৫	৫৯।২৯	১৯। ৬	২৮।২০	১০।৩৭	৩।৩১
পক্ষবলং	২১।৩৫	৩৮।২৫	২১।৩৫	৩৮।২৫	২৮।২৫	৩৮।২৫	২১।৩৫
দিবাত্রিভাগবলং	৬০। ০	০। ০	০। ০	০। ০	৬০। ০	০। ০	০। ০

উপরের লিখিত দৃষ্টান্তস্বরূপ বলচক্র।

	রবেঃ	চন্দ্রস্য	মঙ্গলস্য	বুধস্য	গুরোঃ	শুক্রস্য	শনেঃ
বর্ষাধিপবলং	০। ০	১৫। ০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০
মাসাধিপবলং	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০	৩০। ০	০। ০
দিনাধিপবলং	০। ০	০। ০	০। ০	৪৫। ০	০। ০	০। ০	০। ০
কালহোরাধিপবলং	৬০। ০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০
দিবাবলং	০। ০	০। ০	০। ০	৬০। ০	০। ০	০। ০	০। ০
নিসর্গবলং	৬০। ০	৫১।২৬	১৭। ৯	২৫।৪৫	৩৪।১৭	৪২।৫১	৮।৩৪
অয়নবলং	৪০।৫৮	৫৯।৪৬	৪১।৪৫	৩২।৪২	১৩।৫১	৫৩।৪২	১।১৪
যুদ্ধবলং	০।০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০
চেষ্টাবলং	৪০।৫৮	৩৮।২৫	৫৯।৫৩	৩৫।৩৮	৫৫।৫৫	৩৮।২২	২৯।২৬
ঐক্যবলং	৫৮০।৩০	৩৩৪।৫০	৫৭৫।৫২	৪০২।৫৩	৪১৪।১৮।৩০	৪৭৩।৫৩।৩০	২২৬।৫৩।৩০
অত্রাঙ্গহৃতবলং	৯।৪০।৩০	৫।৩৪।৫০	৯।৩৫।৫২	৬।৪২।৫৩	৬।৫৪।১৮।৩০	৭।৫৩।৫৩।৩০	৩।৪৬।৫৩।৩০
সদ্দৃষ্টিপাদং	০।১৬।৫২।৩০	০।১৭।২৮।১৫	০।১৮।২৭	০।১৪।৩৬	০।২০।২৭।১৫	০।১৬।৪০।১৫	০।৩০।৪৮। ০
সদ্দৃষ্টিপাদাঢ্যবলং	৯।৫৯।২২।৩০	৫।৫২।১৮।১৫	৯।৫৪।১৯। ০	৬।৫৭।২৯	৭।১৪।৪৫।৪৫	৮।১০।৩৩।৪৫	৪।১৭।৪১।৩০
পাপদৃষ্টিপাদং	০।১২।২৬। ০	০।১৮।৫৬। ০	০।১১।৪০।৩০	০। ৯।২৭।৪৫	০।৩৭।৫৯।১৫	০। ০।১৪।১৫	০।২৫।২৮।৩০
পাপদৃষ্টিপাদহীনবলং	৯।৪৫।৫৭।৩০	৫।৩৩।২২।১৫	৯।৪২।৩৮।৩০	৬।৪৮। ১।১৫	৬।৩৬।৪৬।৩০	৮।১০।১৯।৩০	৩।৫২।১৩। ০
রূপাদিবলং	৯।৪৫।৫৭।৩০	৫।৩৩।২২।১৫	৯।৪২।৩৮।৩০	৬।৪৮। ১।১৫	৬।৩৬।৪৬।৩০	৮।১০।১৯।৩০	৩।৫২।১৩। ০
লগ্নবলং	০। ০	৬।১৯।৩১। ০	০। ০	০। ০	০। ০	০। ০	০। ০

ইষ্টকষ্ট বিচার।

জাতকাদিফলং জ্ঞানং নির্ণয়াদিষ্টকষ্টয়োঃ।
ভবেদ্ যস্মাত্তয়োস্তস্মাদ্বক্ষ্যে সাধনমুত্তমম্ ॥

যেহেতু ইষ্ট এবং কষ্ট নির্ণয় দ্বারা জাতকাদির ফলেরও ইষ্ট কষ্ট জ্ঞান হয়, এই হেতু সেই ইষ্ট ও কষ্ট ফলের সাধনের প্রণালী উত্তমরূপে কহিতেছি।

সায়নঃ সত্রিভঃ সূর্য্যশ্চেষ্টাকেন্দ্রং রবের্ভবেৎ। বিসূর্য্যচন্দ্রঃ শীতাংশোরন্যেষাং পূর্ব্বমীরিতম্। পূর্ব্ববৎ সাধয়েদত্র চেষ্টাবীর্য্যং শশীনয়োঃ ॥

রবির স্ফুটে তাৎকালিক অয়নাংশ যোগ করিয়া পরে তাহার সহিত তিন রাশি যোগ করিলে যে রাশ্যাদি হয়, তাহাই রবির চেষ্টাকেন্দ্র। আর চন্দ্রের স্ফুটরাশ্যাদি হইতে অয়নাংশ রহিত রবিস্ফুট হীন করিলে শেষ যে রাশ্যাদি থাকে, তাহাই চন্দ্রের চেষ্টাকেন্দ্র হয়, আর কুজাদি পঞ্চ গ্রহের চেষ্টাকেন্দ্র পূর্ব্বেই কথিত হইয়াছে। পূর্ব্বোক্ত কুজাদি গ্রহের চেষ্টাবলসাধনে যে রীতি উক্ত হইয়াছে, এস্থলেও সেই নিয়মানুসারে রবি এবং চন্দ্রের চেষ্টাবল সাধন করিবে।

দৃষ্টান্ত।

রবি. চন্দ্র এবং বক্রী সমস্ত গ্রহের চেষ্টাকেন্দ্র এবং চেষ্টাবল গণনার প্রণালী ও দৃষ্টান্ত এই খণ্ডের ১৬৬ পৃষ্ঠায় ও ১৬৭ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। তাহা দৃষ্টি করিলেই রবি চন্দ্রের চেষ্টাবল যেরূপে সাধন করিতে হয়, তাহা অবগত হইতে পারিবেন।

ইষ্টকষ্ট গণনা বর্গমূল নিষ্কাশন ব্যতীত হইতে পারে না, এজন্য যেরূপে বর্গমূল নিষ্কাশন করিতে হয়, তাহার বচন লীলাবতী গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া তাহার অনুবাদ ও পাটীগণিত হইতে ঐ বর্গমূল নিষ্কাশনের ভাষা সঙ্কেত ঐ গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া নিম্নে প্রদর্শিত হইল।

"ত্যক্ত্বাস্ত্যাদ্বিষমাৎ কৃতিং দ্বিগুণয়েন্মূলং সমে তদ্ধৃতে, ত্যক্ত্বা লব্ধকৃতিং তদাদিবিষমাল্লব্ধং দ্বিনিঘ্নং ন্যসেৎ। পঙ্‌ক্ত্যাং পঙ্‌ক্তিহৃতে সমেঽন্যবিষমে ত্যক্ত্বাপ্তবর্গং ফলং, পঙ্‌ক্ত্যাং তদ্দ্বিগুণং ন্যসেদিতিমুহুঃ পঙ্‌ক্তের্দ্দলং স্যাৎ পদং ॥"

মূলাবশেষিতং সৈকং ষষ্টিঘ্নং বিকলান্বিতম্।*
দ্বিনিঘ্নেন দ্বিযুক্তেন মূলেন বিভজেৎ পদম্ ॥

যখন ঐ পরস্পর গুণিত অঙ্কের নিঃশেষিত হইয়া বর্গমূল না হইবে, অর্থাৎ বর্গমূল গ্রহণ করিলেও অবশিষ্ট থাকিবে, তখন অবশিষ্ট অঙ্কের সহিত ১ এক যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬০ দ্বারা গুণ করত বিকলাঙ্কের সহিত যোগ করিয়া ঐ যুক্তাঙ্ককে এক স্থানে রাখিবে। পরে লব্ধমূলাঙ্ককে ২ দ্বারা গুণ করিয়া গুণফলের

সহিত ২ যোগ করিলে যাহা হইবে, তাহা দ্বারা ঐ স্থাপিত অঙ্ককে ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহা বিকলাঙ্ক মূল।

লীলাবতী গ্রন্থ হইতে বর্গমূল গ্রহণের যে বচন উদ্ধৃত করিয়া উপরে লিখিত হইয়াছে, তাহার মর্ম্ম যাহা পাটীগণিত পুস্তকে প্রকাশিত আছে, তাহা যুক্তি ও দৃষ্টান্ত সহ এই স্থলে প্রকাশ করা গেল।

মূলাকর্ষণ।

ইতিপূর্ব্বে যোগবিয়োগাদি সকল কার্য্য একাধিক রাশি লইয়া সম্পাদিত হইয়াছে; কিন্তু মূলাকর্ষণে কেবল একটী রাশি লইয়া কার্য্য করিতে হইবে।

বর্গমূলাকর্ষণ।	১	এর বর্গমূল	১
	১০০	র "	১০
	১০০০	র "	১০০
	১০০০০০০	র "	১০০০

"ইহাতে স্পষ্ট দেখা যাইতেছে যে, ১ হইতে ৯৯ পর্য্যন্ত অর্থাৎ এক বা দুই অঙ্কবিশিষ্ট সকল সংখ্যার বর্গমূল ১ এর অধিক ও দশের অনধিক, সুতরাং এক অঙ্কবিশিষ্ট হইবে এবং এক শত হইতে ৯৯৯৯ পর্য্যন্ত তিন বা চারি অঙ্কবিশিষ্ট সকল সংখ্যার বর্গমূল দশের অধিক ও এক শতের অনধিক, সুতরাং দুই অঙ্কবিশিষ্ট হইবে; এইরূপ ৫টী বা ৬টী অঙ্কবিশিষ্ট সকল সংখ্যার বর্গমূল তিনটী অঙ্কবিশিষ্ট হইবে, ইত্যাদি; অতএব যদি কোন সংখ্যার একক স্থান হইতে আরম্ভ করিয়া এক একটি অঙ্ক অন্তরে এক একটি অঙ্কের উপর এক একটী বিন্দু স্থাপন করা যায়, অর্থাৎ এককের অঙ্কের উপর, শতকের অঙ্কের উপর, অযুতের অঙ্কের উপর ইত্যাদিক্রমে বিন্দু স্থাপন করা যায়, তাহা হইলে বিন্দুসংখ্যা দ্বারা বর্গমূলের অঙ্কসংখ্যা নির্ণীত হয়। দশমিকের বেলাও এইরূপ হইবে, কেননা

·০১	এর বর্গমূল	
·০০০১	এর "	·০১
·০০০০০১	এর "	·০০১ ইত্যাদি।

ইহাতে এই স্থির হইতেছে যে, দশমিক ভগ্নাংশের অঙ্কসংখ্যা যুগ্ম করিয়া (অর্থাৎ অযুগ্ম অঙ্ক থাকিলে দক্ষিণে ১টী শূন্য বসাইয়া যুগ্ম করিয়া) এককের স্থানের অঙ্ক হইতে পূর্ব্বমত আরম্ভ করিয়া একাঙ্ক অন্তর বিন্দু স্থাপন করিলে বিন্দুসংখ্যা দ্বারা বর্গমূলের দশমিকের অঙ্কসংখ্যা নির্ণীত হইবে।

বর্গমূলাকর্ষণের নিয়ম। প্রথমে পূর্ব্বলিখিত রীতি অনুসারে যে রাশির বর্গমূল নির্ণয় করিতে হইবে, তদুপরি বিন্দুস্থাপন করিয়া নির্দ্দিষ্ট রাশির অঙ্কগুলি দুইটী দুইটী করিয়া বিভাগ কর, কেবল বামদিকস্থ শেষ ভাগটী এক বা দুই অঙ্ক বিশিষ্ট হইবে। বামদিকের শেষভাগটীর মধ্যে যে সর্ব্বাধিক বর্গরাশি আছে, তাহা নির্ণয় করিয়া তাহার বর্গমূলটি নির্দ্দিষ্ট রাশির দক্ষিণদিকে ভাগফলের ন্যায় স্থাপন করিয়া বামপার্শ্বের শেষ ভাগটী হইতে ঐ বর্গরাশি বিয়োগ কর, পরে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির শেষভাগের পরবর্ত্তী ভাগটী স্থাপন করিয়া তাহাকে একটি ভাজ্যরাশি জ্ঞান কর এবং ভাগফলের রাশিটী দ্বিগুণ করিয়া ঐ শেষ ভাজ্যরাশির বামে আংশিক ভাজকরূপে স্থাপন কর এবং ভাজ্যের একক স্থানের অঙ্ক বাদে যে সংখ্যা থাকে, তন্মধ্যে ঐ ভাজকরাশি কত বার নিবিষ্ট আছে, তাহা স্থির করিয়া তৎসূচক অঙ্ককে ভাগফলের অঙ্কের ও ভাজকরাশির দক্ষিণে স্থাপন কর, এইরূপে সম্পূর্ণ ভাজকরাশিকে ভাগফলের নির্দ্দিষ্ট

ঐ দ্বিতীয় রাশি দিয়া গুণ করিয়া গুণফলকে ভাজ্যরাশি হইতে বিয়োগ কর। যাহা অবশিষ্ট থাকিবে, তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর একটী ভাগ স্থাপন করিয়া একটী ভাজ্যরাশি জ্ঞান কর এবং ভাগফলের যে দুইটী অঙ্ক স্থির হইয়াছে, তাহাদিগকে দ্বিগুণ করিয়া পূর্ব্বমত কার্য্য করিতে থাক। যে পর্য্যন্ত নির্দ্দিষ্ট রাশির এক একটী অংশ এইরূপে প্রতিবার অবশিষ্টের দক্ষিণে আনীত হইয়া সকল ভাগ নিঃশেষিত না হয়, সেই পর্য্যন্ত এইরূপ কার্য্য কর। শেষে ভাগফলে যে রাশি স্থির হইবে, তাহাই বর্গমূল জানিবে। নির্দ্দিষ্ট রাশির সকল ভাগ আনীত হইলেও যদি ভাগকার্য্য নিঃশেষিত না হয়, তবে (অথবা দশমিক ভগ্নাংশের স্থলে) অবশিষ্ট রাশির দক্ষিণে এক একবারে দুইটী দুইটী শূন্য যোগ করিয়া নিয়মানুসারে ভাগ কার্য্য করিতে হইবে।

দৃষ্টান্ত। ৬৯৮০১৬৪ এর বর্গমূল নিষ্কাশন কর।

৬'৯৮'০১'৬৪' (২৬৪২

৪

———

৪৬) ২৯৮

　২৭৬

———

৫২৪) ২২০১

　২০৯৬

———

৫২৮২) ১০৫৬৪

　১০৫৬৪

———

এই স্থলে বিন্দু স্থাপন করিয়া নির্দ্দিষ্ট রাশিটীকে চারি ভাগে বিভক্ত করা হইয়াছে। বামপার্শ্বের ভাগটী ৬ হইয়াছে এবং তন্মধ্যে বর্গরাশি ৪ আছে; অতএব ৪ এর বর্গমূল ২ ভাগফলের স্থানে রাখিয়া ৬ হইতে ৪ বিয়োগ করা গেল। ইহাতে যে যে অবশিষ্ট রহিল, তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর ভাগ ৯৮ আনীত হইল। ইহাতে ২৯৮ ভাজ্য এবং ভাগফল ২ এর দ্বিগুণ ৪ আংশিক ভাজক হইল। ঐ আংশিক ভাজক ৪ দিয়া ভাজ্যের ২৯ কে ভাগ করিলে ৭ ভাগফল হইল, কিন্তু ঐ ৭ লইয়া কার্য্য করিলে ফল বেশী হইবে, অতএব তাহা পরিত্যাগ করিয়া ৬ লইয়া কার্য্য করা গেল। ৬ কে ভাগফলে এবং আংশিক ভাজক ৪ এর দক্ষিণে স্থাপন করিয়া ঐ সম্পূর্ণ ভাজক ৪৬ কে ৬ দিয়া গুণ করিয়া গুণফলকে ভাজ্য ২৯৮ এর নীচে রাখিয়া বিয়োগ করা গেল, ইহাতে ২২ অবশিষ্ট রহিল, ঐ ২২ এর দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর ভাগ ০১ আনীত হইল এবং ভাগফলের ২৬ কে দ্বিগুণ করিয়া পূর্ব্বমত কার্য্য করা গেল। ভাগকার্য্য নিঃশেষিত হইলে ২৬৪২ বর্গমূল নির্ণীত হইল।"

পাঠকবর্গের পরিশ্রম লাঘবার্থে নিম্নে ১ হইতে ১৮০ এক শত আশী পর্য্যন্ত বর্গ করিয়া লিখিত হইল, ইহা দেখিলেই সহজে প্রয়োজনীয় বর্গমূল জানিতে পারিবেন।

বর্গমূলচক্র।

বর্গ	মূল	হারক	বর্গ	মূল	হারক	বর্গ	মূল	হারক	বর্গ	মূল	হারক
১	১	৪	৪৬	২১১৬	৯৪	৯১	৮২৮১	১৮৪	১৩৬	১৮৪৯৬	২৭৪
২	৪	৬	৪৭	২২০৯	৯৬	৯২	৮৪৬৪	১৮৬	১৩৭	১৮৭৬৯	২৭৬
৩	৯	৮	৪৮	২৩০৪	৯৮	৯৩	৮৬৪৯	১৮৮	১৩৮	১৯০৪৪	২৭৮
৪	১৬	১০	৪৯	২৪০১	১০০	৯৪	৮৮৩৬	১৯০	১৩৯	১৯৩২১	২৮০
৫	২৫	১২	৫০	২৫০০	১০২	৯৫	৯০২৫	১৯২	১৪০	১৯৬০০	২৮২
৬	৩৬	১৪	৫১	২৬০১	১০৪	৯৬	৯২১৬	১৯৪	১৪১	১৯৮৮১	২৮৪
৭	৪৯	১৬	৫২	২৭০৪	১০৬	৯৭	৯৪০৯	১৯৬	১৪২	২০১৬৪	২৮৬
৮	৬৪	১৮	৫৩	২৮০৯	১০৮	৯৮	৯৬০৪	১৯৮	১৪৩	২০৪৪৯	২৮৮
৯	৮১	২০	৫৪	২৯১৬	১১০	৯৯	৯৮০১	২০০	১৪৪	২০৭৩৬	২৯০
১০	১০০	২২	৫৫	৩০২৫	১১২	১০০	১০০০০	২০২	১৪৫	২১০২৫	২৯২
১১	১২১	২৪	৫৬	৩১৩৬	১১৪	১০১	১০২০১	২০৪	১৪৬	২১৩১৬	২৯৪
১২	১৪৪	২৬	৫৭	৩২৪৯	১১৬	১০২	১০৪০৪	২০৬	১৪৭	২১৬০৯	২৯৬
১৩	১৬৯	২৮	৫৮	৩৩৬৪	১১৮	১০৩	১০৬০৯	২০৮	১৪৮	২১৯০৪	২৯৮
১৪	১৯৬	৩০	৫৯	৩৪৮১	১২০	১০৪	১০৮১৬	২১০	১৪৯	২২২০১	৩০০
১৫	২২৫	৩২	৬০	৩৬০০	১২২	১০৫	১১০২৫	২১২	১৫০	২২৫০০	৩০২
১৬	২৫৬	৩৪	৬১	৩৭২১	১২৪	১০৬	১১২৩৬	২১৪	১৫১	২২৮০১	৩০৪
১৭	২৮৯	৩৬	৬২	৩৮৪৪	১২৬	১০৭	১১৪৪৯	২১৬	১৫২	২৩১০৪	৩০৬
১৮	৩২৪	৩৮	৬৩	৩৯৬৯	১২৮	১০৮	১১৬৬৪	২১৮	১৫৩	২৩৪০৯	৩০৮
১৯	৩৬১	৪০	৬৪	৪০৯৬	১৩০	১০৯	১১৮৮১	২২০	১৫৪	২৩৭১৬	৩১০
২০	৪০০	৪২	৬৫	৪২২৫	১৩২	১১০	১২১০০	২২২	১৫৫	২৪০২৫	৩১২
২১	৪৪১	৪৪	৬৬	৪৩৫৬	১৩৪	১১১	১২৩২১	২২৪	১৫৬	২৪৩৩৬	৩১৪
২২	৪৮৪	৪৬	৬৭	৪৪৮৯	১৩৬	১১২	১২৫৪৪	২২৬	১৫৭	২৪৬৪৯	৩১৬
২৩	৫২৯	৪৮	৬৮	৪৬২৪	১৩৮	১১৩	১২৭৬৯	২২৮	১৫৮	২৪৯৬৪	৩১৮
২৪	৫৭৬	৫০	৬৯	৪৭৬১	১৪০	১১৪	১২৯৯৬	২৩০	১৫৯	২৫২৮১	৩২০
২৫	৬২৫	৫২	৭০	৪৯০০	১৪২	১১৫	১৩২২৫	২৩২	১৬০	২৫৬০০	৩২২
২৬	৬৭৬	৫৪	৭১	৫০৪১	১৪৪	১১৬	১৩৪৫৬	২৩৪	১৬১	২৫৯২১	৩২৪
২৭	৭২৯	৫৬	৭২	৫১৮৪	১৪৬	১১৭	১৩৬৮৯	২৩৬	১৬২	২৬২৪৪	৩২৬
২৮	৭৮৪	৫৮	৭৩	৫৩২৯	১৪৮	১১৮	১৩৯২৪	২৩৮	১৬৩	২৬৫৬৯	৩২৮
২৯	৮৪১	৬০	৭৪	৫৪৭৬	১৫০	১১৯	১৪১৬১	২৪০	১৬৪	২৬৮৯৬	৩৩০
৩০	৯০০	৬২	৭৫	৫৬২৫	১৫২	১২০	১৪৪০০	২৪২	১৬৫	২৭২২৫	৩৩২
৩১	৯৬১	৬৪	৭৬	৫৭৭৬	১৫৪	১২১	১৪৬৪১	২৪৪	১৬৬	২৭৫৫৬	৩৩৪
৩২	১০২৪	৬৬	৭৭	৫৯২৯	১৫৬	১২২	১৪৮৮৪	২৪৬	১৬৭	২৭৮৮৯	৩৩৬
৩৩	১০৮৯	৬৮	৭৮	৬০৮৪	১৫৮	১২৩	১৫১২৯	২৪৮	১৬৮	২৮২২৪	৩৩৮
৩৪	১১৫৬	৭০	৭৯	৬২৪১	১৬০	১২৪	১৫৩৭৬	২৫০	১৬৯	২৮৫৬১	৩৪০
৩৫	১২২৫	৭২	৮০	৬৪০০	১৬২	১২৫	১৫৬২৫	২৫২	১৭০	২৮৯০০	৩৪২
৩৬	১২৯৬	৭৪	৮১	৬৫৬১	১৬৪	১২৬	১৫৮৭৬	২৫৪	১৭১	২৯২৪১	৩৪৪
৩৭	১৩৬৯	৭৬	৮২	৬৭২৪	১৬৬	১২৭	১৬১২৯	২৫৬	১৭২	২৯৫৮৪	৩৪৬
৩৮	১৪৪৪	৭৮	৮৩	৬৮৮৯	১৬৮	১২৮	১৬৩৮৪	২৫৮	১৭৩	২৯৯২৯	৩৪৮
৩৯	১৫২১	৮০	৮৪	৭০৫৬	১৭০	১২৯	১৬৬৪১	২৬০	১৭৪	৩০২৭৬	৩৫০
৪০	১৬০০	৮২	৮৫	৭২২৫	১৭২	১৩০	১৬৯০০	২৬২	১৭৫	৩০৬২৫	৩৫২
৪১	১৬৮১	৮৪	৮৬	৭৩৯৬	১৭৪	১৩১	১৭১৬১	২৬৪	১৭৬	৩০৯৭৬	৩৫৪
৪২	১৭৬৪	৮৬	৮৭	৭৫৬৯	১৭৬	১৩২	১৭৪২৪	২৬৬	১৭৭	৩১৩২৯	৩৫৬
৪৩	১৮৪৯	৮৮	৮৮	৭৭৪৪	১৭৮	১৩৩	১৭৬৮৯	২৬৮	১৭৮	৩১৬৮৪	৩৫৮
৪৪	১৯৩৬	৯০	৮৯	৭৯২১	১৮০	১৩৪	১৭৯৫৬	২৭০	১৭৯	৩২০৪১	৩৬০
৪৫	২০২৫	৯২	৯০	৮১০০	১৮২	১৩৫	১৮২২৫	২৭২	১৮০	৩২৪০০	৩৬২

৪৫ ৯০ ১৩৫ ১৮০

বর্গমূল চক্রের প্রতিস্তম্ভে তিন শ্রেণী করিয়া অঙ্ক আছে, তাহার প্রথম শ্রেণীতে বর্গমূল, দ্বিতীয় শ্রেণীতে যাহার বর্গমূল বাহির করিতে হইবে সেই অঙ্ক, তৃতীয় শ্রেণীতে হারক। এই হারকাঙ্ক দ্বারা বর্গমূলের অবশিষ্ট অঙ্ককে ভাগ করিয়া পরবর্ত্তী বিকলাঙ্কের সহিত যোগ করিবে, ইহাতে আর যাহা কিছু প্রক্রিয়া আছে, তাহা পরের শ্লোকে প্রকাশ হইবে।

চেষ্টোচ্চবলয়োর্ঘাতান্মূলমিষ্টফলং ভবেৎ। চেষ্টোচ্চবলয়োঃ ষষ্টিশুদ্ধয়োর্ঘাততঃ পদম্। কষ্টং স্যাদথ তদ্রূপং দশায়াং স্যাৎ শুভাশুভম্॥

চেষ্টাবল এবং তুঙ্গবল এই উভয় বলের সংখ্যা পরস্পর গুণ করিয়া তাহার মূলাকর্ষণ করিলে যাহা মূল হইবে, সেই সংখ্যা পরিমাণে সেই গ্রহ ইষ্ট ফলদান করিবে, আর চেষ্টাবল এবং তুঙ্গবল এই উভয় বলের সংখ্যা ষষ্টি হইতে বিয়োগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে পরস্পর পূরণ করিয়া তাহার মূলাকর্ষণ করিবে। যাহা মূল লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের কষ্টফল হইবে। যে পরিমাণে ইষ্ট বা কষ্টফল হইবে, সেই গ্রহের দশা ভোগ সময়ে শুভাশুভ ফলও সেইরূপ হইবে।

ইষ্টফল গণনার দৃষ্টান্ত।

পূর্ব্বোক্ত ১৮০৯ শকের ১লা বৈশাখ দিবা দুইপ্রহর সময়ের গণিতমতে রবির চেষ্টাবল ৪১।৫৮ কলাদি এবং তুঙ্গবল ৫৬।৫৯ কলাদি। এই উভয়ে পরস্পর গুণ করিলে গুণফল ২৩৯১।২৪।২ হয়। ইহার বর্গমূল ৪৮।৫৪, * ইহাই রবির ইষ্টফল।

---

* ২৩৯১।২৪।২ প্রথমতঃ ইহার ২৩এর মূল ৪,৪এর বর্গ ১৬ হয়, ১৬ ঐ ২৩ হইতে বিয়োগ করিলে ৭ অবশিষ্ট থাকে, পরে ৭ এর দক্ষিণপার্শ্বে উপরের লিখিত ৯১ স্থাপন করিলে ৭৯১ ভাজ্য হইল। অনন্তর পূর্ব্বলব্ধ মূল ৪ কে দ্বিগুণ করিয়া ৮ কে আংশিক ভাজকরূপে বসাইয়া পূর্ব্বস্থাপিত অঙ্ক ৭৯ হইতে ঐ ৮, আটবার যাইতে পারে বলিয়া ঐ ৮ কে পূর্ব্বলব্ধ মূল ৪ এর দক্ষিণপার্শ্বে স্থাপন করা গেল এবং মূলকে দ্বিগুণ করিয়া যে ৮ লব্ধ হইয়াছে, তাহার পার্শ্বে বসাইয়া যে ৮৮ হইল, ঐ ৮৮ কে আট গুণ করিয়া গুণফল ৭০৪ কে পূর্ব্বস্থ ৭৯১ হইতে বিয়োগ করিলে ৮৭ অবশিষ্ট রহিল। পরে বচনানুসারে ঐ ৮৭ এর সহিত ১ যোগ করিয়া ৮৮ হইল, ঐ ৮৮ কে ৬০ দ্বারা গুণ করিলে যে ৫২৮০ হয়, তাহার সহিত বিকলাঙ্ক ২৪ যোগ করিলে ৫৩০৪ হয়, ইহাই ভাজ্য। আর পূর্ব্বলব্ধ মূল ৪৮ কে দ্বিগুণ করিয়া গুণফল ৯৬ এর সহিত ২ যোগ দিয়া যে ৯৮ হইল, ইহাই ভাজক। পরে ঐ ভাজক ৯৮ দ্বারা ভাজ্য ৫৩০৪ কে ভাগ করিলে ৫৪ লব্ধ হয় এবং ১২ অবশিষ্ট থাকে। পরে ঐ ১২ এর সহিত ১ যোগ করিলে ১৩ হয়; ঐ ১৩ কে ৬০ দ্বারা গুণ করিলে ৭৮০ গুণফল হয়, ঐ ৭৮০ এর সহিত অনুকলাঙ্ক ২ যোগ করিলে ৭৮২ হয়, ইহাই ভাজ্যরূপে স্থিরীকৃত হইল। অনন্তর ঐ লব্ধ বিকলা মূলাঙ্ক ৫৪ কে দ্বিগুণ করিয়া গুণফল ১০৮ এর সহিত ২ যোগ দিলে ১১০ হয়; ঐ ১১০ দ্বারা পূর্ব্বস্থ ভাজ্য ৭৮২ কে ভাগ করিলে লব্ধ ৭ হয় এবং ১২ অবশিষ্ট থাকে। এইরূপেই বর্গমূল নিষ্কাশন করিতে হয়; কিন্তু এস্থলে আর অনাবশ্যক বিধায় বর্গমূল নিষ্কাশন করা গেল না।

এই নিয়মে ঐ সময়ের ইষ্টফল গণনা করিলে চন্দ্রের ইষ্টফল ২০।২৮, মঙ্গলের ৪৭।৪২, বুধের ১৩।৩৭, বৃহস্পতির ৩৯।৪০, শুক্রের ২৩।৫৭ এবং শনির ইষ্টফল ২৫।২৪ হইবে।

কষ্টফল গণনার দৃষ্টান্ত।

পূর্ব্বোল্লিখিত রবির তুঙ্গবল ৫৬ কলা ৫৯ বিকলাকে ৬০ হইতে বিয়োগ করিলে ৩ কলা ১ বিকলা অবশিষ্ট থাকে এবং রবির চেষ্টাবল ৪১।৫৮ কলাদিকে ৬০ হইতে বিয়োগ করিলে ১৮।২ কলাদি অবশিষ্ট হয়। এই ১৮।২ এবং ৩।১ অঙ্ককে পরস্পর গুণ করিলে গুণফল ৫৪।২৪।২ হয়। এই ৫৪।২৪।২ এর বর্গমূল ৭।২৪ হইল, ইহাই ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে রবির কষ্টফল। এই নিয়মে ঐ সময়ের কষ্টফল গণনা করিয়া চন্দ্রের ৩২।২৪, মঙ্গলের ১।৩৭, বুধের ৩৭।১, বৃহস্পতির ১১।২৭, শুক্রের ১৬।৫ এবং শনির কষ্টফল ৩৪।৭ কলাদি স্থির হইল।

ইষ্টকষ্টবল ও দৃষ্টিগণনা।

দৃষ্টিং বীর্য্যঞ্চ খেটানামিষ্টকষ্টহতং পৃথক্।
ষষ্ট্যাপ্তমিষ্টকষ্টাখ্যে স্যাতাং দৃষ্টিবলস্ফুটে।

গ্রহদিগের দৃষ্টি ও বলের সংখ্যা গ্রহণ করিয়া দুই স্থানে সংস্থাপিত করিবে। তৎপরে উক্ত উভয় বলাঙ্ককে ইষ্টফল ও কষ্টফলের অঙ্ক দ্বারা গুণ করিয়া উভয় অঙ্ককে ষষ্টি দ্বারা ভাগ করিবে। ইষ্টফল-গুণিত ইষ্ট দৃষ্টির অঙ্ক হইতে যে ভাগফল লব্ধ হইবে, তাহা ইষ্টদৃষ্টি এবং ইষ্টফলের দ্বারা গুণিত বল হইতে যে ভাগফল লব্ধ হইবে, তাহা ইষ্টবল আর কষ্টফলের অঙ্ক দ্বারা দৃষ্টি-অঙ্ককে গুণ করিয়া ষষ্টি দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহা কষ্টদৃষ্টি এবং কষ্টফলের অঙ্ক দ্বারা বলাঙ্ককে গুণ করিয়া তাঁহাকে ষাইট দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা কষ্টবল বলিয়া কথিত হইবে।

ইষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময়ে কোন বালকের জন্ম হইলে ঐ সময়ের ইষ্টদৃষ্টি অর্থাৎ কোন্ গ্রহের উপর কোন্ গ্রহের শুভদৃষ্টি কি পরিমাণে পতিত আছে, তাহা গণনার দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে।

রবির প্রতি রবির ইষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত ;—এই খণ্ডের ১৩৪ পৃষ্ঠার লিখিত দৃষ্টি-সন্নিবেশের চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, উল্লিখিত জন্মকালে রবির উপর রবির দৃষ্টি নাই ; সুতরাং রবির প্রতি রবির ইষ্টদৃষ্টিও হইল না।

চন্দ্রের প্রতি রবির ইষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত ;—উল্লিখিত দৃষ্টিসন্নিবেশের চক্রদৃষ্টে জানা

যাইতেছে যে, ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে চন্দ্রের প্রতি রবির দৃষ্টি ২৭ কলা ৩৮ বিকলা ; ঐ ২৭।৩৮ কলাদিকে রবির পূর্ব্বোল্লিখিত ইষ্টফল ৪৮।৫৪ দ্বারা গুণ করিয়া গুণফল ১৩৫১।১৬।১২ বিকলাদিকে ৬০ দ্বারা ভাগ করিলে ২২।৩১।১৬।১২ কলাদি লব্ধ হয় ; ইহাই ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহর সময়ে চন্দ্রের উপরে রবির ইষ্টদৃষ্টি স্থির হইল।

উক্ত দৃষ্টিসন্নিবেশের চক্রদৃষ্টে জানা যাইতেছে যে, ঐ ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে মঙ্গল ও বুধের উপর রবির দৃষ্টি নাই, সুতরাং উক্ত সময়ে ঐ গ্রহদ্বয়ের উপর রবির ইষ্টদৃষ্টিও হইল না।

উল্লিখিত নিয়মানুসারে গণনা দ্বারা স্থির হইল যে, ঐ ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময় বৃহস্পতির উপর রবির ইষ্টদৃষ্টি ৪৪।৩৮।৫৪।১৮ ; শুক্রের উপর ০।৪৫। ৩৮।৩৬ ; শনির উপর ২৪।২৭।৪৫।৮ এবং লগ্নের উপর ৩৪।১৪।৩।১৮ কলাদি।

কষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহরের সময় কোন বালকের জন্ম হইলে ঐ সময়ের গ্রহদিগের কষ্টদৃষ্টি অর্থাৎ কোন্ গ্রহের উপর কোন্ গ্রহের অশুভ দৃষ্টি কি পরিমাণে পতিত আছে, তাহা গণনার দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে।

রবির প্রতি রবির কষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত ;—এই খণ্ডের ১৩৪ পৃষ্ঠার লিখিত দৃষ্টি সন্নিবেশের চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে রবির উপর রবির দৃষ্টি নাই ; সুতরাং রবির প্রতি রবির কষ্টদৃষ্টিও হইল না।

চন্দ্রের প্রতি রবির কষ্টদৃষ্টি গণনার দৃষ্টান্ত ;—উল্লিখিত দৃষ্টিসন্নিবেশের চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহরের সময় চন্দ্রের প্রতি রবির দৃষ্টি ২৭ কলা ৩৮ বিকলা ; ঐ ২৭ কলা ৩৮ বিকলাকে রবির পূর্ব্বোল্লিখিত কষ্টফল ৭।২৪ দ্বারা গুণ করিয়া গুণফল ২০৪।২৯।১২ বিকলাদিকে ৬০ দ্বারা ভাগ করিলে যে ৩।২৪।২৯।১২ কলাদি লব্ধ হয়, উহাই উক্ত জন্মকালে চন্দ্রের প্রতি রবির কষ্টদৃষ্টি।

উক্ত দৃষ্টিসন্নিবেশের চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহরের সময়ে মঙ্গল ও বুধের উপর রবির দৃষ্টি নাই, সুতরাং ঐ সময়ে উক্ত গ্রহদ্বয়ের প্রতি রবির কষ্টদৃষ্টিও হইল না।

উক্ত প্রক্রিয়ানুসারে গণনা দ্বারা স্থির হইল যে, ১৮০৯ শকের ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময়ে বৃহস্পতির উপর রবির কষ্টদৃষ্টি ৬।৪৫।২৬।৯ ; শুক্রের উপর ০।৬।৫৪।২৪; শনির উপর ৪।৪৮।২৪।৪৮ এবং লগ্নের উপর রবির কষ্টদৃষ্টি ৫।২৯।৩৩।৪৮ কলাদি।

এইরূপ প্রক্রিয়ানুসারেই অন্যান্য গ্রহগণের পরস্পরের উপর ইষ্টদৃষ্টি ও কষ্টদৃষ্টি গণনা করিতে হয়।

ইষ্টবল ও কষ্টবল গণনার দৃষ্টান্ত।

১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুই প্রহরের সময়ে কোন বালকের জন্ম হইলে ঐ সময়ে গ্রহগণের ইষ্টবল ও কষ্টবল যেরূপে গণনা করিতে হয়, তাহার দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে।

রবির ইষ্টকষ্টবল গণনার দৃষ্টান্ত;—১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে কোন্ গ্রহের কত বল, তাহা গণিত করিয়া এই খণ্ডের ১৭১ ও ১৭২ পৃষ্ঠায় "বলচক্র" নামে যে চক্র অঙ্কিত করা হইয়াছে, তাহাতে জানা যাইতেছে যে, ঐ সময়ে রবির রূপাদি বল ৯।৪৬।৫৬।৩০ অংশাদি। ঐ অংশাদিকে রবির ইষ্টবল ৪৮।৫৪ দ্বারা গুণ করিয়া গুণফল ৪৭৮।২১।২।২৪ কে ৬০ দ্বারা ভাগ করিলে যে ৭।৫৮।২১ অংশাদি লব্ধ হয়, উহাই রবির ইষ্টবল এবং ঐ রূপাদি বল ৯।৪৬।৫৬।৩০ অংশাদিকে রবির কষ্টবল ৭।২৪ দ্বারা গুণ করিয়া গুণফল ৭২।২৩।১৮।২৪ কে ৬০ দ্বারা ভাগ করিলে যে ১।১২।১৩ অংশাদি লব্ধ হয়, উহাই ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে রবির কষ্টবল স্থির হইল।

এইরূপ প্রক্রিয়ানুসারে গণনা করিয়া ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুই প্রহর সময়ে চন্দ্রের ইষ্টবল ১।৫৩।৪৩, মঙ্গলের ৭।৪৩।১২, বুধের ১।১৮।৫৯, বৃহস্পতির ৪।২২।১৯, শুক্রের ৩।১৫।৪৩ ও শনির ইষ্টবল ১।৩৮।১৮ অংশাদি এবং চন্দ্রের কষ্টবল ৩।০।১, মঙ্গলের ০।১২।২২, বুধের ২।৩১।৪৩, বৃহস্পতির ১।৮।৫৯, শুক্রের ২।১১।২৬ ও শনির কষ্টবল ২।১১।৫৪ অংশাদি স্থির হইল।

ক্ষেত্রাধিপাদির শুভাশুভ ফল গণনা।

ক্ষেত্রাদিসপ্তবর্গাণামীশস্তক্ষে গৃহে যদি। তদা তস্য ফলং দন্তা ৩২ মূলে সিদ্ধাঃ ২৪ স্বকে নৃপাঃ ১৬। অধিমিত্রে তু নেত্রেন্দু ১২ মিত্রে নাগাঃ ৮ সমেঽব্ধয়ঃ ৪। শত্রৌ দ্বয়ং ২ চাধিরিপৌ রূপং ১ নীচে বিয়ৎ ফলম্। এতৎ শুভাখ্যং তদ্দন্তাৎ শুদ্ধং স্যাদশুভং ফলম্॥

অন্যমতে—নীচাত্যর্য্যরিমধ্যেষ্টাধীষ্টস্বমূলতুঙ্গভে।
খৈকদ্ব্যব্ধ্যষ্টনেত্রেন্দুভুপসিদ্ধরদাঃ ফলং॥

যখন যে গ্রহের বল সাধন করিবে, তখন দেখিতে হইবে যে, সেই গ্রহ ক্ষেত্রাদি যে সপ্তবর্গ আছে, তাহার কোন বর্গের অধিপতি কি না। যদি কোন বর্গের অধিপতি হয় এবং যে রাশিতে অবস্থিতি করিতেছে, ঐ রাশি যদি সেই গ্রহের স্বীয় উচ্চ গৃহ হয়,

তাহা হইলে তাহার ফল বত্রিশ, আর যদি সেই রাশি সেই গ্রহের মূলত্রিকোণ হয়, তাহা হইলে তাহার ফল ২৪ চব্বিশ এবং ঐ রাশি স্বীয় গৃহ হইলে তাহার ফল ১৬ ষোল। এইরূপ গ্রহাধিষ্ঠিত রাশি-স্বামীর সহিত সেই গ্রহের তাৎকালিক ও নৈসর্গিক শত্রু ও মিত্রভাব বিবেচনা করিয়া তাহার ফল গ্রহণ করিবে। সেই গ্রহ যে রাশিতে অবস্থিতি করিতেছে, ঐ রাশির স্বামী যদি অধিমিত্র হয়, তাহা হইলে তাহার ফল ১২ বার, মিত্র গ্রহের গৃহ হইলে তাহার ফল ৮ আট, সমগ্রহের গৃহ হইলে ৪ চারি, শত্রু গ্রহের গৃহ হইলে ফল ২ দুই এবং অধি-শত্রু গ্রহের গৃহ হইলে তাহার ফল ০ শূন্য, অর্থাৎ ফল নাই। এই যে সকল ফলের সঙ্খ্যা উক্ত হইল, ইহা শুভফল এবং ঐ সকল সংখ্যা ৩২ বত্রিশ হইতে হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহা অশুভ ফল হইবে।

দৃষ্টান্ত—১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুইপ্রহর সময়ে কোন বালক জন্ম গ্রহণ করিলে যেরূপে তৎকালে গ্রহদিগের ক্ষেত্রাদি শুভাশুভ ফল স্থির করিতে হয়, তাহার দৃষ্টান্ত কথিত হইতেছে,—এই সংশোধিত ফলিত-জ্যোতিষের ১ম খণ্ডের ১৭৬ পৃষ্ঠার লিখিত জন্মকুণ্ডলী দৃষ্টে জানা যাইতেছে যে, ঐ সময় রবি মেষ রাশির দশ অংশ মধ্যে অবস্থিত, ঐ দশ অংশ রবির উচ্চ গৃহ; এজন্য ঐ রবিগ্রহের শুভফল ৩২ এবং ঐ ৩২ শুভফল হইতে ৩২ বিয়োগ করিয়া তাহার অশুভ ফল ০ শূন্য স্থির হইল।

রবি মেষ রাশিতে অবস্থিত আছে, ঐ রাশি মঙ্গলের ক্ষেত্র; অতএব রবি মঙ্গলের ক্ষেত্রে অবস্থিত; আর এই খণ্ডের ১৩৮ পৃষ্ঠায় লিখিত মিত্রাদি চক্র দৃষ্টে জানা যাইতেছে যে, মঙ্গল রবির সম; এজন্য রবি সমগ্রহের ক্ষেত্রে বিদ্যমান, অতএব তাহার শুভফল ৪ স্থির হইল এবং এই ৪ কে ৩২ হইতে হীন করিলে যে ২৮ অবশিষ্ট থাকে, তাহাই রবির অশুভফল নির্ণীত হইল। চন্দ্র ঐ সময়ে ধনু রাশিতে অবস্থিত, ঐ রাশি বৃহস্পতির ক্ষেত্র, বৃহস্পতি চন্দ্রের মিত্র, সুতরাং চন্দ্র মিত্রক্ষেত্রে স্থিত; এজন্য চন্দ্রের শুভফল ৮ এবং ঐ ৮ কে ৩২ হইতে হীন করিয়া যে ২৪ অবশিষ্ট থাকে, তাহাই চন্দ্রের অশুভফল। উল্লিখিত সময়ে মঙ্গল স্বক্ষেত্র মেষ রাশিতে অবস্থিত; এজন্য মঙ্গলের শুভফল ১৬ এবং পূর্ব্বপ্রক্রিয়ামতে অশুভফলও ১৬ স্থির হইল। ঐ সময়ে বুধ বৃহস্পতির ক্ষেত্র মীনরাশিতে অবস্থিত, বৃহস্পতি বুধের শত্রু, এজন্য বুধ শত্রুক্ষেত্রে থাকায় ঐ বুধের ইষ্টফল ২ দুই এবং পূর্ব্বপ্রক্রিয়ামতে অশুভ ফল ৩০ ত্রিশ। উক্ত সময়ে বৃহস্পতি শুক্রের ক্ষেত্র তুলারাশিতে অবস্থিত, শুক্র বৃহস্পতির অধিশত্রু, অতএব বৃহস্পতির শুভফল ১ এক এবং পূর্ব্বপ্রক্রিয়ামতে অশুভফল ৩১ একত্রিশ। শুক্র ঐ সময়ে স্বক্ষেত্র বৃষরাশিতে অবস্থিত; এজন্য শুক্রের শুভফল ১৬ ও পূর্ব্বপ্রক্রিয়ামতে অশুভফল ১৬ এবং শনি ঐ ১৮০৯ শক ১লা বৈশাখ বেলা দুই প্রহর সময়ে বুধের ক্ষেত্র মিথুন রাশিতে অবস্থিত,

বুধ শনির অধিমিত্র, সুতরাং অধিমিত্র গৃহে অবস্থিতিহেতু শনির শুভফল ১২ এবং পূর্ব্বপ্রক্রিয়ামতে ১২ কে ৩২ হইতে হীন করিয়া যে ২০ অবশিষ্ট থাকে, ইহাই শনির অশুভফল স্থির হইল।

ক্ষেত্রাদি সপ্তবর্গের ইষ্ট-কষ্টবল সাধন।

বর্গেশতৎস্থগ্রহয়োঃ স্ফুটেষ্টকষ্টবীর্য্যয়োঃ। ঘাতাম্মূলেন গুণিতং শুভাশুভফলং ক্রমাৎ। পংক্তিদ্বয়ে সপ্ত সপ্ত কোষ্ঠে প্রত্যেকমষ্টহৃৎ। তত্তৎ-ক্ষেত্রোত্থতুঙ্গাদি শুভাশুভফলাহতম্। বেদাক্ষিদশভি-১০২৪ র্ভক্তং প্রথমং দ্বিগুণং পুনঃ। তেষামৈক্যং ফলং জ্ঞেয়ং স্ফুটং তন্মুনিসম্মতম্॥

ক্ষেত্রাদি সপ্তবর্গের ইষ্টবল সাধন স্থলে যে বর্গে যে গ্রহ অবস্থিতি করিবে, সেই বর্গের অধিপতি গ্রহের স্ফুট-ইষ্টবল এবং যে বর্গের বল সাধন করিবে, সেই বর্গস্থিত গ্রহের স্ফুট-ইষ্টবল, এই উভয় স্ফুট-বলের সংখ্যা পরস্পর গুণ করিয়া মূলাকর্ষণ করিবে। তৎপরে ঐ মূলসংখ্যা দ্বারা সেই বর্গের ইষ্টবলের সংখ্যাকে গুণ করিয়া আট দিয়া বিভাগ করত ভাগফল যাহা লব্ধ হইবে, তাহাকে এক হাজার চব্বিশ দিয়া ভাগ করিলে যে ভাগ-ফল লব্ধ হইবে, তাহাই সেই বর্গোৎপন্ন শুভ ফল বলিয়া নির্দ্দিষ্ট হইবে; কিন্তু ক্ষেত্রবল সাধনস্থলে আট দিয়া ভাগ করিয়া যে ভাগফল হইবে, তাহাকে পুনরায় পূর্ব্বোক্ত প্রক্রিয়া-মতে ক্ষেত্রবল যাহা প্রাপ্ত হইবে, তাহা দ্বারা পূরণ করিয়া সেই গুণফলকে এক হাজার চব্বিশ দ্বারা ভাগ করিতে হইবে। তাহাতে যে ভাগফল লব্ধ হইবে, তাহাই ক্ষেত্রোত্থ শুভ ফল বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

ক্ষেত্রাদি সপ্তবর্গের কষ্টবল সাধন স্থলেও কষ্টবলের সংখ্যা দ্বারা পূরণ করিয়া পূর্ব্বমত সমস্ত কার্য্য করত যাহা লব্ধ হইবে, তাহা সেই বর্গোৎপন্ন অশুভ ফল হইবে। এইপ্রকারে সপ্তবর্গের ফল গণনা করিয়া এক যোগ করিবে। তাহাতে যে সমষ্টি হইবে, তাহাই শুভফল স্থলে স্ফুট শুভফল এবং অশুভফল স্থলে স্ফুট অশুভফল বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

যদীষ্টমধিকং কষ্টাত্তদেষ্টং স্যাদ্দশাফলম্।
যদীষ্টাদধিকং কষ্টং তদা কষ্টং দশাফলম্॥
ইতি বিদগ্ধতোষিণ্যামিষ্টকষ্টাধ্যায়ঃ।

যদি ইষ্টফল, কষ্টফল হইতে অধিক হয়, তাহা হইলে দশাফল ইষ্ট অর্থাৎ শুভ হইবে, আর ইষ্টফল হইতে কষ্টফল অধিক হইলে দশাফল কষ্ট অর্থাৎ অশুভ হইবে।

ইতি বিদগ্ধতোষিণী গ্রন্থে শুভাশুভ ফল নামক অধ্যায় সমাপ্ত।

লগ্নস্ফুট ও গ্রহবলাদি গণনার প্রণালী বাহুল্যরূপে বর্ণিত হইয়াছে, ঐ গণনা ভাস্করাচার্য্যকৃত সিদ্ধান্তশেরোমণি গ্রন্থের ও গ্রহলাঘব প্রভৃতি গ্রন্থের ত্রিপ্রশ্ন অধ্যায়ে যেরূপ লিখিত আছে, পাঠকবর্গের বিদিতার্থ সেই লগ্নস্ফুট গণনার মূল বচন সকল ও টীকা উদ্ধৃত করিয়া নিম্নে প্রদর্শিত হইতেছে। গণনার প্রণালী প্রায় একপ্রকার বিধায় তাহার অনুবাদ দেওয়া হইল না।

লঙ্কোদয়া বিঘটিকা গজভানি গোঙ্কদস্রাস্ত্রিপক্ষদহনাঃ ক্রমগোৎক্রমস্থাঃ। হীনান্বিতাশ্চরদলৈঃ ক্রমগোৎক্রমস্থৈর্মেষাদিতো ঘটত উৎক্রমতস্ত্বিমে স্যুঃ॥ ১॥ তৎকালার্কঃ সায়নঃ স্বোদয়ঘ্না ভোগ্যাংশাঃ খত্র্যং ৩০ হৃতা ভোগ্যকালঃ। এবং যাতাংশৈর্ভবেদ্‌যাতকালো ভোগ্যঃ শোধ্যোভীষ্টনাড়ীপলেভ্যঃ॥ ২॥ তদনু জহীহি গ্রহোদয়াংশ্চ শেষং গগনগুণঘ্নমশুদ্ধহৃল্লবাদ্যং। সহিতমজাদিগৃহৈরশুদ্ধপূর্ব্বৈর্ভবতি বিলগ্নমদোয়নাংশহীনম্॥ ৩॥ ভোগ্যতোল্পেষ্টকালাৎ খরামাহতাৎ স্বোদয়াপ্তাংশযুগ্‌ভাস্করঃ স্যাত্তনুঃ। অর্কভোগ্যস্তনোর্ভুক্তকালান্বিতো যুক্তমধ্যোদয়োভীষ্টকালো ভবেৎ॥ ৪॥

অথ ত্রিপ্রশ্নাধ্যায়ো ব্যাখ্যায়তে। ত্রয়ঃ প্রশ্না অত্রাধিকারে কথ্যন্ত ইতি ত্রিপ্রশ্নঃ তে কে দিগ্দেশকালাস্তেষাং পরিজ্ঞানমিতি দিগ্দেশকালাদিভিরিষ্টসময়াদিকমববুধ্যতে তদুচ্যতে। তত্রাদৌ লগ্নোপযোগিত্বাল্লঙ্কোদয়াস্তেভ্যঃ স্বদেশীয়করণঞ্চৈকবৃত্তেনাহ লঙ্কোদয়া ইতি। এতে বিঘটিকাঃ পলাত্মকাঃ লঙ্কোদয়াঃ স্যুস্তানেবাহ। গজভানি অষ্টসপ্তত্যধিকশতদ্বয়ং ২৭৮ গোঙ্কদস্রাঃ একোনত্রিশতী ২৯৯ ত্রিপক্ষদহনাঃ ত্রয়োবিংশত্যধিকত্রিশতী ৩২৩ এতে মেষাদীনাং ত্রয়াণাং ত এবোৎক্রমস্থাঃ। কর্কাদিত্রয়াণাং এতে চরদলৈঃ স্বদেশীয়চরখণ্ডৈঃ ক্রমগোৎক্রমস্থৈঃ হীনান্বিতাঃ কার্য্যাঃ ক্রমস্থৈঃ ত্রিভিঃ ক্রমস্থাস্ত্রয়ো হীনাঃ উৎক্রমস্থৈস্ত্রিভিরুৎক্রমস্থাস্ত্রয়ো যুক্তাঃ সন্তো মেষাদিতো মেষমারভ্য যণ্ণাং রাশীনামুদয়াঃ স্যুঃ এত এবোৎক্রমতো ঘটতস্তুলাতঃ ষট্ উদয়াঃ স্যুরিত্যর্থঃ। অত্রোপপত্তিঃ ক্রান্তিবৃত্তে ক্ষেত্রবিভাগেন দ্বাদশরাশয়স্তুল্যপ্রমাণা এব ভবন্তি। নাড়ীবৃত্তে কালাংশবিভাগেন সর্ব্বে রাশয়ঃ উদয়ন্তি নিরক্ষে তন্নাড়ীবৃত্তং সমং পূর্ব্বাপূর্ব্বাপরং সমমণ্ডলবদ্ধমতিক্রান্তিমণ্ডলঞ্চ দক্ষিণোত্তরতস্তিরশ্চীনমুদেতি। ক্রান্তিবৃত্তস্থো মেষো যাবত্তিরশ্চীন উদেতি তাবদ্বিষুবদ্বৃত্তেষ্টাবিংশতিভাগাঃ কিঞ্চিন্ন্যূনা এবং সর্ব্বেহপি সাধনোপায়া যথা সিদ্ধান্তোক্তবৃহজ্জয়ৈব মেষাদীনাং ত্রয়াণাং স্বক্রান্ত্যগ্রেষু ত্রীণি স্বাহোরাত্রবৃত্তানি বিষুবৎ উত্তরতো বধ্নীয়াৎ তথা তুলাদিকানাং বিষুবদ্বৃত্ততো দক্ষিণতস্ত্রীণি স্বাহোরাত্রবৃত্তানি স্বক্রান্ত্যগ্রেষু বধ্নীয়াৎ তৎ ক্রান্তিমণ্ডলে মেষান্তে সূত্রস্যৈকং অগ্রং বদ্ধা দ্বিতীয়মগ্রং মীনাদৌ বধ্নীয়াৎ এবং বৃষমিথুনান্তয়োঃ সূত্রাগ্রে বদ্ধা তয়োর্দ্বিতীয়াগ্রকে কুম্ভমকরাদৌ বধ্নীয়াৎ তেষাং সূত্রাণাং যান্যর্দ্ধানি তানি ক্রমেণ মেষবৃষমিথুনান্তানাং জীবাস্তএব মীনকুম্ভমকরাণান্ততস্তাভিঃ কর্কটসূত্রাদ্বিষুবৎ কল্পনং মধ্যে ত্রীণি বৃত্তানি কৃত্বা নিষ্পাদয়েৎ তত্র স্বজীবা কর্ণঃ স্বক্রান্তিজ্যা যাম্যোত্তরা ভুজঃ কোটিরূর্দ্ধাধরান্ জায়তে মেষবৃষয়োঃ মিথুনজ্যয়া যদ্বৃত্তমুৎপদ্যতে তদ্‌যাম্যোত্তরবৃত্তমেব ভবতি তত্রৈবোর্দ্ধাধরাকোটিঃ স্বাহোরাত্রব্যাসার্দ্ধতুল্যা ভবতি মেষবৃষয়োরূর্দ্ধা কোটিঃ স্বাহোরাত্রেণ জায়তে তৎ পরিজ্ঞানায়ানুপাতদ্বয়ং তদ্‌যথা—যদি মিথুনজ্যা ত্রিজ্যা কর্ণস্য মিথুনস্বাহোরাত্রবৃত্তব্যাসার্দ্ধতুল্যোর্দ্ধাধরকোটিস্তদা মেষজ্যাকর্ণেন কেতি। ততো ব্যাসার্দ্ধবৃত্তপরিণামায় দ্বিতয়ং ত্রৈরাশিকং যদি মেষস্য স্বাহোরাত্রবৃত্তে এতাবতী কোটিস্তদা ত্রিজ্যাবৃত্তে কিমিতি। এবং প্রথমং ত্রিজ্যাগুণোনন্তরং হরতুল্যত্বাত্তয়োর্নাশে কৃতে মিথুনস্বাহোরাত্রব্যাসার্দ্ধস্য মেষজ্যা-

গুণঃ মেষস্থাহোরাত্রবৃত্তব্যাসার্দ্ধং হরঃ ফলং মেষস্থ বৃত্তে ব্যাসার্দ্ধে উর্দ্ধা কোটিঃ এবং বৃষমিথুনয়োঃ কোটি-সাধ্যে কোটিফলানাং জ্যারূপাণাং ধনূংষি কর্ত্তব্যা নিয়তো বৃত্তগত্যা ক্রান্তিমণ্ডলমুদেতি। অতো ধন্থঃ করণং মিথুনকোট্যা উদয়ন্ত্যা মেষবৃষাবপ্যুদয়তঃ অতো বৃষচাপং মিথুনচাপাদ্বিশোধ্যতে মিথুনোদয়ঃ প্রাণাঃ স্যুঃ মেষোদয়প্রাণা যথাগতা এব তে চৈত্তে মেষে ১৬৭০ বৃষে ১৭৯৩ মিথুনে ১৯৩৭ এতে' ষড়্‌ভক্তাঃ পলানি স্যুঃ। যতঃ ষড়্‌ভিরসুভিরেকং ফলং এবং জাতা গজভানীত্যাদয়ঃ মেষজ্যাকর্ণঃ সন্নিহিতত্বান্মেষকোট্যা উদেতি। বৃষজ্যাকর্ণঃ কিঞ্চিদ্বিপ্রকৃষ্টত্বাৎ মহত্যা বৃষকোট্যা উদেতি মিথুনজ্যাকর্ণে বিষুবন্মণ্ডলাদতিদূরে স্থিতত্বাৎ তির্য্যক্‌ত্বেনাতিমহত্যা মিথুনকোট্যা উদেতি ততো মিথুনান্তাদিভ্যাং কর্কটাদ্যন্তৌ সমাবতো মিথু-নোদয়প্রাণাঃ কর্কোদয়ঃ স্যাৎ। এবং বৃষমেষান্তাদিভ্যাং সিংহকন্যাদ্যন্তৌ সমৌ অতো বৃষমেষসমৌ সিংহ-কর্কৌ দ্বিতীয়মণ্ডলার্দ্ধস্থ বিষুবতো দক্ষিণেন স্থিতত্বাৎ মেষাদ্যুদয়ানামুৎক্রমেণোদয়প্রাণাস্তুলাদিষু ভবন্তি এবং নিরক্ষদেশে অন্যথা যদি বিষুবদ্বৃত্তে রাশয়ঃ স্যুস্তদা পঞ্চঘটিকা রাশ্যুদয়াঃ স্যুঃ তদা পঞ্চঘটিকা রাশ্যুদয়াঃ স্যুঃ রাশয়শ্চাপমণ্ডলে তস্মাদ্ভিন্নপ্রাণা রাশ্যুদয়া নিরক্ষে স্যুঃ। এতৎ সর্ব্বং যথা স্থিতে নিরক্ষগোলে দর্শ-য়েৎ। অথ স্বদেশোদয়োপপত্তিঃ অক্ষবশাদ্বিষুবদ্বৃত্তমপি তির্য্যগ্‌ ভবতি তদ্বশান্মেষাদীনাং স্বাহোরাত্রাণ্যপি তির্য্যগ্‌ ভবন্তি অতো মেষাদয়ঃ স্বচরার্দ্ধৈর্ব্বিযুজ্যন্তে। মেষাদয়স্তির্য্যাকর্ণরূপাঃ কর্ণাচ্চ কোটিরল্পা স্যাৎ। ক্রমাচ্চ-দলহীনাঃ স্বদেশোদয়াঃ স্যুঃ অতো বিষুবন্মণ্ডলপাদেন চরদলহীনেনায়মপবৃত্তপাদঃ প্রথমং উদেতি কর্কাদয়ঃ ব্যস্তৈঃ চরদলৈর্যুক্তাঃ ক্রিয়ন্তে। যতস্তেষাং বিপরীতং তির্য্যক্‌ত্বন্তে উৎক্রমচরখণ্ডযুক্তাঃ কর্কাদীনাং ত্রয়াণা-মুদয়াঃ স্যুরিতি। অতঃ ক্রান্তিবৃত্তপাদো দ্বিতীয়শ্চরদলযুক্তেন বিষুবদ্বৃত্তপাদেনোদেতীত্যুপপন্নং। দ্বিতীয়-পাদবত্তৃতীয়ঃ প্রথমবচ্চতুর্থোপি বৃত্তপাদ উদেতি। উক্তঞ্চ ভাস্করীয়ে সিদ্ধান্তে—মেষাদের্ম্মিথুনান্তান্নাড়ীভি-স্তিথিমিতাভিরুদ্বলয়ে লগতি কুজে তদধঃস্থে প্রথমন্তাভিশ্চরো নাভিঃ ১ কন্যান্তাদ্ধনুষোন্তস্তিথিমিতনাড়ীভি-রুদ্ধৃতে লগতি কুজে চোর্দ্ধস্থে পশ্চাত্তাভিশ্চরাচ্যাভিঃ ২ এবমত্র সঙ্ক্ষেপোদয়োপপত্তির্ব্বিস্তরভয়াদুক্তা ॥ ১ ॥

অথ লগ্নসাধনমাহ যস্মিন্‌ কালে লগ্নং সাধ্যতে তৎকালীনঃ সূর্য্যঃ সায়নঃ অয়নাংশযুক্তঃ কার্য্যঃ অস্য সূর্য্যস্য রাশিবশাদ্যঃ স্বদেশীয়ঃ উদয়স্তেন ভোগ্যাংশাঃ রবেস্ত্রিংশৎচ্যুতাঃ ভুক্তভাগাঃ গুণ্যাঃ খত্রদ্ধৃতাস্ত্রিংশদ্ভক্তাঃ সন্তঃ কলাদ্যো রবের্ভোগ্যকালঃ স্যাৎ। এবং অমুনৈব প্রকারেণ সায়নস্য যাতাংশৈঃ ভুক্তভাগৈর্যাতকালো ভুক্তকালঃ স্যাৎ স যথা উদয়গুণা ভুক্তভাগাস্ত্রিংশদ্ভক্তাঃ ইতি লগ্নভুক্তকালার্থমিদমুক্তং ভোগ্যঃ কালঃ ইষ্ট-ঘটীনাং পলেভ্যঃ শোধ্যঃ ॥ ২ ॥ ততঃ কিং বিধেয়মিত্যত আহ। তদনু তদনন্তরং গ্রহোদয়ান্‌ তস্মাৎ কালাৎ জহীহি যাবন্তঃ শুধ্যন্তি তাবন্তঃ শোধয়েদিত্যর্থঃ। যৎ শেষং তৎ গগনগুণঘ্নং ত্রিংশদ্গুণং অশুদ্ধে-নোদয়েন হৃতং ভক্তং লবাদ্যং ভাগাদ্যং যল্লব্ধং তৎ অজাদিগৃহৈঃ অশুদ্ধপূর্ব্বৈঃ সহিতং অশুদ্ধোদয়তঃ পূর্ব্বং যাবন্তো মেষাদয়ো রাশয়স্তে তস্য উর্দ্ধস্থানে স্থাপ্যাঃ তদয়নাংশহীনং সৎ তাৎকালিকং রাশ্যাদিকং লগ্নং ভব-তীতি ব্যাখ্যা। অত্রোপপত্তিঃ সুগমা ক্রমসিদ্ধা তথাপি কিঞ্চিদুচ্যতে অভীষ্টকালে যঃ ক্রান্তিমণ্ডলং প্রদেশঃ ক্ষিতিজে লগ্নস্তল্লগ্নমিত্যুচ্যতে। উক্তঞ্চ সিদ্ধান্তে—যত্র লগ্নমপমণ্ডলং কুজে তদ্‌গৃহাদ্যমিহ লগ্নমুচ্যতে। তচ্চ লগ্নমবধিঃ সাধ্যং অবধিস্তু রবিস্তস্য মণ্ডলে স্থিতত্বাৎ সদৈব রব্যুদয়ে রবিরেব লগ্নং তস্য পূর্ব্বস্থিতত্বেন তাৎ-কালিকত্বং ক্রিয়তে প্রবহাক্ষিপ্তমপমণ্ডলং ইষ্টঘটীষু প্রত্যক্‌ চলিতং তদা ক্ষিতিজেঽপমণ্ডলপ্রদেশো লগ্নস্তৎ জ্ঞানায়োপায়ঃ সায়নার্কেণ যদ্ভোগ্যং তত্র কালঃ সাধ্যতে যদি ত্রিংশদ্ভাগৈঃ ৩০ রব্যাক্রান্তোদয়পলানি লভ্যন্তে তদা ভোগ্যভাগৈঃ কিমিতি। এবং যৎ ভোগ্যফলানি ইষ্টঘটীপলেভ্যঃ শোধ্যানি ততো যচ্ছেষং তস্মাদুদয়াঃ শোধ্যাঃ, যাবন্তঃ শুধ্যন্তি তাবন্তো রাশয়ঃ রবৌ যোজ্যাঃ যতো রবিরাশিতোঽগ্রে লগ্নস্তাবন্তো রাশয়ো জাতাস্তে তু অশুদ্ধপূর্ব্বা মেষাদয়ো রাশয়ো ভবন্তি শুদ্ধশেষপলেভ্যোংশানয়নবাসনানুপাতাদ্যথা

যদি অভুক্তোদয়পলৈস্ত্রিংশদ্ভাগা লভ্যন্তে তদা শেষপলৈঃ কিমিতি ফলং ভাগাদিকমশুদ্ধপূর্ব্বমেষাদিরাশিযুক্তং লগ্নং স্যাদেব তত্রায়নাংশা হীনাঃ কার্য্যাঃ যতঃ পূর্ব্বং যোজিতাঃ সন্তি পূর্ব্বমুদয়গ্রহণার্থং অয়নাংশা যোজ্যা এব যতঃ সর্ব্বাণি বিষুবায়নচিহ্নানি সায়নান্যেব ॥ ৩ ॥ অথ ভোগ্যাল্পকালে লগ্নসাধনমাহ। ভোগ্যাতো ভোগ্যকালতঃ অভীষ্টকালাৎ খরামাহতাৎ ত্রিংশদ্গুণাৎ স্বোদয়েন স্বরাশ্যুদয়েন হৃতাৎ তস্মাদ্ যে আপ্তাংশাঃ লব্ধভাগাস্তদ্যুক্তো ভাস্করস্তনুর্লগ্নং স্যাৎ। অত্রোপপত্তিঃ যদ্যুদয়পলৈস্ত্রিংশদ্ভাগাস্তদেষ্টকালপলৈঃ কিমিতি সুগমা। অথ লগ্নাদিষ্টকালসাধনমাহ অর্কভোগ্য ইতি। অর্কস্য সায়নস্য যো ভোগ্যকালঃ সঃ তনোর্লগ্নস্য সায়নস্য ভুক্তকালেন অন্বিতঃ যুক্তঃ ততঃ যুক্তাঃ মধ্যোদয়াঃ যত্র স তথা সূর্য্যস্য রাশ্যুদয়াদগ্রে লগ্নরাশ্যুদয়াৎ পূর্ব্বস্ত উদয়াস্তদ্যুক্তঃ সন্ অভীষ্টকালো ভবেদিত্যর্থঃ। অত্রোপপত্তিঃ ইষ্টকালে সূর্য্যাভ্যুদয়পর্য্যন্তং ইষ্টকালো বর্ত্ততে রবিভোগ্যভাগানাং কালস্তদগ্রতো রাশ্যুদয়াস্ততস্তদনু ভুক্তকালে তেষাং যোগ ইষ্টকালো ভবতীতি সুগমং প্রত্যক্ষগোলে চ দৃশ্যতে ॥ ৪ ॥ গ্রহলাঘবঃ।

উন্মণ্ডলক্ষ্মাবলয়ান্তরালে দ্যুরাত্রবৃত্তে চরখণ্ডকালঃ। তজ্জ্যাত্র কুজ্যা চরশিঞ্জিনী ত্রিজ্যাসার্দ্ধবৃত্তে পরিণামিতা সা ॥ ১ ॥ নিরক্ষদেশে ক্ষিতিজাখ্যবৃত্তমুন্মণ্ডলং তজ্জগুরন্যদেশে। স্বে স্বে কুজেঽর্কস্য সমুদ্গমোঽস্মাচ্চরার্দ্ধমর্কোদয়য়োস্ত মধ্যে ॥ ২ ॥ আদৌ স্বদেশেঽথ নিরক্ষদেশে সূর্য্যোদয়ো হ্যস্তময়োঽন্যথাতঃ। ঋণং গ্রহেঽস্মাদুদয়ে স্বমস্তে ফলং চরোত্থং রবিসৌম্যগোলে ॥ ৩ ॥ যাম্যে বিলোমং খলু তত্র যস্মাদুন্মণ্ডলং স্বক্ষিতিজাদধস্তাৎ। নাড্যাখ্যয়াদুত্তরযাম্যভাগৌ গোলস্য তাবুত্তরযাম্যগোলৌ ॥ ৪ ॥ অতশ্চ সৌম্যে দিবসো মহান্ স্যাৎ রাত্রির্লঘুর্ব্বৈপরীত্যমতশ্চ যাম্যে। দ্যুরাত্রবৃত্তে ক্ষিতিজাদধঃস্থে রাত্রির্যতঃ স্যাদ্দিনমানমূর্দ্ধে ॥ ৫ ॥ সদা সমত্বং দ্যুনিশোর্নিরক্ষে নোন্মণ্ডলং তত্র কুজাদ্যতোঽন্যৎ। ষট্ষষ্টিভাগাভ্যধিকাঃ পলাংশা যত্রাথ তত্রাপ্যপরো বিশেষঃ ॥ ৬ ॥ যো হি প্রদেশোপমমণ্ডলস্য তির্য্যক্স্থিতো যাত্যুদয়ং তথাস্তং। সোঽল্পেন কালেন য ঊর্দ্ধসংস্থোঽনল্পেন সোঽস্মাদুদয়া ন তুল্যাঃ ॥ ১৬ ॥ য উদ্গমে যাম্যনতা মৃগাদ্যাঃ স্বস্বাপমেনাপি নিরক্ষদেশে। যাম্যাক্ষতস্তেঽতিনতত্বমাপ্তা উদ্যন্তি কালেন ততোঽল্পকেন ॥ ১৭ ॥ কর্ক্যাদয়ঃ সৌম্যনতা হি যেঽত্র তে যান্তি যাম্যাক্ষবশাদৃজুত্বং। কালেন তস্মাদ্বহুনোদয়ন্তে তদন্তরে স্বং চরখণ্ডমেব ॥ ১৮ ॥ ভচক্রপাদাস্তিথিনাড়িকাভিঃ পৃথক্ সমুদ্যন্তি নিরক্ষদেশে। চক্রার্দ্ধমাদ্যং চ তথা দ্বিতীয়ং সর্ব্বত্র পূর্ণাগ্নিমিতাভিরেব ॥১৯॥ মেষাদের্ম্মিথুনান্তো নাড়ীভিস্তিথিমিতাভিরুদ্ধ্রিয়তে। লগতি কুজে তদধঃস্থে প্রথমং তাভিশ্চরো নাভিঃ ॥ ২০ ॥ কন্যান্তাদ্ধনুষোঽন্তস্তিথিমিতনাড়ীভিরম্বলয়ে। লগতি কুজে চোর্দ্ধস্থে পশ্চাৎ তাভিশ্চরাঢ্যাভিঃ ॥ ২১ ॥ তদ্রহিতত্রিংশদ্ভিঃ কন্যান্তো বা ঝষান্তো বা। চরখণ্ডোনাঢ্যাস্তেন নিরক্ষোদয়াঃ স্বদেশে স্যুঃ ॥২২॥ ক্ষিতিজেঽজাদিং কৃত্বা গোলং ভ্রময়ন্ প্রদর্শয়েৎ সর্ব্বং। উক্তমনুক্তং চাপ্যচ্ছিষ্যাণাং বোধজননার্থং ॥ ২৩ ॥ যোঽভ্যুদেতি সময়েন যেন তৎসপ্তমোঽস্তমুপয়াতি তেন চ। রাশিচক্রার্দ্ধমপমণ্ডলং কুজাদর্দ্ধমেব সততং যতঃ স্থিতং ॥ ২৪ ॥ যত্র লম্বজলবাজিনোনকাস্তত্র নোদয়চরাদ্যমুক্তবৎ। নাস্যসংস্থিততয়ান্যথোদিতং যেন নৈষ বিষয়ো নৃগোচরঃ ॥ ২৫ ॥ যত্র লগ্নমপমণ্ডলং কুজে তদ্গৃহাদ্যমিহ লগ্নমুচ্যতে। প্রাচি পশ্চিমকুজেঽস্তলগ্নকং মধ্যলগ্নমিতি দক্ষিণোত্তরে ॥ ২৬ ॥ লগ্নার্থমিষ্টঘটিকা যদি সাবনাস্তাস্তাৎকালিকার্ককরণেন ভবেয়ুরার্ক্ষ্যাঃ। আর্ক্ষ্যোদয়া হি সদৃশীস্ত্য ইহাপনেয়াস্তাৎকালিকত্বমথ ন ক্রিয়তে যদার্ক্ষ্যাঃ ॥২৭॥ ত্র্যংশযুঙ্নবরসাঃ $\frac{৬৯}{২০}$ পলাংশকা যত্র তত্র বিষয়ে কদাচন। দৃশ্যতে ন মকরো ন কার্ম্মুকং কিঞ্চ কার্কিমিথুনৌ সদোদিতৌ ॥ ২৮ ॥ যত্র সাব্ধি গজবাজিসংমিতা $\frac{৭৮}{১৫}$ স্তত্র বৃশ্চিকচতুষ্টয়ং ন চ। দৃশ্যতেঽথ বৃষভাচ্চতুষ্টয়ং সর্ব্বদা সমুদিতং চ লক্ষ্যতে ॥২৯॥ যত্র তেঽথ নবতিঃ পলাংশকাস্তত্র কাঞ্চনগিরৌ কদাচন। দৃশ্যতে ন ভদলং তুলাদিকং সর্ব্বদা সমুদিতং ক্রিয়াদিকং ॥ ৩০ ।

অথ ত্রিপ্রশ্নবাসনা। তত্রাদৌ চরস্থানমাহ। ক্ষিতিজোন্মণ্ডলয়োর্মধ্যেঽহোরাত্রবৃত্তে যাবান্ কালঃ স চরখণ্ডকালঃ। তত্রোন্মণ্ডলাদুত্তরতশ্চরতুল্যেঽন্তরে চিহ্নে কৃত্বা তয়োর্নিবদ্ধসূত্রস্যার্দ্ধং কুজ্যা। সৈব ত্রিজ্যা-বৃত্তপরিণতা সতী চরজ্যা স্যাদিতি ত্রিপ্রশ্নে ব্যাখ্যাতম্॥১॥ ইদানীং লঙ্কাস্বদেশার্কোদয়য়োরন্তরং চরকালমাহ নিরক্ষেতি। স্পষ্টার্থং॥২॥ ইদানীং চরফলস্য ধনর্ণবাসনামাহ আদাবিতি। সুগমম্॥৩-৪॥ ইদানীং দিননিশো-র্বৃদ্ধিহ্রাসে হেতুমাহ অতশ্চেতি। ক্ষিতিজাদুপরিস্থেঽহোরাত্রবৃত্তমণ্ডলে যাবান্ কালস্তাবান্ দিবসঃ। যাবাংস্তদধঃস্থে তাবতী রাত্রিরিতি। সুগমং॥৫-৬॥ ইদানীমুদয়বাসনামাহ। বিষুবদহোরাত্রবৃত্তানি লঙ্কায়াং সমপশ্চিমগানি। রাশিবলয়ং তু মকরাদৌ পরমক্রান্ত্যা বিষুবন্মণ্ডলাদ্দক্ষিণতো মিথুনান্তে উত্তরতো লগ্নমতান্তর-শ্চানম্। তত্রাপি মেষঃ স্বক্রান্ত্যা মহত্যা তিরশ্চীন উদেতি। অতোঽল্পকালোদয়ঃ। বৃষস্তদল্পযাতস্তস্মাৎ কিঞ্চিদধিককালঃ। মিথুনস্তদল্পযাতস্তদধিককালঃ। এবং নিরক্ষেঽপি ন সমা উদয়াঃ। অথ যে মকরাদয়ো যাম্যে নতাস্তে যাম্যাক্ষবশাদতিনতা উদ্গচ্ছন্তি স্বদেশেঽতোঽল্পকালোদয়াঃ। যে তু কর্ক্যাদয়ঃ স্বস্বক্রান্ত্যা সৌম্যে নতাস্তে যাম্যাক্ষবশাদৃজুত্বং গতা উদ্যন্তি। অতশ্চিরকালোদয়ঃ। লঙ্কাস্বদেশোদয়য়োরন্তরালে স্বং চরখণ্ডমেব ভবতি। যতস্তৎক্ষিতিজয়োরন্তরালে চরম্॥১৬-১৮॥ অথ চরখণ্ডৈরূনাধিকত্বং গোলভ্রমণোপরি যথা প্রত্যয়তে তথাহ। উদয়বাসনা স্ফুটগত্যধ্যায়ে কথিতৈব। ইহ তু মেষাদিং ক্ষিতিজে কৃত্বা গোলং ভ্রময়ন্ ক্রমেণ যদুক্তং বক্ষ্যমাণং চ সর্ব্বং দর্শয়েৎ। তত্র সর্ব্বং দৃশ্যত ইত্যর্থঃ॥১৯-২৩॥ অথাস্তময়ানাহ। যো রাশির্যেন কালেনোদেতি তেন তৎ সপ্তমোঽস্তং যাতি। যে মেষাদীনামুদয়াস্তে তুলাদীনামস্তময়াঃ। যে তুলাদীনা-মুদয়াস্তে মেষাদীনামস্তময়া ইত্যর্থঃ। যতোঽপমবৃত্তং ক্ষিতিজাদুপর্য্যর্দ্ধমেব ভবতি। অর্দ্ধমধশ্চ। অতো রাশ্যোরুদয়মস্তময়ঞ্চ গচ্ছতোস্তুল্যকালতোপপদ্যতে॥২৪॥ ইদানীং বিশেষমাহ। যস্মিন্ দেশে ষট্‌ষষ্টি ৬৬ ভাগা-ধিকঃ পলস্তত্র কেচন রাশয়ঃ সদোদয়াঃ কেচন সদাস্তমিতাঃ কেচন প্রাক্তাদুদ্গচ্ছন্তি। অতস্তত্র যথা কথিতা-স্তথোদয়া ন ভবন্তি। যাবৎ সদোদিতো রবিস্তাবদহোরাত্রবৃত্তং ক্ষিতিজং ন স্পৃশতি। অহোরাত্রবৃত্তে ক্ষিতিজোন্মণ্ডলয়োরন্তরং হি চরম্। অতস্তত্র কুজ্যায়া চরজ্যাদিকমসৎ। শেষং স্পষ্টম্॥২৫॥ ইদানীং লগ্নশব্দ-ব্যুৎপত্ত্যোদয়াস্তমধ্যলগ্নস্থানান্যাহ। স্পষ্টার্থং॥২৬॥ অথ লগ্নার্থমর্কস্য তাৎকালিকীকরণবাসনামাহ। ননু লগ্ন-করণার্থং যা ইষ্টঘটিকাস্তাঃ সাবনা উত নাক্ষত্রাঃ। যদি সাবনাস্তর্হি নাক্ষত্রা উদয়াঃ কথং বিসদৃশাস্তাভ্যো বিশোধ্যাঃ। অতস্তাভির্নাক্ষত্রাভির্ভবিতব্যং। তথা ভোগ্যকালসাধনার্থমর্কস্তাৎকালিকঃ কিং কৃতঃ। যতঃ উদয়াবধিরিষ্টঘটিকাস্তথার্কোদয়ানন্তরমেব রাশের্ভোগ্যাংশাঃ ক্রমেণোদ্গচ্ছন্তি। অত ঔদয়িকার্কস্য ভোগ্যং গ্রহীতুং যুজ্যতে ন তাৎকালিকস্য। তথা প্রতীত্যর্থমুদাহরণম্। যত্র কিল পঞ্চাঙ্গুলা ৫ বিষুবতী তত্র মেষাদিগেঽর্কে স্ফুটমহোরাত্রং চতুশ্চত্বারিংশদসুভিরধিকাঃ ষষ্টিঘটিকাঃ ৬০।৭।২। অথ উদয়ানন্তরমহোরাত্র-মধ্যে কালে ৬০।৭।২ যাবৎ তাৎকালিকার্কাল্লগ্নং সাধ্যতে তাবদর্কাধিকং স্যান্ন সমম্। যাবদৌদয়িকার্কাৎ ক্রিয়তে তাবৎ সমমেব। অতোঽন্বয়ব্যতিরেকাভ্যাং প্রতীতের্যুক্তিতশ্চার্কতাৎকালিকীকরণমযুক্তমিব প্রতিভাতি। সত্যং। অতএবোক্তং লগ্নার্থমিষ্টঘটিকা ইত্যাদি। অত্রেষ্টঘটিকাঃ সাবনাস্তাবদাচার্য্যৈরঙ্গীকৃতা-স্তাসাং নাক্ষত্রত্বং কর্ত্তব্যং। তচ্চৈবং। যথা প্রাগুক্তস্বাহোরাত্রসম্বন্ধিন্যো যা গতিকলাস্তাঃ স্বোদয়াসুভিঃ সংগুণ্য রাশিকলাভির্বিভজ্য ফলাসুভিরধিকাঃ সাবনতুল্যা নাক্ষত্রাঃ ষষ্টিঘটিকা অহোরাত্রবৃত্তে নাক্ষত্রাঃ স্যুঃ। এবমিষ্ট-ঘটীসম্বন্ধিন্যো যা গতিকলাস্তাঃ স্বোদয়াসুভিঃ সংগুণ্য রাশিকলাভির্বিভজ্য ফলাসবস্তাস্বিষ্টঘটিকাসু সাবনাসু প্রক্ষেপ্যাঃ। এবং নাক্ষত্রাঃ স্যুঃ। তত ঔদয়িকার্কস্য ভোগ্যাসবঃ শোধ্যাঃ। এবং সত্যাচার্য্যেণ লাঘবার্থমিষ্টঘটী-সম্বন্ধিন্যো গতিকলা অর্কে প্রক্ষিপ্তাস্ততো যে ভোগ্যাসবস্ত ঔদয়িকার্কভোগ্যাসুভ্যো ন্যূনা জাতাস্তে যাবদিষ্ট-

ঘটিকাভ্যঃ শোধ্যন্তে তাবৎ তা ইষ্টঘটীসম্বন্ধিগতিকলাসুভিরধিকাঃ কৃতাঃ স্যুঃ। এবং তাসাং সাবনানাং নাক্ষত্রী-করণার্থমর্কস্য তাৎকালিকীকরণমুপপন্নং। নমু যদ্যেবং তর্হি কিং সাবনা অঙ্গীকৃত্য নাক্ষত্রীকরণপ্রয়াসেন। কিমু নাক্ষত্রা এব নাঙ্গীকৃতাঃ। সত্যং। তদপ্যুচ্যতে। অত্র ত্রিপ্রশ্নে ছায়ার্থং গ্রহাণাং স্বস্য সাবনমেবো-দিতং গ্রাহ্যং। তদ্যথা। ইষ্টকালে স্বাহোরাত্রবৃত্তে যত্র গ্রহঃ স্থিতঃ। যত্র চ ক্ষিতিজসঙ্গস্তয়োরন্তরে যাবন্তো ঘটীবিভাগাস্তাবত্যঃ সাবনা নাড্যস্তা হি ক্ষেত্রবিভাগাত্মিকাঃ। অথ চোদয়কালে যত্র স্থিতো গ্রহ আসীৎ তৎ কুজমধ্যে যাবত্যস্তাবত্যো নাক্ষত্রাস্তাস্তু কালবিভাগাত্মিকাঃ। যথা পৌর্ণমাস্যাং ছায়াকরণে চন্দ্রস্যাসকৃদ্বিধিনোদিতা নাড়িকাস্তাশ্ছায়ার্থং ন যুজ্যন্তে। যত্তু কশ্চিচ্ছায়ার্থমপ্যসকৃদ্বিধিনানীতাস্তদসৎ। অতএব বক্ষ্যতি। "চন্দ্রপ্রভার্থমসকৃদ্বিধিনোদিতং যৎ কৈশ্চিৎ কৃতং খলু ন সৎ তদসাবনত্বাৎ। জানন্তি যে ন নিপুণং গণিতং সগোলং তেষাং তু তন্ত্রকরণব্যসনং বৃথৈব॥" ইতি। ছায়ায়াঃ ক্ষেত্রাত্মকত্বাৎ সাব-নাভিরেব সাধ্যা। অয়মর্থস্ত্রিপ্রশ্নে ব্যাখ্যাত এব। এতৎসাবনঘটিকাপ্রসঙ্গাল্লগ্নার্থমপি সাবনা অঙ্গীকৃতা ইত্যর্থঃ॥ ২৭॥ ইদানীং দেশবিশেষেণ রাশীন্ সদোদিতানস্তুদিতাংশ্চাহ। অয়মর্থস্ত্রিপ্রশ্নে লম্বাধিকা ক্রান্তিরুদক্ চ যাবৎ তাবদ্দিনং সন্ততমেব তত্রেত্যাদিনা সম্যক্ কথিত এব। যত্র বৃশ্চিকান্তক্রান্তিতুল্যো লম্বস্তত্রৈক্তে পলাংশাঃ ৬৬।২০। তত্র ধনুর্ম্মকরৌ ক্ষিতিজাদধঃস্থিতাবেব ভ্রমতঃ। কর্কিমিথুনৌ তুপর্য্যেব। যত্র তুলান্ত-ক্রান্তিতুল্যো লম্বস্তত্রাষ্টসপ্ততিঃ সপ্তদশকলাধিকাঃ ৭৮।১৭ পলাংশাস্তত্র বৃশ্চিকাদিচতুষ্টয়ং ক্ষিতিজাদধো বৃষভাদিকমুপরি। এবং মেরৌ নবতিঃ ৯০ পলাংশাস্তত্র তুলাদিষট্‌কমধো মেষাদিকমুপরীতি সর্ব্বং ভগোলে ভ্রমিতে সতি দৃশ্যতে॥ ২৮-৩০॥ সিদ্ধান্তশিরোমণিগোলাধ্যায়ঃ।

তাৎকালিকার্কেণ যুতস্য রাশেরভুক্তভাগৈর্গুণিতোদয়াৎ স্বাৎ। ভোগ্যাসবঃ খাগ্নিহৃতাদবাপ্তা ভুক্তাসবো ভুক্তলবৈঃ স্যুরেবং॥ ২॥ ইষ্টাসুসঙ্ঘাদপনীয় ভোগ্যাংস্তদগ্রতো রাশ্যুদয়াংশ্চ শেষং। অশুদ্ধহৃৎ খাগ্নিগুণং লবাদ্যমশুদ্ধপূর্ব্বৈর্ভবনৈরজাদ্যৈঃ॥ ৩॥ যুক্তং তনুঃ স্যাদয়নাংশহীনমিষ্টাসবোহল্পা যদি ভোগ্যকেভ্যঃ। ত্রিংশদ্-গুণাঃ স্বোদয়ভাজিতাস্তে লব্ধাংশযুক্তো রবিরেব লগ্নম্॥ ৪॥

ইদানীং লগ্নসাধনমাহ তাৎকালিকেতি। যস্মিন্ কালে লগ্নং জ্ঞেয়ং তস্মিন্ কালে তাৎকালিকোঽর্কঃ সায়নাংশঃ কার্য্যঃ। তেনার্কেণ যুতস্য রাশের্যে ভোগাংশাস্তৈস্তদুদয়াসবো গুণ্যাস্ত্রিংশতা ভাজ্যাঃ। যে লব্ধাস্তে ভোগ্যাসবঃ স্যুঃ। অথেষ্টাসুভ্যো ভোগ্যাসূন্ বিশোধ্য তদগ্রতো যাবন্ত উদয়াঃ শুধ্যন্তি তাবন্তঃ শোধ্যাঃ। ততঃ শেষাৎ খরামগুণাদশুদ্ধোদয়েন ভক্তাদ্যল্লব্ধমংশাদ্যং তদশুদ্ধোদয়াৎ পূর্ব্বং যাবন্তো মেষাদ্যা উদয়াস্তাবদ্ভী রাশিভির্যুতময়নাংশৈশ্চ রহিতং তল্লগ্নং স্যাৎ। অথ যদীষ্টাসুভ্যো ভোগ্যা ন শুদ্ধ্যন্তি তদেষ্টাসবস্ত্রিংশদ্‌গুণাস্ত-দুদয়াসুভির্ভাজ্যাঃ। ফলেনাংশাদ্যেন যুতো রবির্লগ্নং স্যাৎ॥ ২-৪॥ সিদ্ধান্তশিরোমণিগণিতাধ্যায়ঃ।

জ্যোতিঃশাস্ত্রবিশারদ মহামহোপাধ্যায় শ্রীবাপুদেব শাস্ত্রী কর্ত্তৃক ইংরাজী ভাষায় অনুবাদিত সূর্য্যসিদ্ধান্তে ও মাষ্টার উইলকিন্‌সন্ সাহেব কর্ত্তৃক ইংরাজীভাষায় অনুবাদিত সিদ্ধান্তশিরোমণির (যাহা শ্রীযুক্ত বাপুদেব শাস্ত্রী মহোদয় সংশোধন পূর্ব্বক মুদ্রিত করিয়াছেন) ত্রিপ্রশ্নাধ্যায়ে ২৬ শ্লোকের নিম্নে ইংরাজী ভাষাতে লগ্নগণনার ব্যাখ্যা সম্বন্ধে যে নোট লিখিত আছে, ইংরাজীভাষাভিজ্ঞ পাঠকবর্গের বিদিতার্থ তাহা এস্থলে উদ্ধৃত করিয়া নিম্নে বিবৃত করিলাম। যেরূপে লগ্নস্ফুট গণনা করিতে হয়, ইহা পাঠে তাহার উপপত্তি বিশেষরূপে পরিজ্ঞাত হওয়া যাইবে। এই লগ্নস্ফুট দুইপ্রকার প্রণালীতে সাধিত হয়; প্রথম রবিভুক্তির ভুক্তাংশ দ্বারা, দ্বিতীয় ভোগ্যাংশদ্বারা। উভয়বিধ প্রণালীই এই ইংরাজী নোটে লিখিত আছে। সূর্য্য-সিদ্ধান্তের ত্রিপ্রশ্নাধ্যায়ের ৪৫ শ্লোক হইতে ৪৮ শ্লোকে লগ্নস্ফুট গণনা যেরূপ লিখিত আছে, তাহা বিদিতার্থ এই ৩য় খণ্ড ফলিত-জ্যোতিষের ৬০ পৃষ্ঠা হইতে ৬৩ পৃষ্ঠা পর্য্যন্ত কয়েকটী পত্রে সেই কয়টী শ্লোক টীকা

সমেত প্রকাশিত হইয়াছে। নিম্নলিখিত ইংরাজী নোট দৃষ্টে সেই কয়টী শ্লোকের অর্থ ও গণনার সঙ্কেত সহজেই উপলব্ধি হইবে। ফলতঃ সূর্য্যসিদ্ধান্তে গ্রহস্ফুট ও লগ্নস্ফুট গণনার যে সঙ্কেত লিখিত আছে, ভাস্করাচার্য্য সেই মতের অনুসরণ করিয়াই সিদ্ধান্তশিরোমণি নামক গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

